আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরং।
তস্মাৎ পরতরং দেবি তদীয়ানাং সমর্চ্চনং ॥ ৯৭ ॥
তৃতীয়ে চ ॥
যৎসেবয়া ভগবতঃ কূটস্থস্য মধুদ্বিষঃ।

একরূপতয়া তু যঃ, কালব্যাপী স কূটস্থ ইত্যমরঃ। মধুদ্বিষঃ পাদয়োঃ রতিরাসো রতেরুল্লাসো ভবেৎ। তীব্রো নিতান্তঃ ॥ ৯৮ ॥

ও সেবিত হইলে, মথুরা মনুষ্যমাত্রেরই সমস্ত অভীষ্ট প্রদান করেন ॥

এইরূপ পুরাণাদিতে মথুরার মাহাত্ম্য বিশেষরূপে বর্ণিত আছে, কিন্তু গ্রন্থের বাহুল্যভয়ে আমি আর সে সকল কীর্ত্তন করিলাম না ॥

অথ বৈষ্ণবদিগের সেবা, যথা পদ্মপুরাণে ॥

মহাদেব কহিলেন, হে পার্ব্বতি! যত যত আরাধনা আছে তন্মধ্যে ভগবদারাধনাই শ্রেষ্ঠ, তদপেক্ষা আবার তাঁহার ভক্তের আরাধনা শ্রেষ্ঠতর ॥ ৯৭ ॥

তৃতীয়স্কন্ধে ৭ অ। ১৯ শ্লোকেও যথা ॥

যে সকল ভক্তগণের সেবা করিলে নির্ব্বিকার ভগবানের

রতিরাসো ভবেত্তীব্রঃ পাদয়োর্ব্যসনার্দ্দনঃ ॥

স্কান্দে।

শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ ॥

প্রথমে ॥

যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দ্দর্শনস্পর্শপাদশৌচাসনাদিভিঃ ॥

আদিপুরাণে ॥

যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।

চরণারবিন্দে সমস্ত দুঃখ বিনাশক প্রগাঢ় রতির উল্লাস হইয়া থাকে ॥

স্কন্দপুরাণেও যথা ॥

যাঁহার শরীর শঙ্খ চক্রাদি-চিহ্নে চিহ্নিত, মস্তকে তুলসী-মঞ্জরী ধারণ এবং যাঁহার অঙ্গ গোপীচন্দনে লিপ্ত, সেই মহাজন নয়নগোচর হইলে আর পাপের আশঙ্কা কোথায়? ॥

প্রথমস্কন্ধে ১৯ অ। ৩০ শ্লোকে কহিয়াছেন ॥

যাঁহাদিগের স্মরণমাত্রে পুরুষদিগের গৃহ সকল সদ্যই পবিত্রতা লাভ করে, তাঁহাদিগের দর্শন, স্পর্শন, পাদ প্রক্ষালন ও আসন দানাদিতে যে পবিত্র হইবে না তাহার সন্দেহ কি? ॥

আদি পুরাণেতেও যথা ॥

শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে কহিলেন, হে পার্থ! যাঁহারা আমার

মদ্ভক্তানাঞ্চ যে ভক্তা মম ভক্তাস্তু তে নরাঃ॥ ইতি ॥

যাবন্তি ভগবদ্ভক্তেরঙ্গানি কথিতানি হ।
প্রায়স্তাবন্তি তদ্ভক্তভক্তেরপি বুধা বিদুঃ॥

অথ যথাবৈভবমহোৎসবো যথা পাদ্মে॥

যঃ করোতি মহীপাল হরের্গেহে মহোৎসবং।
তস্যাপি ভবতে নিত্যং হরিলোকে মহোৎসবঃ ॥ ৯৮ ॥

অথ ঊর্জ্জাদরো যথা পাদ্মে॥

যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ।
তস্যায়ং তাদৃশো মাসঃ স্বল্পমপ্যুরুকারকঃ॥ ৯৯ ॥

যথা দামোদরো জনৈর্ভক্তবৎসলো বিদিতস্তদ্রূপশ্চ সন্ স্বল্পমপ্যুরুকারকঃ। ঋণনির্ঘাতক ইব স্বল্পমপি উরু কৃত্বা দদাতীত্যর্থঃ। তস্য দামোদরস্যায়ং মাসঃ কার্ত্তিকাখ্যোঽপি তাদৃশঃ সন্ স্বল্পমপ্যুরুকারক ইতি পূর্ব্ববৎ। "অকেনোর্ভবিষ্যদাধমর্ণ্যয়োঃ" ইতি ষষ্ঠীনিষেধাৎ॥ ৯৯ ॥

ভক্ত তাঁহারা আমার ভক্ত নহে, কিন্তু যাঁহারা আমার ভক্তের ভক্ত তাঁহারাই আমার যথার্থ ভক্ত॥

এই গ্রন্থে যে সকল ভগবদ্ভক্তির অঙ্গ উল্লেখ করা হইয়াছে তন্মধ্যে অধিকাংশই প্রায় ভক্তগণের ভক্ত্যঙ্গ বলিয়া পণ্ডিতেরা স্বীকার করেন॥

বিভবানুসারে মহোৎসব, যথা পদ্মপুরাণে॥

হে মহীপাল! যিনি ভগবদালয়ে মহোৎসব করেন, হরিলোকে তাঁহার নিত্যই মহোৎসব হইয়া থাকে॥ ৯৮ ॥

ঊর্জ্জাদর অর্থাৎ কার্ত্তিকব্রত, যথা পদ্মপুরাণে॥

ভগবান্ দামোদর লোকসমাজে যেরূপ ভক্তবৎসল বলিয়া বিদিত, সেইরূপ তাঁহার এই কার্ত্তিক মাসও অল্পকে

তত্রাপি মথুরায়াং বিশেষো যথা তত্রৈব॥

ভুক্তিং মুক্তিং হরির্দ্দদ্যাদর্চ্চিতোঽন্যত্রসেবিনাং।
ভক্তিস্তু ন দদাত্যেব যতো বশ্যকরী হরেঃ॥
সাত্বঞ্জসা হরের্ভক্তির্লভ্যতে কার্ত্তিকে নরৈঃ।
মথুরায়াং সকৃদপি শ্রীদামোদরসেবনাৎ॥

অথ শ্রীজন্মদিনযাত্রা—

যথা ভবিষ্যোত্তরে।

যস্মিন্ দিনে প্রসূতেয়ং দেবকী ত্বাং জনার্দ্দন।

যতো বশ্যকরীতি। বশ্যকরীত্বমত্র সুখদানেনৈব জ্ঞেয়ং নতু দুঃখদানেন। অতো ন তদত্র প্রযোজকং কিন্তু তেন লক্ষিতং পরমোৎকৃষ্টত্বমেব। তথাবিধা চ সা ন অযোগ্যে সহসা দাতুং যোগ্যেতি। যাবদযোগ্যতা তাবদ্ভগবতা ন দীয়ত এব যোগ্যতা চ সর্ব্বাংশস্বহিতনিরপেক্ষত্বমেব। তস্মাদযোগ্যতায়ামেব সত্যাং

বহু করিয়া স্বীকার করেন॥ ৯৯॥

মথুরাতে ঐ কার্ত্তিকব্রতের বিশেষ মাহাত্ম্য।

যথা পদ্মপুরাণে॥

অন্যত্র অর্চ্চিত হইলে ভগবান্ হরি সেবকদিগকে ভুক্তি ও মুক্তি প্রদান করিয়া থাকেন, আত্মবশ্যকরী ভক্তি প্রদান করেন না, কিন্তু কার্ত্তিকমাসে মথুরাতে একবারমাত্র শ্রীদামোদরের সেবা করিলে, তাদৃশী সুদুর্ল্লভা হরিভক্তিও লাভ করিতে পারে॥

অথ জন্মদিনযাত্রা ভবিষ্যোত্তরে॥

হে জনার্দ্দন! যে দিবস দেবকীদেবী আপনাকে প্রসব

তদ্দিনং ব্রূহি বৈকুণ্ঠ কুর্ম্মস্তে তত্র চোৎসবং।
তেন সম্যক্ প্রপন্নানাং প্রসাদং কুরু কেশব ॥ ১০০ ॥
অথ শ্রীমূর্ত্তেরঙ্ঘ্রিসেবনে প্রীতির্যথা আদিপুরাণে ॥
মম নাম সদা গ্রাহী মম সেবাপ্রিয়ঃ সদা।
ভক্তিস্তস্মৈ প্রদাতব্যা নতু মুক্তিঃ কদাচন ॥ ১০১ ॥
অথ শ্রীভাগবতার্থাস্বাদো যথা প্রথমে ॥
নিগমকল্পতরোর্গলিতং ফলং

দাতব্যস্তেঽপি যদি মথুরাকার্ত্তিকয়োঃ সঙ্গমে পূজনং ঘটতে তদা যোগ্যতা-বিরহিতেনাপি বস্তুপ্রভাবাৎ সহসৈব প্রাপ্যত এবেতি ভাবঃ ॥ ১০০ ॥
সেবাপ্রিয়ঃ সেবৈকপুরুষার্থঃ সন্। মুক্তিরত্র ভক্তিশূন্যা জ্ঞেয়া ॥ ১০১ ॥
হে ভাবুকাঃ পরমমঙ্গলায়না যে রসিকা ভগবদ্ভক্তিরসজ্ঞা ইত্যর্থঃ। তে যূয়ং বৈকুণ্ঠাৎ ক্রমেণ ভুবি পৃথিব্যামেব গলিতমবতীর্ণং নিগমকল্পতরোঃ সর্ব্ব-

---

করিয়াছেন, সেই দিন আমাদের প্রতি উল্লেখ করুন, আমরা সেই দিনে মহোৎসব করিব। হে বৈকুণ্ঠ! হে কেশব! আমরা সর্ব্বতোভাবে আপনার শরণাগত, অতএব সেই উৎ-সবে পরিতুষ্ট হইয়া আমাদিগের প্রতি প্রসন্ন হউন্ ॥ ১০০ ॥

শ্রীমূর্ত্তির চরণসেবনে প্রীতি, যথা আদিপুরাণে ॥

যে ব্যক্তি সর্ব্বদা আমার নামগ্রহণ করেন এবং আমার সেবাতেই যাঁহার প্রীতি অনুভব হয়, আমি তাঁহাকে ভক্তি ভিন্ন কথনই মুক্তি প্রদান করিব না ॥ ১০১ ॥

শ্রীমদ্ভাগবতের অর্থাস্বাদ, যথা প্রথমে ১ অ। ৩ শ্লোকে ॥

এই ভাগবত শাস্ত্র বেদরূপ কল্পবৃক্ষের ফল, শুকমুখ-

কল্পোৎপত্তিভুবঃ শাখোপশাখাভির্বৈকুণ্ঠমপ্যধ্যারূঢ়স্য বেদরূপতরোর্যৎ খলু রসরূপং শ্রীভাগবতাখ্যং ফলং তদ্ভুব্যপি স্থিতাঃ পিবত আস্বাদ্য অন্তর্গতঃ কুরুত॥

অহো ইত্যলভ্যলাভব্যঞ্জনা ভাগবতাখ্যং যচ্ছাস্ত্রং তৎ খলু রসবদপি রসৈকময়তাবিবক্ষয়া রসশব্দেন নির্দ্দিষ্টং ভাগবতশব্দেনৈব তস্য রসস্য অন্যদীয়ত্বঞ্চ ব্যাবৃত্তং। ভাগবতস্য তদীয়ত্বেন রসস্যাপি তদীয়ত্বাক্ষেপাৎ শব্দশ্লেষেণ ভগবৎসম্বন্ধিরসমিতি গম্যতে। সচ রসো ভগবদ্ভক্তিময় এব যস্যাং বৈ শ্রূয়মাণায়ামিত্যাদি ফলশ্রুতেঃ। যন্ময়ত্বেনৈব শ্রীভগবতি রসশব্দঃ শ্রুতৌ প্রযুজ্যতে। রসো বৈ স ইতি সএব চ প্রশস্যতে রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতীতি। অত্র রসিকা ইত্যনেন প্রাচীনার্ব্বাচীনসংস্কারাণামেব তদ্বিজ্ঞত্বং দর্শিতং। গলিতমিত্যনেন তস্য সুপাকিমত্বমুক্ত্বা শাস্ত্রপক্ষে সুনিষ্পন্নার্থত্বমধিকস্বাদুত্বঞ্চ দর্শিতং। রসমিত্যনেন ফলপক্ষে ত্বগষ্ঠ্যাদিরাহিত্যং ব্যজ্য অত্র পক্ষে হেয়াংশরাহিত্যং দর্শিতং। নিগমস্য পরমফলত্বেনোক্ত্বা তস্য পরমপুরুষার্থত্বং দর্শিতং। এবং তস্য রসাত্মকফলস্য স্বরূপতোহপি বৈশিষ্ট্যে সতি পরমোৎকর্ষবোধনার্থং। বৈশিষ্ট্যান্তরমাহ শুকেতি। অত্র ফলপক্ষে কল্পতরুবাসিত্বাদলৌকিকত্বেন শুকোহপ্যমৃতমুখোহভিপ্রেয়তে। ততস্তন্মুখং প্রাপ্য যথা তৎ ফলং বিশেষতঃ স্বাদু ভবতি তথা পরমভাগবতমুখসম্বন্ধং ভগবদ্গুণবর্ণনমপি। ততস্তাদৃশপরমভাগবতবৃন্দমহেন্দ্রশ্রীশুকদেবমুখসম্বন্ধং কিমুতেতি ভাবঃ। অতএব পরমস্বাদু পরমকাষ্ঠাপ্রাপ্তত্বাৎ স্বতোহন্যতশ্চ তৃপ্তিরপি ন ভবিষ্যতীতি আলয়ং মোক্ষানন্দমপ্যভিব্যাপ্য পিবতেত্যুক্তং। তথাচ বক্ষ্যতে। পরিনিষ্ঠিতোহপি নৈর্গুণ্যে ইত্যাদি। অনেনাস্বাদ্যান্তরবন্নেদং কালান্তরেহপ্যাস্বাদকবাহুল্যেহপি ন ব্যয়িষ্যতীত্যপি দর্শিতং। যদ্বা। তত্র তস্য রসস্য ভগবদ্ভক্তিময়ত্বেহপি দ্বৈবিধ্যং তদ্ভক্ত্যুপযুক্তত্বং তদ্ভক্তিপরিণামত্বঞ্চেতি। যথোক্তং দ্বাদশে। কথা ইমাস্তে কথিতা মহীয়সাং, বিতায় লোকেষু যশঃ পরেয়ুষাং। বিজ্ঞানবৈরাগ্যবিবক্ষয়া

শুকমুখাদমৃতদ্রবসংযুতং।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ॥ ১০২॥

দ্বিতীয়ে চ॥

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকবার্ত্তয়া।

বিভো, বচো বিভূতীর্নতু পারমার্থ্যং। যস্তূত্তমঃশ্লোকগুণানুবাদঃ, প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ। তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং, কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ইতি।

ততঃ সামান্যতো রসত্বমুক্তা বিশেষতোঽপ্যাহ অমৃতেতি। অমৃতদ্রবস্তল্লীলারসঃ। হরিলীলাকথাব্রাতামৃতানন্দিতসৎসুরমিতি দ্বাদশে শ্রীভাগবতবিশেষণাৎ লীলাকথারসনিষেবণমিতি তত্রৈব রসত্বনির্দ্দেশাচ্চ সৎসুরমিতি সন্তোঽত্র আত্মারামাঃ ইত্থং সতামিত্যাদিবৎ তএব সুরাঃ। অমৃতমাত্রাস্বাদিত্বাৎ তেন সমবেতং। তত্রাপি তাদৃশশুকমুখাদ্গলিতং প্রবাহরূপেণ বহন্তমিত্যর্থঃ। তদেবং ভগবদুক্তেঃ পরমরসত্বাপত্তিঃ শব্দোপাত্তৈব। অন্যত্র চ সর্ব্ববেদান্তেত্যাদৌ তদ্রসামৃততৃপ্তস্যেত্যাদি। এবমেব অভিপ্রেত্য ভাবুকা ইত্যত্র রসবিশেষভাবনচতুরা ইতি টীকা। তথা, স্মরন্মুকুন্দাঙ্ঘ্র্যুপগূহনং পুনঃ, বিহাতুমিচ্ছেন্ন রসগ্রহো জন ইত্যাদি॥ ১০২॥

নির্গুণমেব নৈর্গুণ্যং স্বার্থে ষ্যঞ্। তস্মিন্ ব্রহ্মণ্যপীত্যর্থঃ॥ ১০৩॥

হইতে অবনীতলে পতিত হইয়াছে, অতএব হে রস বিশেষে ভাবনাপরায়ণ রসিকগণ! অমৃত রসান্বিত রসস্বরূপ এই ফল মোক্ষপর্য্যন্ত মুহুর্মুহুঃ সেবন কর॥ ১০২॥

দ্বিতীয়স্কন্ধে ১ অ। ৯ শ্লোকে॥

রাজা পরীক্ষিৎকে শুকদেব কহিলেন, হে রাজন্! নির্গুণ

গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥ ১০৩ ॥

অথ সজাতীয়বাসনশ্রীভক্তসঙ্গো যথা প্রথমে।

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ১০৪ ॥

হরিভক্তিসুধোদয়ে চ।

ভগবদিতি। ভগবতি সঙ্গ আসক্তিঃ। স নিত্যং বিদ্যতে যস্য তস্য যঃ সঙ্গস্তস্য লবেনাপি স্বর্গাদিকং ন তুলয়ামেতি। তৎপ্রশংসয়া স্বস্য তৎসমানবাসনত্বং দর্শিতং। তচ্চান্যেষামপি শিক্ষণায় জায়ত ইতি তদেতদত্রোদাহৃতং। এতদুপলক্ষণত্বেন সিদ্ধত্বাদিকমপি দৃশ্যং। অত্র ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গমিত্যাদিকং চতুর্থস্য পদ্যমপ্যনুসন্ধেয়ং ॥ ১০৪ ॥

ব্রহ্মে আসক্ত হইলেও ভগবল্লীলা কর্তৃক আকৃষ্ট চিত্ত হইয়া আমি এই শ্রীমদ্ভাগবতরূপ আখ্যান অধ্যয়ন করিয়াছি ॥ ১০৩ ॥

অথ সজাতীয়বাসন ভক্তসঙ্গ যথা
প্রথমস্কন্ধে ১৮ অ। ১৩ শ্লোকে ॥

শৌনকাদি ঋষিগণ কহিলেন হে সূত! ভগবদ্ভক্ত জনের সহিত অত্যল্প কাল যে সঙ্গ তাহার সহিত স্বর্গ ও মোক্ষেরও তুলনা করিতে পারি না অর্থাৎ স্বর্গ এবং মোক্ষও বৈষ্ণবভক্তের সঙ্গতুল্য সুখদ নহে। মর্ত্ত্যলোকের তুচ্ছ রাজ্যাদি কোথায় আছে ?, তাহা কি ভগবদ্ভক্তসঙ্গের সমান হইতে পারে ? কদাপি নহে ॥ ১০৪ ॥

হরিভক্তিসুধোদয়েতেও বলিয়াছেন যথা ॥

যস্য যৎসঙ্গতিঃ পুংসো মণিবৎ স্যাৎ স তদ্গুণঃ।
স কুলর্দ্ধ্যৈ ততো ধীমান্ স্বযূথ্যানেব সংশ্রয়েৎ॥ ১০৫॥

অথ নামসংকীর্ত্তনং যথা দ্বিতীয়ে।

এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ং।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনং॥

অত্র স্বজাতীয়সঙ্গস্য প্রভাবং দৃষ্টান্তেন স্পষ্টয়তি যস্যেতি। প্রহ্লাদং প্রতি হিরণ্যকশিপো র্ব্বাক্যং। তত্র তস্যাভিপ্রায়ান্তরে২পি সামান্যবচনত্বেন স্বাভিপ্রায়ে২পি তদ্যোজয়িতুং শক্যত ইতি গ্রন্থকৃতামভিপ্রায়ঃ। মণিবৎ স্ফটিকমণিবদিতি সন্নিহিতগুণগ্রহণমাত্রাংশে দৃষ্টান্তঃ। নতু তদস্থৈর্য্যাংশেনাপি। সযূথ্যান্ স্বজাতীয়ান্॥ ১০৫॥

ইচ্ছতাং কামিনাং নির্ব্বিদ্যমানানাং মুমুক্ষূণাং যোগিনাং মুক্তানামিত্যর্থঃ। এতদকুতোভয়ং ন কুতশ্চিদপি ভয়ং যত্র তদ্রূপং সাধনং সাধ্যত্বঞ্চ নির্ণীত-

---

হিরণ্যকশিপু প্রহ্লাদকে কহিলেন পুত্র! যাহার সহিত যে পুরুষের সহবাস হয়, স্ফটিক মণিতে রক্তবর্ণ জবাকুসুমের ন্যায় তাহার গুণ সেই ব্যক্তিতে প্রতিফলিত হয়, এজন্য বুদ্ধিমান্ ব্যক্তিদিগের সগণ সমৃদ্ধির নিমিত্ত তুল্য বাসনাযুক্ত ব্যক্তিগণের সঙ্গে রত হওয়া কর্ত্তব্য॥ ১০৫॥

নামসংকীর্ত্তন যথা দ্বিতীয়স্কন্ধে ১ অ। ১১ শ্লোকে॥

শুকদেব কহিলেন হে নৃপ! হরির যে নামানুকীর্ত্তন ইহাই ফলাকাঙ্ক্ষি-পুরুষদিগের তত্তৎফলের সাধন এবং মুমুক্ষুদিগের পক্ষেও ইহাই মোক্ষসাধন, অপর ইহাই জ্ঞানিদিগেরও জ্ঞানের ফল হয়, অতএব সাধক এবং সিদ্ধ, কাহারও পক্ষে এতদপেক্ষায় অন্য পরম মঙ্গল নাই॥

আদিপুরাণে চ।

গীত্বা চ মম নামানি বিচরেন্মম সন্নিধৌ।
ইতি ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং তস্য চার্জ্জুন ॥১০৬॥

পাদ্মে চ।

যেন জন্মসহস্রাণি বাসুদেবো নিষেবিতঃ।
তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত ॥ ১০৭ ॥

যথা তত্রৈব।

নামচিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।

মিত্যর্থঃ ॥ ১০৬ ॥
যেন জন্মেতি। এতাদৃশস্যাপ্যস্য পুনঃ পুনর্জন্ম সমুৎকণ্ঠাময়ভক্তিবর্দ্ধনার্থং পরমেশ্বরেচ্ছয়ৈব জ্ঞেয়ং ॥ ১০৭ ॥

আদিপুরাণেতেও যথা ॥

ভগবান্ কহিলেন হে অর্জ্জুন! আমার নাম গান করত যে ব্যক্তি আমার নিকটে বিচরণ করেন, তোমাকে সত্য বলিতেছি; আমি তাঁহার নিকট ক্রীত হইয়া অবস্থিতি করিতে থাকি ॥ ১০৬ ॥

পদ্মপুরাণেতে যথা ॥

হে ভারত! যে ব্যক্তি সহস্র সহস্র জন্ম বাসুদেবের সেবা করিয়াছেন, তাঁহারই মুখে সর্ব্বদা হরিনাম বিরাজ করিয়া থাকেন ॥ ১০৭ ॥

যে হেতু এই পদ্মপুরাণেই বলিয়াছেন ॥

নাম এবং নামিতে ভেদ না থাকা প্রযুক্ত নামই চিন্তা-

পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তো ঽভিন্নত্বান্নামনামিনোঃ ॥ ১০৮ ॥
অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ।
সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ ॥ ১০৯ ॥
অথ শ্রীমথুরামণ্ডলে স্থিতি র্যথা পাদ্মে।

নাম্নৈব চিন্তামণিঃ সর্ব্বাভীষ্টদায়কং যতস্তদেব কৃষ্ণঃ কৃষ্ণস্য স্বরূপমিত্যর্থঃ। কৃষ্ণস্য বিশেষণানি চৈতন্যরসেত্যাদীনি তস্য কৃষ্ণত্বে হেতুঃ। অভিন্নত্বাদিতি। একমেব সচ্চিদানন্দরসাদিরূপং তত্ত্বং দ্বিধাবির্ভূতমিত্যর্থঃ। বিশেষজিজ্ঞাসা চেৎ শ্রীভাগবতসন্দর্ভস্য শ্রীভগবৎসন্দর্ভো দৃশ্যঃ ॥ ১০৮ ॥

সেবোন্মুখে হীতি। সেবোন্মুখে ভগবৎস্বরূপতন্নামগ্রহণায় প্রবৃত্ত ইত্যর্থঃ। হি প্রসিদ্ধৌ। যথা মৃগশরীরং ত্যজতো ভরতস্য বর্ণিতং। নারায়ণায় হরয়ে নম ইত্যুদারং, হাস্যন্ মৃগত্বমপি যঃ সমুদাজহার। ইতি। গজেন্দ্রস্য, জজাপ পরমং জপ্যং প্রাগ্‌জন্মন্যনুশিক্ষিতমিত্যাদি ॥ ১০৯ ॥

মণিস্বরূপ অর্থাৎ সমস্ত পুরুষার্থদায়ক ঐ নামরূপ কৃষ্ণ, চৈতন্য রস স্বরূপ, অপরিচ্ছিন্ন এবং মায়া সম্বন্ধ বিরহিত ও মায়া হইতে অতীত ॥ ১০৮ ॥

এই হেতু শ্রীকৃষ্ণনামাদি প্রাকৃত ইন্দ্রিয় গণের গ্রাহ্য হইতে পারে না। তবে যে সাধারণ জনকে নামাদি গ্রহণ করিতে দেখা যায় তাহার কারণ এই যে,ভগবন্নামাদি গ্রহণে রসনাদি ইন্দ্রিয়গণ উন্মুখ হইলে নামাদি তাহাতে স্বয়ংই প্রকাশিত হইয়া থাকেন ॥ ১০৯ ॥

শ্রীমথুরামণ্ডলে স্থিতি যথা পদ্মপুরাণে ॥

অন্যেষু পুণ্যতীর্থেষু মুক্তিরেব মহাফলং।
মুক্তৈঃ প্রার্থ্যা হরের্ভক্তি র্মথুরায়ান্তু লভ্যতে॥
ত্রিবর্গদা কামিনাং যা মুমুক্ষূণাঞ্চ মোক্ষদা।
ভক্তীচ্ছোর্ভক্তিদা কস্তাং মথুরাং নাশ্রয়েদ্বুধঃ॥
অহো মধুপুরী ধন্যা বৈকুণ্ঠাচ্চ গরীয়সী।
দিনমেকং নিবাসেন হরৌ ভক্তিঃ প্রজায়তে॥
দুরূহাদ্ভুতবীর্য্যে ঽস্মিন্ শ্রদ্ধা দূরেঽস্তু পঞ্চকে।

সদ্ধিয়াং নিরপরাধচিত্তানাং ॥ ১১০ ॥

অন্যান্য পুণ্যতীর্থে অবস্থানের মহাফলই মুক্তি, কিন্তু মুক্ত-ব্যক্তিদিগের একান্ত প্রার্থনীয় যে ভগবদ্ভক্তি তাহা ক্ষণকাল মথুরামণ্ডলে অবস্থিতি করিলেই লব্ধ হইয়া থাকে॥

যে মথুরা কামিগণের ত্রিবর্গ দায়িনী, মুমুক্ষুদিগের কৈবল্য-দাত্রী, ভক্ত্যভিলাষি বর্গের হরিভক্তি বিধায়িনী সেই সর্ব্ব গুণ-সম্পন্না মথুরাকে কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি সেবা না করিয়া থাকিতে পারেন? ॥

কি আশ্চর্য্য! যে মধুপুরীতে একদিনমাত্র বাস করিলে ভগবান্ হরিতে ভক্তি উৎপন্ন হয়, বৈকুণ্ঠ হইতেও গরীয়সী সেই মধুপুরী ধন্যতমা॥

দুরূহ অথচ অদ্ভুত বীর্য্যশালী যে এই পাঁচ প্রকার অর্থাৎ শ্রীমূর্ত্তি, শ্রীমদ্ভাগবত, শ্রীকৃষ্ণভক্ত, নাম ও মথুরামণ্ডল রূপ অঙ্গ, তাহাতে শ্রদ্ধা দূরে থাকুক, অল্পমাত্র সম্বন্ধ থাকিলেও নিরপরাধ ব্যক্তিদিগের অন্তঃকরণে অচিরাৎ ভাবের আবি-

যত্র স্বল্পোঽপি সম্বন্ধঃ সদ্ধিয়াং ভাবজন্মনে ॥ ১১০ ॥

তত্র শ্রীমূর্ত্তি র্যথা।

স্মেরাং ভঙ্গীত্রয়পরিচিতাং সাচিবিস্তীর্ণদৃষ্টিং
বংশীন্যস্তাধরকিশলয়ামুজ্জ্বলাং চন্দ্রকেণ।
গোবিন্দাখ্যাং হরিতনুমিতঃ কেশিতীর্থোপকণ্ঠে
মা প্রেক্ষিষ্ঠা স্তব যদি সখে বন্ধুসঙ্গেঽস্তি রঙ্গঃ ॥ ১১১ ॥

স্ববাক্যমাধুরীদ্বারা পূর্ব্বমেবার্থপঞ্চকং অনুভাবয়ন্নাহ স্মেরামিত্যাদি পঞ্চভিঃ। মা প্রেক্ষিষ্ঠা ইতি নিষেধব্যাজেনাবশ্যকবিধিরয়ং তদেতন্মাধুর্য্যে অনুভূয়মানে স্বয়মেব সর্ব্বমেব তুচ্ছং মংস্যসে। তস্মাদেনামেব পশ্যেদিত্যভিপ্রায়াৎ ॥ ১১০ ॥

র্ভাব হইয়া থাকে ॥ ১১০ ॥

তন্মধ্যে শ্রীমূর্ত্তি যথা ॥

গ্রন্থকার স্বীয় বাক্যমাধুরীদ্বারা পূর্ব্বোক্ত শ্রীমূর্ত্ত্যাদি পাঁচ-অঙ্গকে অনুভব করাইয়া কহিলেন! হে সখে! যদি তোমার বন্ধুগণের সহিত আমোদ প্রমোদ করিতে ইচ্ছা থাকে তবে কেশীতীর্থের সমীপবর্ত্তি হাস্যান্বিত ত্রিভঙ্গ, বঙ্কিমনয়ন, বংশীবদন, শিখিপুচ্ছধারী গোবিন্দমূর্ত্তিকে অবলোকন করিও না ॥

তাৎপর্য্য। উক্ত পদ্যে দর্শন করিও না এই নিষেধ ছলে শ্রীমূর্ত্তির প্রশংসা কীর্ত্তন অর্থাৎ ভগবন্মূর্ত্তির মাধুর্য্য অনুভব হইলে, সমুদায় তুচ্ছ বোধ হইবে অতএব শ্রীমূর্ত্তির দর্শন অবশ্য কর্ত্তব্য ॥ ১১১ ॥

শ্রীভাগবতং যথা।

শঙ্কে নীতাঃ সপদি দশমস্কন্ধপদ্যাবলীনাং
বর্ণান্ কর্ণাধ্বনি পথিকতামানুপূর্ব্ব্যাত্তবন্তঃ।
হংহো ডিম্ভাঃ পরমশুভদান্ হন্ত ধর্ম্মার্থকামান্
যদ্ গর্হন্তঃ সুখময়মমী মোক্ষমপ্যাক্ষিপন্তি ॥ ১১২ ॥

শঙ্কে নীতা ইতি উপালম্ভব্যাজেন স্তুতিরিয়ং। শ্লোকদ্বয়ীয়মপ্রস্তুত-প্রশংসালঙ্কারময়ী সাচ, কার্য্যে নিমিত্তে সামান্যে বিশেষে প্রস্তুতে সতি তদন্যস্য বচস্তুল্যে হ্কুল্যস্যেতি চ পঞ্চধেত্যুক্তত্বাৎ সামান্যে প্রস্তুতে বিশেষপ্রস্তাবমষ্য-পি স্যাৎ তদেবমত্র শ্রীমূর্ত্তিশ্রীভাগবতমাত্রয়োঃ প্রস্তুতয়োস্তত্তদ্বিশেষঃ প্রস্তাবঃ কৃতঃ। সহি তাবত্তৎপর্য্যন্তমহিমজ্ঞানপ্রযোজক ইতি। কিঞ্চ। পূর্ব্বপদ্যে স্মেরামিত্যাদিনা তস্যা হরিতনোঃ প্রশংসনাৎ তৎপ্রেক্ষণনিষেধে তাৎপর্য্যং নাস্তীতি তদ্বদুত্তরপদ্যে ধর্ম্মাদীনাং পরমশুভদানাং মোক্ষস্য চ সুখময়স্য দশমস্কন্ধশ্রবণজভাবেনাতিক্রমাত্তস্য পরমসুখরূপত্বপ্রাপ্ত্যা হংহো ডিম্ভা ইত্যত্রাধিক্ষেপে তাৎপর্য্যং নাস্তীতি পদ্যদ্বয়েঽস্মিন্নত্যন্ততিরস্কৃতবাচ্য-ধ্বনিনা স্তুতাবেব নয়নাৎ স্তুতিশ্চ সা নিন্দাব্যাজেনেতি ব্যাজস্তুতিনামা-লঙ্কারোঽয়ং গম্যতে ॥ ১১২ ॥

শ্রীভাগবত যথা॥

অরে নির্ব্বোধ সকল! যে শ্রীমদ্ভাগবত পরম শুভপ্রদ, ধর্ম্মার্থ কামরূপ ত্রিবর্গকে নিন্দা করত সুখময় মোক্ষকেও তিরস্কার করেন, বোধ হয় সদ্যই সেই ভাগবতীয় দশম-স্কন্ধের পদ্য সকলের বর্ণ গুলি ক্রমান্বয়ে তোমাদের শ্রবণ পথের পথিক হইয়াছে, হায়! কি কুকর্ম্মই করিলে! ॥

কৃষ্ণভক্তো যথা।

দৃগম্ভোভির্ধৌতঃ পুলকপটলীমণ্ডিততনুঃ
স্খলন্নন্তঃফুল্লো দধদতিপৃথুং বেপথুমপি।

ইহ মদন্তঃ স্ফুরতি কস্মিংশ্চিদপ্যনির্ব্বচনীয়ে শ্যামসুন্দরে মম মতিরভি-

---

উপরি-উক্ত শ্রীমূর্ত্ত্যাদি দুই পদ্যে অপ্রস্তুতপ্রশংসা নামক অলঙ্কার এবং ব্যাজস্তুতি এই দুই অলঙ্কার দৃষ্ট হইতেছে। অপ্রস্তুতপ্রশংসা নামক অলঙ্কার এই যে, প্রাসঙ্গিক কথায় অপ্রাসঙ্গিকের, অর্থাৎ প্রকরণবহির্ভূত অর্থের কীর্ত্তনকে অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কার বলে। এই অলঙ্কার পাঁচ প্রকার হয় যথা। কার্য্যে কারণ কথন, কারণে কার্য্যকথন, সামান্যে বিশেষ কথন, বিশেষে সামান্য কথন এবং তুল্যবস্তুতে তুল্য বস্তুর উল্লেখ না করিয়া কথনের অযোগ্য বস্তুর কথন॥

ব্যাজস্তুতি অলঙ্কার এই যে স্তুতি যোগ্য বস্তুর নিন্দা এবং নিন্দাযোগ্য বস্তুর স্তুতি। "স্মেরাং ভঙ্গীত্রয়পরিচিতাং" এই পদ্যে অপ্রস্তুতপ্রশংসা এই যে, গোবিন্দমূর্ত্তির দর্শন প্রস্তুতে অর্থাৎ কথনে অপ্রস্তুত বন্ধুসঙ্গ তাহার প্রশংসা। "শঙ্কে নীতা" এই দ্বিতীয় পদ্যে ব্যাজস্তুতি এই যে, স্তুতি-যোগ্য ভাগবতের নিন্দা এবং নিন্দাযোগ্য ত্রিবর্গের স্তুতি॥ ১১২॥

কৃষ্ণভক্ত যথা॥

নয়নজলে ধৌত, দেহ পুলকিত, প্রতি পদে স্খলিত হৃদয় উল্লাসিত, এবং অতিশয় কম্পিতএরূপ কোন এক অনির্ব্বচ-নীয়পুরুষ, যে অবধি আমার নয়নপদবীতে গমন করিয়াছেন,

দৃশোঃ কক্ষাং যাবন্মম স পুরুষঃ কোঽপ্যুপযযৌ
ন জানে কিং তাবন্মতিরিহ গৃহে নাভিরমতে ॥ ১১৩ ॥

নাম যথা।

যদবধি মম শীতা বৈণিকেনানুগীতা
শ্রুতিপথমঘশত্রো র্নামগাথা প্রয়াতা।
অনবকলিতপূর্ব্বাং হন্ত কামপ্যবস্থাং
তদবধি দধদন্তর্মানসং শাম্যতীব ॥ ১১৪ ॥

রমতে গৃহে তু নাভিরমত ইত্যর্থঃ ॥ ১১৩ ॥

শীতা কর্ণয়োস্তাপশমনী বৈণিকেনেত্যজ্ঞাতনামত্বাৎ শ্রীনারদস্য তাদৃশতামাত্রেণোদ্দেশঃ। তদ্বৎ কামপ্যবস্থামিতি প্রেম এবোদ্দেশঃ। ইবেতি বাক্যালঙ্কারে। শাম্যতি সর্ব্বং বহিরুপদ্রবং পরিহৃত্য নিবৃতং

বলিতে পারি না কেন যে তদবধি আমার চিত্ত এই গৃহে অভিরত হইতেছে না ॥

উক্ত পদ্যের ফলিতার্থ এই যে যদবধি প্রেম লক্ষণান্বিত কৃষ্ণভক্ত সন্দর্শন করিয়াছি তদবধি আমার চিত্ত গৃহ সুখ বিসর্জ্জনপূর্ব্বক অনির্ব্বচনীয় শ্যামসুন্দর বিষয়ক ভাবে আসক্ত হইতেছে ॥ ১১৩ ॥

নাম যথা ॥

যে অবধি বীণাবাদন তৎপর নারদ কর্ত্তৃক সঙ্গীত শ্রীকৃষ্ণের নাম গাথা আমার কর্ণপদবীতে গত হইয়াছে সেই অবধি আমার চিত্ত অননুভূতপূর্ব্ব কোন এক অনির্ব্বচনীয় দশাবিশেষ প্রাপ্ত হইয়া সমস্ত বিষয় হইতে উপরত হইয়াছে ॥ ১১৪ ॥

শ্রীমথুরামণ্ডলং যথা।

তটভুবি কৃতকান্তিঃ শ্যামলায়া স্তটিন্যাঃ
স্ফুটিতনবকদম্বালম্বিকূজদ্দিরেফা।
নিরবধিমধুরিম্না মণ্ডিতেয়ং কথং মে
মনসি কমপি ভাবং কাননশ্রীস্তনোতি॥ ১১৫॥
অলৌকিকপদার্থানামচিন্ত্যা শক্তিরীদৃশী।
ভাবং তদ্বিষয়ঞ্চাপি যা সহৈব প্রকাশয়েৎ॥ ১১৬॥

ভবতীত্যর্থঃ॥ ১১৪॥

কমপি ভাবং শ্যামসুন্দরবিষয়ং॥ ১১৫॥

অলৌকিকেতি তেষাং পঞ্চানামিতি প্রকরণাল্লভ্যতে। যথা। সক্কদ্যদঙ্গ-প্রতিমান্তরাহিতা, মনোময়ীং ভাগবতীং দদৌ গতিমিতি, ধর্ম্মপ্রোজ্ঝিতে ত্যাদৌ কিম্বা পরৈরীশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যতেহত্র কৃতিভিঃ শুশ্রূষুভি স্তৎক্ষণা-দিতি, ভবাপবর্গো ভ্রমত ইতি নামব্যাহরণং বিষ্ণো র্যত স্তদ্বিষয়ামতিরিতি পরানন্দময়ী সিদ্ধি র্মথুরাস্পর্শমাত্রত ইতি পঞ্চস্বপি দর্শনাৎ॥ ১১৬॥

মথুরামণ্ডল যথা॥

যাহা কালিন্দীতটে শোভমান, যাঁহার নব বিকসিত কদম্ব কুসুমে অলিকুল লম্বমান রহিয়াছে, এবং যাহা নিরবধি মধুরিমাতে সমলঙ্কৃত, সেই কাননশোভা আমার মনেতে কোন এক অনির্ব্বচনীয় ভাব বিস্তার করিতেছে॥ ১১৫॥

অলৌকিক পদার্থের ঈদৃশী অচিন্ত্য শক্তি যে যাহার সম্বন্ধ মাত্রেই ভাব ও ভাবের বিষয়কে এককালীন প্রকাশ করিয়া দেয়॥ ১১৬॥

কেষাঞ্চিৎ কচিদঙ্গানাং যৎ ক্ষুদ্রং শ্রূয়তে ফলং।
বহির্ম্মুখপ্রবৃত্ত্যৈতৎ কিন্তু মুখ্যং ফলং রতিঃ॥ ১১৭॥
সম্মতং ভক্তিবিজ্ঞানাং ভক্ত্যঙ্গত্বং ন কর্ম্মণাং॥ ১১৮॥

মুখ্যং ফলমিতি, অকামঃ সর্ব্বকামো বেত্যাদেঃ। সত্যং দিশত্যর্থিত-মিত্যারভ্য স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতা মিত্যাদেঃ, সবৈ মনঃ কৃষ্ণ পদারবিন্দয়োরিত্যাদৌ, কামঞ্চ দাস্যে নতু কামকাম্যয়েত্যস্মাচ্চ। যদ্বা। বহির্ম্মুখ-প্রবৃত্ত্যৈ ইত্যন্তর্ম্মুখানাং তু তত্তদনায়াসভজনেঽপি কর্ম্মাদিদুর্ল্লভফলপ্রাপক-তত্তদ্‌গুণশ্রবণেন রত্যুৎপাদনাত্রতিরেব মুখ্যং ফলমিতি। তদেবং রতি-ফলত্বেঽপ্যংশাংশি ভগবদ্রূপভেদেন রতেরপি ভেদো জ্ঞেয়ঃ॥ ১১৭॥

নহু সর্ব্বাসাং কেবলানামেব ভক্তীনাং মাহাত্ম্যং খলু তাদৃশমেব কিন্তু শ্রীপরাশরেণ যদিদমুক্তং বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্। বিষ্ণুরারা-ধ্যতে পন্থা নান্যত্তত্তোষকারণমিতি। অত্রতু। কর্ম্মণাং ভক্ত্যঙ্গত্বং প্রতীয়তে বর্ণাশ্রমাচারসংযোগেনৈব বিষ্ণোরারাধনে সম্মতিপ্রতীতেঃ তত্রাহ সম্মত-মিতি। ভক্তিবিজ্ঞানাং ভক্তিং বিশেষতো জানতাং শুদ্ধভক্তানাং শ্রীপরাশরাদীনামেবেত্যর্থঃ। তদুক্তং তৈরেব। যজ্ঞেশাচ্যুত গোবিন্দ

কোন কোন ভক্ত্যঙ্গের যে সকল অল্প পরিমিত ফল শুনা যায়, তন্মাত্রেই যে সেই সকল ভক্ত্যঙ্গের ফল তাহা নয়, বিষয়াসক্ত ব্যক্তিদিগের চিত্তবৃত্তিকে ভক্তিমার্গে প্রবেশ করাইবার জন্য সে সকল ফল কথিত হইয়াছে, বস্তুতঃ শ্রীকৃষ্ণ-বিষয়িণী রতিই এই সকল অঙ্গের মুখ্য ফল॥ ১১৭॥

কেহ২ বলিয়া থাকেন যে, বর্ণাশ্রম বিহিত কর্ম্ম পরম্পরা ভক্তির অঙ্গ, কিন্তু তাহা ভক্তিতত্ত্ববেত্তা পরাশরাদি

যথৈকাদশে।

তাবৎ কর্ম্মাণি কুর্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ॥ ১১৯ ॥
জ্ঞানবৈরাগ্যয়ো র্ভক্তিপ্রবেশায়োপযোগিতা।

মাধবানন্ত কেশব। কৃষ্ণ বিষ্ণো হৃষীকেশেত্যাহ রাজা স কেবলং। নান্যজ্জগাদ মৈত্রেয় কিঞ্চিৎ স্বপ্নান্তরেষপীতি বর্ণাশ্রমাচারেত্যাদিকং অজাতদৃঢ়শ্রদ্ধান্ শুদ্ধভক্ত্যনধিকারিণঃ প্রত্যেবোক্তমিতি ভাবঃ ॥ ১১৮ ॥

তদেবোপপাদয়তি যথেতি। তস্মাদ্বর্ণাশ্রমেত্যস্য চায়মেবার্থঃ। বর্ণাশ্রমাচারবতাপি যদ্বিষ্ণুরারাধ্যতে সোঽয়মেব পন্থা স্তত্তোষকারণং নান্যৎ কিমপি। অতএবোক্তং তেনৈব, সা হানি স্তন্মহচ্ছিদ্রং স মোহঃ স চ বিভ্রমঃ। যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং নকীর্ত্তয়েদিত্যাদি ॥ ১১৯ ॥

জ্ঞানমত্র ত্বম্পদার্থবিষয়ং তৎপদার্থবিষয়ং তয়োরৈক্যবিষয়ঞ্চেতি ত্রিভূমিকং ব্রহ্মজ্ঞানমুচ্যতে। তত্র ঈষদিতি ঐক্যবিষয়ং ত্যক্তে্ত্যর্থঃ। বৈরাগ্যঞ্চাত্র ব্রহ্মজ্ঞানোপযোগ্যেব তত্রচ ঈষদিতি ভক্তিবিরোধিনং ত্যক্তে্ত্যর্থঃ। তচ্চ তচ্চ প্রথমমেবেত্যন্যাবেশপরিত্যাগমাত্রায় তে উপাদীয়েতে তৎপরি-

---

মহামুনীন্দ্রগণের সম্মত নহে ॥ ১১৮ ॥

একাদশে ২০ অ। ৯ শ্লোকে।

যে পর্য্যন্ত নির্ব্বোধ অর্থাৎ বিষয়ের প্রতি বৈরাগ্য না জন্মে ও যদবধি আমার কথাদিতে শ্রদ্ধা না জন্মে, সেই পর্য্যন্ত বর্ণাশ্রম বিহিত কর্ম্ম সকল করিবে ॥ ১১৯ ॥

কেহ কেহ জ্ঞান ও বৈরাগ্যকে ভক্ত্যঙ্গ বলিয়া উল্লেখ করেন, কিন্তু বাস্তবিক তাহা নহে, ভক্তি মার্গের অবিরোধী জ্ঞান ও বৈরাগ্য ভক্তিমার্গে প্রবেশ করাইবার প্রথম সহায়,

ঈষৎ প্রথমমেবেতি নাঙ্গত্বমুচিতং তয়োঃ ॥ ১২০ ॥
যদুভে চিত্তকাঠিন্যহেতু প্রায়ঃ সতাং মতে।

ত্যাগেন জাতে চ ভক্তিপ্রবেশে তয়োরকিঞ্চিৎকরত্বাৎ। তত্তদ্ভাবনায়া ভক্তি-বিচ্ছেদকত্বাচ্চ ॥ ১২০ ॥

উত্তরতস্ত তয়োরনুগতৌ দোষান্তরমিত্যাহ যদুভে ইতি। কাঠিন্যহেতুত্বঞ্চ নানাবাদনিরসনপূর্ব্বকতত্ত্ববিচারস্য দুঃখসহনাভ্যাসপূর্ব্বকবৈরাগ্যস্য চ ব্রহ্মস্বরূপত্বাৎ। তর্হি সহায়ং বিনোত্তরোত্তরভক্তিপ্রবেশঃ কথং স্যাত্তত্রাহ ভক্তিস্তদ্ধেতুরীরিতেতি। তস্য ভক্তিপ্রবেশস্য হেতু র্ভক্তিরীরিতা। উত্তরোত্তর-ভক্তিপ্রবেশস্য হেতুঃ পূর্ব্বপূর্ব্বভক্তিরেবেত্যর্থঃ। নন্বেবং ভক্তিরপি তত্ত-দায়াসসাধ্যত্বাৎ কাঠিন্যহেতুঃ স্যাত্তত্রাহ সুকুমারস্বভাবেয়মিতি। শ্রীভগ-বন্মধুররূপগুণাদিভাবনাময়ত্বাদিতি। তস্মাদ্ভগবতি নিজচিত্তস্য সার্দ্রতাং কর্ত্তুমিচ্ছুনা ভক্তিরেব কার্য্যেতি ভাবঃ। প্রাধান্যেন চ যথোক্তং শ্রীপ্রহ্লা-দেন, নৈতে গুণা ন গুণিনো মহদাদয়ো যে, সর্ব্বে মনঃপ্রভৃতয়ঃ সহ

সুতরাং তাহা ভক্তির অঙ্গ নহে ॥ ১২০ ॥

সৎসকলের মত এই যে জ্ঞান ও বৈরাগ্য এই দুইটী চিত্ত-কাঠিন্যের হেতু, অতএব সুকোমলস্বভাবা ভক্তিই ভক্তি-যোগে প্রবেশের হেতু বলিয়া কীর্ত্তিত হইয়াছে ॥

তাৎপর্য্য। উত্তর কালে জ্ঞান ও বৈরাগ্য অনুগত থাকিলে দোষান্তরের উৎপত্তি হয় অর্থাৎ চিত্তের কাঠিন্য জন্মে, কারণ মহাজনগণ জ্ঞান ও বৈরাগ্যকে চিত্ত কাঠিন্যের হেতু বলিয়াছেন, তাহার কারণ এই যে, নানাবাদ নিরাস পূর্ব্বক তত্ত্ববিচার করিতে গেলে এবং দুঃসহ অভ্যাসপূর্ব্বক

সুকুমারস্বভাবেয়ং ভক্তিস্তদ্ধেতুরীরিতা ॥ ১২১ ॥

যথা তত্রৈব।

তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ।
ন জ্ঞানং নচ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহেতি ॥১২১॥
কিন্তু জ্ঞানবিরক্ত্যাদিসাধ্যং ভক্ত্যৈব সিদ্ধ্যতি ॥ ১২২ ॥

দেবমর্ত্ত্যাঃ। আদাস্তবস্ত উরুগায় বিদন্তি হিত্বা মৈবং বিবিচ্য সুধিয়ো বিরমন্তি শব্দাৎ। তত্তেঽর্হত্তম নমঃ স্তুতিকর্ম্মপূজাঃ কর্ম্ম স্মৃতিশ্চরণয়োঃ শ্রবণং কথায়াং। সংসেবয়া ত্বয়ি বিনেতি ষড়ঙ্গয়া কিং, ভক্তিং জনঃ পরমহংসগতৌ লভেতেতি। অত্র কর্ম্ম পরিচর্য্যা কর্ম্মস্মৃতিঃ লীলাস্মরণং চরণয়োরিতি ভক্তিব্যঞ্জকং তচ্চ ষট্‌স্বপ্যন্বিতং। তথা সংসেবয়া বিনেতি বৈরাগ্যাদিকমপি নাদৃতং ॥ ১২১ ॥

জ্ঞানসাধ্যং মুক্তিলক্ষণং বৈরাগ্যসাধ্যং জ্ঞানং তত্তচ্চ ভক্ত্যৈব সিধ্যতি ॥ ১২২ ॥

বৈরাগ্য সাধন করিতে হইলেই অবশ্যই চিত্তের কাঠিন্য জন্মে অতএব ভক্তিপ্রবেশে ভক্তি ভিন্ন অন্য হেতু হইতে পারে না ॥

যথা একাদশস্কন্ধে ২০ অ। ৩১ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন হে উদ্ধব! সেই কারণে মদ্গত চিত্ত এবং আমাতে ভক্তিমান্ যোগিদিগের প্রায় জ্ঞান ও বৈরাগ্য মঙ্গলজনক নহে ॥ ১২১ ॥

কিন্তু জ্ঞানসাধ্য মুক্তি ও বৈরাগ্য জ্ঞান, কেবল ভক্তি দ্বারাই সিদ্ধ হইয়া থাকে ॥ ১২২ ॥

যথা তত্রৈব।

যৎ কর্ম্মভি র্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।
যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি॥
সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতে ঽঞ্জসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্যদি বাঞ্ছতি। ইতি॥ ১২৩॥

ইতরৈঃ সালোক্যাদিকামনাময়ভক্ত্যাদিভিঃ। কথঞ্চিদ্ভক্ত্যুপযোগিত্বেন যথা, চিত্রকেতোর্বিমানচারিত্বে গর্ত্তস্থশুকদেবস্য মায়াত্যাগে প্রহ্লাদস্য ভগবৎ পার্শ্বগমনে বাঞ্ছা। যথোক্তং ষষ্ঠে। রেমে বিদ্যাধরস্ত্রীভি র্গাপয়ন্ হরিমীশ্বরমিতি। ব্রহ্মবৈবর্ত্তে শ্রীকৃষ্ণং প্রতি শ্রীশুকদেবস্য প্রার্থনা। ত্বং ব্রূহি মাধব জগন্নিগড়োপমেয়া, মায়াখিলস্য ন বিলঙ্ঘ্যতমা • ত্বদীয়া। বধ্নাতি মাং ন যদি গর্ত্তমিমং বিহায়, তদ্যামি সংপ্রতি মুহুঃ প্রণিভূস্বগত্রেতি। সপ্তমে শ্রীপ্রহ্লাদস্যৈব বাক্যং। ত্রস্তোঽস্ম্যহং কৃপণবৎসলদুঃসহোগ্র-সংসার চক্রকদনাদ্ গ্রসতাং প্রণীতঃ। বদ্ধঃ স্বকর্ম্মভিরুশত্তম (হে কমনীয়তম!) তেঽঙ্ঘ্রিমূলং প্রীতোঽপবর্গমরণং হ্বয়সে (অর্থান্মাং) কদা নু। ইতি উগ্রসংসারচক্রকদনং দুঃখং তস্মাদহং ত্রস্তোঽস্মি। দুঃসহেতি ত্বদ্বহির্মুখত্রাময়ত্বাদিতি ভাবঃ। তত্রাপি গ্রসতাং ত্বদ্ভক্তেঃ সর্ব্বাঙ্গণা স্বরাণাং মধ্যে স্বকর্ম্মভির্বদ্ধঃ সন্ প্রণীতঃ নিক্ষিপ্তোঽস্মি তত উশত্তমঃ প্রীতঃ সন্ তে তবাঙ্ঘ্রিমূলং চর[illegible]দয়োর্লীলাধিষ্ঠানং প্রতি কদা হ্বয়সে॥ ১২৩॥

যথা একাদশস্কন্ধে ২০ অ। ৩২। ৩৩ শ্লোকে॥

ভগবান্ উদ্ধবকে কহিলেন সখে! কর্ম্ম, তপস্যা, জ্ঞান, বৈরাগ্য, যোগ; দান ও অন্যান্য মঙ্গল দ্বারা যাহা কিছু লাভ হয়, আমার ভক্তগণ কেবল মদ্বিষয়িণী ভক্তি দ্বারা সেই সকল অনায়াসে প্রাপ্ত হয়েন। যদিও আমার ভক্তগণের কোন প্রকার অভিলাষ নাই, তথাপি ভক্তির উপযোগিতার নিমিত্ত কথঞ্চিৎ যদি তাঁহারা স্বর্গ, অপবর্গ ও মদীয় ধাম বাঞ্ছা করেন তাহা হইলে তাহাও অনায়াসে লাভ করিতে পারেন॥১২৩॥

রুচিমুদ্বহত স্তত্র জনস্য ভজনে হরেঃ।
বিষয়েষু গরিষ্ঠোঽপি রাগঃ প্রায়ো বিলীয়তে ॥ ১২৪ ॥
অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে ॥ ১২৫ ॥

নন্ন পূর্ব্বং ভক্তিপ্রবিষ্টস্য বৈরাগ্যং চিত্তকাঠিন্যহেতুতয়া হেয়ত্বে-নোক্তং তর্হি তস্য বিষয়ভোগ এব বিহিতঃ। তচ্চ বিষয়াবিষ্টচিত্তস্য কৃষ্ণাবেশঃ সুদূরতঃ। বারুণীদিগ্গতং বস্তু ব্রজন্নৈন্দ্রীং কিমাপ্নুয়াৎ ইত্যাদি শাস্ত্রবিরুদ্ধং। অত্রোচ্যতে। ভক্তৌ রুচিমাত্রমেব তস্য বিষয়রাগ-বিলাপকং। তস্মাদ্বৈরাগ্যাভ্যাসে কাঠিন্যং ন যুক্তমিত্যাহ রুচিমিতি। অত্র রুচিমুদ্বহতঃ প্রায়ো বিলীয়ত ইতি পরিণামতস্তু কাৎস্নে্যনৈব বিলীয়ত ইত্যর্থঃ। তদেতদুপলক্ষণমুক্তং জ্ঞানঞ্চ ভবতীত্যস্য। বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ। জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুক-মিত্যাদি প্রয়োগঃ ॥ ১২৩ ॥

তৎ প্রাগুক্তং ভক্তিপ্রবেশযোগ্যমেব বৈরাগ্যং ব্যনক্তি। অনাসক্ত-স্যেতি। অনাসক্তস্য সতঃ যথার্হং স্বভক্ত্যুপযুক্তমাত্রং যথাস্যাত্তথা যত্র বিষয়ানুপযুঞ্জতো ভুঞ্জানস্য পুরুষস্য যদ্বৈরাগ্যং তদ্যুক্তমুচ্যতে। কৃষ্ণসম্বন্ধে নির্ব্বন্ধঃ স্যাদিত্যর্থঃ ॥ ১২৫ ॥

ভগবান্ হরির ভজনে যাঁহার রুচি জন্মিয়াছে তাঁহার বিষয়াসক্তি গুরুতর হইলেও ভজনপ্রভাবে ঐ বিষয়াসক্তি আপনিই বিলয় প্রাপ্ত হয় ॥ ১২৪ ॥

অনাসক্ত হইয়া যথাযোগ্য বিষয় ভোগ করত কৃষ্ণ সম্বন্ধে যে আগ্রহ জন্মে এ স্থলে তাহাকেই বৈরাগ্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১২৫ ॥

প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু কথ্যতে ॥ ১২৬ ॥
প্রোক্তেন লক্ষণেনৈব ভক্তেরধিকৃতস্য চ ।
অঙ্গত্বে সুনিরস্তেঽপি নিত্যাদ্যখিলকর্ম্মণাং ॥
জ্ঞানস্যাধ্যাত্মিকস্যাপি বৈরাগ্যস্য চ ফল্গুনঃ ।
স্পষ্টতার্থং পুনরপি তদেবেদং নিরাকৃতং ॥ ১২৭ ॥

অথ ফল্গু বৈরাগ্যং তু ভক্ত্যানুপযুক্তং যত্তদেব জ্ঞেয়ং । তচ্চ ভগবদ্বহির্মুখানামপরাধপর্য্যন্তং স্যাদিত্যাহ প্রাপঞ্চিকতয়েতি । হরিসম্বন্ধিবস্ত্বত্র তৎপ্রসাদাদিঃ তস্য পরিত্যাগো দ্বিবিধঃ । অপ্রার্থনা প্রাপ্তানঙ্গীকারশ্চ । তত্রোত্তরস্তু সুতরামপরাধ এব জ্ঞেয়ঃ । প্রসাদাগ্রহণং বিষ্ণোরিত্যাদি বচনেষু তচ্ছ্রবণাৎ ॥১২৬ ॥

প্রোক্তেনেতি দ্বয়োরিপ্যন্বয়ঃ । অধিকৃতস্য ভক্তিশাস্ত্রাধিকারেণ ব্যাপ্তস্য বৈরাগ্যস্য মাত্রস্য বিশেষতঃ ফল্গুন ইত্যর্থঃ ॥ ১২৭ ॥

মুমুক্ষু জনগণ কর্ত্তৃক প্রাকৃত বুদ্ধিতে হরিসম্বন্ধি বস্তুর যে পরিত্যাগ হয়, তাহাকে ফল্গু বৈরাগ্য কহে ॥

তাৎপর্য্য । ফল্গু বৈরাগ্য ভক্তিযোগের অনুপযুক্ত । এই স্থানে হরিসম্বন্ধি বস্তুর অর্থ এই যে, ভগবৎপ্রসাদাদি । ইহার পরিত্যাগ দুই প্রকার, প্রসাদগ্রহণ করিতে প্রার্থনা না করা, এবং প্রাপ্ত প্রসাদের উপেক্ষা । ভগবৎপ্রসাদাদি পরিত্যাগ করিলে অপরাধ জন্মে । এই নিমিত্ত ইহা ফল্গু বৈরাগ্য ॥১২৬

পূর্ব্বোক্ত লক্ষণদ্বারা নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের ভক্ত্যঙ্গত্ব নিরস্ত হইলেও কেবল স্পষ্টতার নিমিত্ত আধ্যাত্মিক জ্ঞান ও ফল্গু বৈরাগ্যের পুনরায় নিরাস করা হইল ॥ ১২৭ ॥

ধনশিষ্যাদিভি র্দ্বারৈ র্যা ভক্তিরুপপাদ্যতে।
বিদূরত্বাদুত্তমতাহান্যা তস্যাশ্চ নাঙ্গতা ॥
বিশেষণত্বমেবৈষাং সংশ্রয়ন্ত্যধিকারিণাং।
বিবেকাদীন্যতোঽমীষামপি নাঙ্গত্বমুচ্যতে ॥
কৃষ্ণোন্মুখং স্বয়ং যান্তি যমাঃ শৌচাদয়স্তথা।
ইত্যেষাঞ্চ ন যুক্তা স্যাদ্ভক্ত্যঙ্গান্তরপাতিতা ॥

ধনেতি। জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতমিত্যাদি গ্রহণেন শৈথিল্যস্যাপি গ্রহণাদিতি ভাবঃ। নাঙ্গতেত্যত্রোত্তমায়ামিতি শেষঃ ॥ ১২৮ ॥

ধন ও শিষ্যাদি দ্বারা যে ভক্তি উৎপন্ন হয়, সে ভক্তি কদাচ উত্তমা ভক্তির অঙ্গ বলিয়া পরিগণিত হইবে না, কারণ এ স্থানে শিথিলতা প্রযুক্ত উত্তমতার হানি হইয়া থাকে ॥

তাৎপর্য্য। প্রথম লহরীতে "অন্যাভিলাষিতা শূন্যং জ্ঞান-কর্ম্মাদ্যনা বৃতং" এই ভক্তিলক্ষণে উক্ত হইয়াছে যে, জ্ঞান-ও কর্ম্মাদিতে আবৃত হইবে না, আদিশব্দপ্রয়োগ হেতু শিথি-লতাও গ্রহণ করিতে হইবেক। অতএব শিথিলাদর হইয়া ধনাদি দ্বারা যে ভক্তির অনুষ্ঠান করে, তাহাকে উত্তমা ভক্তি বলা যাইতে পারে না

বিবেকাদি পদ, ভক্ত্যধিকারি ব্যক্তিদিগের বিশেষণ, এ নিমিত্ত ঐ সকলকে ভক্ত্যঙ্গ বলা যাইতে পারে না ॥

কৃষ্ণভজনে উন্মুখ ব্যক্তিদিগের সম্বন্ধে যম, নিয়ম ও শৌচাদি স্বয়ং উপস্থিত হয়, একারণ উহাদিগকেও ভক্ত্যঙ্গ বলা যাইতে পারে না ॥

যথা স্কান্দে ।

এতে ন হ্যদ্ভুতা ব্যাধ তবাহিংসাদয়ো গুণাঃ ।
হরিভক্তৌ প্রবৃত্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ ॥

তত্রৈব ॥

অন্তঃশুদ্ধি র্বহিঃশুদ্ধিস্তপঃশান্ত্যাদয়স্তথা ।
অমী গুণাঃ প্রপদ্যন্তে হরিসেবাভিকামিনাং ॥
সা ভক্তিরেকমুখ্যাঙ্গাশ্রিতানেকাঙ্গিকাথবা ।

স্কন্দপুরাণে বলিয়াছেন যথা ।

নারদের উপদেশে কোন এক ব্যাধ পশুহিংসা পরিত্যাগ করিয়া হরিসেবায় প্রবৃত্ত হইয়াছিল, তদবলোকনে কোন এক মহাত্মা সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে ব্যাধ! তোমার এই অহিংসাদি গুণ সকল অদ্ভুত নহে, কারণ যে সকল ব্যক্তি হরিভক্তিতে প্রবৃত্ত হয়েন, তাঁহারা কখন পরের সন্তাপপ্রদ হইতে ইচ্ছা করেন না

অন্তঃশুদ্ধি, বাহ্যশুদ্ধি, তপস্যা এবং শান্তি প্রভৃতি গুণসকল হরিসেবাভিলাষি পুরুষের নিকট স্বয়ং গিয়া উপস্থিত হয় ॥

যে ভক্তি এক মাত্র মুখ্যাঙ্গ অথবা বহু অঙ্গ আশ্রয় করিয়াছেন, সেই ভক্তিই ভক্তগণের নিষ্ঠা দেখিয়া তাহাদিগকে সিদ্ধি প্রদান করিয়া থাকেন ॥

এই স্থানে শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিয়াছেন, যথা-

স্ববাসনানুসারেণ নিষ্ঠাতঃ সিদ্ধিকৃদ্ভবেৎ ॥ ১২৮ ॥

তত্রৈকাঙ্গা যথা গ্রন্থান্তরে।

শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদভবদ্বৈয়াসকিঃ কীর্ত্তনে
প্রহ্লাদঃ স্মরণে তদঙ্ঘ্রি ভজনে লক্ষ্মীঃ পৃথুঃ পূজনে।
অক্রূরস্ত্বভিবন্দনে কপিপতি র্দাস্যেঽথ সখ্যেঽর্জ্জুনঃ।
সর্ব্বস্বাত্মনিবেদনে বলিরভূৎ কৃষ্ণাপ্তিরেষাং পরা ॥ ১২৯ ॥

অনেকাঙ্গা যথা নবমে।

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।

তদঙ্ঘ্রি ভজন ইত্যত্র তথাঙ্ঘ্রি ভজন ইত্যেবাত্র যুক্তং ॥ ১২৯ ॥
লিঙ্গানি প্রতিমাঃ। শ্রীমত্যা তুলস্যা য স্তসা পাদসরোজয়ো রর্পিতত্বাৎ

এক অঙ্গ সাধে কিবা সাধে বহু অঙ্গ। নিষ্ঠা হইলে বহে প্রেমের তরঙ্গ ॥ ১২৮ ॥

একঅঙ্গা ভক্তি যথা গ্রন্থান্তরে ॥

শ্রীমদ্ভাগবত শ্রবণে মহারাজ পরীক্ষিৎ, শ্রীমদ্ভাগবত-কীর্ত্তনে শুকদেব, স্মরণে প্রহ্লাদ, চরণসেবনে লক্ষ্মী, অর্চ্চনে আদিরাজ পৃথু, বন্দনে অক্রূর, দাস্যবিষয়ে হনূমান্, সখ্যে অর্জ্জুনও আত্মনিবেদনে অসুররাজ বলি, ইহাঁরা সকলে কৃতার্থ হইয়াছিলেন অর্থাৎ কেবল এক এক মুখ্য ভক্ত্যঙ্গের সেবা করিয়া ইহাঁদিগের কৃষ্ণপ্রাপ্তি হইয়াছিল ॥ ১২৯ ॥

অনেকাঙ্গা ভক্তি যথা নবম স্কন্ধে ৪ অ। ১৫। ১৬। ১৭ ॥

শুকদেব কহিলেন হে ভারত! মহারাজ অম্বরীশ শ্রীকৃষ্ণ

করৌ হরের্ম্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিঞ্চকারাচ্যুতসৎকথোদয়ে॥
মুকুন্দলিঙ্গালয়দর্শনে দৃশৌ
তদ্ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গসঙ্গমঃ।
ঘ্রাণঞ্চ তৎপাদসরোজসৌরভে
শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে॥
পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে
শিরো হৃষীকেশপদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে নতু কামকাম্যয়া

স্তয়ো। সৌরভবিশেষযোগঃ স্যাত্তস্মিন্নিত্যর্থঃ। ক্ষেত্রং শ্রীমথুরাদি, পদং তদালয়াদি, তদেতচ্চ সর্ব্বং তথা চকার যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ

চরণারবিন্দে মন অর্পণ করিয়াছিলেন, বৈকুণ্ঠগুণানু বর্ণনে বাক্য সকলকে নিয়োগ করিয়াছিলেন, হরিমন্দির মার্জ্জনা-দিতে করদ্বয়কে ব্যাপৃত রাখিয়াছিলেন এবং অচ্যুতের সৎকথা-শ্রবণে শ্রবণেন্দ্রিয়কে নিযুক্ত করিয়াছিলেন। অপর নয়ন দ্বয়কে মকুন্দবিগ্রহ সকলের আলয় বিলোকনে, অঙ্গ সঙ্গকে ভগবদ্ভৃত্যজনের গাত্রসংস্পর্শে, ঘ্রাণেন্দ্রিয়কে ভগবৎ-পাদপদ্মসংযুক্ত তুলসীর সৌরভ গ্রহণে, এবং রস-নাকে ভগবানের প্রতি নিবেদিত অন্নাদি আস্বাদনে তৎপর করিয়াছিলেন। আর তাঁহার চরণদ্বয় ভগবৎক্ষেত্র স্থানে গমনে, এবং তাঁহার মস্তক কৃষ্ণপদাভিবন্দনে নিযুক্ত হইয়া-ছিল। অপিচ, তিনি কাম অর্থাৎ স্রক্ চন্দনাদি বিষয়ভোগকে

যথোত্তমঃশ্লোকজনাশ্রয়ারতিঃ ॥ ইতি ॥
শাস্ত্রোক্তয়া প্রবলয়া তত্তন্মর্য্যাদয়ান্বিতা
বৈধী ভক্তিরিয়ং কৈশ্চিন্মর্য্যাদা মার্গ উচ্যতে ॥ ১৩০ ॥

অথ রাগানুগা।

বিরাজন্তীমভিব্যক্তং ব্রজবাসিজনাদিষু।
রাগাত্মিকামনুসৃতা যা সা রাগানুগোচ্যতে ॥
রাগানুগা বিবেকার্থমাদৌ রাগাত্মিকোচ্যতে ॥
ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ।

স্বাত্তেষামভিরুচিঃ স্বাত্তৈথবেত্যর্থঃ ॥ ১৩০ ॥
ইষ্টে সানুকূল্যবিষয়ে স্বারসিকী স্বাভাবিকী পরমাবিষ্টতা তস্যা হেতুঃ প্রেমময়তৃষ্ণেত্যর্থঃ। সা রাগো ভবেৎ তদাধিক্যহেতুতয়া তদভে-

---

ভগবজ্জনাশ্রয়া রতি যে রূপে হয় সেই রূপ করিয়া ভগবদ্দাস্যে তৎপর করিয়াছিলেন, তাহাও কেবল ভগবৎপ্রসাদ স্বীকারার্থ হইয়াছিল, বিষয়েচ্ছায় হয় নাই ॥

শাস্ত্রোক্ত প্রবল মর্য্যাদা যুক্ত এই বৈধী ভক্তিকে কোন২ পণ্ডিতেরা মর্য্যাদা মার্গ বলিয়া উল্লেখ করিয়াছেন ॥ ১৩০ ॥

॥ * ॥ ইতি বৈধী ভক্তি মার্গ প্রকরণ ॥ * ॥

অথ রাগানুগা।

ব্রজবাসি জনাদিতে প্রকাশ্য রূপে বিরাজমানা যে ভক্তি তাহাকে রাগাত্মিকা ভক্তি কহে। এই রাগাত্মিকা ভক্তির অনুগতা যে ভক্তি, তাহার নাম রাগানুগা ভক্তি ॥

এই রাগানুগা ভক্তির পরিজ্ঞানার্থ, প্রথমতঃ রাগাত্মিকা ভক্তি কথিত হইতেছে ॥

তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোদিতা ॥ ১৩১ ॥
সা কামরূপা সম্বন্ধরূপা চেতি ভবেদ্দ্বিধা ॥ ১৩২ ॥

তথাহি সপ্তমে।

কামাদ্দ্বেষাদ্ভয়াৎ স্নেহাদ্যথা ভক্ত্যেশ্বরে মনঃ।

দোক্তি রায়ুরঘৃতমিতিবৎ। এবমুত্তরত্রাপি তন্ময়ী তদেকপ্রেরিতা। তৎ-প্রকৃতবচনে ময়ট্ ॥ ১৩২ ॥

কামেন রাগবিশেষরূপেণ তেন রূপ্যতে ক্রিয়ত ইতি তথা; সম্বন্ধেন তদ্ধেতুকেন রাগবিশেষেণ রূপ্যতে ক্রিয়ত ইতি তত্তৎপ্রেরিতেত্যর্থঃ। যদ্যপি কামরূপায়ামপি সম্বন্ধবিশেষোঽস্ত্যেব তথাপি পৃথগুপাদানং প্রাধান্য-বিবক্ষয়া সর্ব্বঃ সমায়াতি রাজা চেতি বৎ ॥ ১৩২ ॥

কামাদিতি। অত্র স্বরসত এবোৎপদ্যমানানাং কামাদীনাং বিধাতু-মশক্যত্বাৎ তন্ময়ীনাং কথমপি ন বৈধীত্বং। যচ্চ তস্মাদ্বৈরানুবন্ধেন নির্ব্বৈরেণ ভয়েন বা। স্নেহাৎ কামেন বা যুঞ্জ্যাদিতি লিঙ্ প্রত্যয়ঃ শ্রূয়তে সোঽপি সম্ভাবনায়ামেব সম্ভবতি তস্মাৎ কেনাপ্যুপায়েনেতি তু অভ্য-নুজ্ঞামাত্রং যথাযথাবৎ তদ্গতিং তদ্রূপং গম্যং প্রাপ্তাঃ তদঘমিতি তেষাং

অভিলষিত বস্তুতে যে স্বাভাবিকী পরমআবিষ্টতা অর্থাৎ প্রেমময় তৃষ্ণা তাহার নাম রাগ, সেই রাগময়ী যে ভক্তি তাহাকে রাগাত্মিকা ভক্তি কহে ॥ ১৩১ ॥

সেই রাগাত্মিকা ভক্তি কামরূপা ও সম্বন্ধরূপা ভেদে দুই প্রকার হয় ॥ ১৩২ ॥

সপ্তম স্কন্ধে ১ অ। ২৯ শ্লোকে যথা ॥

নারদ যুধিষ্ঠিরকে কহিলেন মহারাজ! বহু২ ব্যক্তি ভক্তি-অনুসারে কাম, দ্বেষ, ভয় অথবা স্নেহহেতু ভগবান্ পরমেশ্বরে

আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ ॥ ১৩৩ ॥
কামাদ্গোপ্যো ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্বৃষ্ণয়ঃ স্নেহাদ্যূয়ং ভক্ত্যা বয়ং বিভো ॥ ইতি ॥১৩৪॥
আনুকূল্য বিপর্য্যাসাদ্ভীতিদ্বেষৌ পরাহতৌ।
স্নেহস্য সখ্যবাচিত্বাদ্বৈধভক্ত্যনুবর্ত্তিতা ॥

মধ্যে যদ্দ্বেষভয়য়োরঘং ভবতি তদপি তদাবেশপ্রভাবেণ হিত্বেত্যর্থঃ নতু কামেঽপীতি মন্তব্যং দ্বিষন্নপি হৃষিকেশং কিমুতাধোক্ষজপ্রিয়া ইতি তস্য কামস্য দ্বেষাদিগণপাতিত্বামুল্লঙ্ঘ্য স্তুতত্বাৎ ॥ ১৩৪ ॥

গোপ্য ইতি পূর্ব্বরাগাবস্থা স্তা জ্ঞেয়াঃ। এবং বৃষ্ণ্যাদয়োঽপি ॥ ১৩৪ ॥

তদেবং বহ্বঙ্গত্বে প্রাপ্তে কামাদি দ্বয় মাত্রস্যোপাদানে কারণাস্থাহ আনুকূল্যেতি দ্বাভ্যাং। শ্রীনারদেন তু অনয়ো র্ভীতিদ্বেষয়োরুপাদানং ভক্তৌ

মনঃসংযোগ করিয়া কামাদিনিমিত্ত কলুষ বিসর্জ্জন পুরঃসর তাঁহার গতি প্রাপ্ত হইয়াছে ॥ ১৩৩ ॥

ইহার প্রমাণ এই, গোপীগণ কাম হেতু, কংস ভয় হেতু, শিশুপালাদি নরপতি দ্বেষ হেতু, যাদবগণ সম্বন্ধ হেতু, তোমরা স্নেহ হেতু, এবং আমরা ভক্তি হেতু তাঁহার গতি প্রাপ্ত হইয়াছি ॥

তাৎপর্য্য। উল্লিখিত পদ্যে গোপীগণ ও যাদবগণের যে আবেশ বর্ণিত হইয়াছে, ইহা পূর্ব্বরাগজনিত জানিতে হইবে ॥ ১৩৪ ॥

এই প্রকার শ্রীকৃষ্ণে মনোনিবেশ করার বহু২ অঙ্গ সত্ত্বে এখানে কাম ও সম্বন্ধমাত্র গ্রহণের কারণ এই যে অনুকূল্যের

কিম্বা প্রেমাভিধায়িত্বান্নোপযোগোঽত্র সাধনে।

কৈমুত্যোপপাদনায়ৈব। তদুক্তং। বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপাল শাল্ব-পৌণ্ড্রাদয়ো গতি বিলাস বিলোকনাদ্যৈঃ। ধ্যায়ন্ত আকৃতিধিয়ঃ শয়নাসনাদৌ তৎসাম্যমাপুরনুরক্তধিয়াং পুনঃ কিমিতি। তথাচ ব্যাখ্যাতং। সা ভক্তিঃ সপ্তমস্কন্ধে ভঙ্গ্যা দেবর্ষিণোদিতেতি এবমপি যত্ন, বথা বৈরানুবন্ধেন মর্ত্ত্য স্তন্ময়তামিয়াৎ। ন তথা ভক্তিযোগেন ইতি মে নিশ্চিতা মতিরিত্যুক্তং। তদপি ভাবময়কামাদ্যপেক্ষয়া বিধিময়স্য চিন্তাবেশ হেতুত্বেঽত্যন্তন্যূনত্বমিতি ব্যঞ্জনার্থমেব। যেষু ভাবময়েষু নিন্দিতোঽপি বৈরানুবন্ধো বিধিময়ভক্তিযোগমত্যেতি ইতি। তন্ময়তা হ্যত্র তদাবিষ্টতা স্ত্রীময়ঃ কামুক ইতি বৎ। স্নেহস্যেতি। অয়মর্থঃ। পাণ্ডবানাং যঃ স্নেহঃ স সখ্যময় রাগাত্মিকায়ামেব পর্য্যবস্যতি তাদৃশব্যবহারশ্রবণাৎ। তথাপ্যৈশ্বর্য্যজ্ঞানপ্রধানত্বাত্তেষাং বিধিমার্গং প্রধানত্বমেব স্যাদিতি শুদ্ধ রাগানুগায়াং নোপযোগঃ। যদিচ স্নেহশব্দেন প্রেমসামান্যমুচ্যেত তদা তদ্বিশেষানভিধানাৎ তত্তৎক্রিয়ানির্দ্ধারণাভাবেনানুকরণাসম্ভব ইত্যেবমত্র রাগানুগাখ্যে সাধনে তস্যোপজীব্যত্বাভাবেন নোপযোগো বিদ্যত ইতি। প্রেমবিশেষে তু বাচ্যে সম্বন্ধরূপায়ামেব পর্য্যবসানাৎ। পুনরুক্তত্বমিতি চ জ্ঞেয়ং। ভক্ত্যেতি পারিশেষ্য প্রামাণ্যেন বৈধত্ব-এব পর্য্যবসানাৎ। বৈধী ভক্তিশ্চাস্য পূর্ব্বজন্মনি মহদুপাসনালক্ষণা। কামা-

---

অভাব হেতু ভয় এবং দ্বেষ পরিত্যক্ত হইয়াছে, আর স্নেহ-শব্দ যদি সখ্যবাচী হয় তাহা হইলে ইহা বৈধী ভক্তির মধ্যে পরিগণিত হইবে,সুতরাং রাগানুগাতে তাহার উপযোগিতা নাই, কিম্বা যদি স্নেহ এই শব্দটী প্রেমবাচক হয়, তাহা হইলে সাধনভক্তির মধ্যে তাহারও কোন উপযোগিতা নাই

ভক্ত্যা বয়মিতি ব্যক্তং বৈধী ভক্তিরুদীরিতা ॥ ১৩৫ ॥
যদরীণাং প্রিয়াণাঞ্চ প্রাপ্যমেকমিবোদিতং।

দ্বেষাদিতি পূর্ব্বপদ্যানুসারেণ পঞ্চতয়ত্বে প্রাপ্তেঽপ্যত্র ষট্‌তয়ত্বেন ব্যাখ্যা শ্রীস্বাম্যনুরোধেনৈব। বস্তুতস্তু সম্বন্ধাদয়ঃ স্নেহস্তস্মাদ্ ভয়ো যুগ্মেত্যেকমিতি বোপদেবানুসারেণ জ্ঞেয়ং। উভয়ত্র সম্বন্ধস্নেহয়োরবিশেষাৎ। এবমেব, কতমোঽপি ন বেণঃ স্যাৎ পঞ্চানাং পুরুষং প্রতীতি সুষ্ঠু সঙ্গচ্ছেত। পুরুষং ভগবন্তং প্রতীত্যস্মিন্নেবার্থে সার্থকতা স্যাদিতি ॥ ১৩৫ ॥

তত্র তদ্‌গতিং গতা ইত্যুক্তৌ সন্দেহান্তরং নিরস্যতি যদরীণামিতি। প্রিয়াণাং শ্রীগোপীবৃষ্ণ্যাদীনাং অনয়োঃ কিরণার্কোপমানে ব্রহ্মসংহিতা যথা। যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটি কোটিষ্বশেষ বসুধাদি বিভূতি ভিন্নং। তদ্ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং গোবিন্দমাদি পুরুষং তমহং ভজামীতি। শ্রীভগবদ্‌গীতাশ্চ ব্রহ্মণো হি প্রতিষ্ঠাহমিতি। (প্রতিষ্ঠা-আশ্রয়ঃ)। তত্রৈব স্বামিটীকাচ দৃষ্টা তচ্চ মুক্তং একস্যাপি তস্যাধিকারিবিশেষং প্রাপ্য সবিশেষাকার ভগবত্ত্বেনোদয়াদ্ ঘনত্বং নির্ব্বিশেষাকারব্রহ্মত্বেনোদয়াদ্ ঘনত্বমিতি, প্রভাস্থানীয়ত্বাৎ

আমরা ভক্তি নিমিত্ত প্রাপ্ত হইয়াছি, এস্থলে ভক্তি-শব্দে বৈধী ভক্তিই বলিতে হইবে, ইহা রাগানুরাগা বলিয়া পরিগৃহীত হইবে না ॥ ১৩৫ ॥

বহু২ ব্যক্তি সেই গতি লাভ করিয়াছে এই সন্দেহান্তর উপস্থিত হওয়ায় গ্রন্থকর্ত্তা ঐ সন্দেহনিরাসপূর্ব্বক কহিলেন, ব্রহ্মে এবং শ্রীকৃষ্ণে পরস্পর ঐক্য প্রযুক্ত শত্রুগণ ও প্রিয়বর্গের যে এক প্রাপ্য কথিত হইয়াছে তাহার প্রভেদ এই যে, সূর্য্য এবং সূর্য্যের কিরণ ॥

তদ্ব্রহ্মকৃষ্ণয়োরৈক্যাৎ কিরণার্কোপমাজুষোঃ ॥ ১৩৬ ॥
ব্রহ্মণ্যেব লয়ং যান্তি প্রায়েণ রিপবো হরেঃ।
কেচিৎ প্রাপ্যাপি সারূপ্যাভাসং মজ্জন্তি তৎসুখে ॥ ১৩৭ ॥

তথাচ ব্রহ্মাণ্ডপুরাণে।

সিদ্ধলোকস্তু তমসঃ পারে যত্র বসন্তি হি।

প্রভা ইতি জ্ঞেয়ং। অতএবাত্মারামাণামপি ভগবদ্গুণেনাকর্ষণমুপপদ্যতে। বিশেষজিজ্ঞাসা চেৎ শ্রীভগবৎসন্দর্ভো দৃশ্যঃ ॥ ১৩৬ ॥

অরীণাং ব্রহ্মগতিমেব বিবৃণোতি ব্রহ্মণ্যেবেতি ॥ ১৩৭ ॥

তত্র পূর্ব্বস্য প্রমাণং নিভৃতমরুদিত্যাদ্যর্দ্ধং বক্ষ্যত ইত্যভিপ্রায়েণোত্তরস্যাহ

তাৎপর্য্য, সূর্য্য ও কিরণ বস্তুতঃ দুই এক পদার্থ হইলেও ইহাতে যেমন পরস্পর অঙ্গাঙ্গী ভেদ লক্ষিত হয়, তদ্রূপ শ্রীকৃষ্ণে ও ব্রহ্মে প্রভেদ জানিবা, শত্রুগণ কিরণস্থানীয় ব্রহ্মে গতি প্রাপ্ত হয়, আর প্রিয়বর্গ সূর্য্যস্থানীয় শ্রীকৃষ্ণে গতি লাভ করেন ॥ ১৩৬ ॥

অরিগণের ব্রহ্মেতেই গতি হয়, গ্রন্থকার এই বিষয় বিস্তার করিতেছেন। ভগবান্ হরির রিপুবর্গ প্রায়ই ব্রহ্মেতে লয় প্রাপ্ত হয়, তন্মধ্যে কেহ কেহ সারূপ্যাভাস লাভ করিয়াও সেই সুখেই অর্থাৎ ব্রহ্মসুখে নিমগ্ন হইয়া থাকে ॥ ১৩৭ ॥

ব্রহ্মাণ্ড পুরাণেও বলিয়াছেন ॥

সিদ্ধগণ ও ভগবান্ হরিকর্ত্তৃক নিহত দৈত্যগণ ব্রহ্ম সুখে নিমগ্ন হইয়া যে সিদ্ধলোকে বাস করিতেছেন, সেই

সিদ্ধা ব্রহ্মসুখে মগ্না দৈত্যাশ্চ হরিণা হতা ইতি ॥ ১৩৮ ॥
রাগবন্ধেন কেনাপি তং ভজন্তো ব্রজন্ত্যমী।
অঙ্ঘ্রিপদ্মসুধাঃ প্রেমরূপা স্তস্য প্রিয়া জনাঃ ॥ ১৩৯ ॥

তথাহি শ্রীদশমে।

নিভৃতমরুন্মনোক্ষদৃঢ়যোগযুজো
হৃদি যন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ।

তথা চেতি। তমসঃ প্রকৃতেঃ ॥ ১৩৮ ॥

তত্র প্রিয়াণাং বিশেষমাহ রাগবন্ধেনেতি ॥ ১৩৯ ॥

তত্র ব্রহ্মণ্যেবেতি পদ্যার্দ্ধেন রাগবন্ধেনেতি পদ্যেন চ দশমস্থ শ্রুতি-বাক্যং তুলয়তি তথাহীতি। তত্র নিভৃতেতি প্রতিযুগান্তস্থস্যাপি শব্দস্য দ্বয়েন যুগ্মদ্বয়ং পৃথগবগম্যতে। ততশ্চ হৃদি যদ্ব্রহ্মাখ্যং তত্ত্বং মুনয় উপাসতে তদরয়োঽপি স্মরণাদ্‌যযুঃ। স্রিয়ঃ শ্রীগোপসুন্দর্য্যঃ তাসামেব তথা প্রসিদ্ধেঃ। তা অঙ্ঘ্রিসরোজসুধা স্তৎপ্রেমময়মাধুর্য্যাণি যযুর্বয়মপি সমদৃশস্তাভিঃ সমভাবাঃ

সিদ্ধলোক মায়ার পরপারে অবস্থিত ॥ ১৩৮ ॥

ভগবৎ প্রিয়ব্যক্তিগণের বিশেষ গতি লাভ হয়, গ্রন্থকার এই বিষয় বিস্তার পূর্ব্বক কহিতেছেন। ভগবানের প্রিয় জন সকল কোন অনির্ব্বচনীয় অনুরাগ বশতঃ তাঁহাকে ভজন করিয়া প্রেমস্বরূপ তাঁহার চরণপদ্মের সুধা লাভ করিয়া থাকেন ॥ ১৩৯ ॥

দশমস্কন্ধে ৮৭ অ। ১৯ শ্লোকে ॥

শ্রুতি সকল কহিলেন হে ভগবন্! প্রাণ মন ও ইন্দ্রিয় সংযম পূর্ব্বক সুদৃঢ় যোগ যুক্ত মুনিগণ আপনার যে তত্ত্ব হৃদয়ে উপাসনা করেন, শত্রুগণ অনিষ্ট চেষ্টায় আপনার

স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো
বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রি সরোজসুধাঃ ॥ ১৪০ ॥

তত্র কামরূপা ॥ ১৪১ ॥

সত্যঃ সমা স্তাভি স্তুল্যতাং প্রাপ্তা বৃহান্তরেণ গোপ্যো ভূত্বা তবাঙ্ঘ্রি সরোজ-সুধাঃ যস্মিমেত্যর্থঃ। অর্থ বিশেষ স্তস্য দশমটিপ্পন্যাং বৈষ্ণবতোষণীনাম্নাং দৃশ্যঃ। তথাচ বৃহদ্বামনপুরাণে শ্রুতিভিঃ প্রার্থ্য গোপিকাত্বং প্রাপ্তমিতি প্রসিদ্ধেঃ। কারিকায়াং ভজন্ত ইত্যাদিনা জনসামান্যনির্দ্দেশস্ত এতদুপলক্ষণ-তয়া কৃতঃ। তদেবং স্ত্রিয় ইত্যনেন বক্ষ্যমাণা কামরূপা, বয়মিত্যনেন কামানুগাচ উট্টঙ্কিতা। তদেতদনুসারেণ বৃষ্ণ্যাদীনামপি তৎপ্রাপ্তি-বিশেষো জ্ঞেয়ঃ ॥ ১৪০ ॥

তত্র কামরূপেতি। কামোঽত্র স্বেষ্টবিষয়রাগাত্মকপ্রেমবিশেষত্বেনাগ্রে নিরূপণীয়ঃ ॥ ১৪১ ॥

স্বরূপ স্মরণ করিয়াও তাহাই প্রাপ্ত হয়, অপরিচ্ছিন্ন যে আপনি আপনাকে পরিছন্ন রূপে দর্শন পূর্ব্বক সর্পেন্দ্র দেহ সদৃশ আপনার ভুজদণ্ডে সংসক্তচেতা কামাত্মা স্ত্রী গণও তাহা প্রাপ্ত হয় এবং শ্রুত্যভিমানিনী দেবতা রূপ আমারা তৎসদৃশ হইয়াও আপনার পাদপদ্ম সুখে ধারণ করত তাহাই প্রাপ্ত হই ॥ ১৪০ ॥

তন্মধ্যে কামরূপা যথা ॥

তাৎপর্য্য। এস্থানে কাম শব্দ আপনার অভীষ্ট বিষয়ক রাগময় প্রেম বিশেষ ॥ ১৪১ ॥

সা কামরূপা সম্ভোগতৃষ্ণাং যা নয়তি স্বতাং।
যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যমঃ॥ ১৪২॥
ইয়ন্তু ব্রজদেবীষু সুপ্রসিদ্ধা বিরাজতে।
আসাং প্রেমবিশেষোঽয়ং প্রাপ্তঃ কামপি মাধুরীং।
তত্তৎক্রীড়ানিদানত্বাৎ কাম ইত্যুচ্যতে বুধৈঃ॥

তথাচ তন্ত্রে।

তদেবাহ সেতি সা প্রসিদ্ধা প্রেমরূপৈবাত্র কামরূপা নত্বন্যেত্যর্থঃ। যা সম্ভোগতৃষ্ণাং প্রসিদ্ধং কামমপি স্বস্বরূপতাং নয়তি। তত্র প্রেমরূপত্বে হেতুঃ যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যম ইতি॥ ১৪২॥

তদেব দর্শয়তি ইয়ং ত্বিতি। সুপ্রসিদ্ধত্বঞ্চ যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষ্বিত্যাদি তদ্বাক্যদর্শনাৎ। নম্বত্র কামরূপাশব্দেন কামাত্মিকৈবোচ্যতে সাচ ক্রিয়ৈব নতু ভাবঃ। ততস্তস্যা স্তৃষ্ণায়াঃ স্বরূপতানয়নে সামর্থ্যং নস্যাৎ। উচ্যতে। ক্রিয়াপীয়ং মানসক্রিয়ারূপেণ স্বাংশেন তত্র সমর্থা স্যাৎ সাচ মত্তোঽস্য সুখং স্যাদিতি ভাবনাস্বরূপেতি জ্ঞেয়ং। এবমেবচ স্বতানয়নং সিদ্ধ্যতি॥ ১৪৩॥

যে ভক্তি সম্ভোগতৃষ্ণাকে প্রেমময় রূপে পরিণত করে, তাহার নাম কামরূপা ভক্তি, যেহেতু এই কাম রূপা ভক্তিতে কেবল কৃষ্ণসুখের নিমিত্ত উদ্যম দেখা যায়॥ ১৪২॥

এই সুপ্রসিদ্ধা কামরূপা ভক্তি কেবল ব্রজদেবীতেই বিরাজমান, ইহাদিগের এই বিশিষ্ট প্রেম কোন এক অনির্ব্বচনীয় মাধুরী প্রাপ্ত হইয়া সেই সেই ক্রীড়ার কারণ হয় বলিয়া পণ্ডিতেরা এই প্রেম বিশেষকে কাম শব্দে উল্লেখ করিয়া থাকেন॥

তন্ত্রেও বলিয়াছেন॥

প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথামিতি ॥ ১৪৩॥
ইত্যুদ্ধবাদয়োঽপ্যেতং বাঞ্ছন্তি ভগবৎপ্রিয়াঃ ॥ ১৪৪ ॥
কামপ্রায়া রতিঃ কিন্তু কুব্জায়ামেব সম্মতা ॥ ১৪৫ ॥

সম্বন্ধরূপা ॥

সম্বন্ধরূপা গোবিন্দে পিতৃত্বাদ্যভিমানিতা।

এতাঃ পরং তনুভৃতঃ ইত্যনুস্মৃত্য তত্র হেতুমাহ ইতীতি। ইত্যেতং এতাদৃশেন কান্তত্বাভিমানরূপেণ ভাবেনোপলক্ষিতো যঃ প্রেমাতিশয় স্তমেবেতি জ্ঞেয়ং তাদৃশেন বিশিষ্টং তমিতি তু ন জ্ঞেয়ং। মুমুক্ষু মুক্ত ভক্তানামৈকমত্যে ভাবভেদব্যবস্থানুপপত্তেঃ। তাদৃশপ্রেমাতিশয়প্রাপকঃ তদ্ভাবং বিনৈব হি তৎপ্রেমাতিশয়ং বাঞ্ছন্তীত্যেবোক্ত্যা তৎপ্রাপ্তি র্নাভিমতেতি ॥ ১৪৪ ॥

কামপ্রায়েতি যদ্যপি সুজাতেত্যাদি শুদ্ধপ্রেমরীত্যদর্শনাৎ। প্রত্যুত উত্তরীয়ান্তমাকৃষ্যেত্যাদি কামরীতিমাত্রদর্শনাৎ তথাপি রতিস্তদুপাধিতয়াংশেন জ্ঞেয়া ॥ ১৪৫ ॥

পিতৃত্বাদ্যভিমানিতেতি তৎপ্রভবরাগপ্রেরিতেত্যর্থঃ। সম্বন্ধাদ্বৃষ্ণয় ইতি। অত্র

গোপরামাদিগের প্রেমই কাম বলিয়া কথিত হইয়াছে ॥ ১৪৩ ॥

এই কারণে উদ্ধবাদি ভগবানের প্রিয় ভক্তগণ গোপীদিগের এই প্রেম বিশেষ প্রার্থনা করিয়াছেন ॥ ১৪৪ ॥

কিন্তু ব্রজসুন্দরীদিগের ন্যায় বিশুদ্ধ প্রেমের অভাব নিমিত্ত, কুব্জাদিতে যে রতি দেখা যায় পণ্ডিতগণ তাহাকে কামপ্রায়া রতি বলিয়া সম্মতি প্রকাশ করিয়াছেন ॥ ১৪৫ ॥

অথ সম্বন্ধ রূপা ॥

গোবিন্দে পিতৃত্বাদি অভিমানই অর্থাৎ আমি শ্রীকৃষ্ণের

অত্রোপলক্ষণতয়া বৃষ্ণীনাং বল্লবা মতাঃ॥
যদৈশ্বর্য্যজ্ঞানশূন্যত্বাদেষাং রাগে প্রধানতা ॥ ১৪৬ ॥
কামসম্বন্ধরূপে তে প্রেমমাত্রস্বরূপিকে।

বৃষ্ণীনামুপলক্ষণতয়া যে বল্লবা প্রাপ্তা স্ত এব অজহল্লক্ষণয়া মতাঃ। অ ই কুপ্বাঙ্‌ নুম্‌ ব্যবায়েঽপীতি সূত্রে যথা নুম্‌ উপলক্ষণত্বেনানুস্বারমাত্রং গৃহ্যতে তদ্বদিতি ভাবঃ। তত্র হেতুমাহ যদিতি। এষাং বল্লবানাং॥ ১৪৬॥

প্রেমমাত্রং স্বরূপং কারণং যয়োঃ নিত্যসিদ্ধাঃ শ্রীব্রজেশ্বরাদয় এব আশ্রয়া মূলস্থানানি যয়োস্তয়োর্ভাব স্তত্তা তয়া হেতুনা। অত্র সাধনপ্রকরণে ন সম্যগ্বিচারিতে কিন্তু তৎপ্রকরণ এব বিচারয়িষ্যত ইত্যর্থঃ। তত্তদ্ভাবাদি মাধুর্য্যে শ্রীভাগবতাদিসিদ্ধনির্দ্দেশশাস্ত্রেষু শ্রুতেঃ শ্রবণদ্বারা যৎ কিঞ্চিদনুভূতে সতি যচ্ছাস্ত্রং বিধিবাক্যং নাপেক্ষতে যুক্তিঞ্চ কিন্তু প্রবর্ত্তত-

---

পিতা, আমি কৃষ্ণের মাতা, ইত্যাদি মননই সম্বন্ধরূপা ভক্তি। বৃষ্ণিগণ সম্বন্ধ মাত্রে কৃষ্ণকে প্রাপ্ত হইয়াছেন এই উক্তি প্রযুক্ত এখানে বৃষ্ণি শব্দ উপলক্ষণ মাত্র, এতদ্দ্বারা গোপগণকেও গ্রহণ করিতে হইবে, কারণ ঈশ্বরত্ব জ্ঞানশূন্য হেতু গোপগণেরও রাগাত্মিকা ভক্তিতে অধিকার আছে॥ ১৪৬॥

প্রেমমাত্রস্বরূপ কামরূপা ও সম্বন্ধরূপা ভক্তি দ্বয় নিত্যসিদ্ধ নন্দ যশোদাদিকে আশ্রয় করিয়াছে বলিয়া এই সাধনভক্তি-প্রকরণে তাহাদের বিচারের কোন আবশ্যক নাই॥

রাগাত্মিকা ভক্তি দুই প্রকার অর্থাৎ কাম রূপা ও সম্বন্ধ-

নিত্যসিদ্ধাশ্রয়তয়া নাত্র সম্যগ্‌ বিচারিতে ॥
রাগাত্মিকায়া দ্বৈবিধ্যাদ্দ্বিধা রাগানুগা চ সা।
কামানুগা চ সম্বন্ধানুগা চেতি নিগদ্যতে ॥

তত্রাধিকারী।

রাগাত্মিকৈকনিষ্ঠা যে ব্রজবাসিজনাদয়ঃ।
তেষাং ভাবাপ্তয়ে লুব্ধো ভবেদত্রাধিকারবান্‌ ॥ ১৪৭ ॥
তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ধী র্যদপেক্ষতে।
নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তিলক্ষণং ॥ ১৪৮ ॥
বৈধভক্ত্যধিকারী তু ভাবাবির্ভবনাবধিঃ।

এবেত্যর্থঃ। তদেবং লোভোৎপত্তে র্লক্ষণমিতি ॥ ১৪৭ ॥ ১৪৮ ॥

রূপা, এই কারণে রাগানুগা ভক্তিও দুই প্রকার, যথা কামানুগা ও সম্বন্ধানুগা ॥

এই রাগানুগা ভক্তির অধিকারী যথা—

কেবল রাগানুগা-ভক্তিনিষ্ঠ যে সকল ব্রজবাসি জন, তাঁহাদিগের ভাব প্রাপ্তির নিমিত্ত যাঁহাদের চিত্ত লুব্ধ, তাঁহারাই এই রাগানুগা ভক্তিতে অধিকারী ॥ ১৪৭ ॥

শাস্ত্র ও যুক্তিকে অপেক্ষা না করিয়া কেবল নন্দ যশোদাদির ভাব ও মাধুর্য্য শ্রবণ করিয়া বুদ্ধি বৃত্তি যাহার অপেক্ষা করে, অর্থাৎ তত্তৎভাব কবে প্রাপ্ত হইব? এই বলিয়া উৎসুক হয়, পণ্ডিত গণ তাহাকেই লোভোৎপত্তির লক্ষণ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১৪৮ ॥

যে পর্য্যন্ত ভাবের আবির্ভাব না হয়, সেই পর্য্যন্ত বৈধী-

অত্র শাস্ত্রং তথা তর্কমনুকূলমপেক্ষতে ॥ ১৪৯ ॥
কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজসমীহিতং।
তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজে সদা ॥ ১৫০ ॥

নম্বু রাগানুগাধিকারিণো রাগাত্মিকানুগামিত্বাৎ নিরবধিরেব তাদৃশী ভক্তিঃ বৈধভক্ত্যধিকারিণস্তু কিমবধি বৈধী ভক্তি স্তত্রাহ বৈধভক্তীতি। ভাবো রতিঃ। তদুক্তং শ্রীভগবতা। ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা-গুণা ইতি ॥ ১৪৯ ॥

অথ রাগানুগায়াঃ পরিপাটীমাহ কৃষ্ণমিত্যাদিনা। সামর্থ্যে সতি ব্রজে শ্রীমন্নন্দব্রজরাজাবাসস্থানে শ্রীবৃন্দাবনাদৌ শরীরেণ বাসং কুর্য্যাৎ তদভাবে মনসাপীত্যর্থঃ ॥ ১৫০ ॥

ভক্তিতে অধিকারী হয়। এই বৈধী ভক্তিতে যাঁহারা অধি-কারী তাঁহাদের শাস্ত্র ও অনুকূল তর্কের অপেক্ষা করা উচিত ॥

তাৎপর্য্য। বৈধী ভক্তি ও রাগানুগা ভক্তির প্রভেদ এই যে, শাস্ত্রের বিধি অনুসারে যে ভজন, তাহার নাম বৈধী ভক্তি। আর লোভপ্রযুক্ত বিধি মার্গে যে ভজন তাহার নাম রাগানুগা ভক্তি ॥ ১৪৯ ॥

শ্রীকৃষ্ণকে এবং স্বীয় বাঞ্ছিত তাঁহার প্রিয়তম ভক্তজনকে স্মরণ করত তত্তৎ কথায় অনুরক্ত হইয়া সর্ব্বদা ব্রজেতেই বাস করিবে ॥

তাৎপর্য্য। সমর্থ হইলে শরীর দ্বারা ব্রজ ভূমিতে বাস করিবে, আর যদি সমর্থ না হয়, তবে কেবল মনোমধ্যে ব্রজ ভূমিতে বাসের অভিলাষ করিবে ॥ ১৫০ ॥

সেবা সাধকরূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি।
তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রজলোকানুসারতঃ ॥ ১৫১ ॥
শ্রবণোৎকীর্ত্তনাদীনি বৈধভক্ত্যুদিতানি তু।
যান্যঙ্গানি চ তান্যত্র বিজ্ঞেয়ানি মনীষিভিঃ ॥ ১৫২ ॥

সাধক রূপেণ যথাবস্থিতদেহেন। সিদ্ধরূপেণ অন্তশ্চিন্তিতাভীষ্টতৎসেবোপযোগিদেহেন। তস্য ব্রজস্থস্য নিজাভীষ্টস্য শ্রীকৃষ্ণপ্রেষ্ঠস্য যো ভাবো রতিবিশেষ স্তল্লিপ্সুনা। ব্রজলোকাস্তত্র কৃষ্ণপ্রেষ্ঠজনা স্তদনুগতাশ্চ তদনুসারতঃ ॥ ১৫১ ॥

বৈধভক্ত্যুদিতানি স্বস্বযোগ্যানীতি জ্ঞেয়ং ॥ ১৫২ ॥

সাধক রূপে অর্থাৎ যথাবস্থিত দেহ দ্বারা এবং সিদ্ধ রূপে অর্থাৎ অন্তশ্চিন্তিত অভিমত তৎসেবোপযোগি দেহ দ্বারা ব্রজস্থিত নিজাভীষ্ট কৃষ্ণপ্রিয় বর্গের ভাব লিপ্সু হইয়া তাঁহাদের অনুসরণ পূর্ব্বক সেবায় প্রবৃত্ত হইবে ॥

এই স্থলে, সিদ্ধপ্রণালী অনুসারে, যিনি যে সখীর অনুগামী, তিনি তাঁহার আজ্ঞা গ্রহণ পূর্ব্বক কৃষ্ণসেবায় প্রবৃত্ত হইবেন ॥১৫১ ॥

বৈধী ভক্তিতে শ্রবণ কীর্ত্তনাদি যে সকল ভক্ত্যঙ্গ কথিত হইয়াছে, পণ্ডিতগণ এই রাগানুগা ভক্তিতেও সেই সেই অঙ্গের উপযোগিতা কহিয়াছেন ॥

তাৎপর্য্য। বৈধী ভক্তিতে যে সকল ভক্ত্যঙ্গ বলা হইয়াছে ইহার অর্থ এই, যাহার যে অঙ্গে অধিকার তিনি সেই সেই অঙ্গ যাজন করিবেন ॥ ১৫২ ॥

তত্র কামানুগা॥

কামানুগা ভবেত্তৃষ্ণা কামরূপানুগামিনী॥
সম্ভোগেচ্ছাময়ী তত্তদ্ভাবেচ্ছাত্মেতি সা দ্বিধা॥ ১৫৩॥
কেলিতাৎপর্য্যবত্যেব সম্ভোগেচ্ছাময়ী ভবেৎ।
তদ্ভাবেচ্ছাত্মিকা তাসাং ভাবমাধুর্য্যকামিতা॥ ১৫৪॥

কামরূপানুগামিনী তৃষ্ণা তদাত্মিকা ভক্তিঃ কামানুগা ভবেৎ। সম্ভোগেচ্ছাময়ী কামপ্রায়ানুগা জ্ঞেয়া। তত্তদ্ভাবেচ্ছাত্মেতি তস্যা স্তস্যা নিজ-নিজাভীষ্টায়া ব্রজদেব্যা যো ভাব স্তদ্বিশেষস্তত্র যা ইচ্ছা সৈবাত্মা প্রবর্ত্তিকা যস্যাঃ সেতি মুখ্যকামানুগা জ্ঞেয়া। তথাচ দর্শিতং। স্ত্রিয় উরগেন্দ্র-ভোগেত্যাদি॥ ১৫৩॥

সম্ভোগোঽত্র সংযোগঃ * কেলিরপি স এব ভাবমাধুর্য্যস্য কামিতা যস্যাং সা॥ ১৫৪॥

অথ কামানুগা॥

কামরূপা ভক্তির অনুগামিনী যে তৃষ্ণা তাহার নাম কামানুগা ভক্তি। ইহা সম্ভোগেচ্ছাময়ী এবং তত্তদ্ভাবেচ্ছা-ময়ী-ভেদে দুই প্রকার। তন্মধ্যে নিজ২ অভীষ্ট ব্রজদেবী-দিগের ভাববিষয়িণী ইচ্ছা যে রাগানুগা ভক্তির প্রবর্ত্তিকা তাহাকেই মুখ্য কামানুগা ভক্তি বলা যায়॥ ১৫৩॥

এস্থলে কেলি অর্থাৎ ক্রীড়া মাত্রেতেই সম্ভোগ শব্দের তাৎপর্য্য, অতএব কেলিবিষয়ক তাৎপর্য্যবতী যে ভক্তি তাহার নাম সম্ভোগেচ্ছাময়ী। আর স্বস্বযুথেশ্বরীদিগের ভাবমাধুর্য্য কামনাকেই তত্তদ্ভাবেচ্ছাত্মিকা কহে॥ ১৫৪॥

---

* সংপ্রয়োগ ইতি পাঠান্তরং।

শ্রীমূর্ত্তে র্মাধুরীং প্রেক্ষ্য তত্তল্লীলাং নিশম্য বা ।
তদ্ভাবাকাঙ্ক্ষিণো যে স্যু স্তেষু সাধনতানয়োঃ ॥
পুরাণে শ্রূয়তে পাদ্মে পুংসামপি ভবেদিয়ং ॥ ১৫৫ ॥

যথা ।

পুরা মহর্ষয়ঃ সর্ব্বে দণ্ডকারণ্যবাসিনঃ ।

শ্রীমূর্ত্তেঃ শ্রীকৃষ্ণপ্রতিমায়াঃ । মাধুরীং তৎপ্রেয়সীভিরপি প্রতিমা-রূপাভিঃ সহ লীলাদিমাধুর্য্যবিশেষং প্রেক্ষ্য তস্মাত্তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ইতি কেবলং শ্রবণং যৎ পূর্ব্বমুক্তং তস্য তু তস্যাঃ প্রেক্ষণেঽপি তস্য শ্রবণস্য সাহায্যমবশ্যং মৃগ্যাত ইত্যভিপ্রেতং যদ্বিনা মূলতত্তদ্রূপলীলাদ্যস্ফূর্ত্তেঃ । তত্তল্লীলাশ্রবণন্ত তত্তৎপ্রেক্ষণং বিনাপি কার্য্যকরমিত্যাহ তদিতি । অনয়োর্দ্বিবিধকামানুগয়োঃ তেষু সাধনতা । অতএব তয়োরধিকারিণ-ইত্যর্থঃ ॥ ১৫৫ ॥

শ্রীমূর্ত্তি অর্থাৎ শ্রীকৃষ্ণপ্রতিমার মাধুর্য্য সন্দর্শন করিয়া অর্থাৎ প্রেয়সীবর্গের সহিত শ্রীকৃষ্ণের যে সকল লীলা তদ্বিষয়িণী কথা শ্রবণ করিয়া, যাঁহারা সেই ভাবাকাঙ্ক্ষী হয়, তাঁহারাই এই দ্বিবিধ কামানুগা ভক্তিতে অধিকারী, এই নিমিত্ত পদ্মপুরাণে লিখিয়াছেন যে, পুরুষদিগেরও এই কামানুগা ভক্তি হইয়া থাকে ॥ ১৫৫ ॥

যথা পদ্মপুরাণে ॥

পূর্ব্ব কালে দণ্ডকারণ্যবাসী মহর্ষিগণ শ্রীরামচন্দ্রের মূর্ত্তির মাধুর্য্য সন্দর্শন করিয়া তদপেক্ষা অধিকতর লাবণ্যময় শ্রীকৃষ্ণকে সম্ভোগ করিতে অভিলাষ করিয়াছিলেন। অনন্তর

দৃষ্ট্বা রামং হরিং তত্র ভোক্তুমৈচ্ছন্ সুবিগ্রহং ॥
তে সর্ব্বে স্ত্রীত্বমাপন্নাঃ সমুদ্ভূতাশ্চ গোকুলে।

পুরেতি। মহর্ষয়োঽত্র শ্রীগোকুলস্থশ্রীকৃষ্ণপ্রেয়স্যনুগতবাসনাঃ তএব সর্ব্ব-ইত্যর্থঃ। তে চ রামং দৃষ্ট্বা ততোঽপি সুন্দরবিগ্রহং হরিং শ্রীকৃষ্ণং ভাব্যবতারমপি তৎপ্রতিপাদকশাস্ত্রে বিদ্বৎপ্রসিদ্ধং। গোকুলে প্রেয়স্যো ভূত্বা উপভোক্তুমৈচ্ছন্ মনসা বরং বৃণুতে স্ম। তে চ সর্ব্বে কল্পবৃক্ষাদিব তস্মাদবচনেনৈব বরং লব্ধ্বা দেশান্তরগোপীনাং গর্ভে স্ত্রীত্বমাপন্নাঃ সর্ব্বত্র গোকুলনাম্নাতিবিখ্যাতে শ্রীনন্দগোকুলে কথঞ্চিত্তাভ্য এবাগতাভ্যঃ সম্যগুৎপন্না হরিং ততোঽপি মনোহরং শ্রীকৃষ্ণমেন কামেন সঙ্কল্পমাত্রেণ

তাঁহারা স্ত্রীত্ব লাভ করত গোকুলে জন্ম গ্রহণ করিয়া কামদ্বারা শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া ভবার্ণব হইতে নির্ম্মুক্ত হয়েন॥

তাৎপর্য্য। দণ্ডকারণ্যবাসি মহর্ষিদিগের এস্থলে গোকুলস্থ শ্রীকৃষ্ণ প্রেয়সীদিগের অনুগত বাসনা। যৎকালীন শ্রীরামচন্দ্র দণ্ডকারণ্যে বাস করেন সেই সময় তত্রস্থ মহর্ষিগণ শ্রীরামচন্দ্রকে দর্শন করিয়া ইহা অপেক্ষা অধিকতর সুবিগ্রহ শ্রীকৃষ্ণ এই নিশ্চয় করিলেন। পরে শ্রীরামচন্দ্রের নিকটে মনে মনে এই বর প্রার্থনা করিলেন যে, যে কোন রূপে স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণবিগ্রহ উপভোগ করিতে পারি, কিন্তু শ্রীরামচন্দ্র এবিষয়ে কোন স্পষ্টাক্ষরে বর না দিলেও কল্পবৃক্ষতুল্য শ্রীরামচন্দ্রের অবচনেই * বর জ্ঞান করিয়া দেশান্তরে স্ত্রীত্ব লাভ পুরঃসর গোপীগর্ভে জন্ম গ্রহণ করেন, তদনন্তর বিবাহ নিবন্ধন গোকুলে সমাগত হইয়া সংকল্প-

* যে হেতু মৌন সম্মতির লক্ষণ।

হরিং সংপ্রাপ্য কামেন ততো মুক্তা ভবার্ণবাদিতি॥১৫৬॥
রিরংসাং সুষ্ঠু কুর্ব্বন্ যো বিধিমার্গেণ সেবতে।
কেবলেনৈব স তদা মহিষীত্বমিয়াৎ পুরে॥ ১৫৭॥

সংপ্রাপ্য ততস্তদনন্তরমেব মুক্তা ভবার্ণবাদিতি। অন্তর্গৃহগতাঃ কাশ্চিদিত্যাদি রীত্যা জ্ঞেয়ং॥ ১৫৬॥

য ইতি পুংলিঙ্গত্বেন নির্দ্দেশো জনমাত্রবিবক্ষয়া স্ত্রী বা পুমান্ বেত্যর্থঃ। রিরংসাং কুর্ব্বন্নিতি নতু শ্রী ব্রজদেবীভাবেচ্ছাং কুর্ব্বন্নিত্যর্থঃ, কিন্তু সুষ্ঠ্বিতি মহিষীবদ্ভাবস্পৃষ্টতয়া কুর্ব্বন্ নতু সৈরিন্ধ্রীবত্তদস্পৃষ্টতয়েত্যর্থঃ- বিধিমার্গেণেতি বল্লবীকান্তত্বধ্যানময়েন মন্ত্রাদিনাপি কিমুত মহিষীকান্তত্বধ্যানময়েত্যর্থঃ। কেবলেনেতি ব্রজাদিসম্বন্ধলিপ্সাগ্রহং বিনেত্যর্থঃ। মহিষীত্বং তদ্বর্গানুগামিত্বমিয়াদিতি। শ্রীবদ্দশাক্ষরাদাবপ্যাবরণপূজায়াং তন্মহিষীষ্বেব তস্য অত্যাদরাদিতি ভাবঃ। তদেকৈ কদাচিৎ বিলম্বেনৈব নতু রাগানুগাবচ্ছেদেণেত্যর্থঃ॥ ১৫৭॥

মাত্র শ্রীকৃষ্ণকে লাভ করিলেন, তাহার পর তাঁহারা ভবার্ণব হইতে মুক্ত হয়েন॥

ইহার প্রমাণ রাসলীলার ১ প্রথমাধ্যায়ে "অন্তর্গৃহ গতাঃ কাশ্চিৎ" ইত্যাদি শ্লোকে জানিতে হইবে॥ ১৫৬॥

যিনি সুষ্ঠু রমণাভিলাষী হইয়া কেবল বিধি মার্গানুসারে সেবা করেন, তিনি দ্বারকাতে মহিষীত্ব প্রাপ্ত হয়েন॥

তাৎপর্য্য। শ্লোকে "যঃ" এই পুংলিঙ্গ নির্দ্দেশ হেতু স্ত্রী হউন, বা পুরুষই হউন, উভয়েরই গ্রহণ জানিতে হইবেক। কেবল রমণেচ্ছা করে কিন্তু ব্রজদেবীর ভাব গ্রহণ করিতে

তথাচ মহাকৌর্ম্মে।

অগ্নিপুত্ত্রা মহাত্মান স্তপসা স্ত্রীত্বমাপিরে।
ভর্ত্তারঞ্চ জগদ্‌যোনিং বাসুদেবমজং বিভুং॥ ইতি॥ ১৫৮॥

অথ সম্বন্ধানুগা।

সা সম্বন্ধানুগা ভক্তিঃ প্রোচ্যতে সদ্ভিরাত্মনি।
যা পিতৃত্বাদিসম্বন্ধমননারোপণাত্মিকা॥ ১৫৯॥

তপসা বিধিমার্গেণ অত্র বিধিমার্গোপলক্ষণত্বেন বাসনাদিভেদোঽপি জ্ঞেয়ঃ॥ ১৫৮॥

পিতৃত্বাদিসম্বন্ধস্য যন্মননং বিশেষচিন্তনং পুনস্তস্যারোপণং স্বস্মিন্নভিমননং তদাত্মিকেত্যর্থঃ॥ ১৫৯॥

ইচ্ছা করে না। "সুষ্ঠু" এই শব্দ প্রয়োগ হেতু স্পষ্ট রূপে মহিষীতুল্য ভাবের গ্রহণ, সৈরিন্ধ্রীবৎ ভাব গ্রহণীয় নয়। বিধিমার্গে গোপীকান্তত্ব ধ্যানময় মন্ত্রাদি দ্বারা উপাসনা করিলেও শ্রীনন্দনন্দনকে প্রাপ্ত হইবেক না। রুক্মিণীকান্ত-ধ্যানের কথা ত দূরে পরাহত। অতএব শ্রীনন্দাত্মজকে প্রাপ্ত হইতে অভিলাষ করিলে স্ব স্ব যূথেশ্বরীর অনুগামী হইয়া ভজনা করিলেই প্রাপ্ত হইবেন, তদ্ব্যতিরেকে কোন মতেই তাঁহাকে প্রাপ্ত হইবেন না॥ ১৫৭॥

মহা কূর্ম্মপুরাণেও বলিয়াছেন॥

মহাত্মা অগ্নিপুত্র গণও বিধিমার্গানুসাধিণী সেবা দ্বারা স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া, সেই বিভু, অজও জগদ্যোনি, বাসুদেবকে পতিরূপে প্রাপ্ত হইয়াছিলেন॥ ১৫৯॥

লুব্ধৈর্ব্বাৎসল্যসখ্যাদৌ ভক্তিঃ কার্য্যাত্র সাধকৈঃ।
ব্রজেন্দ্রসুবলাদীনাং ভাবচেষ্টিতমুদ্রয়া॥ ১৬০॥
তথাহি শ্রূয়তে শাস্ত্রে কশ্চিৎ কুরুপুরীস্থিতঃ।

ব্রজেন্দ্রেতি। নতু ব্রজেন্দ্রাদিত্বাভিমানেনাপীত্যর্থঃ। পিতৃত্বাদ্যভিমানোহি দ্বিধা সম্ভবতি স্বতন্ত্রত্বেন তৎপিত্রাদিভিরভেদভাবনয়া চ। তত্রান্ত্যমনুচিতং ভগবদভেদোপাসনাবত্তেষু ভগবদ্বদেব নিত্যত্বেন প্রতিপাদয়িষ্যমাণেষু তদনৌচিত্যাৎ। তথা তৎপরিকরেষু তদুচিতভাবনাবিশেষেণাপরাধাপাতাৎ॥ ১৬০॥

অথ পূর্ব্বমেবোচিতমিতি তথাহীতি। অধিষ্ঠানং প্রতিমাং। সিন্ধোঽভূদিতি

বাৎসল্য সখ্যাদিতে লুব্ধ যে, সাধকভক্তগণ তাঁহারা ব্রজেন্দ্র ও সুবলাদির ভাব ও চেষ্টা দ্বারা শ্রীকৃষ্ণেতে ভক্তি সংস্থাপন করিবেন॥

তাৎপর্য্য। পিতৃত্বাদি অভিমান দুই প্রকার, আমি কৃষ্ণের পিতা ইত্যাদি স্বতন্ত্ররূপে মনন, আর শ্রীকৃষ্ণের পিত্রাদি তুল্য আপনাকে অভিমান। এই দুইয়ের মধ্যে পিত্রাদির সহিত তুল্য ভাবনা অত্যন্ত অনুচিত। কারণ-শ্রীকৃষ্ণের সহিত আপনাকে অভিন্ন জ্ঞান করিলে অর্থাৎ "আমিই কৃষ্ণ" এই রূপ মনন করিলে যাদৃশ অপরাধ জন্মে, তাঁহার নিত্যসিদ্ধ পরিবার গণের সহিত আপনাকে অভেদ জ্ঞানেও সেই রূপ অপরাধ হইয়া থাকে॥ ১৬০॥

স্কন্দপুরাণে শুনা যায় যে, হস্তিনাপুরস্থিত কোন এক বৃদ্ধ বর্দ্ধকি নারদের উপদেশানুসারে শ্রীনন্দনন্দনের

নন্দসূনোরধিষ্ঠানং তত্র পুত্রতয়া ভজন্॥
নারদস্যোপদেশেন সিদ্ধোঽভূদ্বৃদ্ধবর্দ্ধকিঃ॥ ৩০॥
অতএব নারায়ণব্যূহস্তবে॥
পতি পুত্র সুহৃদ্ভ্রাতৃ পিতৃবন্মিত্রবদ্ধরিং।
যে ধ্যায়ন্তি সদোদ্যুক্তা স্তেভ্যোঽপীহ নমো নমঃ। ইতি॥৬২॥
কৃষ্ণতদ্ভক্তকারুণ্যমাত্রলাভৈকহেতুকা।

বালবৎসহরণলীলায়াং তৎপিতৃণামিব সিদ্ধির্জ্ঞেয়া। এবমেবহি স্কান্দে সনৎকুমারপ্রোক্তসংহিতায়াং প্রভাকররাজোপাখ্যানং। অপুত্রোঽপি স বৈ নৈচ্ছৎ পুত্রং কর্ম্মানুচিন্তয়ন্। বাসুদেবং জগন্নাথং সর্ব্বাত্মানং সনাতনং। অশেষোপনিষদ্বেদ্যং পুত্রীকৃত্য বিধানতঃ। অভিষেচয়িতুং রাজা স্বরাজ্য উপচক্রমে। ন পুত্রমভ্যর্থিতবান্ সাক্ষাত্কৃতাজ্জনার্দ্দনাদিতি ইত ঊর্দ্ধং ভগবদ্বরশ্চ। অহং তে ভবিতা পুত্র ইত্যাদি॥ ১৬১॥

সুহৃন্নিরপেক্ষহিতকারী মিত্রং সহ বিহারীতি দ্বয়োর্ভেদঃ। তথাচ তৃতীয়ে শ্রীকপিলদেববাক্যং। যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ, সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টমিতি॥ ১৬২॥

কৃষ্ণেতিমাত্রপদস্য বিধিমার্গে কুত্রচিৎ কর্ম্মাদিসমর্পণমপি দ্বারং ভব-

---

প্রতিমাকে পুত্ররূপে ভজনা করিয়া সিদ্ধি লাভ করিয়াছি-লেন॥ ১৬১॥

একারণ নারায়ণব্যূহস্তবে ও বলিয়াছেন॥

যাঁহারা সর্ব্বদা যত্ন সহকারে ভগবান্ হরিকে পতি, পুত্র, সুহৃৎ, ভ্রাতা, পিতা ও মিত্রবৎ ধ্যান করেন তাঁহা-দিগকে প্রণাম করি॥ ১৬২॥

রাগানুগা ভক্তিলাভের প্রতি কারণ এই যে, কৃষ্ণ এবং

পুষ্টিমার্গতয়া কৈশ্চিদিয়ং রাগানুগোচ্যতে ॥ ১৬৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে সাধন-ভক্তিলহরী দ্বিতীয়া ॥ * ॥ ২ ॥ * ॥

তীতি তদ্বিচ্ছেদার্থং প্রয়োগ ইতি ভাবঃ ॥ ১৬৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে লহরীচতুষ্টয়াত্মকে সাধনভক্তিলহরী দ্বিতীয়া ॥ ২ ॥ * ॥

কৃষ্ণভক্তের করুণামাত্র। কোন কোন বিজ্ঞতম ব্যক্তি প্রেমভক্তির সাক্ষাৎ পুষ্টিকারিণী বলিয়া এই রাগানুগা ভক্তি কীর্ত্তন করিয়াছেন ॥ ১৬২ ॥

॥ * ॥ ভক্তিরসামৃত সিন্ধুর পূর্ব্ববিভাগে সাধনভক্তি-নাম্নী দ্বিতীয়লহরী ॥ * ॥ ২ ॥ * ॥

অথ ভাবভক্তিঃ ॥

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা প্রেমসূর্য্যাংশুসাম্যভাক্ ।

অথ তদেতদ্বিবিচ্যতে। পূর্ব্বং তাবৎ ভক্তিসামান্যলক্ষণে চেষ্টারূপা ভাবরূপা চেতি দ্বিবিধা ভক্তির্দর্শিতা। তত্র চেষ্টারূপা দ্বিবিধা ভাবভক্তেঃ সাধনরূপা কার্য্যরূপাচ। কার্য্যরূপাতু রসাবস্থায়াঃ অনুভাবনাম্নী চ তয়োঃ সাধনরূপা পূর্ব্বা দর্শিতা। উত্তরা রসপ্রসঙ্গে দর্শয়িষ্যতে। অথ ভাবরূপাচ দ্বিবিধা রসাবস্থায়াং স্থায়িনাম্নী সঞ্চারিনাম্নী চ। তত্রচ পূর্ব্বা দ্বিবিধা ক্রোড়ীকৃতা প্রণয়াদিপ্রেমনাম্নী। রত্যপরপর্য্যায়া প্রেমাঙ্কুররূপা ভাবনাম্নীচ তদেবং সতি উত্তরা সঞ্চারিরূপাপি রসপ্রসঙ্গে দর্শয়িষ্যতে সম্প্রতিতু স্থায়িভাব সামান্যরূপং প্রেমনাম্না প্রণয়াদিকমপি ক্রোড়ীকুর্ব্বন্ রত্যপরপর্য্যায়ং স্থায়িভাবাঙ্কুররূপং ভাবং লক্ষয়তি শুদ্ধসত্ত্বেতি। সাচ মহাভাবপর্য্যন্ততদূর্দ্ধাবস্থাব্যক্তয়ে ভবিষ্যতীত্যভিপ্রেত্য চাহ শুদ্ধসত্ত্বেতি। অত্র শুদ্ধসত্ত্বং নাম যা ভগবতঃ সর্ব্বপ্রকাশিকা স্বরূপশক্তেঃ সংবিদাখ্যা বৃত্তিঃ। নতু মায়াবৃত্তিবিশেষঃ। বিবৃতং ত্বেতৎ শ্রীভাগবতসন্দর্ভস্য দ্বিতীয়সন্দর্ভে শ্রীবৈষ্ণবতোষণ্যাং দ্বিতীয়াধ্যায়ে চ শুদ্ধসত্ত্ববিশেষত্বং নাম চাত্র যা স্বরূপশক্তিবৃত্ত্যন্তরলক্ষণা। হ্লাদিনী সন্ধিনী সংবিত্ত্বয্যেকা সর্ব্বসংস্থিতৌ। হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিত ইতি। বিষ্ণুপুরাণানুসারেণ হ্লাদিনীনাম্নী মহাশক্তিস্তদীয়সারবৃত্তিসমবেতত্তৎসারাংশত্বমিত্যবগন্তব্যং তয়োঃ সমবেতয়োঃ সারত্বঞ্চ তন্নিত্যপ্রিয়জনাধিষ্ঠানক-তদীয়ানুকূল্যোচ্ছাময়পরমবৃত্তিত্বং। হ্লাদিনীসারসমবায়ত্বঞ্চাস্যৈব ভাবস্য পরমপরিণামরূপে মোদনাখ্যে মহাভাবে শ্রীমদুজ্জ্বলনীলমণিমধিকৃত্য ব্যক্তীভবিষ্যতি রাধিকাযূথ এবাসৌ

অথ ভাবভক্তি ॥

বিশেষ শুদ্ধসত্ত্ব স্বরূপ, প্রেমরূপ সূর্য্যকিরণের সাদৃশ্যশালী এবং রুচি অর্থাৎ ভগবৎপ্রাপ্ত্যভিলাষ, তদীয় আনু-

রুচিভিশ্চিত্তমাসৃণ্যকৃদসৌ ভাব উচ্যতে ॥ ১ ॥

মোদনে নতু সর্ব্বতঃ। যঃ শ্রীমান্ হ্লাদিনীশক্তেঃ সুবিলাসঃ প্রিয়ো বর ইতি। অসৌ পদেন চানুকূল্যেন কৃষ্ণানুশীলনরূপা সামান্যেন লক্ষিতা ভক্তিরেবাকৃষ্যত ইত্যর্থঃ। সা তু যদ্যপি ধাত্বর্থসামান্যরূপা ব্যাখ্যাতা তথাপ্যত্র চেষ্টারূপা ন গৃহ্যতে কিন্তু ভাবরূপৈব বিধেয়স্য ভাবস্য সাক্ষান্নির্দ্দিষ্টত্বাৎ। বক্ষ্যতে চ স্বয়মেব ভাবমাত্রস্য লক্ষণং শরীরেন্দ্রিয়বর্গস্য বিকারাণাং বিধায়িকাঃ। ভাবা বিভাবজনিতা শ্চিত্তবৃত্তয় ঈরিতা ইতি॥ চিত্তবৃত্তয়শ্চাত্র প্রকারান্তরেণ চিত্তস্য স্থিতয়ঃ। বিকারো মানসো ভাব ইত্যমরঃ। তথাপি বক্ষ্যমাণানাং ব্যভিচারিণামত্র প্রাপ্তিস্তেষাং যোজয়িষ্যমাণানাং চিত্তমাসৃণ্যকৃত্ত্বাভাবাৎ প্রেমাঙ্কুরত্বেন বিশেষ্যত্বাচ্চ। ততশ্চায়মর্থঃ। অসৌ সামান্যতো লক্ষিতা যা ভক্তিঃ সৈব নিজাংশবিশেষে ভাব উচ্যতে স চ কিংকিংস্বরূপস্তত্রাহ কৃষ্ণস্য স্বরূপশক্তিরূপঃ শুদ্ধসত্ত্ববিশেষো যঃ সএবাত্মা তন্নিত্যপ্রিয়জনাধিষ্ঠানং তয়া নিত্যসিদ্ধং স্বরূপং যস্য সঃ। কিঞ্চ। রুচিভিঃ প্রাপ্ত্যভিলাষসকর্ত্তৃকানুকূল্যাভিলাষসৌহার্দ্দাভিলাষৈশ্চিত্তার্দ্রতাকৃদিতি। এষচ বক্ষ্যমাণপ্রেম্ণোঽঙ্কুররূপ একেত্যাহ প্রেম্ণেতি। সূর্য্যস্যত্রাচিরাদুদয়িষ্যমাণাবস্থো গৃহ্যতে। ততশ্চ তদংশুসাম্যভাগিতি প্রেম্ণো প্রথমচ্ছবিরূপ ইত্যর্থঃ। ভাবঃ সএব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা নিগদ্যত ইতি বক্ষ্যতে অস্যাঃ প্রাকৃতত্বং তাদৃশশুদ্ধসত্ত্ববিশেষহ্লাদিনীসাররূপত্বঞ্চ মোক্ষসুখস্যাপি তিরস্কারকত্বাৎ। শ্রীভগবতোঽপি প্রকাশকত্বাদানন্দকরত্বাচ্চ অত্র প্রমাণস্য বিশেষজিজ্ঞাসা চেৎ প্রীতিসন্দর্ভো দৃশ্যঃ। তদেবং নিত্যতৎপ্রিয়জনানাং ভাবে লক্ষিতে প্রপঞ্চগত ভক্তানামপি চিত্তবৃত্তিঃ শ্রীকৃষ্ণতত্তক্-

কূল্যাভিলাষ ও সৌহার্দ্দ ভাবাভিলাষ দ্বারা চিত্তের স্নিগ্ধতা কারিণী যে ভক্তি তাহার নাম ভাব ॥

তাৎপর্য্য। এস্থলে ইহাই বিবেচিত হইতেছে। পূর্ব্বে সামান্যভক্তির লক্ষণে চেষ্টারূপা ও ভাবরূপা দুই প্রকার ভক্তি প্রদর্শিত হইয়াছে। তন্মধ্যে চেষ্টারূপা ভক্তি দুই প্রকার, সাধনরূপা ও কার্য্যরূপা, এই কার্য্যরূপা ভাবভক্তি রসাবস্থায় অনুভাব নামে কথিত হয়। এই দুইয়ের মধ্যে সাধনরূপা ভক্তি প্রদর্শিত হইয়াছে, কার্য্যরূপা ভক্তি অর্থাৎ অনুভবনাম্নী ভক্তি রসপ্রসঙ্গে বর্ণিত হইবে॥

অপর, ভাবরূপা ভক্তি রসপ্রসঙ্গে স্থায়িনাম্নী ও সঞ্চারিনাম্নী বলিয়া দুই প্রকারে কথিত হয়। তন্মধ্যে পূর্ব্বা স্থায়ি ভক্তি প্রণয়াদি অঙ্গীকার করিয়া প্রেমনাম্নী ভক্তি হয়, রতির অপর পর্য্যায় ঐ স্থায়িভক্তিকে প্রেমাঙ্কুর বলিয়া ভাবভক্তি বলা যায়॥

তন্মধ্যে সঞ্চারিরূপা ভক্তি রসপ্রসঙ্গে প্রদর্শিত হইবে। এক্ষণে সামান্যরূপ স্থায়িভাবের প্রেম নামক প্রণয়াদির অঙ্গীকার নিবন্ধন রতির অপর পর্য্যায় স্থায়িভাবাঙ্কুররূপ ভাব প্রদর্শিত হইতেছে। এই ভাব, মহাভাব পর্য্যন্ত প্রকাশ করিবে, এই অভিপ্রায়ে ভাবের লক্ষণ বলিতেছেন। শুদ্ধসত্ত্ব ইত্যাদি লক্ষণে, শুদ্ধসত্ত্বের অর্থ এই সর্ব্বপ্রকাশিকা শক্তির সম্বিৎ নাম্নী বৃত্তি, মায়াবৃত্তি বিশেষ নহে। ইহার বিস্তার ভাগবতসন্দর্ভের দ্বিতীয়সন্দর্ভে ও বৈষ্ণবতোষণীর দ্বিতীয়াধ্যায়ে বর্ণিত আছে, স্বরূপশক্তির কোন এক বৃত্তিকে শুদ্ধসত্ত্ব বিশেষ বলা যায়॥

তথাহি তন্ত্রে ॥ ২ ॥

প্রেম্নস্তু প্রথমাবস্থা ভাব ইত্যভিধীয়তে।
সাত্ত্বিকাঃ স্বল্পমাত্রাঃ স্যুরত্রাশ্রুপুলকাদয়ঃ ॥ ৩ ॥

স যথা পদ্মপুরাণে।

কৃপয়া তাদৃশী ভবতীতি তেনৈব লক্ষিতঃ স্যাদিত্যলমতি বিস্তরেণ ॥ ১ ॥

তচ্ছবিরূপত্বমেব দর্শয়তি তথাহীতি ॥ ২ ॥

সূত্রের ফলিতার্থ এই যে, যে ভক্তি সামান্যরূপে লক্ষিত হইয়াছে, তাহাই স্বীয় অংশ বিশেষে ভাব নামে কথিত হয়। যদি বল সেই ভাবের স্বরূপ কি? তাহা শ্রীকৃষ্ণের স্বরূপশক্তিরূপ, শুদ্ধসত্ত্ব বিশেষ আত্মা বলায় শ্রীকৃষ্ণের নিত্য প্রিয়জন আধারে নিত্যসিদ্ধ স্বরূপ, ঐ ভাব রুচি অর্থাৎ স্বকর্তৃকানুকূল্যাভিলাষ ও সৌহার্দ্দাভিলাষ দ্বারা চিত্তের আর্দ্রতা সম্পাদন করে, "প্রেমসূর্য্যাংশুসাম্যভাক্" বলাতে, তাৎকালিক উদয়াবস্থাপ্রাপ্ত সূর্য্যকে বুঝিতে হইবেক, অর্থাৎ সূর্য্য উদিত হইতেছেন এমন সময়ে যেমন কিরণ অল্প অল্প প্রকাশ পায় তদ্রূপ্ প্রেমের প্রথমাবস্থাকে ভাব বলা যায়, কারণ এই ভাব ক্রমে ক্রমে প্রেম দশা লাভ করিবে ॥ ১ ॥

এই বিষয় তন্ত্রে বলিয়াছেন ॥ ২ ॥

প্রেমের প্রথম অবস্থাকেই ভাব বলাযায়, ইহাতে অশ্রু পুলকাদি সাত্ত্বিক ভাব সকলের অল্পমাত্র উদয় হইয়া-থাকে ॥

ধ্যায়ং ধ্যায়ং ভগবতঃ পাদাম্বুজযুগং তদা।
ঈষদ্বিক্রিয়মাণাত্মা সার্দ্রদৃষ্টিরভূদসৌ॥ ইতি॥ ৪॥
আবির্ভূয় মনোবৃত্তৌ ব্রজন্তী তৎ স্বরূপতাং।

পূর্ব্বব্যাখ্যানুসারেণ তস্যৈব রতিপর্য্যায়স্য ভাবস্য প্রাপঞ্চিকতৎপ্রিয়জনেষু কঞ্চিদ্বিশেষং দর্শয়তি আবির্ভূয়েতি দ্বাভ্যাং। অসৌ শুদ্ধসত্ত্ববিশেষরূপা রতিমূলরূপত্বেন মুখ্যবৃত্ত্যা তচ্ছব্দবাচ্যা সা রতিঃ শ্রীকৃষ্ণাদিসর্ব্বপ্রকাশকত্বেন হেতুনা স্বয়ম্প্রকাশরূপাপি প্রাপঞ্চিকতৎপ্রিয়জনানাং মনোবৃত্তৌ আবির্ভূয় তৎস্বরূপতাং তত্তাদাত্ম্যং ব্রজন্তী তদ্বৃত্ত্যা প্রকাশ্যবত্তাসমানা ব্রহ্মবত্তস্যাঃ স্ফুরন্তী। তথা স্বসাৎকৃতেন পূর্ব্বোত্তরাবস্থাভ্যাং কারণকার্য্যরূপেণ শ্রীভগবদাদিমাধুর্য্যানুভবেন স্বাংশেনাস্বাদরূপাপি যানি কৃষ্ণাদিরূপাণি কর্ম্মাণি কর্ত্তুরীপ্সিততমানি তেষামাস্বাদস্য হেতুতাং সংবিদংশেন সাধকতমতাং প্রতিপদ্যতে প্রাপ্নোতীতি। হ্লাদিন্যাংশে নতু স্বয়ং হ্লাদয়ন্তী তিষ্ঠতীত্যর্থঃ। বস্তুত ইতি তদেতদেব বস্তুবিচারেণ নিশ্চীয়তীত্যর্থঃ। তুশব্দো বিশেষপ্রতিপত্ত্যর্থঃ। আদিগ্রহণাৎ তৎপরিকরলীলাদয়ো গৃহ্যন্তে॥ ৪॥

পদ্মপুরাণে যথা॥

তৎকালীন রাজা অম্বরীষ ভগবান্ শ্রীকৃষ্ণের চরণযুগল পুনঃ পুনঃ ধ্যান করিয়া কিঞ্চিৎবিকারাপন্ন হওত অশ্রু মোচন করিয়াছিলেন॥ ২॥

শুদ্ধসত্ত্ব বিশেষ রূপা রতি মনোবৃত্তিতে আবির্ভূত হইয়া তাহার সহিত একাত্মতা প্রাপ্ত হওত স্বপ্রকাশরূপা হইয়া সমাধিদশায় ব্রহ্মসাক্ষাৎকারের ন্যায় মনোবৃত্তিতে প্রকাশবৎ ভাসমান হয়েন, বস্তুতঃ ঐ রতি আস্বাদস্বরূপা হইয়াও কৃষ্ণমাধুর্য্যাদির অনুভবের প্রতি কারণ

স্বয়ম্প্রকাশরূপাপি ভাসমানা প্রকাশ্যবৎ॥
বস্তুতঃ স্বয়মাস্বাদস্বরূপৈব রতিস্ত্বসৌ।
কৃষ্ণাদিকর্ম্মকাস্বাদহেতুত্বং প্রতিপদ্যতে॥ ৪॥
সাধনাভিনিবেশেন কৃষ্ণতদ্ভক্তয়োস্তথা।
প্রসাদেনাতিধন্যানাং ভাবো দ্বেধাভিজায়তে॥
আদ্যস্তু প্রায়িকস্তত্র দ্বিতীয়ো বিরলোদয়ঃ॥

তত্র সাধনাভিনিবেশজঃ।

বৈধীরাগানুগামার্গভেদেন পরিকীর্ত্তিতঃ।

অথাস্যাঃ প্রপঞ্চগতভক্তেষ্বাবির্ভাবনিদানমাহ সাধনেতি। অতিধন্যানাং প্রাথমিকমহৎসঙ্গজাতমহাভাগ্যানাং ভবাপবর্গে ভ্রমতো যদা ভবেদিত্যাদেঃ রহূগণৈতত্তপসা ন যাতীত্যাদেশ্চ। বিচারবিশেষস্তু হয়েন॥ ৪॥

উল্লিখিতা রতি প্রপঞ্চগত ভক্তজনে আবির্ভাবের কারণ দেখাইতেছেন, মহৎসঙ্গবশতঃ যাঁহারা অতিশয় ভাগ্যবান্ তাঁহাদের সম্বন্ধে এই ভাব দুই প্রকার হয়, এক সাধনে অভিনিবেশ, দ্বিতীয় কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের অনুগ্রহ, তন্মধ্যে সাধনাভিনিবেশজ ভাব প্রায় সকলেরই হইয়া থাকে, আর দ্বিতীয় (কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের অনুগ্রহ জনিত) ভাব অতি বিরল, অর্থাৎ প্রায়শই লাভ হয় না॥

তন্মধ্যে সাধনাভিনিবেশজ যথা॥

বৈধী ও রাগানুগা মার্গভেদে সাধনাভিনিবেশজ ভাব

প্রকাশ্যবৎ অনুভূয়মানবদাস্বাদস্বরূপৈব হ্লাদিনীবৃত্তিত্বাৎ স্বতঃসুখরূপৈব কৃষ্ণেতি চিত্তবৃত্তিতাদাত্ম্যাৎ কৃষ্ণাদ্যনুভবসুখহেতুশ্চেত্যর্থঃ। লঘুতোষণী॥ ৪॥

দ্বিবিধঃ খলু ভাবোঽত্র সাধনাভিনিবেশজঃ ॥
সাধনাভিনিবেশস্তু তত্র নিষ্পাদয়ন্ রুচিং
হরাবাসক্তিমুৎপাদ্য রতিং সংজনয়ত্যসৌ ॥ ৫ ॥

তত্রাদ্যো যথা প্রথমস্কন্ধে।

তত্রান্বহং কৃষ্ণকথাঃ প্রগায়তা-
মনুগ্রহেণাশৃণবং মনোহরাঃ।
তাঃ শ্রদ্ধয়া মেঽনুপদং বিশৃণ্বতঃ
প্রিয়শ্রবস্যঙ্গ মমাভবদ্রতিঃ ॥ ইতি ॥ ৬ ॥
রত্যা তু ভাব এবাত্র নতু প্রেমাভিধীয়তে।

ভক্তিসন্দর্ভে দৃশ্যঃ ॥ ৫ ॥

অনুগ্রহেণ শ্রীকৃষ্ণকথেয়ং ভবতাপি শ্রোতব্যেতি শাস্ত্রানুসারিতদাজ্ঞা-রূপেণ মনোহরাঃ রত্যুৎপাদিকাঃ শ্রদ্ধা পুনরানুষঙ্গিকীতি কারিকায়াং ন দর্শিতা ॥ ৬ ॥

দুই প্রকার হয়, তন্মধ্যে বৈধী সাধনাভিনিবেশজ ভাব সাধক ব্যক্তিতে রুচি উৎপাদন করিয়া এবং হরিতে আসক্তি জন্মাইয়া রতিকে আবির্ভূত করে ॥ ৫ ॥

তন্মধ্যে আদ্য অর্থাৎ সাধনাভিনিবেশজ-
যথা প্রথমস্কন্ধে ৫ অ। ২৬ শ্লোকে ॥

নারদ কহিলেন হে সত্যবতীনন্দন! সেই সাধুগণ প্রত্যহ কৃষ্ণকথা গান করিতেন, তাঁহাদিগের অনুগ্রহে সেই সকল মনোহারিণীকথা আমি শুনিতে পাইতাম, শ্রদ্ধাপূর্ব্বক প্রত্যেক পদ শ্রবণ করাতে প্রিয়শ্রবা শ্রীকৃষ্ণে আমার রতি উৎপন্ন হইল ॥ ৬ ॥

এস্থলে রতিকে ভাব বলিয়া জানিতে হইবে, উহা

মম ভক্তিঃ প্রবৃত্তেতি বক্ষ্যতে স যদগ্রতঃ ॥

যথা তত্রৈব।

ইত্থং শরৎপ্রাবৃষিকাবৃতূ হরে-
র্বিশৃণ্বতো মেঽনুপদং যশোঽমলং।
সংকীর্ত্ত্যমানং মুনিভির্মহাত্মভি-
র্ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহা ॥

তৃতীয়ে চ।

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসম্বিদো-

মম ভক্তিঃ প্রবৃত্তেতি ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহেত্যুক্ত্যা ভক্তিশব্দেন সপ্রেমৈবাগ্রত ইত্যর্থঃ। রতেঃ প্রথমাবস্থত্বাৎ ভক্তেস্তদুৎকৃষ্টত্বাৎ অতএব প্রেমসূর্য্যাংশুসাম্যভাগিত্যত্র ভাবপ্রেম্নোস্তারতম্যমুক্তমিতি-ভাবঃ ॥ ৭ ॥

কদাচ প্রেমবোধক হইবে না, কারণ পরবর্ত্তি শ্লোকে নারদ নিজেই বলিবেন "হরিকথা শুনিতে শুনিতে আমার ভক্তি প্রবৃত্ত হইয়াছিল" ॥

ঐ প্রথমস্কন্ধে ৫ অ। ২৮ শ্লোকে যথা ॥

নারদ কহিলেন এই প্রকারে শরৎ এবং বর্ষা এই দুই ঋতু সায়ং, প্রাতঃ, মধ্যাহ্ন, এই ত্রিকালে মহাত্মা মুনিগণ কর্ত্তৃক সংকীর্ত্ত্যমান হরির নির্ম্মল যশঃ, বিশিষ্ট রূপে শ্রবণ করাতে আমার মনে রজস্তমোনাশিনী সুদৃঢ়তমা ভক্তি উদিতা হয় ॥

তৃতীয়স্কন্ধেতে ২৫ অ। ২২ শ্লোকে ও—

কপিলদেব কহিলেন হে মাতঃ! সাধুদিগের সহিত

ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতি র্ভক্তি রনুক্রমিষ্যতি ॥
পুরাণে নাট্যশাস্ত্রে চ দ্বয়োস্তু রতিভাবয়োঃ।
সমানার্থতয়া হ্যত্র দ্বয়মৈক্যেন লক্ষিতং ॥ ৭ ॥

দ্বিতীয়ো যথা পাদ্মে।

ইত্থং মনোরথং বালা কুর্ব্বতী নৃত্য উৎসুকা।

মনোরথপূর্ব্বকনৃত্যমত্র রাগানুগা। তদানীং তৎশ্রীমূর্ত্তিপ্রভাবেন তস্যাং তাদৃশতৎপরিকরাণাং রাগস্ফূর্ত্তেঃ। তথৈবোক্তং তয়া তৎপূর্ব্বত্র। বহ্বীষন্যাসু নারীষু মষ্যেবাধিকপ্রীতিমান্। নৃত্যোত্তাসৌ ময়া সার্দ্ধং কণ্ঠাশ্লেষাদিভাবকৃৎ, ইতি। প্রসঙ্গোঽয়ং মূলপাদ্মগতশ্চেত্তর্হি সত্বং তত্বং পরত্বঞ্চ তত্রত্রয়মহং কিল। ত্রিতত্ত্ব রূপিণী সাপি রাধিকা মম বল্লভা। প্রকৃতেঃ

সমাগম হইলে উক্তরূপ আমার বীর্য্য প্রকাশিনী কথা উপস্থিত হয়, তাহা হৃদয় ও কর্ণের সুখদায়ক, সুতরাং তাহার সেবন দ্বারা আশু আমাতে (ভগবান্ হরিতে) শ্রদ্ধা, রতি এবং ভক্তি ক্রমে ক্রমে উৎপন্ন হইয়াথাকে ॥

পুরাণ এবং নাট্যশাস্ত্রে রতি ও ভাবের সমানার্থতা প্রযুক্ত এই ভক্তিশাস্ত্রেও ঐ উভয় একরূপে কথিত হইল ॥ ৭ ॥

দ্বিতীয় (রাগানুগা সাধনাভিনিবেশজ) ভাব—
যথা পদ্মপুরাণে ॥

এই প্রকার মনোরথ করতঃ নৃত্যোৎসুকা বালা হরি

হরিপ্রীত্যাচ তাং সর্ব্বাং রাত্রিমেবাত্যবাহয়ৎ ॥

অথ শ্রীকৃষ্ণতদ্ভক্তপ্রসাদজঃ।

সাধনেন বিনা যস্তু সহসৈবাভিজায়তে।
স ভাবঃ কৃষ্ণতদ্ভক্তপ্রসাদজ ইতীর্য্যতে ॥

অত্র শ্রীকৃষ্ণপ্রসাদজঃ।

প্রসাদা বাচিকালোকদানহার্দ্দাদয়ো হরেঃ ॥ ৮ ॥

অত্র বাচিকপ্রসাদজো যথা নারদীয়ে।

পর এবাহং সাপি মচ্ছক্তিরূপিণীতি বৃহদ্গৌতমীয়ে শ্রীকৃষ্ণস্য বচনাত্তথা তত্রৈব। দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃ সম্মোহিনী পরেতি। বচনান্তরাম্নিত্যতন্মহাশক্তিরূপতয়া প্রসিদ্ধায়াঃ শ্রীরাধায়া বিভূতিরূপা বালাশব্দেন মন্তব্যা। কিন্তু স্বয়ং শ্রীরাধিকা তু তস্যাঃ ফলাবস্থায়াং তাং সখীং বিধায় তস্যাঃ সাধনসিদ্ধিগতং সর্ব্বং কৃপয়া এব মেনে ইত্যেবাভেদেন নির্দ্দেশে কারণং জ্ঞেয়ং ॥ ৮ ॥

প্রীতি নিমিত্ত সমস্ত রজনী অতিবাহিত করিয়াছিলেন ॥

অথ কৃষ্ণ ও কৃষ্ণভক্তপ্রসাদজ ভাব ॥

সাধন ব্যতিরেকে সহসা যে ভাব উৎপন্ন হয়, তাহাকেই কৃষ্ণ অথবা কৃষ্ণভক্তের প্রসাদ জনিত ভাব বলিয়া উল্লেখ করা যায় ॥

তন্মধ্যে কৃষ্ণপ্রসাদজনিত ভাব যথা ॥

বাচিক, আলোক দান ও হার্দ্দ প্রভৃতি ভেদে শ্রীকৃষ্ণের প্রসাদ অর্থাৎ প্রসন্নতা তিন প্রকার হয় ॥

তন্মধ্যে বাচিক প্রসাদজভাব যথা——

সর্ব্বমঙ্গলমূর্দ্ধন্যা পূর্ণানন্দময়ী সদা।
দ্বিজেন্দ্র তব ময্যস্তু ভক্তিরব্যভিচারিণী॥

আলোকদানজো যথা স্কান্দে।

অদৃষ্টপূর্ব্বমালোক্য কৃষ্ণং জাঙ্গলবাসিনঃ।
বিক্লিদ্যদন্তরাত্মানো দৃষ্টিং নাক্রষ্টুমীশিরে॥

হার্দ্দঃ।

প্রসাদ আন্তরো যঃ স্যাৎ স হার্দ্দ ইতি কথ্যতে॥ ৯॥

বাচা চরতি বাচিকঃ স্বালোকস্য দানং যত্র স তদ্দ্বারাবির্ভূত ইত্যর্থঃ। হৃদি ভবো হার্দ্দঃ॥ যত্তু স্মেরাং ভঙ্গীত্যাদিনা পূর্ব্বমুক্তং তদপ্যত্র জ্ঞেয়ং। এবং বৃন্দাবনাদিকমপি ভক্তেষন্তর্ভাব্যং॥ ৯॥

নারদপুরাণে॥

ভগবান্ নারদকে কহিলেন হে দ্বিজেন্দ্র! আমাতে তোমার পূর্ণানন্দময়ী, সর্ব্বমঙ্গল শিরোমণি এবং অব্যভি-চারিণী ভক্তি হউক॥

আলোকদানজ ভাব যথা॥

স্কন্দপুরাণে॥

জাঙ্গলদেশনিবাসী জনসকল অদৃষ্টপূর্ব্ব শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া আর্দ্রচিত্ত হইয়াছিল, কৃষ্ণাঙ্গ হইতে আর নয়ন ফিরাইতে সক্ষম হয় নাই॥

অথ হার্দ্দ অর্থাৎ হৃদয়জনিত ভাব যথা—

অন্তর্গত যে প্রসাদ অর্থাৎ প্রসন্নতা তাহাকে হার্দ্দ প্রসাদ বলিয়া উল্লেখ করা যায়॥ ৯॥

যথা শুকসংহিতায়াং।

মহাভাগবতো জাতঃ পুত্ত্রস্তে বাদরায়ণ॥
বিনোপায়ৈরুপেয়াভূদ্বিষ্ণুভক্তিরিহোদিতা॥

অথ তদ্ভক্তপ্রসাদজো—

যথা সপ্তমস্কন্ধে।

গুণৈরলমসংখ্যেয়ৈর্ম্মাহাত্ম্যং তস্য সূচ্যতে।
বাসুদেবে ভগবতি যস্য নৈসর্গিকী রতিঃ॥

মহেতি। উপায়েনৈব লভ্যা শ্রীবিষ্ণুভক্তি র্বিনোপায়ৈরুদিতাভূৎ। অত্র সাধনান্তরনিষেধাৎ মহৎপ্রসাদস্যাকথনাচ্চ ভগবৎপ্রসাদ এব লভ্যতে সচাহার্দ্দ এব। যতো গর্ভস্থস্যৈব তস্য যত্তদীয়া স্মরণময়ী ভক্তি র্জাতা সা দর্শনজা ন ভবতি নচ বাচিকজা ততো হার্দ্দজেবেত্যবসীয়তে তদেতৎ ব্রহ্মবৈবর্ত্তাজ্ জ্ঞেয়ং॥ ১০॥

যথা শুক সংহিতায়—

হে বাদরায়ণ! তোমার মহাভাগবত পুত্ত্র জন্ম গ্রহণ করিয়াছেন,সাধন ব্যতিরেকে ইহাঁর হৃদয়ে বহু ২ সাধনলভ্য বিষ্ণুভক্তির উদয় দেখিতেছি॥

কৃষ্ণভক্তপ্রসাদজ ভাব যথা—

সপ্তম স্কন্ধে ৪ অ। ২৬ শ্লোকে।

নারদ যুধিষ্ঠিরকে কহিলেন হে রাজন্! ভগবান্ বাসুদেবে যাঁহার স্বাভাবিকী রতি, সেই প্রহ্লাদের গুণের সংখ্যা করে কাহার সাধ্য?, আমি এই সকল বাক্য বিন্যাস দ্বারা তাঁহার মাহাত্ম্যের সূচনা মাত্র করিলাম॥

নারদস্য প্রসাদেন প্রহ্লাদে শুভবাসনা।
নিসর্গঃ সৈব তেনাত্র রতি নৈসর্গিকী মতা॥
অহো ধন্যোঽসি দেবর্ষে কৃপয়া যস্য তৎক্ষণাৎ।
নীচোঽপ্যুৎপুলকো লেভে লুব্ধকো রতিমচ্যুতে॥
ভক্তানাং ভেদতঃ সেয়ং রতিঃ পঞ্চবিধা মতা।
অগ্রে বিবিচ্য বক্তব্যা তেন নাত্র প্রপঞ্চ্যতে॥ ১০॥
ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তির্মানশূন্যতা।
আশাবন্ধঃ সমুৎকণ্ঠা নামগানে সদারুচিঃ॥

তত্র মুখ্যানি লিঙ্গান্যাহ ক্ষান্তিরিতি॥ ১১॥

নারদের প্রসাদ জনিত প্রহ্লাদের যে শুভ বাসনা, তাহাই এস্থলে নিসর্গ, সেই নিসর্গ অর্থাৎ স্বভাবজনিত রতিকে নৈসর্গিকী বা স্বাভাবিকী রতি বলাযায়॥

স্কন্দপুরাণেতেও বলিয়াছেন॥

হে দেবর্ষে! আপনি ধন্য, যেহেতু আপনার কৃপায় অতি নীচ জাতি ব্যাধও সদ্যই অচ্যুতচরণারবিন্দে রতি লাভ করিয়াছিল॥

ভক্তগণের ভেদ বশতঃ এই রতি পাঁচ প্রকারে বিভক্ত হয়, এই পঞ্চ রতির বিষয় বিবেচনাপূর্ব্বক পরে কথিত হইবে, একারণ এস্থলে তাহাদিগের বিশেষ বিবরণ বর্ণিত হইল না॥ ৯॥

যাঁহাদিগের ভাবের অঙ্কুর মাত্র জন্মিয়াছে, সেই সকল ব্যক্তিতে, ক্ষান্তি।১। অব্যর্থকালতা।২। বিরাগ।৩। মানশূন্যতা

আসক্তিস্তদ্গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতিস্থলে।
ইত্যাদয়োঽনুভাবাঃ স্যুর্জাতভাবাঙ্কুরে জনে॥

তত্র ক্ষান্তিঃ।

ক্ষোভহেতাবপি প্রাপ্তে ক্ষান্তিরক্ষুভিতাত্মতা॥ ১১॥

যথা প্রথমে।

তং মোপযাতং প্রতিযন্তু বিপ্রা,
গঙ্গা চ দেবী ধৃতচিত্তমীশে।
দ্বিজোপসৃষ্টঃ কুহকস্তক্ষকো বা

তং মেতি। প্রতিযন্তু অঙ্গীকুর্ব্বন্তু। ততো হেতোরীশে ধৃতচিত্তং সন্তং মাং গঙ্গাদেবী নাঙ্গীকরোতু যস্মাদেবং শ্রীপরীক্ষিতো মহাপ্রেমিত্বাৎ ক্ষান্তিরপি

।৪। আশাবন্ধ।৫। সমুৎকুণ্ঠা।৬। নামগানে সর্ব্বদা রুচি।৭। ভগবদ্গুণকথনে আসক্তি,।৮। এবং তদীয় বসতিস্থলে প্রীতি।৯। ইত্যাদি অনুভাব সকল প্রকাশ পায়॥

তন্মধ্যে ক্ষান্তি যথা॥

ক্ষোভের কারণ উপস্থিত সত্ত্বেও যে তাহাতে অক্ষুভিতচিত্ততা তাহার নাম ক্ষান্তি॥ ১১॥

প্রথমস্কন্ধে। ১৯ অ। ১৩ শ্লোকে যথা॥

রাজা পরীক্ষিৎ কহিলেন হে বিপ্রগণ! আপনারা আমাকে শরণাগত বলিয়া জানুন এবং আমি যে শ্রীকৃষ্ণচরণারবিন্দে চিত্ত সন্নিবেশ করিয়াছি জানিয়া এই গঙ্গাদেবীরও ঐ রূপ প্রতীতি হউক, ঋষিকুমারের প্রেরিত তক্ষক আসিয়া আমাকে দংশন করুক, ক্ষতি নাই, আপনারা বিষ্ণুকথা

দশত্বলং গায়ত বিষ্ণুগাথাঃ ॥

অব্যর্থকালত্বং যথা—

হরিভক্তিসুধোদয়ে।

বাগ্‌ভিস্তুবন্তো মনসা স্মরন্ত-
স্তন্বা নমন্তোঽপ্যনিশং ন তৃপ্তাঃ।
ভক্তাঃ শ্রবন্নেত্রজলাঃ সমগ্র-
মায়ুর্হরেরেব সমর্পয়ন্তি ॥ ১২ ॥

মহতী দৃশ্যতে। অস্মাস্তাবদ্রূপে প্রেমাঙ্কুরে জাতে তদঙ্কুরো জায়ত ইতি ভাবঃ। এবমন্যত্রাপি ॥ ১২ ॥

গান করুন ॥

এই স্থলে মৃত্যুর কথা শুনিয়া রাজা পরীক্ষিতের যে চিত্ত চঞ্চল হয় নাই ইহাকেই ক্ষান্তি বলে ॥

অথ অব্যর্থকালত্ব যথা ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

ভক্তজন নিরন্তর বাক্যদ্বারা স্তব, মনোমধ্যে স্মরণ ও শরীরদ্বারা প্রণাম করিয়াও পরিতৃপ্ত হয়েন না, একারণ, অশ্রু জল মোচন পুরঃসর সমস্ত পরমায়ু ভগবান্ হরিতেই সমর্পণ করিয়া থাকেন অর্থাৎ যাবজ্জীবন হরিসেবাতেই তৎপর হয়েন ॥

এস্থলে অন্য বৈষয়িক ব্যাপারে প্রবৃত্ত না হইয়া কেবল ভগবৎসেবায় নিযুক্ত হওনের নাম অব্যর্থ কালত্ব ॥ ১২ ॥

অথ বিরক্তিঃ।

বিরক্তিরিন্দ্রিয়ার্থানাং স্যাদরোচকতা স্বয়ং॥ ১৩॥

যথা পঞ্চমে।

যো দুস্ত্যজান্ দারসুতান্ সুহৃদ্রাজ্যং হৃদিস্পৃশঃ।
জহৌ যুবৈব মলবদুত্তমঃশ্লোকলালসঃ॥

অথ মানশূন্যতা।

উৎকৃষ্টত্বে হপ্যমানিত্বং কথিতা মানশূন্যতা॥ ১৪॥

বিরক্তিরিতি। অত্র কারণকার্য্যয়োর্বিরক্ত্যরোচকতয়োরভেদোক্তিরন্যো-ন্যাব্যভিচারিত্বাপেক্ষয়া॥ ১৩॥

যঃ শ্রীভরতঃ॥ ১৪॥

অথ বিরক্তি॥

সমুদায় ইন্দ্রিয়ার্থের অর্থাৎ শব্দ স্পর্শাদির প্রতি যে স্বাভাবিকী অরোচকতা তাহার নাম বিরক্তি॥ ১৩॥

যথা পঞ্চমস্কন্ধে ১৪ অ। ৪৩ শ্লোকে॥

রাজর্ষি ভরত শ্রীকৃষ্ণ চরণারবিন্দে লালসান্বিত হইয়া যৌবনকালেই পুত্র, কলত্র, মিত্র, রাজ্য, ইত্যাদি বিষয় মনোজ্ঞত্ব প্রযুক্ত দুস্ত্যজ হইলে বিষ্ঠার ন্যায় ঘৃণা করিয়া পরিত্যাগ করিয়াছিলেন॥

এখানে নিখিল ভোগ্য বস্তু উপস্থিত থাকায় ভরতের যে অরোচকতা ইহারই নাম বিরক্তি॥

মানশূন্যতা॥

আপনার উৎকর্ষসত্ত্বেও যে অমানিত্ব তাহার নাম মান-শূন্যতা॥ ১৪॥

যথা পাদ্মে।

হরৌ রতিং বহন্নেষ নরেন্দ্রাণাং শিখামণিঃ।
ভিক্ষামটন্নরিপুরে শ্বপাকমপি বন্দতে॥

অথ আশাবন্ধঃ।

আশাবন্ধো ভগবতঃ প্রাপ্তিসম্ভাবনা দৃঢ়া॥ ১৫॥

যথা শ্রীমৎপ্রভুপাদানাং।

ন প্রেমা শ্রবণাদিভক্তিরপি বা যোগোহথবা বৈষ্ণবো-
জ্ঞানং বা শুভকর্ম্ম বা কিয়দহো সজ্জাতিরপ্যস্তি বা।

এষ ভগীরথঃ॥ ১৫॥

যোগোহষ্টাঙ্গঃ। তস্য বৈষ্ণবত্বং বিষ্ণুধ্যানময়ত্বং স এবহি সগর্ভ উচ্যতে। জ্ঞানং ব্রহ্মনিষ্ঠং শুভকর্ম্ম বর্ণাশ্রমাচারাদিরূপং সজ্জাতি স্তদেযাগ্যতা হেতুঃ তত্র

যথা পদ্মপুরাণে॥

মহারাজ ভগীরথ নরেন্দ্রদিগের শিখামণি স্বরূপ ছিলেন, ভগবান্ শ্রীকৃষ্ণে একান্ত রতি লাভ করত ভিক্ষা নিমিত্ত শত্রু-গৃহে গমন করিতেন এবং চণ্ডাল পর্য্যন্ত নীচ জাতির নিকটেও প্রণত হইতেন॥

এ স্থলে মহারাজ ভগীরথ স্বীয় উৎকৃষ্টতা সত্ত্বেও যে নীচ জাতিকে বন্দনা করিতেন ইহাই ইহাঁর মানশূন্যতা॥

অথ আশাবন্ধ॥

ভগবানের দৃঢ়তর প্রাপ্তি সম্ভাবনাকে আশাবন্ধ বলে।১৫।

তদ্বিষয়ে শ্রীমৎপ্রভুপাদের বাক্যই উদাহরণ যথা—

আমার প্রেম নাই এবং প্রেমের কারণ যে শ্রবণাদি

হীনার্থাধিকসাধকে ত্বয়ি তথাপ্যচ্ছেদ্যমূলা সতী
হে গোপীজনবল্লভ ব্যথয়তে হা হা মদাশৈব মাং ॥

অথ সমুৎকণ্ঠা ।

সমুৎকণ্ঠা নিজাভীষ্টলাভায় গুরুলুব্ধতা ॥

যোগাদীনাং তৎপ্রাপ্তিহেতুত্বং ভক্ত্যুপযুক্ততয়া কৃতত্বেন দ্রষ্টব্যং । তচ্চ যোগস্য তৃতীয়ে কাপিলেয়ানুসারেণ জ্ঞানস্য ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ইতি শ্রীগীতানুসারেণ। শুভকর্ম্মণশ্চ, স বৈ পুংসাং পরো ধর্ম্মঃ, ইত্যনুসারেণ জ্ঞেয়ং। মদাশা মম সুখমাত্রেচ্ছয়া ত্বাং প্রাপ্তুং প্রবৃত্তস্য যা সা, নতু ভবৎপ্রেম্না প্রবৃত্তস্য যা আশা কাপি তৃষ্ণা সা। যতঃ অচ্ছেদ্যং মূলং স্বসুখকামত্বং যস্যাঃ সা। তর্হি কিং করবাণি তত্রাহ হীনেতি। ভবতা সাপি প্রেমময়ী কর্ত্তুং শক্যত ইতি বিচার্য্য নৈব ক্রিয়ত ইতি ভাবঃ। ব্যথয়ত ইত্যত্র স্বস্যাচিত্তত্বমননাদনাদর-

---

সাধন ভক্তি তাহাও নাই, ধ্যান ধারণাদি বৈষ্ণবযোগেরও কোন অনুষ্ঠান নাই, এবং জ্ঞান বা শুভ কর্ম্ম তাহারও কোন উদ্যোগ করি নাই, অধিক কি বলিব সমস্ত সাধনের মূল যে সজ্জাতি তাহাও আমাতে নাই, অতএব হে গোপীজনবল্লভ ! "তোমাকে প্রাপ্ত হইব" এই বলিয়া যে আমার আশা, সে আমাকেই ব্যথা প্রদান করিতেছে ॥

আমি ভগবান্‌কে নিশ্চয় প্রাপ্ত হইব এই বলিয়া যে আশা তাহার নাম আশাবন্ধ ॥

অথ সমুৎকণ্ঠা ॥

আপনার অভীষ্ট লাভের নিমিত্ত যে গুরুতর লোভ তাহার নাম সমুৎকণ্ঠা ॥

যথা কর্ণামৃতে।

আনম্রামসিতভ্রুবোরুপচিতামক্ষীণপক্ষ্মাঙ্কুরে—
ষ্বালোলামনুরাগিণো র্নয়নয়োরার্দ্রাং মৃদৌ জল্পিতে।
আতাম্রামধরামৃতে মদকলামম্লানবংশীস্বনে—
ষ্বাশাস্তে মম লোচনং ব্রজশিশোর্মূর্ত্তিং জগন্মোহিনীং॥

অথ নামগানে সদা রুচি র্যথা।

রোদনবিন্দুমরন্দস্যন্দিদৃগিন্দীবরাদ্য গোবিন্দ।
তব মধুরস্বরকণ্ঠী গায়তি নামাবলীং বালা॥ ১৬॥

কর্ম্মকাচ্চিত্তবৎ কর্ত্তৃকাদিত্যনেন প্রাপ্তস্য পরস্মৈপদস্যাভাবঃ। তদিদং সর্ব্বং দৈন্যেনৈবোক্তমিতি রতাবেবোদাহৃতং॥ ১৬॥

মাধুর্য্যাদপি মধুরমতিশয়েন মধুরমিত্যর্থঃ। মন্মথতা তস্য মন্মথোৎপাদ-

---

যথা কর্ণামৃতে॥

যাহা কৃষ্ণবর্ণ ভ্রূযুগলে আনত, অক্ষীণ পক্ষ্মাঙ্কুরে বৃদ্ধিশীল, অনুরাগিজনবৃন্দের লোচন দ্বয়ে চঞ্চল স্বরূপ, মৃদু কথনে আর্দ্রীভূত, অধরামৃতে ঈষৎ তাম্রবর্ণ এবং বংশীরবে মত্ত হস্তী বিশেষ, সেই ব্রজশিশুর জগন্মোহিনী মূর্ত্তিকে দর্শন করিতে আমার নেত্রদ্বয় সর্ব্বদাই আশা করিতেছে॥

নাম গানে সদা রুচি যথা॥

হে গোবিন্দ! অদ্য বালিকা বৃষভানুজা নেত্রদ্বয়ে অশ্রু-জল বিসর্জন করত তদীয় নামাবলী গান করিতেছেন॥ ১৬॥

তদ্‌গুণাখ্যানে আসক্তি র্যথা কর্ণামৃতে—

মাধুর্য্যাদপি মধুরং মন্মথতাতস্য কিমপি কৈশোরং।
চাপল্যাদপি চপলং চেতো বত হরতি হন্ত কিং কুর্ম্মঃ॥১৭

তদ্বসতিস্থলে প্রীতি র্যথা পদ্যাবল্যাং॥

অত্রাসীৎ কিল নন্দসদ্ম শকটস্যাত্রাভবদ্ভঞ্জনং
বন্ধচ্ছেদকরোঽপি দামভিরভূদ্বদ্ধোঽত্র দামোদরঃ।
ইত্থং মাথুরবৃদ্ধবক্ত্রবিগলৎপীযূষধারং পিব-
ন্নানন্দাশ্রুধরঃ কদা মধুপুরীং ধন্যশ্চরিষ্যাম্যহং॥ ১৮॥

কষ্টেত্যর্থঃ। যদ্বা। তস্য কৈশোরমেব মন্মথতা মন্মথস্য ধর্ম্ম ইত্যর্থঃ॥ ১৭॥

মধুপুরীং তদুপলক্ষিতমথুরামণ্ডলমিত্যর্থঃ। ব্রজভুবমিতি বা পাঠঃ॥ ১৮॥

তদ্গুণাখ্যানে আসক্তি যথা কর্ণামৃতে॥

মাধুর্য্য হইতেও মধুর, চাপল্য হইতেও চপল শ্রীকৃষ্ণের মন্মথধর্ম্মশালী কোন অনির্ব্বচনীয় কিশোর ভাব আমার চিত্ত হরণ করিতেছে, হায়! আমি কি করিব!॥ ১৭॥

তদ্বসতিস্থলে প্রীতি যথা পদ্যাবলীতে॥

এই স্থলে গোপরাজ নন্দের গৃহ ছিল, এই স্থানে শ্রীকৃষ্ণ শকট ভঞ্জন করিয়াছিলেন, ভববন্ধনচ্ছেত্তা দামোদর এই খানে রজ্জু দ্বারা বদ্ধ হইয়াছিলেন, এই রূপে বৃদ্ধ মথুরাবাসির বদন বিগলিত বাক্যামৃত ধারা পান করিতে করিতে সজল নয়নে কবে ব্রজধামে বিচরণ করিয়া আমি ধন্য হইব?॥ ১৮॥

অপিচ ॥

ব্যক্তং মসৃণতেবান্তর্লক্ষ্যতে রতিলক্ষণং ॥
মুমুক্ষুপ্রভৃতীনাঞ্চেন্তবেদেষা রতি র্নহি ॥ ১৯ ॥
বিমুক্তাখিলতর্ষৈর্যা মুক্তৈরপি বিমৃগ্যতে।
যা কৃষ্ণেনাতিগোপ্যাশু ভজদ্ভ্যোঽপি ন দীয়তে ॥
সা ভুক্তিমুক্তিকামত্বাচ্ছুদ্ধাং ভক্তিমকুর্ব্বতাং।
হৃদয়ে সংভবত্যেযাং কথং ভাগবতী রতিঃ ॥

তদেবং তদেকস্পৃহত্বমেব রতের্লক্ষণং মুখ্যমিত্যুক্তং। যদিত্বন্যস্পৃহা স্যাত্তদা তল্লক্ষণান্তরস্য সাত্ত্বিকাদেঃ সদ্ভাবেঽপি রতি র্ন মন্তব্যেত্যাহ অপিচেতি। চ শব্দোঽত্র তুশব্দার্থে। ব্যক্তমিতি যা অন্তর্মসৃণতা আর্দ্রতা সা। অন্যত্র ব্যক্তং যৎ রতিলক্ষণং তদিব মুমুক্ষুপ্রভৃতীনাং যদি লক্ষ্যতে তথাপি তেষু রতি র্ন স্যাৎ। ন মন্তব্যেত্যর্থঃ। তত্র হেতুঃ মুমুক্ষুপ্রভৃতীনামিত্যেব ন হ্যন্যত্র স্পৃহা অন্যত্র রতিরিতি যুজ্যতে ইতি ভাবঃ ॥ ১৯ ॥

হেতুমেব বিশিষ্য দর্শয়তি। বিমুক্তেত্যাদিনা। ভুক্তিমুক্তিকামত্বাৎ কথং

আরও বলিয়াছেন ॥

অন্তঃকরণের স্নিগ্ধতাই রতি লক্ষণ, এই রতি যদি মুমুক্ষু-প্রভৃতিতে লক্ষিত হয়, তাহা হইলে উহা রতিপদবাচ্য হইবে না ॥ ১৯ ॥

মুক্ত পুরুষগণ নিখিল কাম বিসর্জ্জন করিয়া যে রতিকে অন্বেষণ করেন, যাহা শ্রীকৃষ্ণ কর্ত্তৃক অতিশয় গোপ্য এবং যে রতি ভক্তগণকেও সহসা দেওয়া যায় না, ভুক্তি মুক্তি কাম হেতু, বিশুদ্ধ ভক্তির অনধিকারি কর্ম্মিও জ্ঞানিদিগের হৃদয়ে সেই ভাগবতী রতির কি রূপে সম্ভাবনা হইতে পারে ? ॥

কিন্তু বালচমৎকারকারী তচ্চিহ্নবীক্ষয়া ।
অভিজ্ঞেন সুবোধোঽয়ং রত্যাভাসঃ প্রকীর্ত্তিতঃ ॥
প্রতিবিম্বস্তথা চ্ছায়া রত্যাভাসো দ্বিধা মতঃ ॥ ২০ ॥

তত্র প্রতিবিম্বঃ ।

অশ্রমাভীষ্টনির্ব্বাহী রতিলক্ষণলক্ষিতঃ ।

সা রতিঃ সম্ভবেত্তস্মাদেব হেতোঃ সাধনগতমপি দোষমাহ শুদ্ধাং ভক্তিম-কুর্ব্বতামিতি শুদ্ধাং জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রাং ॥ ২০ ॥

তস্মান্নিরুপাধিত্বমেব রতের্ম্মুখ্যস্বরূপত্বং সোপাধিত্বমাভাসত্বং তচ্চ গৌণ্যা বৃত্ত্যা প্রবর্ত্তমানত্বমিতি প্রাপ্তে তস্যাভাসস্য প্রতিবিম্বত্বাদি দ্বৈবিধ্যমুদ্দিশ্য প্রতিবিম্বং লক্ষয়তি অশ্রমেতি। রতিলক্ষণলক্ষিত ইতি বাষ্পাদ্যেকদ্বয়মাত্র-দর্শনাৎ তদ্রূপত্বেন প্রতীয়মানোঽপি রত্যাভাসঃ ভোগাপবর্গসৌখ্যাংশব্যঞ্জ-কশ্চেত্তর্হি প্রতিবিম্বক ইত্যন্বয়ঃ। ভোগাপবর্গদাতৃত্বলক্ষণভগবদ্গুণদ্বয়া-বলম্বনাদ্ভোগাপবর্গলিপ্সোপাধিত্বং তৎপ্রতিবিম্বত্বমিত্যর্থঃ। তথাপ্যশ্রমাভীষ্ট-

---

ঐ রতি চিহ্ন দর্শন করিয়া অনভিজ্ঞ জনের চমৎকার বোধ হয় সত্য, কিন্তু অভিজ্ঞ জন উহাকে রতির আভাস বলিয়া কীর্ত্তন করিয়াছেন, অতএব কর্ম্মিও জ্ঞানিদিগেরও ঐ রূপ ভাব দেখিলে তাহাকে রত্যাভাস বলিয়া জানিবে ॥

রত্যাভাস দুই প্রকার, ছায়া এবং প্রতিবিম্ব ॥ ২০ ॥

তন্মধ্যে প্রতিবিম্ব রত্যাভাস যথা ॥

যাহা শ্রম ব্যতিরেকে অভীষ্ট সাধন করে, যাহা দুই একটী বাষ্পাদিরূপ রতি চিহ্নে লক্ষিত এবং যাহা ভোগ ও মোক্ষসুখ প্রকাশ করে, এরূপ রত্যাভাসকে প্রতিবিম্ব

ভোগাপবর্গসৌখ্যাংশব্যঞ্জকঃ প্রতিবিম্বকঃ ॥ ২১ ॥
দৈবাৎ সদ্ভক্তসঙ্গেন কীর্ত্তনাদ্যনুসারিণাং ॥
প্রায়ঃপ্রসন্নমনসাং ভোগমোক্ষাদিরাগিণাং।
কেষাঞ্চিদ্ধৃদি ভাবেন্দোঃ প্রতিবিম্ব উদঞ্চতি

নির্ব্বাহীতি মাহাত্ম্যকথনং ॥ ২১॥

তত্র প্রক্রিয়ামাহ ভোগমোক্ষাদিরাগিনাং দৈবাৎ কদাচিদেব নতু মুহুঃ-সদ্ভক্তসঙ্গেন কীর্ত্তনাদ্যনুসারিণাং তত্তদর্থান্তরলিপ্সয়ৈব তদনুকর্ত্তৃণাং। ততঃ প্রায়ঃপ্রসন্নমনসাং দোষদর্শিত্বাদ্যভাবেঽপি তত্তদর্থান্তরলিপ্সা সরলচিত্তানাং কেষাঞ্চিৎ হৃদি তাদৃক্চিত্তে তত্তদ্ভক্তহৃন্নভঃস্থস্য তদ্ভক্তহৃদেব নভঃ বস্ত্বন্তরাস্পৃষ্টত্বাৎ প্রেমেন্দূদয়যোগ্যত্বাচ্চ। তৎস্থভাবেন্দোঃ প্রতিবিম্ব উদঞ্চতি নতু স্বরূপং তত্তল্লিপ্সা লক্ষণোপাধিং বিনা তৎপ্রতিবিম্বস্যাপ্যনুদয়াৎ। প্রতিবিম্বশ্চায়ং ন স্বরূপস্বদৃশঃ তত্তদেকৈকগুণমাত্রাবলম্বনত্বাৎ। তত্তল্লিপ্সায়াস্তস্য অস্বচ্ছত্বাচ্চ শুদ্ধভাবলিপ্সা তু শুদ্ধং পূর্ণঞ্চ তমাকর্ষত্যেব। বিচিত্রগুণগণাবলম্বনত্বাত্তদর্থপ্রযত্নত্বাচ্চেত্যর্থঃ। তর্হি কথং তাদৃশভক্তব্যবধানে সতি নাপযাতি তত্রাহ তৎসংসর্গেতি। তৎসংসর্গপ্রভাবাচ্চিরমুদঞ্চত্যেব সংস্কাররূপেণেতি

বলিতে পারা যায় ॥ ২১ ॥

ভোগ মোক্ষাদিতে অনুরক্ত ব্যক্তিগণ প্রায় প্রসন্নচিত্ত অর্থাৎ ভুক্তি মুক্তি স্পৃহাতে উৎসুকচিত্ত হইয়া যদি কদাচিৎ অভীষ্ট লাভের নিমিত্ত শুদ্ধভক্তিতে অধিকারি ভক্তগণের সঙ্গেতে কীর্ত্তনাদির অনুকরণ করেন, তাহা হইলে সদ্ভক্তের সঙ্গ প্রভাবে ঐ ভাগ্যবান্দিগের হৃদয়ে, পূর্ব্বোক্ত সদ্ভক্তগণের হৃদয়াকাশস্থ ভাবরূপিচন্দ্রের প্রতিবিম্ব উদয় লাভ

তদ্ভক্তহৃন্নভঃস্থস্য তৎসংসর্গপ্রভাবতঃ ॥ ২২ ॥

অথ ছায়া ॥

ক্ষুদ্রকৌতূহলময়ী চঞ্চলা দুঃখহারিণী।
রতেশ্ছায়া ভবেৎ কিঞ্চিৎ তৎসাদৃশ্যাবলম্বিনী ॥
হরিপ্রিয়ক্রিয়াকালদেশপাত্রাদিসঙ্গমাৎ।
অপ্যানুসঙ্গিকাদেষা ক্বচিদজ্ঞেষ্বপীক্ষ্যতে ॥

ভাবঃ ॥ ২২ ॥

অথ ছায়েতি। ছায়াশব্দেনাত্র কান্তিরুচ্যতে। ছায়া সূর্য্য প্রিয়া কান্তিঃ প্রতিবিম্বমনাতপ ইত্যমরস্য নানার্থবর্গাৎ, সাচাত্র প্রতিচ্ছবিরেবোচ্যতে। তস্যাশ্চ কান্তিত্বাদাভাসশব্দস্য তত্রচ প্রসিদ্ধত্বাৎ তদেতদভিপ্রেত্য ছায়াং লক্ষয়তি ক্ষুদ্রেতি। ক্ষুদ্রকৌতূহলত্বং। পারমার্থিকেঽপি কৌতূহলে তস্মিন্ লৌকিকত্বমননাৎ। তথাপি পারমার্থিককৌতূহলময়রতেস্তত্র যৎকিঞ্চিচ্ছবিরাভাসত্ত-এবেতি ছায়াত্বমত্রেতি ভাবঃ। রতেশ্ছায়াতু কিঞ্চিদযথাস্যাত্তথা তস্যা রতেঃ সাদৃশ্যাবলম্বিনী ভবেদিতিতু যোজনা, অতশ্ছায়াত্বাচ্চঞ্চলাপি নতু প্রতিবিম্ববৎ স্থিরা ভোগাদিরাগবৎ লৌকিককৌতুকস্য স্থিরত্বাভাবাৎ তথাপি বস্তুপ্রভাবাদ্দুঃখ হারিণী সংসারতাপস্য ক্রমাচ্ছমনীতি। নচাত্র বিশেষলক্ষণে ভোগাদিসম্বন্ধাভাবাদাভাসগতস্য সামান্যলক্ষণস্যাব্যাপ্তিঃ স্যাৎ কৌতুহলানুভবস্য চ ভোগবিশেষত্বাৎ ন চাত্র ভোগসম্বন্ধেন প্রতিবিম্বেতি ব্যাপ্তিঃ স্যাৎ, ক্ষুদ্রেত্যনেনৈব ততো বিচ্ছিন্নত্বাৎ ॥

করিয়া থাকে ॥ ২২ ॥

অথ ছায়া রত্যাভাস ॥

ক্ষুদ্র কৌতূহল ময়ী, চঞ্চলা, দুঃখ হারিণী, এবং কথঞ্চিৎ রতির সদৃশা যে রতি, তাহার নাম ছায়া ॥

ভগবদ্ভক্তগণের শ্রবণ কীর্ত্তনাদি ক্রিয়া, জন্মযাত্রা-

কিন্তু ভাগ্যং বিনা নাসৌ ভাবচ্ছায়াপ্যুদঞ্চতি ॥
যদভ্যুদয়তঃ ক্ষেমং তত্র স্যাদুত্তরোত্তরং ॥
হরিপ্রিয়জনস্যৈব প্রসাদভরলাভতঃ।
ভাবাভাসোঽপি সহসা ভাবত্বমুপগচ্ছতি ॥
তস্মিন্নেবাপরাধেন ভাবাভাসোঽপ্যনুত্তমঃ।
ক্রমেণ ক্ষয়মাপ্নোতি খস্থপূর্ণশশী যথা ॥ ২৩ ॥
কিঞ্চ ॥
ভাবোঽপ্যভাবমায়াতি কৃষ্ণপ্রেষ্ঠাপরাধতঃ।

হরিপ্রিয়ক্রিয়াদীনাং সঙ্গমাদ্ যুগপন্মিলনাদিত্যর্থঃ ॥ ২৩ ॥
অভাবং দ্বিবিধস্যৈবাপরাধস্যাধিক্যেন। এবং আভাসতাং মধ্যমত্বেন

প্রভৃতি ভগবৎ কাল, বৃন্দাবন মথুরা প্রভৃতি ভগবদ্ধাম এবং ভগবদ্ভক্ত ইহাদিগের আনুষঙ্গিক যুগপৎ মিলন হেতু কখন কখন অজ্ঞ ব্যক্তিতেও রতির ছায়া লক্ষিত হইয়া থাকে ॥

কিন্তু যে ভাবচ্ছায়ার উদয়েতে অজ্ঞব্যক্তিরাও ক্রমে ক্রমে মঙ্গল প্রাপ্ত হয়, সেই ভাবচ্ছায়ারূপ সৌভাগ্য ব্যতীত কখনই উদিত হয় না ॥

হরিপ্রিয়জনের অনুগ্রহ নিবন্ধন ভাবাভাসও সহসা ভাবত্ব প্রাপ্ত হয়। কিন্তু যদি সেই ভগবদ্ভক্ত জনের নিকট অপরাধ হয়, তাহা হইলে উৎকৃষ্ট ভাবাভাস (প্রতিবিম্ব)ও আকাশস্থ পূর্ণ চন্দ্রের ন্যায় ক্রমে ক্রমে ক্ষীণ হয় ॥ ২৩ ॥

আরও বলিয়াছেন ॥

শ্রীকৃষ্ণের প্রিয়তম ব্যক্তিদিগের নিকট গুরুতর অপরাধ

আভাসতাঞ্চ শনকৈ র্ন্যূনজাতীয়তামপি ॥ ২৪ ॥
গাঢ়াসঙ্গাৎ সদায়াতি মুমুক্ষৌ সুপ্রতিষ্ঠিতে।
আভাসতামসৌ কিম্বা ভজনীয়েশভাবতাং ॥ ২৫ ॥
অতএব ক্বচিত্তেষু নব্যভক্তেষু দৃশ্যতে।

ন্যূনজাতীয়তামপ্যন্বেন তত্র ন্যূনজাতীয়ত্বং বক্ষ্যমাণানাং শান্ত্যাদিপঞ্চবিধানাং রত্যাদ্যষ্টবিধানাঞ্চ তারতম্যেন জ্ঞেয়ং ॥ ২৪ ॥

ভজনীয়ো য ঈশস্তস্য ভাবোঽভিমানো যস্য তত্তাং যাতি অহংগ্রহোপাসনামাবিশতীত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্ষণমিত্যুপলক্ষণং ক্বচিচ্চিরমভিব্যাপ্য মুক্তিস্তত্র সারূপ্যসার্ষ্টিসামীপ্যলক্ষণা

জন্মিলে ভাব অভাবত্ব প্রাপ্ত হয় অর্থাৎ একেবারেই বিনষ্ট হয়, মধ্যম অপরাধে ঐ ভাব আভাস এবং অল্পাপরাধে হীন জাতীয়তা প্রাপ্ত হয় ॥

উক্ত-উদাহরণে শান্ত্যাদি পঞ্চবিধ অথবা অষ্টপ্রকার রতি ইহাদের তারতম্যানুসারে হীন জাতীয় হয় ॥ ২৪ ॥

সুপ্রতিষ্ঠিত মুমুক্ষুতে গাঢ়তর আসক্তি হইলে ভাব ক্রমে আভাস হয় অথবা অহংগ্রহরূপ-উপাসনায় প্রবেশ করে।

উক্ত পদ্যে অহংগ্রহোপাসনার অর্থ এই যে, আপনাতে যে ভজনীয় দেবের অভিমান, তাহার নাম অহংগ্রহোপাসনা ॥২৫॥

এই জন্য কোন২ নব্যভক্তে নর্ত্তনাদিতে ক্ষণিক অথবা দীর্ঘকালস্থায়ি— মুক্তিপক্ষগামী এই ঈশ্বরভাব দেখিতে

ক্ষণমীশ্বরভাবোঽয়ং নৃত্যাদৌ মুক্তিপক্ষগঃ ॥ ২৬ ॥
সাধনেক্ষাং বিনা যস্মিন্নকস্মাদ্ভাব ঈক্ষ্যতে।
বিঘ্নস্থগিতমত্রোহ্যং প্রাগ্‌ভবীয়ং সুসাধনং ॥ ২৭ ॥
লোকোত্তরচমৎকারকারকঃ সর্ব্বশক্তিদঃ ॥
যঃ প্রথীয়ান্ ভবেদ্ভাবঃ সতু কৃষ্ণপ্রসাদজঃ ॥ ২৮ ॥
জনে চেজ্জাতভাবেঽপি বৈগুণ্যমিব দৃশ্যতে।

জ্ঞেয়া ॥ ২৬ ॥

সাধনেক্ষামিতি। সাধনানি পূর্ব্বোক্তসাধনাভিনিবেশকৃষ্ণপ্রসাদভক্তপ্রসাদলক্ষণানি করণানি তেষামীক্ষাং শাস্ত্রাদিদ্বারাজ্ঞানং বিনা যস্মিন্ ভাবো রত্যাদিরীক্ষ্যতে নিশ্চীয়তে তস্মিন্ বৃত্রাদিষ্বিব প্রাগ্‌ভবীয়ং সাধনমূহ্যং ॥ ২৭ ॥

নম্ন পূর্ব্বং সাধনাভিনিবেশাদিত্রয়েণাধুনাচ প্রাগ্‌ভবীয়সাধনেন ভাবজন্মোক্তং তেষাং মধ্যে কতমঃ শ্রেষ্ঠস্তত্র পূতনাদিদৃষ্টান্তমভিপ্রেত্যাহ লোকেতি ॥ ২৮ ॥

বৈগুণ্যং বহির্দুরাচারতা তদিবেতি তেন লিপ্তত্বাভাবাৎ। তথাচোক্তং।

পাওয়া যায় ॥ ২৬ ॥

সাধনজ্ঞান ব্যতিরেকে অকস্মাৎ যে কোন ব্যক্তিতে ভাবোদয় দেখা যায়, তাহার কারণ এই যে, ঐ ব্যক্তির জন্মান্তরীয় সুন্দররূপ সাধন ছিল, বিঘ্ন বশতঃ স্থগিত থাকিয়া পরে উদিত হইল, ইহাই বিবেচনা করিতে হইবে ॥ ২৭ ॥

যে বৃদ্ধিশীল ভাব লোকাতীত চমৎকারকারী এবং সর্ব্ব শক্তিপ্রদ, তাহাকে কৃষ্ণপ্রসাদ বলিয়া জানিবে ॥ ২৮ ॥

জাতভাব ব্যক্তিতে যদি বাহ্য দুরাচারতার ন্যায় কোন

কার্য্যা তথাপি নাসূয়া কৃতার্থঃ সর্ব্বথৈব সঃ ॥ ২৯ ॥

যথা নারসিংহে ॥

ভগবতি চ হরাবনন্যচেতা-

ভৃশমলিনোঽপি বিরাজতে মনুষ্যঃ ॥

নহি শশকলুষচ্ছবিঃ কদাচি-

ত্তিমিরপরাভবতামুপৈতি চন্দ্রঃ ॥ ইতি ॥ ৩০ ॥

রতিরনিশনিসর্গোষ্ণপ্রবলতরানন্দপূররূপৈব।

অপবিত্রঃ পবিত্রো বেত্যাদি কৃতার্থত্বং চাত্র জাতভাবত্বাদেব ॥ ২৯ ॥

ভৃশমলিনোঽপি সুদুরাচারত্বেন বহির্দৃশ্যমানোঽপি বিরাজিতে। অন্যাপরাভূততয়া অন্তর্গতভক্ত্যা শোভত এব। তত্রার্থান্তরন্যাসো নহীতি। লোকচ্ছায়াময়ং লক্ষ্ম তবাঙ্কে শশসঙ্গিতমিতি শ্রীহরিবংশোক্তেঃ। শশকলুষচ্ছবিত্বেন বহির্দৃশ্যমানোঽপীত্যর্থঃ ॥ ৩০ ॥

উত্তরোত্তরাভিলাষবৃদ্ধেঃ অশান্তস্বভাবং উষ্ণত্বং উল্লাসাত্মকত্বাদানন্দত্বং

প্রকার বৈগুণ্য দেখা যায় তথাপি তাহাতে অসূয়া করিবে না, কারণ বিষয়ে অনাসক্তি প্রযুক্ত উক্ত সঞ্জাতভাব ব্যক্তি সর্ব্বতোভাবে কৃতার্থ ॥ ২৯ ॥

যথা নৃসিংহপুরাণে ॥

যে মনুষ্য ভগবান্ হরিতে একান্তভাবে চিত্ত সন্নিবেশ করিয়াছেন, তাঁহার যদি বাহ্যে অত্যন্ত দুরাচারতাও দেখা যায়, তথাপি তিনি অন্তর্গত ভক্তিপ্রভাবে বিরাজমান হয়েন, যেমন পূর্ণচন্দ্র বাহ্যদেশে মৃগচিহ্নে কলঙ্কিত হইলেও, কখন তিমিরের নিকট পরাভূত হয়েন না ॥ ৩০ ॥

নিরন্তর উষ্ণস্বভাবা হইয়াও প্রবলতর আনন্দরূপিণী

উষ্মাণমপি বসন্তি সুধাংশুকোটেরপি স্বাদ্বী ॥ ৩১ ॥

॥*॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে ভাবভক্তি-লহরী তৃতীয়া ॥ * ॥

অনিশমেব যো নিসর্গঃ স্বভাবস্তেন উষ্ণা চ সা প্রবলতরানন্দরূপা চেতি বিগ্রহঃ। উষ্মাণং তদ্বিধনানাসঞ্চারিভাবানাং লক্ষণং ॥ ৩১ ॥

॥*॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে ভাবভক্তিলহরী তৃতীয়া ॥*॥

রতি উষ্ণতা প্রকাশ করিলেও কোটি কোটি সুধাংশু হইতেও সুন্দর আস্বাদশালিনী বলিয়া জানিতে হইবে ॥

উক্ত পদ্যের তাৎপর্য্য, উত্তরোত্তর অভিলাষ বৃদ্ধি পাওয়াতে রতির অশান্ততা প্রযুক্ত উষ্ণত্ব, উল্লাস প্রদ বলিয়া রতির আনন্দত্ব, উষ্মা উদ্গীরণ করে অর্থাৎ নানাবিধ সঞ্চারি ভাব প্রকাশ করে ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি পূর্ব্ববিভাগে ভাবভক্তিলহরী ॥ * ॥

অথ প্রেমভক্তিঃ ॥

সম্যঙ্মসৃণিতস্বান্তো মমত্বাতিশয়াঙ্কিতঃ ।
ভাবঃ স এব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা নিগদ্যতে ॥ ১ ॥

যথা পঞ্চরাত্রে ॥

অনন্যমমতা বিষ্ণৌ মমতা প্রেমসঙ্গতা ।
ভক্তিরিত্যুচ্যতে ভীষ্মপ্রহ্লাদোদ্ধবনারদৈঃ ॥ ইতি ॥

অথ ভাবমপ্যুক্ত্বা প্রেমাণমাহ সম্যগিতি । অত্র সান্দ্রাত্মত্বং স্বরূপলক্ষণং অন্যদ্দ্বয়ং তটস্থলক্ষণং ॥ ১ ॥

অত্র স্বমতমুদাহরণমেবম্ভূত ইত্যাদি বক্ষ্যমাণপ্রকারমেব জ্ঞেয়ং । মতান্তরমপি যোজনান্তরেণ সঙ্গময়িতুমাহ যথেতি । ভক্তিরত্র ভাবঃ ॥ ২ ॥

অথ প্রেমভক্তি ॥

যাহা হইতে চিত্ত সর্ব্বতোভাবে নির্ম্মল হয় এবং যাহা অতিশয় মমতাসম্পন্ন এরূপ যে ভাব তাহা গাঢ়তা প্রাপ্ত হইলেই পণ্ডিতেরা তাহাকে প্রেম বলিয়া কীর্ত্তন করেন ॥

তাৎপর্য্য । সাধন ভক্তি যাজন করিতে ২ রতি হয়, সেই রতি গাঢ় হইলে তাহাকে প্রেম বলে । চৈতন্যচরিতামৃত গ্রন্থে লিখিয়াছেন যথা,-সাধনভক্তি হইতে রতির উদয় হয় । রতি গাঢ় হইলে তারে প্রেম নাম কয় ॥ ১ ॥

যথা পঞ্চরাত্রে ॥

অন্যের প্রতি মমতা পরিহার পূর্ব্বক ভগবানে যে মমতা তাহার নাম প্রেম, এই প্রেমকেই ভীষ্ম, প্রহ্লাদ, উদ্ধব এবং নারদেরা ভক্তি বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

ভক্তিঃ প্রেমোচ্যতে ভীষ্মমুখৈর্যত্র তু সঙ্গতা।
মমতান্যমমত্বেন বর্জ্জিতেত্যত্র যোজনা॥
ভাবোত্থোঽতিপ্রসাদোত্থঃ শ্রীহরেরিতি স দ্বিধা।

তত্র ভাবোত্থঃ।

ভাব এবান্তরঙ্গানামঙ্গানামনুসেবয়া।
আরূঢ়ঃ পরমোৎকর্ষং ভাবোত্থঃ পরিকীর্ত্তিতঃ॥ ২॥

তত্র বৈধভাবোত্থো যথা একাদশে॥ ৩॥

এবম্ব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।

বৈধ্যা নিবৃত্তো বৈধঃ স চাসৌ ভাবশ্চেতি তদুত্থঃ॥৩॥

অত্রৈবম্ব্রত ইতি বৈধীসম্বন্ধাত্তন্নির্বৃত্তত্বং। প্রিয়েতি ভাবোত্থত্বং। স্বেতি

অন্য মমত্ব বর্জিত যে মমতা তাহাকে ভীষ্ম প্রভৃতি ভাগবতগণ প্রেমভক্তি বলিয়া উল্লেখ করিয়াছেন, সেই প্রেম ভাবোত্থ ও ভগবানের অতিপ্রসাদোত্থ ভেদে দুই প্রকার হয়॥

তন্মধ্যে ভাবোত্থ প্রেম যথা॥

অন্তরঙ্গ ভক্ত্যঙ্গ সকলের নিরন্তর সেবন দ্বারা ভাব পরমোৎকর্ষ প্রাপ্ত হইলেই ভাবোত্থ প্রেম বলিয়া কথিত হয়॥ ২॥

বৈধীভক্তিসঞ্জাত ভাব জন্য প্রেম যথা
একাদশস্কন্ধে ২ অ। ৩৮ শ্লোকে॥ ৩॥

পূর্ব্বোক্ত ভক্ত্যঙ্গ যাজনে অবশচিত্ত ব্যক্তি লোকাচার বহির্ভূত হইয়া স্বীয় প্রিয়ের নামকীর্ত্তনে জাতানুরাগ ও শ্লথহৃদয় হওত উন্মত্তের ন্যায় উচ্চৈঃস্বরে কখন হাস্য, কখন

হসত্যথো রোদিতি রৌতি গায়-
ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৪ ॥

রাগানুগীয়ভাবোত্থো যথা পাদ্মে ।

ন পতিং কাময়েৎ কঞ্চিদ্ব্রহ্মচর্য্যস্থিতা সদা ॥
তামেব মূর্ত্তিং ধ্যায়ন্তী চন্দ্রকান্তির্ব্বরাননা।
শ্রীকৃষ্ণগাথাং গায়ন্তী রোমাঞ্চোদ্ভেদলক্ষণা।
অস্মিন্মন্বন্তরে স্নিগ্ধাং শ্রীকৃষ্ণপ্রিয়বার্ত্তয়া ॥ ৫ ॥

অথ হরেরতিপ্রসাদোত্থঃ।

হরেরতিপ্রসাদোঽয়ং সঙ্গদানাদিরাত্মনঃ ॥ ৬ ॥

মমতা যুক্তত্বং। জাতানুরাগ ইতি তদতিশয়িত্বঞ্চ জ্ঞেয়ং ॥ ৪ ॥

তামেব মূর্ত্তিং ধ্যায়ন্তীতি তস্যাং মূর্ত্তৌ পূর্ব্বং ভাবো জাত আসীদিতি সূচিতং কঞ্চিদন্যং পতিং ন কাময়েৎ ন কাময়তেতি গাঢ়মমতয়া প্রেম দর্শিতং স্নিগ্ধা বভূবেতি শেষঃ ॥ ৫ ॥

সঙ্গদানমাদি র্যস্য সঃ ॥ ৬ ॥

রোদন, কখন আলাপ, কখন গান, কখনও বা বাহ্যলোকের ন্যায় নৃত্য করিতে থাকেন ॥ ৪ ॥

রাগানুগীয় ভাবোত্থ যথা পদ্মপুরাণে ॥

সেই মন্বন্তরে শ্রীকৃষ্ণের প্রিয়বার্ত্তায় স্নিগ্ধ হইয়া ব্রহ্মচর্য্য-ব্রতপরায়ণা সুমুখী চন্দ্রকান্তি পুলকাঞ্চিত কলেবরে শ্রীকৃষ্ণ-গাথা গান করিতে ২ সেই শ্রীকৃষ্ণমূর্ত্তিকে ধ্যান করত অন্য কাহাকেও পতি বলিয়া কামনা করেন নাই ॥ ৫ ॥

অথ হরির অতিপ্রসাদোত্থ প্রেম ॥

ভগবান্ হরির স্বীয় সঙ্গদানাদিকেই অতিপ্রসাদোত্থ প্রেম কহে ॥ ৬ ॥

যথৈকাদশে ॥

তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ।

অব্রতা তপ্ততপসো মৎসঙ্গান্মামুপাগতাঃ॥ ইতি ॥

মাহাত্ম্যজ্ঞানযুক্তশ্চ কেবলশ্চেতি স দ্বিধা ॥ ৭ ॥

তত্রাদ্যো যথা পঞ্চরাত্রে।

মাহাত্ম্যজ্ঞানযুক্তস্তু সুদৃঢ়ং সর্ব্বতোঽধিকঃ।

ত ইতি। পূর্ব্বোক্তেষু তে কেচিদ্বলিপ্রভৃতয় ইত্যর্থঃ। তে চ মৎপ্রাপ্ত্যর্থং ন অধীতাঃ শ্রুতিগণা যৈঃ। তথা অধ্যয়নার্থং নোপাসিতা মহত্তমাঃ তৎপারগা যৈঃ। মৎসঙ্গাদিতি। তৈষাং সতাং মধ্যে প্রধানস্য মম সঙ্গাৎ প্রেমাণং প্রাপ্য মামুপাগতা ইত্যর্থঃ। কিন্তু শ্রীভগবতঃ স্বতন্ত্রত্বেঽপি সতাং মধ্যে স্বয়ং গণনং বিনয়স্বভাবাদেব কৃতমিতি শ্রীভগবৎপ্রসাদোত্থ এবায়ং জ্ঞেয়ঃ ॥ ৭ ॥

পুনশ্চ তস্যৈব প্রেম্ণো ভেদদ্বয়মাহ। মাহাত্ম্যেতি। কেবলো মাধুর্য্যমাত্র-

---

যথা একাদশে ১২ অ। ৬ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন হে উদ্ধব! গোপীগণ আমাকে পাইবার নিমিত্ত বেদাধ্যয়ন করেন নাই, মহত্তমদিগের সঙ্গ অর্থাৎ তীর্থ সেবন করেন নাই, ব্রতাচরণ করেন নাই এবং তপস্যাও করেন নাই, কেবল আমার সংসর্গ দ্বারাই আমাকে প্রাপ্ত হইয়াছেন ॥

অতিপ্রসাদোত্থ প্রেম দুই প্রকার, যথা, মাহাত্ম্যজ্ঞানযুক্ত এবং কেবল অর্থাৎ মাধুর্য্যমাত্র জ্ঞান যুক্ত ॥ ৭ ॥

মাহাত্ম্যজ্ঞানযুক্ত প্রেম যথা পঞ্চরাত্রে ॥

মাহাত্ম্যজ্ঞান যুক্ত, সুদৃঢ় এবং সকল বিষয় হইতে অধিক

স্নেহো ভক্তিরিতি প্রোক্ত স্তয়া সার্ষ্ট্যাদি নান্যথা ॥ ৮ ॥

কেবলো যথা তত্রৈব।

মনোগতিরবিচ্ছিন্না হরৌ প্রেমপরিপ্লুতা।
অভিসন্ধিবিনির্ম্মুক্তা ভক্তির্বিষ্ণুবশঙ্করী ॥ ইতি ॥ ৯ ॥
মহিমজ্ঞানযুক্তঃ স্যাদ্বিধিমার্গানুসারিণাং।
রাগানুগাশ্রিতানান্তু প্রায়শঃ কেবলো ভবেৎ ॥ ১০ ॥

জ্ঞানযুক্ত ইত্যর্থঃ ॥ ৮ ॥

অত্র পাঞ্চরাত্রিকপদ্যদ্বয়মাহ। মাহাত্ম্যজ্ঞানসদ্ভাবাংশ এব নতু লক্ষণাংশে ॥ ৯ ॥

প্রায়শ ইতি বৈধ্যাংশযুক্তত্বেঽপি ন কেবলঃ স্যাদিত্যর্থঃ ॥ ১০ ॥

যে স্নেহ তাহাকেই ভক্তি বলা যায়, এতাদৃশী ভক্তি ব্যতীত সার্ষ্ট্যাদি মুক্তি কথনই লব্ধ হয় না ॥ ৮ ॥

কেবল যথা পঞ্চরাত্রে ॥

অভিসন্ধি-শূন্য এবং প্রেমপরিপ্লুত যে শ্রীকৃষ্ণে নিরবচ্ছিন্ন মনের গতি তাহাকে ভক্তি বলা যায়, এতাদৃশী ভক্তিই বিষ্ণুর বশকারিণী ॥ ৯ ॥

বিধি মার্গানুবর্ত্তি ভক্তগণের যে অতিপ্রসাদোত্থ প্রেম তাহা মহিমজ্ঞানযুক্ত, আর রাগানুগাশ্রিত ভক্তগণের প্রেম প্রায়শই কেবল অর্থাৎ মাধুর্য্যজ্ঞান যুক্ত হইয়া থাকে ॥

উক্ত উদাহরণে "প্রায়শই" বলার তাৎপর্য্য এই যে, বৈধী ভক্তির কোন অংশ যুক্ত হইলে কেবল প্রেম হয় না ॥ ১০ ॥

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোঽথ ভজনক্রিয়া।
ততোঽনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ॥
অথাসক্তি স্ততোভাব স্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্নঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ॥ ১১॥
ধন্যস্যায়ং নবঃ প্রেমা যস্যোন্মীলতি চেতসি।
অন্তর্বাণিভিরপ্যস্য মুদ্রা সুষ্ঠু সুদুর্গমা॥ ১২॥

অতএব শ্রীনারায়ণপঞ্চরাত্রে যথা॥

তত্র বহুষপি ক্রমেষু সৎসু প্রায়িকমেকং ক্রমমাহ আদাবিতি দ্বয়েন। আদৌ প্রথমসাধুসঙ্গে শাস্ত্রশ্রবণদ্বারা শ্রদ্ধা তদর্থবিশ্বাসঃ। ততঃ প্রথমানন্তরং দ্বিতীয়ঃ সাধুসঙ্গো ভজনরীতিশিক্ষানিবন্ধনঃ। নিষ্ঠা তত্রাবিক্ষেপেণ সাতত্যং। রুচিরভিলাষঃ কিন্তু বুদ্ধিপূর্ব্বিকেয়ং, আসক্তিস্তু স্বারসিকী॥ ১১॥

অন্তর্ব্বাণিভিঃ শাস্ত্রবিদ্ভিঃ। মুদ্রা পরিপাটী॥ ১২॥

প্রেমোদয়ের বহুতর ক্রম সত্ত্বেও প্রায়িক ক্রম কহিতেছেন যথা। প্রথমে শ্রদ্ধা, তৎপরে সাধু সঙ্গ, তাহার পর ভজন ক্রিয়া, তদনন্তর অনর্থনিবৃত্তি, তৎপরে নিষ্ঠা, তাহার পর রুচি, তৎপরে আসক্তি, তদনন্তর ভাব, তাহার পর প্রেম উদিত হয়। সাধকগণের প্রেমাবির্ভাবের প্রতি ক্রম এইরূপ নিরূপিত হইয়াছে॥ ১১॥

যে সকল ব্যক্তি ভাগ্যবান্ তাঁহাদেরই চিত্তে এই নবীন প্রেম উদিত হয়, কিন্তু শাস্ত্রজ্ঞেরা সহসা এই নবীন প্রেমের পরিপাটী জানিতে পারেন না॥ ১২॥

এজন্য নারায়ণ পঞ্চরাত্রে কহিয়াছেন—

ভাবোন্মত্তো হরেঃ কিঞ্চিন্নবেদ সুখমাত্মনঃ।
দুঃখঞ্চেতি মহেশানি পরমানন্দ আপ্লুতঃ॥
প্রেম্ন এব বিলাসত্বাদ্বৈরল্যাৎ সাধকেষ্বপি।
অত্র স্নেহাদয়ো ভেদা বিবিচ্য নহি শংসিতাঃ॥
শ্রীমৎপ্রভুপদাম্ভোজৈঃ সর্ব্বা ভাগবতামৃতে।
ব্যক্তীকৃতাস্তি গূঢ়াপি ভক্তিসিদ্ধান্তমাধুরী।

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী ॥ * ॥ ৪ ॥ * ॥

সুদুর্গমত্বমেব দর্শয়তি অতএবেতি। অয়ং ভাবঃ। শাস্ত্রবিদ্ভির্হি বহিঃসুখপ্রাপ্তি-দুঃখহানী এব পুরুষার্থত্বেন নির্ণীতে। তেচ তাদৃশভক্তানাং বহিরেব তৈর্জ্জা-য়েতে নান্তঃ। তেষামন্তস্ত সুখদুঃখেভগবৎপ্রাপ্ত্যপ্রাপ্তিকৃতে এব। যথোক্তং। নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদমিত্যাদি। কামং ভবঃ স্ববৃ-জিনৈ নিরয়েষু নস্তাচ্চেতোঽলিবদ্ যদি নু তে পদয়ো রমেতেত্যাদি চ॥ ১৩॥

মহাদেব পার্ব্বতীকে কহিলেন হে মহেশ্বরি! যে ব্যক্তি ভগবান্ হরির ভাবে উন্মত্ত হইয়া পরমানন্দে নিমগ্ন হইয়াছেন, তিনি আত্মবিষয়ক সুখ বা দুঃখ কিছুই জানিতে পারেন না॥

স্নেহ প্রণয়াদি প্রেমের বিলাস বলিয়া অতি বিরল, এ প্রযুক্ত প্রায়ই উক্ত স্নেহাদি সাধকগণে লক্ষিত হয়না, একারণ এখানে আর পৃথক্ করিয়া নির্দ্দেশ করিলাম না॥

আমার প্রভু সনাতন গোস্বামিপাদ নিজ ভাগবতামৃত গ্রন্থে সমস্ত ভক্তিসিদ্ধান্তের মাধুরী অতিগূঢ় হইলেও স্পষ্ট রূপে বর্ণন করিয়াছেন॥

গোপালরূপশোভাং দধদপিরঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা প্রথমবিভাগে সুধাম্বুনিধেঃ॥
॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ রসোপযোগী স্থায়িভাবোৎপাদনো নাম পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ লহরীচতুষ্টয়াত্মকে পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী ॥ * ॥

গোপালেতি। শ্লিষ্টমিদং। তত্র কৃষ্ণপক্ষে, রঘুনাথভাবস্য রঘুনাথত্বস্য বিস্তারী রঘুনাথাদীনামপ্যবতারীত্যর্থঃ। তত্তদুপাসকানামভীষ্টপূরণায়েতি ভাবঃ। অহো কৃপামাহাত্ম্যমিতি বিবক্ষিতং। পক্ষে। স্ববর্গস্য নামচতুষ্টয়মুদ্দিষ্টং। তত্র দ্বিতীয়ং শ্রীমদগ্রজকৃচ্চরণানাং নাম প্রথমতৃতীয়ে তন্মিত্রয়োঃ। চতুর্থে শ্রীমদগ্রজচরণানাং। ভাবঃ শ্রীকৃষ্ণপ্রেমা॥

ইতি দুর্গমসঙ্গমনীনাম্ন্যাং শ্রীভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

গোপালরূপ শোভা প্রকটন করিয়াও যিনি রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতনাত্মা অর্থাৎ সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীকৃষ্ণ এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগে পরিতোষ লাভ করুন॥

অথবা গোপালভট্ট এবং শ্রীরূপ গোস্বামির শোভা সম্পাদন করত ভট্টরঘুনাথের ভাবকে যিনি বিস্তার করিয়াছেন এরূপ যে সনাতনগোস্বামী তিনি এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগে পরিতোষ প্রকাশ করুন॥ ১২॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃতব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগ সমাপ্ত ॥ * ॥

দক্ষিণ বিভাগঃ।

১ম লহরী।

প্রবলমনন্যাশ্রয়িণা নিষেবিতঃ সহজরূপেণ।
অঘদমনো মথুরায়াং সদা সনাতনতনু র্জয়তি॥
রসামৃতাব্ধে র্ভাগেঽস্মিন্ দ্বিতীয়ে দক্ষিণাভিধে।
সামান্যো ভগবদ্ভক্তিরসস্তাবদুদীর্য্যতে॥

যিনি স্বাভাবিক অনন্যাশ্রিত রূপদ্বারা প্রবল রূপে নিষেবিত, যিনি অঘাসুরকে সংহার করিয়াছেন, সেই সনাতন-(-নিত্য-)-মুর্ত্তি শ্রীকৃষ্ণ মথুরা মণ্ডলে জয় যুক্ত হউন॥

অথবা যিনি একান্তাশ্রিত অনুজ রূপকর্ত্তৃক অতিশয় রূপে নিষেবিত এবং যিনি পাপনাশক, সেই সনাতননামা গোস্বামী সর্ব্বদা মথুরামণ্ডলে জয় যুক্ত হউন॥

রসামৃতসিন্ধুর এই দ্বিতীয় দক্ষিণবিভাগে সামান্য ভগবদ্ভক্তিরস বর্ণিত হইবে॥

অস্য পঞ্চ লহর্য্যঃ স্যু র্বিভাগাখ্যাত্রিমা মতা।
দ্বিতীয়া হ্যনুভাবাখ্যা তৃতীয়া সাত্ত্বিকাভিধা।
ব্যভিচার্য্যভিধা তুর্য্যা স্থায়িসংজ্ঞা চ পঞ্চমী।
অথাস্যাঃ কেশবরতে র্লক্ষিতায়া নিগদ্যতে।
সামগ্রী পরিপোষেণ পরমা রসরূপতা ॥ ১ ॥
বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈ র্ব্যভিচারিভিঃ।
স্বাদ্যত্বং হৃদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ।
এষা কৃষ্ণরতিঃ স্থায়ী ভাবো ভক্তিরসো ভবেৎ ॥ ২ ॥

বিভাবৈরিতি। এষা শ্রীকৃষ্ণরতিরেব স্থায়ী ভাবঃ সৈব চ ভক্তিরসো ভবেৎ। কীদৃশী সতী তত্রাহ বিভাবৈরিতি। শ্রবণাদিভিঃ কর্ত্তৃভি র্বিভাবাদিভিঃ করণৈর্ভক্তানাং হৃদি স্বাদ্যত্বমানীতা সম্যক্ প্রাপিতা চমৎকারবিশেষেণ পুষ্টেত্যর্থঃ। রতিশ্চাত্রোপলক্ষণমেব। তেন মহাভাবপর্য্যন্তঃ সর্ব্বোঽপি গ্রাহ্যঃ। তস্যা এবোৎকর্ষরূপত্বাৎ ॥ ২ ॥

অপর এই বিভাগে পাঁচটী লহরী আছে। যথা—প্রথম বিভাব, দ্বিতীয় অনুভাব, তৃতীয় সাত্ত্বিক ভাব, চতুর্থ ব্যভিচারিভাব পঞ্চম স্থায়িভাব ॥

অপিচ, লক্ষ্য স্বরূপা যে কেশবরতি, যাহা বিভাবাদি-সামগ্রী দ্বারা পরিপুষ্ট হইয়া পরম রস রূপতা প্রাপ্ত হয়, তাহাই এই বিভাগে কথিত হইবে ॥ ১ ॥

এই স্থায়িভাব স্বরূপ কৃষ্ণরতি বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারি ভাব দ্বারা শ্রবণাদি কর্ত্তৃক ভক্ত জনের হৃদয়ে আস্বাদনীয়ত্ব রূপে আনীত হইলে, ভক্তিরস বলিয়া কীর্ত্তিত হয় ॥ ২ ॥

প্রাক্তন্যাধুনিকী চাস্তি যস্য সদ্ভক্তিবাসনা।
এষ ভক্তিরসাস্বাদ স্তস্যৈব হৃদি জায়তে॥ ৩॥
ভক্তিনির্ধূতদোষাণাং প্রসন্নোজ্জ্বলচেতসাং।
শ্রীভাগবতরক্তানাং রসিকাসঙ্গরঙ্গিণাং।
জীবনীভূতগোবিন্দপাদভক্তিসুখশ্রিয়াং।
প্রেমান্তরঙ্গভূতানি কৃত্যান্যেবানুতিষ্ঠতাং।

যদ্যপি রতেরস্তিত্বেনাধুনিকী বাসনাস্ত্যেব তথাপি রসতাপত্তৌ প্রাক্তনী চাবশ্যং মৃগ্যেত ইত্যাহ প্রাক্তনীতি। প্রাগ্জন্মজাতা আধুনিকী জন্মন্যস্মিন্‌ভূতা চেতি মধ্যে তিরোধানাপেক্ষয়ৈব ভেদো বিবক্ষিতঃ। ইদমপি প্রায়িকং। তাৎপর্য্যন্তু রত্যাতিশয় এব জ্ঞেয়ঃ॥ ৩॥

পুনস্তস্যাং রসোৎপত্তৌ সাধনং সহায়ং প্রকারঞ্চাহ ভক্তীতি চতুর্ভিঃ। তত্র সাধনমনুতিষ্ঠতামিত্যন্তং সহায়ং সংস্কারযুগলং। প্রকারস্তু রতিরিত্যাদিকো জ্ঞেয়ঃ। নির্ধূতদোষত্বাদেব প্রসন্নত্বং শুদ্ধসত্ত্ববিশেষাবির্ভাবযোগ্যত্বং

অপর এই ভক্তিরস-আস্বাদ সকলের সম্বন্ধে হইতে পারে না, কারণ, যাঁহার জন্মান্তরীয় অথবা ইহ জন্ম সম্বন্ধীয় ভগবদ্ভক্তি সদ্বাসনা বিদ্যমান আছে, তাঁহারই হৃদয়ে ভক্তিরসের আস্বাদ উৎপন্ন হয়॥ ৩॥

আর, যাঁহাদের ভক্তিকর্ত্তৃক দোষ সকল ধৌত হওয়াতে চিত্ত প্রসন্ন হইয়া উজ্জ্বল হইয়াছে, যাঁহারা শ্রীমদ্ভাগবতে অনুরক্ত, রসিক জন সঙ্গে যাঁহাদের উল্লাস এবং যাঁহারা গোবিন্দচরণারবিন্দের ভক্তিসুখ সম্পত্তিকেই জীবন স্বরূপ জানেন, প্রেমের অন্তরঙ্গ কৃত্য সকলকেই যাঁহারা অনুষ্ঠান করেন, সেই

ভক্তানাং হৃদি রাজন্তী সংস্কারযুগলোজ্জ্বলা
রতিরানন্দরূপৈব নীয়মানা তু রস্যতাং।
কৃষ্ণাদিভির্বিভাবাদ্যৈর্গতৈরনুভবাধ্বনি।
প্রৌঢ়ানন্দচমৎকারকাষ্ঠামাপদ্যতে পরাং।
কিন্তু প্রেমা বিভাবাদ্যৈঃ স্বল্পৈ নীতোঽপ্যনীয়সীং।
বিভাবনাদ্যবস্থাং তু সদ্য আস্বাদ্যতাং ব্রজেৎ॥

তত্র বিভাবাদিসামান্যলক্ষণং॥

যে কৃষ্ণভক্তমুরলীনাদাদ্যা হেতবো রতেঃ।

ততশ্চোজ্জ্বলত্বং তদাবির্ভাবাৎ সর্ব্বজ্ঞান সম্পন্নত্বং। অনুভবাধ্বনি গতৈরিতি নতু লৌকিকরসবদত্র সৎকবিনিবদ্ধতাপেক্ষেতি ভাবঃ। তত্র সতি কিন্ত্বিতি প্রেম্ণো বৈশিষ্ট্যং বিভাবনাদ্যবস্থাং তত্তদাস্বাদবিশেষযোগ্যতাবস্থাং। এবং প্রণয়স্নেহাদীনামপি জ্ঞেয়ং। রতেরেবোৎকর্ষরূপা এত ইতি তদ্গ্রহণেনৈব বিভাবৈরিত্যাদি লক্ষণে প্রবেশ ইতি ভাবঃ। অনীয়সীমপীতি যোজ্যং॥ ৪॥

সকল ভক্ত জনের হৃদয়ে দুইটী সংস্কারদ্বারা উজ্জ্বল হইয়া কৃষ্ণরতি অতিশয় রূপে বিরাজ করেন এবং ঐ রতি আস্বাদনীয়া হইয়া পরমানন্দ স্বরূপা হয়েন॥

অপর অনুভবাদি মার্গে কৃষ্ণাদি বিভাব দ্বারা ঐ কৃষ্ণরতি পরমানন্দের পরাকাষ্ঠা প্রাপ্ত হয় অর্থাৎ প্রেমরূপে পরিণত হয়, কিন্তু ঐ প্রেম অল্প বিভাবনাদি অবস্থা প্রাপ্ত হইয়া সদ্যঃ আস্বাদনীয় হয়॥

তন্মধ্যে বিভাবাদির সামান্য লক্ষণ যথা॥

কৃষ্ণ, কৃষ্ণভক্ত ও মুরলীনাদাদি যে সকল রতির কারণ

কার্য্যভূতাঃ স্মিতাদ্যাশ্চ তথাষ্টৌ স্তব্ধতাদয়ঃ।
নির্ব্বেদাদ্যাঃ সহায়াশ্চ তে জ্ঞেয়া রসভাবনে।
বিভাবা অনুভাবাশ্চ সাত্ত্বিকা ব্যভিচারিণঃ॥ ৪॥

তত্র বিভাবাঃ॥ ৫॥

তত্র জ্ঞেয়া বিভাবাস্তু রত্যাস্বাদনহেতবঃ।
তে দ্বিধালম্বনা একে তথৈবোদ্দীপনাঃ পরে॥

তদুক্তমগ্নিপুরাণে॥

বিভাব্যতে হি রত্যাদি যত্র যেন বিভাব্যতে।

তত্র বিভাবা লক্ষ্যন্তে ইতি শেষঃ॥ ৫॥

কেন তদাহ তত্র জ্ঞেয়া ইতি। হেতুত্বমত্রবিষয়াশ্রয়ত্বেনোদ্বোধকত্বেনচ জ্ঞেয়ং তথৈবাহ তে দ্বিধা ইতি॥ ৬॥

স্বরূপ, এবং হাস্যাদি যে সকল রতির কার্য্য তথা স্তব্ধতাদি আট ও নির্ব্বেদাদি, এই সকল যথা ক্রমে বিভাব, অনুভাব সাত্ত্বিকভাব ও ব্যভিচারিভাবরূপে কথিত হয়। রসনিষ্পত্তি-বিষয়ে এই চারিটীকে সহায় বলে অর্থাৎ এই চারিটী ব্যতি-রেকে রস নিষ্পন্ন হয় না॥ ৪॥

অথ বিভাব॥ ৫॥

রতির আস্বাদনের কারণকে বিভাব বলে। এই বিভাব দুই প্রকার হয়, আলম্বন ও উদ্দীপন॥

যথা অগ্নিপুরাণে॥

যাহাতে এবং যাহা দ্বারা রতি প্রভৃতি বিভাবনীয় (বিবেচনীয়) হয়, তাহার নাম বিভাব। ঐ বিভাব আলম্বন

বিভাবো নাম স দ্বেধালম্বনোদ্দীপনাত্মকঃ ॥ ৬ ॥

তত্রালম্বনাঃ ॥

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চ বুধৈরালম্বনা মতাঃ।
রত্যাদি র্বিষয়ত্বেন তথাধারতয়াপি চ ॥

অত্র কৃষ্ণঃ ॥

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চেত্যত্রায়ং বিবেকঃ, যমুদ্দিশ্য রতিঃ প্রবর্ত্ততে স বিষয়ঃ। সচ শ্রীকৃষ্ণ এবাত্র। আধারস্তু রতেরাশ্রয়ঃ। সচাত্র মূলং রতেঃ পাত্রং গৃহ্যতে তন্নিঃস্যন্দেন হ্যাধুনিকা অপি ভক্তাঃ স্নিগ্ধা ভবন্তি। স পুনঃ স্থাপয়িষ্যমাণনহারসপূর্ত্তিতল্লীলাপরিকরগণ এব। অন্যত্রাশ্রয়তাতু স্বস্বমত্যনুসারেণ জ্ঞেয়েবং দ্বিবিধালম্বনশালিতাচ তল্লীলাপরিকরাদন্যেষাং তস্মিন্ লীলাপরিকরগণেঽপি পরমমুখ্যমুখ্যাদিতরেষাং পরমমুখ্যমুখ্যাস্তু তু কেবলশ্রীকৃষ্ণালম্বনশালিতা জ্ঞেয়েতি। রত্যাদেরিত্যাদিশব্দাদ্গৌণবক্ষ্যমাণহাসাদয়ো গৃহীতাঃ। রতিশ্চাত্র সজাতীয়ৈব জ্ঞেয়া নতু বিজাতীয়া অনুভবিতুস্তৎসংস্কারাভাবাৎ। বিজাতীয়া স্ববিরোধিনী চেদুদ্দীপন এব তদাধারো ভবতি নত্বালম্বনং। কৃষ্ণস্তরাং বিরোধী রত্যাশ্রয় ইত্যগ্রিমগ্রন্থানুসারেণ জ্ঞেয়ং ॥ ৭ ॥

ও উদ্দীপন ভেদে দুই প্রকার হয়। অর্থাৎ আলম্বন বিভাব ও উদ্দীপন বিভাব ॥ ৬ ॥

তন্মধ্যে আলম্বন যথা ॥

রতির বিষয় ও আধারতা রূপে কৃষ্ণ এবং ভক্ত এই দুইকে পণ্ডিতগণ আলম্বনরূপে কীর্ত্তন করেন। অর্থাৎ শ্রীকৃষ্ণ রতির বিষয়তা রূপে ও ভক্ত আধারস্বরূপে আলম্বন হয়েন॥

তন্মধ্যে কৃষ্ণ যথা।

নায়কানাং শিরোরত্নং কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।
যত্র নিত্যতয়া সর্ব্বে বিরাজন্তে মহাগুণাঃ।
সোঽন্যরূপস্বরূপাভ্যামস্মিন্নালম্বনো মতঃ॥ ৭॥

তত্রান্যরূপেণ যথা॥

হন্ত মে কথমুদেতি সবৎসে
বৎসপালপটলে রতিরত্র।
ইত্যনিশ্চিতমতি র্বলদেবো
বিস্ময়স্তিমিতমূর্ত্তিরিবাসীৎ॥

হন্তেতি। অত্র শ্রীকৃষ্ণে যা রতিঃ সা কথং বৎসপালপটলে উদেতীত্যর্থঃ। স্তিমিতং স্তব্ধত্বং। ইবেতি বাক্যালঙ্কারে॥ ৮॥

নায়কগণের শিরোরত্ন স্বরূপ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ, যাঁহাতে মহা ২ গুণ সকল নিত্য বিরাজমান, তিনি অন্যরূপ এবং স্বরূপভেদে এই রতিতে আলম্বন হইয়া থাকেন॥ ৭॥

তম্মধ্যে অন্যরূপ যথা।

ব্রহ্মমোহনে শ্রীকৃষ্ণ বালক ও বৎস রূপ ধারণ করায় বলদেব বিস্ময় প্রকাশ পূর্ব্বক কহিলেন, কি আশ্চর্য্য! শ্রীকৃষ্ণে আমার যে প্রকার রতি ছিল, সেই রতি পুনরায় কি প্রকারে বৎস এবং বৎসপাল সকলে উদিত হইল? বলদেব এই রূপ নিশ্চয় করিতে না পারিয়া সহসা স্তব্ধ হইলেন॥

অথ স্বরূপ

স্বরূপ দুই প্রকার, আবৃত এবং প্রকট॥

অথ স্বরূপং॥

আবৃতং প্রকটঞ্চেতি স্বরূপং কথিতং দ্বিধা॥

তত্রাবৃতং॥

অন্যবেশাদিমাচ্ছন্নং স্বরূপং প্রোক্তমাবৃতং॥ ৮॥

তেন যথা॥

মাং স্নেহয়তি কিমুচ্চৈ—,
র্মহিলেয়ং দ্বারকাবরোধেঽত্র।
আং বিদিতং কুতকার্থী,
বনিতাবেশো হরিশ্চরতি॥ ৯॥

প্রকটস্বরূপেণ যথা॥

মামিতি শ্রীমদুদ্ধববাক্যং। উচ্চৈরিতি। সর্ব্বতঃ পরমং শ্রীহরিযোগ্যং যথাস্যাত্তথেত্যর্থঃ। অত্র প্রমাণং যোগমায়াবৈভবদর্শনে যথা। অব্যক্তলিঙ্গং প্রকৃতিষন্তঃপুরগৃহাদিষু। কচিজ্জরন্তং যোগেশং তত্তদ্ভাববুভুৎসয়েতি॥ ৯॥

অন্য বেশ দ্বারা আচ্ছাদিত স্বরূপকে আবৃত কহা যায়॥৮॥

আবৃত স্বরূপ যথা

এক দিবস শ্রীকৃষ্ণ দ্বারকা পুরীতে স্ত্রীবেশ ধারণ পূর্ব্বক কৌতুক প্রদর্শন করিতে লাগিলে উদ্ধব অবলোকন করিয়া কহিলেন আহা! দ্বারকা অবরোধে এই মহিলাকে অবলোকন করিয়া আমার হরি দর্শনে যদ্রূপ স্নেহ উদিত হয় তাহার ন্যায় এ আমাকে স্নেহান্বিত করিতেছে। আমার নিশ্চয় বোধ হইল কৌতুক প্রদর্শনার্থ হরিই বনিতার বেশ ধারণ পূর্ব্বক বিচরণ করিতেছেন॥ ৯॥

অয়ং কম্বুগ্রীবঃ কমলকমনীয়াক্ষিপটিমা
তমালশ্যামাঙ্গদ্যুতিরতিতরাং ছত্রিতশিরাঃ।
দরশ্রীবৎসাঙ্কঃ স্ফুরদরিদরাদ্যঙ্কিতকরঃ
করোত্বুচ্চৈর্মোদং মম মধুরমূর্ত্তির্মধুরিপুঃ ॥ ১০ ॥

অথ তদ্গুণাঃ ॥

অয়ং নেতা সুরম্যাঙ্গঃ সর্ব্বসল্লক্ষণান্বিতঃ।

অয়মিত্যপি তদ্বাক্যং। কমলৈরপি কমনীয়ঃ। অক্ষিপটিমা নেত্রয়োঃ সৌন্দর্য্যাতিশয়ো যস্য সঃ। তমালবৎ শ্যামা শ্যাগতয়া বিরাজন্তী অঙ্গস্য দ্যুতি র্যস্য সঃ। পাঠান্তরং ত্যক্তং। দর ঈষদ্যত্নাদেব নিরীক্ষ্যঃ শ্রীবৎসরূপোঽঙ্কো লক্ষণং যত্র। অরি চক্রং দরঃ শঙ্খঃ তাবেতৌ করস্থাবঙ্কত্বেন জ্ঞেয়ৌ অতিতরামিতি সর্ব্বত্রান্বিতং ॥ ১০ ॥

অথ তদ্গুণা ইতি তত্র গুণা দ্বেধা নিরূপ্যন্তে প্রাধান্যেনোপসর্জনত্বেন চ

শ্রীকৃষ্ণের স্বাভাবিক রূপ দর্শন করিয়া কহিলেন শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য রূপ !, ইহাঁর গ্রীবা কম্বুসদৃশ, নেত্র-সৌন্দর্য্য এরূপ আশ্চর্য্য, যে, কমলের কমনীয়-মূর্ত্তিকেও জয় করিয়াছে,অপর অঙ্গ তমালতুল্য অতিশয় শ্যামবর্ণ,মস্তক ছত্র-শোভিত,ঈষৎ শ্রীবৎসের চিহ্ন,করে শঙ্খচক্রাদি চিহ্ন ইত্যাদি সুন্দরাবয়ব হইয়া মধুরিপুর মধুর মূর্ত্তি আমাকে অতিশয় আনন্দ প্রদান করিতেছেন ॥ ১০ ॥

অথ শ্রীকৃষ্ণের গুণ ॥

নায়কস্বরূপ শ্রীকৃষ্ণের গুণ এই যে, ইনি সুরম্যাঙ্গ। ১। সর্ব্ব সল্লক্ষণান্বিত। ২। রুচির। ৩। তেজস্বী। ৪। বলী-

রুচিরস্তেজসা যুক্তো বলীয়ান্ বয়সান্বিতঃ।
বিবিধাদ্ভুতভাষাবিৎ সত্যবাক্যঃ প্রিয়ংবদঃ।
বাবদূকঃ সুপাণ্ডিত্যো বুদ্ধিমান্ প্রতিভান্বিতঃ।
বিদগ্ধ শ্চতুরো দক্ষঃ কৃতজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
দেশকালসুপাত্রজ্ঞঃ শাস্ত্রচক্ষুঃ শুচির্বশী।
স্থিরো দান্তঃ ক্ষমাশীলো গম্ভীরো ধৃতিমান্ সমঃ।
বদান্যো ধার্ম্মিকঃ শূরঃ করুণো মান্যমানকৃৎ।
দক্ষিণো বিনয়ী হ্রীমান্ শরণাগতপালকঃ।
সুখী ভক্তসুহৃৎ প্রেমবশ্যঃ সর্ব্বশুভঙ্করঃ।
প্রতাপী কীর্ত্তিমান্ রক্তলোকঃ সাধুসমাশ্রয়ঃ।

ক্বচিৎ সুরম্যাঙ্গত্বমিত্যাদিনা চেতি যত্র প্রথমেন নিরূপ্যন্তে তত্র তেযামুদ্দী-

---

য়ান্। ৫। বয়সান্বিত। ৬। বিবিধ অদ্ভুত ভাষাজ্ঞ। ৭। সত্যবাক্য। ৮। প্রিয়ম্বদ। ৯। বাবদুক। ১০। সুপণ্ডিত।১১। বুদ্ধিমান্। ১২। প্রতিভান্বিত।১৩। বিদগ্ধ। ১৪। চতুর।১৫। দক্ষ। ১৬। কৃতজ্ঞ। ১৭। সুদৃঢ়ব্রত। ১৮। দেশকালসুপা-ত্রজ্ঞ। ১৯। শাস্ত্রচক্ষুঃ। ২০। শুচি। ২১। বশী। ২২। স্থির। ২৩। দান্ত। ২১। ক্ষমাশীল। ২৫। গম্ভীর। ২৬। ধৃতিমান্। ২৭। সম। ২৮। বদান্য। ২৯। ধার্ম্মিক। ৩০। শূর। ৩১। করুণ। ৩২। মান্যমানকৃৎ। ৩৩। দক্ষিণ। ৩৪। বিনয়ী। ৩৫। হ্রীমান্। ৩৬। শরণাগত-পালক। ৩৭। সুখী। ৩৮। ভক্তসুহৃৎ। ৩৯। প্রেমবশ্য। ৪০। সর্ব্ব শুভ-ঙ্কর। ৪১। প্রতাপী। ৪২। কীর্ত্তিমান্। ৪৩। রক্তলোক ৪৪

নারীগণমনোহারী সর্ব্বারাধ্যঃ সমৃদ্ধিমান্।
বরীয়ানীশ্বরশ্চেতি গুণাস্তস্যানুকীর্ত্তিতাঃ।
সমুদ্রা ইব পঞ্চাশদ্দুর্বিগাহা হরেরমী ॥ ১১ ॥
জীবেষ্বেতে বসন্তোঽপি বিন্দুবিন্দুতয়া কচিৎ।
পরিপূর্ণতয়া ভান্তি তত্রৈব পুরুষোত্তমে।
তথাহি পাদ্মে পার্ব্বত্যৈ শিতিকণ্ঠেন তদ্গুণাঃ।
কন্দর্পকোটিলাবণ্য ইত্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১২ ॥

পনস্বং যত্র দ্বিতীয়েন তত্রালম্বনত্বং। তদেবং যত্রালম্বনপ্রকরণে দ্বিতীয়েনৈবাহ অয়মিতি। অয়ং শ্রীকৃষ্ণাখ্যো নেতা নায়কঃ ॥ ১১ ॥

কচিদিতি। ভগবদনুগৃহীতেষ্বিত্যেব মুখ্যতয়াঙ্গীকৃতং। অতএব বিন্দুত্বমপি অন্যেষু তু তদাভাসত্বমেব জ্ঞেয়ং ॥ ১২ ॥

সাধুসমাশ্রয়। ৪৫। নারীগণমনোহারী। ৪৬। সর্ব্বারাধ্য ৪৭ সমৃদ্ধিমান্। ৪৮। বরীয়ান্। ৪৯। ঈশ্বর। ৫০। হরির এই পঞ্চাশৎ গুণ, ইহা সমুদ্রের ন্যায় দুর্ব্বিগাহ ॥ ১১ ॥

এই সমস্ত গুণ যদি জীবগণে থাকা সম্ভব হয়, তবে যে যে জীব ভগবানের অনুগৃহীত সেই জীব বিন্দু বিন্দু রূপে অবস্থিতি করে, কিন্তু ভগবান্ পুরুষোত্তমে এই সমস্ত গুণ সম্পূর্ণ রূপে বিরাজ করিতেছে ॥

পরন্তু, পদ্মপুরাণে ভগবান্ শিতিকণ্ঠ পার্ব্বতীর প্রতি শ্রীকৃষ্ণের কন্দর্প কোটি-লাবণ্য প্রভৃতি গুণ সকল কীর্ত্তন করিয়াছেন ॥ ১২ ॥

অতএব গুণাঃ প্রায়ো ধর্ম্মায় বনমালিনঃ।
পৃথিব্যা প্রথমস্কন্ধে প্রথয়াঞ্চক্রিরে স্ফুটং॥

যথা॥

সত্যং শৌচং দয়া ক্ষান্তিস্ত্যাগঃ সন্তোষ আর্জ্জবং।
শমোদম স্তপং সাম্যং তিতিক্ষোপরতিঃ শ্রুতং।
জ্ঞানং বিরক্তি রৈশ্বর্য্যং শৌর্য্যং তেজো বলং স্মৃতিঃ।
স্বাতন্ত্র্যং কৌশলং কান্তির্ধৈর্য্যং মার্দ্দবমেবচ।
প্রাগল্ভ্যং প্রশ্রয়ঃ শীলং সহ ওজো বলং ভগঃ।
গাম্ভীর্য্যং স্থৈর্য্যমাস্তিক্যং কীর্ত্তির্মানোঽনহঙ্কৃতিঃ।
ইমে চান্যে চ ভগবন্নিত্যা যত্র মহাগুণাঃ।
প্রার্থ্যা মহত্ত্বমিচ্ছদ্ভির্ন বিয়ন্তি স্ম কর্হিচিৎ॥ ১৩॥

ধর্ম্মায় ধর্ম্মরূপং দেবং বোধয়িতুমিত্যর্থঃ। ক্রিয়ার্থোপপদস্যচ কর্ম্মণি স্থানিন ইতি স্মরণাচ্চতুর্থী॥ ১৩॥

অতএব শ্রীমদ্ভাগবতের প্রথমস্কন্ধে পৃথিবী ধর্ম্মরূপি-দেবকে জানাইবার নিমিত্ত ভগবান্ বনমালির ঐ সমস্ত গুণ স্পষ্টরূপে বিস্তার করিয়া বর্ণন করিয়াছেন॥

যথা, পৃথিবী কহিলেন হে ধর্ম্ম! যাঁহারা মহত্ত্ব প্রাপ্তির ইচ্ছা করেন তাঁহারা সত্য, শৌচ, দয়া, ক্ষান্তি, ত্যাগ, সন্তোষ, ঋজুতা, শম, দম, তপস্যা, সাম্য, তিতিক্ষা, উপরতি, শ্রুত, জ্ঞান, বিরক্তি, ঐশ্বর্য্য, শৌর্য্য, তেজ, বল, স্মৃতি, স্বাতন্ত্র্য, কৌশল, কান্তি, ধৈর্য্য, মার্দ্দব, প্রাগল্ভ্য, প্রশ্রয় শীল, সহ, ওজ, বল, ভগ, গাম্ভীর্য্য, স্থৈর্য্য, আস্তিক্য, কীর্ত্তি, মান ও অহঙ্কার শূন্যতা প্রভৃতি গুণ সকল কখন পরিত্যাগ করেন না॥ ১৩॥

অথ পঞ্চগুণা যে স্যুরংশেন গিরিশাদিষু ॥ ১৪ ॥
সদা স্বরূপসংপ্রাপ্তঃ সর্ব্বজ্ঞো নিত্যনূতনঃ।
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ১৫ ॥
অথোচ্যন্তে গুণাঃ পঞ্চ যে লক্ষ্মীশাদিবর্ত্তিনঃ।
অবিচিন্ত্য মহাশক্তিঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ।
অবতারাবলীবীজং হতারিগতিদায়কঃ।

অংশেন যথাসম্ভব স্বাংশেন গিরিশাদিষু শ্রীশিবাদিষু। আদিগ্রহণাৎ কচিৎ দ্বিপরার্দ্ধাদৌ সাক্ষাদ্ভগবদবতারব্রহ্মাদয়ো গৃহ্যন্তে ॥ ১৪ ॥

সচ্চিদানন্দেতি। শ্রীভগবৎপক্ষে সচ্চিদানন্দস্বরূপঞ্চ তৎসান্দ্রং বস্ত্বন্তরা-প্রবেশ্যঞ্চাঙ্গং যস্য স ইতি বিগ্রহঃ। শিবপক্ষে, সচ্চিদানন্দেন শ্রীভগবতা সান্দ্রং তাদাত্ম্যং প্রাপ্তমঙ্গং যস্য সঃ ॥ ১৫ ॥

অথোচ্যন্তে ইতি যুগলং। লক্ষ্মীশোঽত্র পরব্যোমাধিনাথঃ শ্রীনারায়ণঃ। আদি শব্দান্মহাপুরুষাদয়োঽপি গৃহ্যন্তে। তত্রাবিচিন্ত্যমহাশক্তিত্বং লক্ষ্মীশে

অপর, শ্রীকৃষ্ণের অন্য পাঁচটী গুণ যাহা আংশিক রূপে সদাশিব এবং ব্রহ্মাদিতে বর্ত্তমান তাহাও কীর্ত্তন করি-তেছি ॥ ১৪ ॥

যথা, সদা স্বরূপসংপ্রাপ্তি। ১। সর্ব্বজ্ঞ। ২। নিত্য-নূতন। ৩। সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ। ৪। এবং সর্ব্বসিদ্ধি নিষেবিত ॥ ১৫ ॥

অপর শ্রীনারায়ণাদির অনুবর্ত্তী পঞ্চ গুণ কীর্ত্তন করি, অবিচিন্ত্য, মহাশক্তি। ১। কোটি ব্রহ্মাণ্ড বিগ্রহ। ২। অব-তারাবলীবীজ। ৩। হতারিগতিদায়ক। ৪। ও আত্মারাম

আত্মারামগণাকর্ষীত্যমী কৃষ্ণে কিলাদ্ভুতাঃ ॥ ১৬ ॥
সর্ব্বাদ্ভুতচমৎকারলীলাকল্লোলবারিধিঃ।

জ্ঞেয়ং। মহাপুরুষাদ্যবতারকর্তৃত্বাৎ। কোটিব্রহ্মাণ্ডব্যাপী বিগ্রহো যস্যেতি মধ্যপদলোপী সমাসঃ। তস্মাদব্যাপিবিগ্রহত্বং মহাপুরুষে। মায়াস্রষ্টূ-স্তস্যৈব তদুপাধিত্বাৎ। যথা, ব্রহ্মসংহিতায়াং। যস্যৈকনিঃশ্বসিতকাল-মথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ। বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো গোবিন্দমিতি। অবতারাবলীবীজত্বং পূর্ব্বয়োর্দ্বয়োর্যথা-সম্ভবমন্যত্র চ। গতিঃ সর্গাদিরূপোঽর্থঃ। সতু ভগবদ্দ্বেষিণামন্যেন কেনাপি কর্ম্মণা ন সম্ভবতীতি। যথোক্তং গীতাসু। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসা-রেষু নরাধমান্। ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু। আসুরীং যোনি-মাপন্না মূঢ়া জন্মনি জন্মনি। মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতি-মিতি। আত্মারামগণাকর্ষিত্বং শ্রীমদ্বিকুণ্ঠাসুতাদাবপি তৃতীয়স্কন্ধাদিষু প্রসিদ্ধং। কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি নরলীলাময়ত্বেনৈব তত্তদাবির্ভাবনাৎ। কিঞ্চ। অবিচিন্ত্যেতি অবতারেতি চ স্বয়ং ভগবত্ত্বাৎ। স্বয়ং ভগবত্ত্বেঽপি জিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ। কোটীতি। তানি ব্যাপ্যাপি বৈকুণ্ঠাদি ব্যাপি-ত্বাৎ হতেতি। মোক্ষভক্তিপর্য্যন্তগতিদাতৃত্বাদদ্ভুতত্বং জ্ঞেয়ং। তদেবং পরম-ব্যোমনাথাদীনতিক্রম্য কৃষ্ণস্যৈব বিস্ময়কারিত্বে স্থিতে ভবতু নাম গিরি-শাদিষংশেন তত্তদ্গুণত্বং। কিন্তু সুতরামেব শ্রীকৃষ্ণানুভবিষু ন তেষাং বিস্ময়কারিত্বমিতি ব্যঞ্জিতং। যথোক্তং। যন্মর্ত্ত্যলীলৌপয়িকমিতি গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্য রূপমিতি চ ॥ ১৬ ॥

সর্ব্বাদ্ভুতেত্যাদিকস্তূদাহরণে বিবেচনীয়ং। অতুল্যেত্যাদি দ্বয়ে ষষ্ঠ্যান্ত-

---

গণাকর্ষী, এই পাঁচ গুণ শ্রীকৃষ্ণে অদ্ভুতরূপে বিরাজিত ॥১৬॥

অপর, সর্ব্বাদ্ভুত চমৎকারলীলা কল্লোল বারিধি। ১।

অতুল্যমধুরপ্রেমমণ্ডিতপ্রিয়মণ্ডলঃ।
ত্রিজগন্মানসাকর্ষী মুরলীকলকূজিতঃ।
অসমানোর্দ্ধরূপশ্রীবিস্মাপিতচরাচরঃ ॥ ১৭ ॥
লীলাপ্রেম্নাপ্রিয়াধিক্যং মাধুর্য্যে বেণুরূপয়োঃ।
ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দস্য চতুষ্টয়ং ॥ ১৮ ॥
এবং গুণাশ্চতুর্ভেদা চতুঃষষ্টিরুদাহৃতাঃ।

পদার্থো বহুব্রীহিঃ ॥ ১৭ ॥

তানেব চতুরো গুণান্ সংক্ষিপ্য দর্শয়তি। লীলেতি প্রথমঃ। প্রেম্ন-প্রিয়াণামাধিক্যমিতি তাদৃশপ্রিয়জনবিরাজমানত্বমিত্যর্থঃ। তচ্চ দ্বিতীয়ে। বেণুমাধুর্য্যমিতি তৃতীয়ঃ। রূপমাধুর্য্যমিতি চতুর্থঃ। তদেবং নিরূপ্যানুভববিশেষাৎ প্রৌঢ়িবাদেনাহ ইত্যসাধারণমিতি। তদেবমপি সিদ্ধান্ততস্তভেদেঽপীত্যাদৌ রসেনোৎকৃষ্যতে কৃষ্ণরূপমিতি যদুক্তং তত্তৃপ-লক্ষণমেব জ্ঞেয়ং ॥ ১৮ ॥

চতুর্ভেদা ইতি। তত্র পঞ্চাশত্তমপর্য্যন্তঃ প্রথমঃ পঞ্চপঞ্চাশত্তমপর্য্যন্তো দ্বিতীয়ঃ ষষ্টিতমপর্য্যন্ত স্তৃতীয়ঃ চতুঃষষ্টিপর্য্যন্ত শ্চতুর্থইতি ভেদো বর্গঃ।

অতুল্য মধুর প্রেম মণ্ডিত প্রিয় মণ্ডল।২। ত্রিজগন্মানসাকর্ষী মুরলীকলকূজিত।৩। এবং অসমানোর্দ্ধরূপ শ্রীবিস্মাপিত চরাচর।৪॥ ১৭ ॥

অর্থাৎ লীলা ও প্রেম দ্বারা প্রিয়াগণের আধিক্য। বেণু-মাধুর্য্য ও রূপ-মাধুর্য্য, গোবিন্দের এই চারিটী অসাধারণ গুণ ॥ ১৮ ॥

উক্ত চারি গুণ সহ শ্রীকৃষ্ণের চতুঃষষ্টি গুণ, ইহাদের

সোদাহরণমেতেষাং লক্ষণং ক্রিয়তে ক্রমাৎ ॥

তত্র সুরম্যাঙ্গঃ ॥

শ্লাঘ্যাঙ্গসন্নিবেশো যঃ সুরম্যাঙ্গঃ স কথ্যতে ॥ ১৯ ॥

যথা ॥

মুখং চন্দ্রাকারং করভনিভমূরুদ্বয়মিদং
ভুজৌ স্তম্ভারম্ভৌ সরসিজবরেণ্যং করযুগং।

সোদাহরণমিতি। অত্রোদাহরণানি চতুর্ভিঃ প্রমাণৈ র্দ্ধানি। শাস্ত্রেণ তত্তাৎপর্য্যেণ তদনুসারিমহাজনপ্রসিদ্ধ্যা তত্তদনুসারিসম্ভবেন চ তানি পুনর্দ্বিবিধানি ভগবত্তয়া চমৎকারকরাণি মনুষ্যলীলয়া চেতি। তত্র ভগবত্বেঽপি মনুষ্যলীলয়া চমৎকারকরত্বং। তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যত ইতি প্রপঞ্চনিষ্প্রপঞ্চোঽপীত্যাদিন্যায়েন চ। যথৈব বর্ণিতং পৃথিব্যা সত্যং শৌচমিত্যাদিনা। যথা চাত্রৈব দর্শয়িষ্যতে। পশ্য বিন্ধ্যগিরিতোঽপিগরিষ্ঠমিত্যাদিভিঃ ॥ ১৯ ॥

মুখমিতি যদ্যপি পূর্ব্বানুসারেণ চন্দ্রাদয় স্তস্য দৃষ্টান্তিতা লেশমপি নার্হন্তি তথাপি সাধারণলোকানাং তদ্দ্বারা তন্মহিমপ্রবেশার্থমেব তে দৃষ্টান্তিতাঃ। যত্র তু তদন্তরঙ্গপরিকরৈরপি তাদৃশং বর্ণ্যতে তত্র সাক্ষাৎ ভগবদ্বিভূতিরূপ-

---

উদাহরণ ও লক্ষণ ক্রমশঃ প্রদর্শিত হইতেছে ॥

তন্মধ্যে সুরম্যাঙ্গ যথা ॥

প্রশংসিত রূপে অঙ্গের যে সন্নিবেশ অর্থাৎ সুগঠন তাহাকে সুরম্যাঙ্গ বলে ॥ ১৯ ॥

যথা, আহা! মুরারির কি আশ্চর্য্য মধুরিমা স্ফূর্ত্তি পাইতেছে, বদনচন্দ্রতুল্য, ঊরুদ্বয় করিশুণ্ডের ন্যায়, ভুজ

কবাটাভং বক্ষঃস্থলমবিরলং শ্রোণিফলকং
পরিক্ষামো মধ্যঃ স্ফুরতি মুরহন্তুর্মধুরিমা॥

সর্ব্বসল্লক্ষণান্বিতঃ॥ ২॥

তনৌ গুণোত্থমঙ্কোত্থমিতি সল্লক্ষণং দ্বিধা॥

তত্র গুণোত্থং॥

গুণোত্থং স্যাদ্ গুণৈর্যোগো রক্ততা তুঙ্গতাদিভিঃ॥ ২০॥

যথা।

রাগঃ সপ্তসু হন্ত ষট্স্বপি শিশোরঙ্গেষ্বলং তুঙ্গতা

তল্লীলাপরিকরাশ্চন্দ্রাদয় এষ দৃষ্টান্তিতা ইতি সর্ব্বত্র জ্ঞেয়ং। তদেতদভিপ্রেত্যৈব তদপ্যনাহত্য কেবলানুবাদেনৈবাহ অবিরলমিত্যাদি। অবিরলমিতি স্থূলত্বাদিভক্তাবয়বত্বেন বিবেক্তুমশক্যমিত্যর্থঃ॥ ২০॥

রাগ ইতি শ্রীমদ্ব্রজেশ্বরং প্রতি কস্যচিৎ সবয়সো গোপস্য বাক্যমিদং

যুগল স্তম্ভ সদৃশ, করদ্বয় প্রশস্ত পদ্ম সদৃশ, বক্ষঃস্থল কবাট তুল্যবিস্তৃত, নিতম্বযুগল নিবিড়, মধ্যদেশ অতিক্ষীণ॥

সর্ব্বসল্লক্ষণান্বিত॥ ২॥

শরীরে গুণোত্থ এবং অঙ্কোত্থভেদে সল্লক্ষণ দুই প্রকার হইয়া থাকে॥

তন্মধ্যে গুণোত্থ সল্লক্ষণ যথা॥

শরীরে উন্নতাদি গুণযোগকেই গুণোত্থ সল্লক্ষণ কহা যায়॥

যথা—

শ্রীমান্ নন্দকে তাঁহারই কোন সমবয়স্ক গোপ কহিল

বিস্তারস্ত্রিষু খর্ব্বতা ত্রিষু তথা গম্ভীরতাচ ত্রিষু।
দৈর্ঘ্যং পঞ্চসু কিঞ্চ পঞ্চসু সখে সংপ্রেক্ষ্যতে সূক্ষ্মতা
দ্বাত্রিংশদ্বরলক্ষণঃ কথমসৌ গোপেষু সম্ভাব্যতে॥

সপ্তসু। নেত্রান্তপাদকরতলতাল্বধরোষ্ঠজিহ্বানখেষু ষট্সু বক্ষঃস্কন্ধনখ-নাসিকাকটিমুখেষু। ত্রিষু কটিললাটবক্ষঃসু। কেচিৎ কটিস্থানে শিরঃ পঠন্তি। পুনস্ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু। পুন স্ত্রিযু নাভিস্বরসত্ত্বেষু। পঞ্চসু নাসাভুজনেত্রহনুজানুষু। পুনঃ পঞ্চসু ত্বক্‌কেশলোমদন্তাঙ্গুলি-পর্ব্বসু। তথৈব মহাপুরুষলক্ষণে সামুদ্রকপ্রসিদ্ধেঃ। দ্বাত্রিংশদ্বরাণি তত্ত-

---

হে গোপরাজ! তোমার এই অঙ্গজের অঙ্গে যে দ্বাত্রিংশৎ সল্লক্ষণ দেখিতেছি, ইহাতে ইহাঁর গোপগৃহে জন্ম হওয়া অতীব বিস্ময় জনক বোধ হইতেছে, কারণ এই বালকের শরীরের সাত স্থানে রক্তিমা, ছয় অঙ্গে তুঙ্গতা, তিন অঙ্গে বিস্তার (পরিসর), তিন অঙ্গে খর্ব্বতা, তিন অঙ্গে গম্ভীরতা, পাঁচ অঙ্গে দীর্ঘ্যতা এবং পাঁচ স্থানে সূক্ষ্মতা অর্থাৎ নেত্র, পাদ, করতল, অধর, ওষ্ঠ, জিহ্বা ও নখ এই সাত অঙ্গে রক্তিমা। বক্ষঃ, স্কন্ধ, নখ, নাসিকা, কটি ও মুখ এই ছয় অঙ্গে তুঙ্গতা (উচ্চতা)। কটি, ললাট, ও বক্ষঃ এই তিন অঙ্গে বিস্তার। গ্রীবা, জঙ্ঘা, শিশ্ন এই তিন অঙ্গে খর্ব্বতা। নাভি, স্বর, বুদ্ধি এই তিনের গম্ভীরতা। নাসা, ভুজ, নেত্র, হনু (কপোলের পর ভাগ) ও জানু এই পাঁচ অঙ্গে দীর্ঘতা। এবং ত্বক্ (চর্ম্ম), কেশ, লোম, দন্ত, অঙ্গুলিপর্ব্ব এই পাঁচ অঙ্গে সূক্ষ্মতা। এই বত্রিশ প্রকার মহাপুরুষের লক্ষণ॥

অঙ্কোত্থং॥

রেখাময়ং রথাঙ্গাদি স্যাদঙ্কোত্থং করাদিষু॥ ২১॥

যথা।

করয়োঃ কমলং তথা রথাঙ্গং
স্ফুটরেখাময়মাত্মজস্য পশ্য।

লক্ষণেভ্যো গোপেভ্যোঽন্যেভ্যোঽপি শ্রেষ্ঠানি লক্ষণানি যস্য সঃ। গোপেষু কথমিতি ভগবদবতারাদিষপ্যেতাদৃশত্বাশ্রবণাদিতি ভাবঃ॥ ২১॥

করয়োরিতি কস্যাশ্চিদ্বৃদ্ধগোপ্যা বচনং। উপলক্ষণান্যেবৈতানি চিহ্নানি। পদ্মপুরণাদিদৃষ্ট্যান্যান্যপ্যসাধারণানি জ্ঞেয়ানি। তানিচ যথা পদ্মপুরাণে, ব্রহ্মোবাচ। শৃণু নারদ বক্ষ্যামি পাদয়োশ্চিহ্নলক্ষণং। ভগবৎকৃষ্ণরূপস্য হ্যানন্দৈকঘনস্যচ। অবতারা হ্যসংখ্যাতাঃ কথিতা মে তবাগ্রতঃ। পরং সম্যক্ প্রবক্ষ্যামি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং। দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থমৃষীণাঞ্চ তথৈবচ। আবির্ভূতস্তু ভগবান্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। যৈরেব জ্ঞায়তে দেবো ভগবান্ ভক্তবৎসলঃ। তান্যহং বেদ নান্যোঽস্তি সত্যমেতন্ময়োদিতং। ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে

অঙ্কোত্থ সল্লক্ষণ যথা।

হস্তাদিতে যে সকল রথাঙ্কাদি (চক্রাদি) রেখা তাহা-কেই অঙ্কোত্থ সল্লক্ষণ কহা যায়॥ ২১॥

যথা।

কোন বৃদ্ধা গোপী গোপরাজকে সম্বোধন করিয়া কহিলেন হে বল্লবেন্দ্র! তোমার এই আত্মজের করদ্বয়ে কমল ও চক্রের রেখা, তথা চরণদ্বয়ে ধ্বজ, বজ্র, অঙ্কুশ, মীন

পদপল্লবয়োশ্চ বল্লবেন্দ্র-
ধ্বজবজ্রাঙ্কুশমীনপঙ্কজানি ॥ ২২ ॥

অথ রুচিরঃ ॥ ৩ ॥

সৌন্দর্য্যেন দৃগানন্দকারী রুচির উচ্যতে ॥ ২৩ ॥

যথা তৃতীয়ে।

সপ্ত এব চ। ধ্বজঃ পদ্মং তথা বজ্রমঙ্কুশো যব এবচ। স্বস্তিকঞ্চোর্দ্ধরেখাচ অষ্টকোণং তথৈবচ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ দক্ষিণে ভগবৎপদে। সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাম্প্রতং বৈষ্ণবোত্তম। ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকং অম্বরং মৎস্যচিহ্নঞ্চ 'গোষ্পদং সপ্তমং স্মৃতং। অঙ্কান্যেতানি ভো বিদ্বন্ দৃশ্যন্তে তু যদা কদা। কৃষ্ণাখ্যং তু পরং ব্রহ্ম ভুবি জাতং নশংশয়ঃ। দ্বয়ং বাথ ত্রয়ং বাথ চত্বারঃ পঞ্চ চৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ অবতারে কথঞ্চনেত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃনু দেবর্ষিসত্তম। জম্বুফলসমাকারং দৃশ্যতে যত্র কুত্রচিদিত্যন্তং। শাস্ত্রান্তরেষু তাপন্যাগমবারাহাদিষু। শঙ্খচক্রছত্রাণি জ্ঞেয়ানি ॥ ২২ ॥

সৌন্দর্য্যেণ কান্ত্যা ॥ ২৩ ॥

বিধাতুরর্ব্বাক্ সৃতৌ কৌশলং তদিহ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে কার্ৎস্ন্যেন গতং

এবং পঙ্কজাদির চিহ্ন সকল স্পষ্ট রূপে দেদীপ্যমান রহিয়াছে অবলোকন কর ॥ ২২ ॥

অথ রুচির ॥ ৩ ॥

সৌন্দর্য্যদ্বারা নয়নের যে আনন্দকারিতা, তাহাকে রুচির বলে ॥ ২৩ ॥

যথা——তৃতীয় স্কন্ধে। ২ অ। ১৩ শ্লোকে ॥

ভগবান্ মনোহরমূর্ত্তি ধারণ করিয়াই ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরের

যদ্ধর্ম্মসূনো র্বত রাজসূয়ে
নিরীক্ষ্য দৃক্স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কাৎ্স্ন্যেন চাদ্যেহ গতং বিধাতু-
রর্ব্বাক্ স্থতৌ কৌশলমিত্যমন্যত॥ ২৪॥

যথা বা—

অষ্টানাং দনুজভিদঙ্গপঙ্কজানা-
মেকস্মিন্ কথমপি যত্র বল্লবীনাং।
লোলাক্ষিভ্রমরততিঃ পপাত তস্মা-
ন্নোত্থাতুং দ্যুতিমতি পঙ্কিলাৎ ক্ষমাসীৎ॥

প্রবিষ্টমিত্যমন্যত অন্বভূৎ। তাদৃক দেশান্তর্ভূতমেতৎ সর্ব্বগিত্যর্থঃ। অমংস্তেতি পাঠস্ত লিখনভ্রমাদেব॥ ২৪॥

পূর্ব্বত্র সুরম্যাঙ্গত্বমিশ্রং রুচিরত্বং বর্ণিতমিত্যপরিতোষাৎ শুদ্ধোদাহরণং

রাজসূয় যজ্ঞে গমন করিয়াছিলেন, তথায় ত্রিভুবনস্থ যে সকল লোক উপস্থিত হয় তাহারা সেই নয়নানন্দপ্রদ রূপ নিরীক্ষণ করিয়া এই অনুমান করিয়াছিল যে, বিধাতার মনুষ্যনির্ম্মাণ-বিষয়ে যে নৈপুণ্য ছিল, তাহা বুঝি সমুদায় এই মূর্ত্তি নির্ম্মাণেই পরিক্ষীণ হইয়াছে॥ ২৪॥

অথবা॥

দৈত্যারি শ্রীকৃষ্ণের আটটী অঙ্গ পঙ্কজের অর্থাৎ মুখ, নেত্রযুগল, করদ্বয়, নাভি ও চরণযুগল এই অষ্টাঙ্গের মধ্যে কোনও এক অঙ্গে বল্লবীগণের চঞ্চল লোচনরূপ অলিকুল পতিত হইয়া ঐ অঙ্গদ্যুতিরূপ পঙ্ক হইতে কোনক্রমেই পুনরুত্থান করিতে সমর্থ হইতেছে না॥

তেজসা যুক্তঃ ॥ ৪ ॥

তেজো ধাম প্রভাবশ্চেত্যুচ্যতে দ্বিবিধং বুধৈঃ ॥

তত্র ধাম ॥

তেজোরাশির্ভবেদ্ধাম ॥ ২৫ ॥

যথাবা—

অম্বরমণিনিকুরম্বং বিড়ম্বয়ন্নপি মরীচিকুলৈঃ।
হরিবক্ষসি রুচিনিবিড়ে মণিরাড়য়মুড়ুরিব স্ফুরতি ॥

প্রভাবঃ ॥

পুনরাহ যথাবেতি। অষ্টানাং মুখনেত্রযুগকরযুগনাভিচরণযুগরূপাণাং উপলক্ষণানি চৈতানি অন্যেষামঙ্গানাং ॥ ২৫ ॥

অথ তেজসা যুক্ত॥ ৪ ॥

ধাম ও প্রভাব এই দুইকে পণ্ডিতগণ তেজ কহিয়া থাকেন ॥

তন্মধ্যে ধাম যথা ॥

তেজোরাশির নাম ধাম ॥ ২৫ ॥

যথা।

কৌস্তুভ মণিরাজ স্বীয় তেজোরাশি দ্বারা সূর্য্য সমূহকে বিড়ম্বিত করিয়া নিবিড় রুচিকর হরিবক্ষে একটী নক্ষত্রের ন্যায় প্রকাশ পাইতেছে ॥

অথ প্রভাব ॥

প্রভাবো দুষ্প্রধর্ষতা। প্রভাবঃ সর্ব্বজিৎ স্থিতিঃ॥

যথা—

দূরত স্তমবলোক্য মাধবং
কোমলাঙ্গমপি রঙ্গমণ্ডলে।
পর্ব্বতোদ্ভট ভুজান্তরোঽপ্যসৌ
কংসমল্লনিবহঃ স বিব্যথে॥

বলীয়ান্॥ ৫॥

প্রাণেন মহতা পূর্ণো বলীয়ানিতি কথ্যতে॥

যথা—

পশ্য বিন্ধ্যগিরিতো ঽপি গরিষ্ঠং

অম্বরেতি। যদ্যপ্যেতদেব তত্ত্বং তথাপি লৌকিকলীলারক্ষার্থং স্বস্য তস্যাচ তেজোগোপনমপি করোতি শ্রীভগবানিতি সূর্য্যাদিতেজসামপি তত্র ভানং

দুর্দ্ধর্ষতা ও সর্ব্বপরাজয়কারি তেজকে প্রভাব কহে॥

যথা॥

যাহাদের ভুজান্তর পর্ব্বত সদৃশ সেই কংস মল্লগণ, যদিচ শ্রীকৃষ্ণের অঙ্গ সকল কোমল তথাপি দূর হইতে তাঁহাকে অবলোকন করিয়াই ব্যথিত হইতে লাগিল॥

অথ বলীয়ান্॥ ৫॥

যে ব্যক্তি অতিশয় বলবান্ তাহাকে বলীয়ান্ কহে॥

যথা—

হে সখি! অবলোকন কর, গিরি-অপেক্ষা গরিষ্ঠ অথচ উন্নত অরিষ্টাসুরকে পুণ্ডরীকনয়ন পিণ্ডিত (মুষ্টীকৃত)

দৈত্যপুঙ্গবমুদগ্রমরিষ্টং।
তূলখণ্ডমিব পিণ্ডিতমারাৎ
পুণ্ডরীকনয়নো বিনুনোদ ॥

যথা বা।

বামস্তামরসাক্ষস্য ভুজদণ্ডঃ স পাতু বঃ।
ক্রীড়াকন্দুকিতাং যেন নীতো গোবর্দ্ধনো গিরিঃ ॥ ২৬ ॥

বয়সান্বিতঃ ॥ ৬ ॥

বয়সো বিবিধত্বেঽপি সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ।

জ্ঞেয়ং। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত ইত্যাদ্যুক্তেঃ। এবমন্যত্রাপি। কৌস্তুভমণিরুড়ুরিবেতি বা পাঠঃ ॥ ২৬ ॥

বয়োঽত্র কৌমারপৌগণ্ডকৈশোরাখ্যত্রয়াত্মকং ক্রমপ্রাপ্তং জ্ঞেয়ং তেনান্বিতসদৃশতয়া লব্ধ ইতি বয়স্তদ্বতোর্দ্বয়োরপি প্রাশস্ত্যমুক্তং। পশ্চাৎ সাদৃশ্যয়োরন্বুরিত্যমরঃ। বয়স ইতি। ধর্ম্মাঃ সর্ব্বে গুণাঃ সন্ত্যস্মিন্নিতি ধর্ম্মী পূর্ণাবির্ভাব ইত্যর্থঃ। যতঃ সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ। অত্র সামান্যভক্তি-

---

তূলখণ্ডের ন্যায় দূরে নিক্ষেপ করিলেন ॥

যথা বা।

ওহে ভক্তবৃন্দ! পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণের যে বাম ভুজদণ্ড কর্ত্তৃক গোবর্দ্ধন পর্ব্বত ক্রীড়াকন্দুকিত হইয়াছিল, সেই বাম ভুজ তোমাদিগকে রক্ষা করুন ॥ ২৬ ॥

অথ বয়সান্বিত ॥ ৬ ॥

বয়সের কৌমার, পৌগণ্ড ও কৈশোরাদি বিবিধ প্রকার ভেদ থাকিলেও সর্ব্ব ভক্তি রসাশ্রয়, সর্ব্ব গুণান্বিত ও নিত্য

ধর্ম্মী কিশোর এবাত্র নিত্যনানাবিলাসবান্ ॥ ২৭ ॥

যথা—

তদাত্বাভিব্যক্তীকৃততরুণিমারম্ভরভসং
স্মিতশ্রীনির্ধূতস্ফুরদমলরাকাপতিমদং।
দরোদঞ্চৎপঞ্চাশুগনবকলামেদুরমিদং
মুরারে র্মাধুর্য্যং মনসি মদিরাক্ষী র্মদয়তি ॥ ২৮ ॥

বিবিধাদ্ভুতভাষাবিৎ ॥ ৭ ॥

বিবিধাদ্ভুতভাষাবিৎ স প্রোক্তো যস্তু কোবিদঃ।
নানাদেশ্যাসু ভাষাসু সংস্কৃতে প্রাকৃতেষু চ ॥ ২৯ ॥

রসে বর্ণ্যত ইতি শেষঃ ॥ ২৭ ॥

তথাপি শৃঙ্গারাখ্যস্য মহারসস্য তু পরমোদ্বোধকং তদিত্যাশয়েনাহ তদাত্বেতি। তৎকালস্তু তদাত্বং স্যাদিত্যমরঃ। ঈষদর্থে দরাব্যয়মিতি চ ॥ ২৮ ॥

চকারঃ পশ্বাদিভাষামপি গৃহ্নাতি ॥ ২৯ ॥

নূতন বিলাসবিশিষ্ট কৈশোর বয়সই শ্রীকৃষ্ণের প্রশস্ত বয়স্ বলিয়া পরিগণিত ॥ ২৭ ॥

যথা।

সম্প্রতি শ্রীকৃষ্ণের তারুণ্যারম্ভের বেগ অভিব্যক্ত হইয়া হাস্য শোভা দ্বারা অমল পূর্ণচন্দ্রের দর্প তিরস্কৃত করত ঈষৎ উন্নত কন্দর্পকলায় মেদুর মদিরাক্ষীদিগের অর্থাৎ স্নিগ্ধ খঞ্জ-নাক্ষী গণের মনোমধ্যে হর্ষ বিধান করিতেছে ॥ ২৮ ॥

অথ বিবিধাদ্ভুতভাষাবিৎ ॥ ৭ ॥

যে ব্যক্তি নানাদেশীয় ভাষা তথা সংস্কৃত, প্রাকৃত ও পশ্বাদির ভাষা সকলে সুপণ্ডিত তাহাকে বিবিধাদ্ভুত ভাষা-বিৎ বলা যায় ॥ ২৯ ॥

যথা ॥

ব্রজযুবতিষু শৌরিঃ শৌরসেনীং সুরেন্দ্রে
প্রণতশিরসি গৌরীং ভারতীমাতনোতি।
অহহ পশুষু কীরেষ্বপ্যপভ্রংশরূপাং
কথমজনি বিদগ্ধঃ সর্ব্বভাষাবলীষু ॥

সত্যবাক্যঃ ॥ ৮ ॥

স্বামান্বৃতং বচো যস্য সত্যবাক্যঃ স ভণ্যতে ॥

ব্রজযুবতিষ্বিতি। ব্রজস্থবিদগ্ধবৃদ্ধাবচনং। অত্র শৌরিরিতি প্রাগয়ং বসুদেবস্যেত্যাদি শ্রীগর্গবাক্যানুসারেণ তত্র ব্রজযুবতয়োর্মুখ্যত্বেনোপলক্ষণত্বেনৈব। ব্রজবাসিষ্বিত্যপি জ্ঞেয়ং। শৌরসেনীং তদ্দেশ্যাং প্রাকৃতবিশেষঞ্চ। প্রায়স্তয়োরৈক্যাৎ। গৌরীং দৈবীং সংস্কৃতরূপাং। পশুষু গোমহিষ্যাদিষু। কীরেষু কাশ্মীরদেশীয়মনুষ্যেষু শুকেষু চ অপভ্রংশরূপাং পৈশাচিকাখ্যপ্রাকৃতবিশেষতত্তদ্ভাষাং যথাসম্ভবং ॥ ৩০ ॥

যথা।

কোন ব্রজস্থ বিদগ্ধ বৃদ্ধা গোপী কহিলেন, কি আশ্চর্য্য! শৌরি শ্রীকৃষ্ণ ব্রজযুবতিগণে শৌরসেনী (প্রাকৃত), প্রণত দেববৃন্দে সংস্কৃত, গোমহিষ্যাদি পশু তথা কাশ্মীরদেশীয় মনুষ্য সকলে ও শুক প্রভৃতি পক্ষিবৃন্দে অপভ্রংশরূপ পৈশাচী প্রাকৃতভাষা সকল বিস্তার করিতেছেন, অতএব হে গোপীগণ! সর্ব্ব প্রকার ভাষায় শ্রীকৃষ্ণ কি প্রকারে বিদগ্ধ হইলেন ॥

সত্যবাক্য ॥ ৮ ॥

যাহার বাক্য মিথ্যা হয় না। তাঁহাকে সত্যবাক্য বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা—

পৃথে তনয়পঞ্চকং প্রকটমর্পয়িষ্যামি তে
রণাদ্বরিতমিত্যভূত্তব যথার্থমেবোদিতং।
রবি র্ভবতি শীতলঃ কুমুদবন্ধুরপ্যুষ্ণল—
স্তথাপি ন মুরান্তক ব্যভিচরিষ্ণুরুক্তিস্তব॥ ৩০॥

যথা বা—

গূঢ়োঽপি বেশেন মহীসুরস্য
হরির্যথার্থং মগধেন্দ্রমূচে।
সংস্পৃষ্টমাভ্যাং সহ পাণ্ডবাভ্যাং
মাং বিদ্ধি কৃষ্ণং ভবতঃ সপত্নং॥

বক্ষ্যমাণসত্যপ্রতিজ্ঞত্বেন পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ যথাবেতি। সংস্পৃষ্টং

যথা।

"হে পৃথে! (কুন্তি!) তোমার এইটী তনয় রণ-ক্ষেত্র হইতে প্রত্যানয়ন পূর্ব্বক তোমাকে অর্পণ করিব," হে মুরান্তক! তোমার এই বাক্য যথার্থ হইল, কেন না রবি যদি শীতল হয়েন ও কুমুদবন্ধু (চন্দ্র) যদি উষ্ণ হয়েন তথাচ কখন তোমার বাক্যের ব্যভিচার হয় না॥ ৩০॥

যথা বা।

শ্রীকৃষ্ণ ব্রাহ্মণবেশে গূঢ় হইয়াও জরাসন্ধকে যথার্থই কহিয়াছিলেন হে মগধেন্দ্র! এই দুই জন পাণ্ডবের সহিত আমি তোমার সেই চিরশত্রু কৃষ্ণ, অবগত হও॥

প্রিয়ম্বদঃ ॥ ৯ ॥

জনে কৃতাপরাধেঽপি সান্ত্ববাদী প্রিয়ম্বদঃ ॥ ৩১ ॥

যথা ॥

কৃতব্যলীকেঽপি ন কুণ্ডলীন্দ্র !
ত্বয়া বিধেয়া ময়ি দোষদৃষ্টিঃ।
প্রবাস্যমানোঽসি সুরার্চ্চিতানাং
পরং হিতায়াদ্য গবাং কুলস্য ॥ ৩২ ॥

বাবদূকঃ ॥ ১০ ॥

শ্রুতিপ্রেষ্ঠোক্তিরখিলবাগ্গুণান্বিতবাগপি।

মিলিতং ॥ ৩১ ॥

পীড়ার্থেঽপি ব্যলীকং স্যাদিত্যমরঃ ॥ ৩২ ॥

শ্রুতীতি। শব্দমাধুরী দর্শিতা অখিলেত্যর্থপরিপাটী ॥ ৩৩ ॥

প্রিয়ম্বদ ॥ ৯ ॥

অপরাধিজনের প্রতিও যিনি সান্ত্বনা বাক্য প্রয়োগ করেন, তাহাকে প্রিয়ম্বদ বলা যায় ॥ ৩১ ॥

যথা।

শ্রীকৃষ্ণ কালিয় নাগকে কহিলেন হে কুণ্ডলীন্দ্র ! আমি তোমাকে পীড়া প্রদান করিলেও তুমি আমার প্রতি দোষ দৃষ্টি করিও না, কারণ অমরার্চ্চিত গোসকলের পরম হিতাভিলাষী হইয়াই তোমাকে উদ্বাসন করিলাম ॥ ৩২ ॥

বাবদূক ॥ ১০ ॥

শ্রবণপ্রিয় ও অখিল গুণান্বিত অর্থাৎ অর্থ-পরিপাটী-যুক্ত

ইতি দ্বিধা নিগদিতো বাবদূকো মনীষিভিঃ ॥ ৩৩ ॥

তত্রাদ্যো যথা—

অক্লিষ্টকোমলপদাবলিমঞ্জুলেন
প্রত্যক্ষরক্ষরদমন্দসুধারসেন।
সখ্যঃ সমস্তজনকর্ণরসায়নেন
নাহারি কস্য হৃদয়ং হরিভাষিতেন? ॥ ৩৪ ॥

দ্বিতীয়ো যথা—

অক্লিষ্টেত্যাদিকং ব্রজেন্দ্রগোষ্ঠীষু মহেন্দ্রমখভঙ্গার্থং শ্রীহরিবচনহৃত-মনস্কায়াঃ কস্যাশ্চিদ্বন্দিজনাঙ্গনায়াঃ স্বসখীঃ প্রতিবচনং। তত্রাক্লিষ্টেত্যুচ্চারণ-মাধুরী। প্রত্যক্ষরেতি বর্ণবিশেষবিন্যাসমাধুরী সমস্তেতি স্বরমাধুরী ॥ ৩৪ ॥

প্রতিবাদিত্যাদিকং শ্রীনন্দকুমারবাক্যং। অত্র প্রতিবাদীত্যুপন্যাসপরি-

---

এই দুই প্রকার বাক্যকে পণ্ডিত গণ বাবদূক বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ৩৩ ॥

তন্মধ্যে শ্রবণপ্রিয় বাক্য যথা ॥

ব্রজরাজ সভামধ্যে শ্রীকৃষ্ণকে ইন্দ্রমখ ভঙ্গ প্রস্তাবার্থ বিবিধ প্রকার বাক্য প্রয়োগ করিবে তত্রত্য কোন বন্দিজনের স্ত্রী ঐ বাক্য দ্বারা হৃতমনা হইয়া আপনার সখীদিগকে কহিল হে সখীবৃন্দ! অদ্য গোপসভামধ্যে শ্রীকৃষ্ণ সুস্পষ্ট কোমল পদাবলী দ্বারা যাহা মনোজ্ঞ, তথা প্রত্যক্ষরে অমন্দরূপে সুধাস্রাবি ও সমস্ত জন গণের কর্ণ রসায়ন যে বাক্য প্রয়োগ করিলেন, তদ্দ্বারা কাহার হৃদয় অপহৃত না হয়? ॥ ৩৪ ॥

দ্বিতীয় অর্থাৎ অখিলগুণান্বিত বাক্য যথা ॥

প্রতিবাদিচিত্তপরিবৃত্তিপটু-
র্জগদেকসংশয়বিমর্দ্দকরী।
প্রমিতাক্ষরাদ্য বিবিধার্থময়ী
হরিবাগিয়ং মম ধিনোতি ধিয়ং॥ ৩৫॥

সুপাণ্ডিত্যঃ॥ ১১॥

বিদ্বান্নীতিজ্ঞ ইত্যেষ সুপাণ্ডিত্যো দ্বিধা মতঃ।
বিদ্বানখিলবিদ্যাবিন্নীতিজ্ঞস্ত্র যথার্হকৃৎ॥ ৩৬॥

তত্র্যাদ্যো যথা—

পাটী। জগদিতি যুক্তিপরিপাটী। প্রকর্ষেণ মিতানি অব্যর্থানি সপ্রমাণানি বা অক্ষরাণি যস্তামিতি যাথার্থ্যপরিপাটী। বিবিধঃ নানোপহাসসমাধানবিচিত্রো-হর্থো যস্তাং সেতি প্রতিভাপরিপাটী দর্শিতা। ৩৫॥

অখিলবিদ্যাবিদিতি শাস্ত্রীয়জ্ঞানমাত্রমুক্তং। যথার্হকৃদিতি। তত্রাপি কর্ত্তব্যেষু নিশ্চয়জ্ঞানং দর্শিতং॥ ৩৬॥

উদ্ধব কহিলেন যাহা প্রতিবাদিগণের চিত্ত পরিবর্ত্তন করণে পটু, যাহা জগতের অশেষ সংশয়চ্ছেদনকারী এবং যাহা পরিমিতাক্ষর ও বিবিধ অর্থশালী সেই হরিবাক্য আমার অন্তঃকরণকে অতিশয়রূপে সুখ প্রদান করিতেছে॥ ৩৫॥

অথ সুপাণ্ডিত্য॥ ১১॥

সুপাণ্ডিত্য নায়ক দুই প্রকার বিদ্বান্ এবং নীতিজ্ঞ। অখিলবিদ্যাবিদ্‌কে বিদ্বান্ ও যথাযোগ্য কর্ম্মকারিকে নীতিজ্ঞ কহে॥ ৩৬॥

তন্মধ্যে বিদ্বান্ যথা॥

যং স্রষ্টুপূর্ব্বং পরিচর্য্য গৌরবাৎ
পিতামহাদ্যম্বুধরৈঃ প্রবর্ত্তিতাঃ।
কৃষ্ণার্ণবং কাশ্যগুরুক্ষমাভৃত-
স্তমেব বিদ্যাসরিতঃ প্রপেদিরে॥ ৩৭॥

যথা বা—

আম্নায়প্রথিতাম্বয়া স্মৃতিমতী কাঢ়ং ষড়ঙ্গোজ্জ্বলা
ন্যায়েনানুগতা পুরাণসুহৃদা মীমাংসয়া মণ্ডিতা।

যং স্রষ্টুতি শ্রীনারদবাক্যং। কাশ্যঃ মথুরবংশবং। কাশীদেশীয়ো গুরুঃ সান্দীপনিঃ॥ ৩৭॥

আম্নায়েতি সিদ্ধচারণাদীনাং স্তুতিঃ। বিদ্যাপক্ষে আম্নায়ৈশ্চতুর্ভির্বেদৈঃ। প্রথিতো বিস্তারিতো হন্বয়ো ব্যুৎপত্তির্যস্যাঃ। স্মৃতির্মন্বাদিঃ। শিক্ষা কল্পো ব্যাকরণং জ্যোতিষং ছন্দ এবচ। নিরুক্তঞ্চ নিরুক্তানি ষড়ঙ্গানি মনীষিভিঃ *। ন্যায় স্তর্কশাস্ত্রং। পুরাণং শ্রীভাগবতাদি। মীমাংসা পূর্ব্বোত্তররূপা। তদে-

নারদ কহিলেন পূর্ব্বে ব্রহ্মাপ্রভৃতিরূপ মেঘগণ সগৌরবে পরিচর্য্যা দ্বারা যে কৃষ্ণার্ণব হইতে বিদ্যাসরিৎ প্রবর্ত্তিত করিয়াছিলেন, সেই সকল বিদ্যানদী এক্ষণে সান্দীপনি রূপ পর্ব্বত হইতে পুনরায় কৃষ্ণার্ণবে পতিত হইল॥ ৩৭॥

অথবা॥

সিদ্ধ ও চারণগণ স্তুতি পূর্ব্বক কহিলেন হে গোবিন্দ! যাঁহার চারি বেদে বিস্তৃত বুদ্ধি, যিনি মন্বাদিস্মৃতিশাস্ত্রে মতিশালিনী, যিনি ষড়ঙ্গে অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ

* ছন্দোঽনুষ্টুবাদিপ্রতিপাদনং। শ্রৌতপ্রতিপাদনগ্রন্থঃ কল্পঃ। শিক্ষা বর্ণনির্ণয়াত্মিকা। নিরুক্তং অপূর্ব্বার্থপ্রতিপাদকং। ব্যাকরণন্তু সুশব্দস্বরাদি-প্রতিপাদকং।. জ্যোতিষং অধ্যয়নকর্মানুষ্ঠানকালনির্ণায়কং॥

ত্বাং লব্ধাবসরা চিরাদ্গুরুকুলে প্রেক্ষ্য স্বসঙ্গার্থিনং
বিদ্যানামবধূশ্চতুর্দ্দশ গুণা গোবিন্দ শুশ্রূষতে॥ ৩৮॥

দ্বিতীয়ো যথা—

মৃত্যুস্তস্করমণ্ডলে সুকৃতিনাং বৃন্দে বসন্তানিলঃ
কন্দর্পো রমণীষু দুর্গতকুলে কল্যাণকল্পদ্রুমঃ।

তদনুসারেণ চতুর্দ্দশ গুণা অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ ইতিপ্রসিদ্ধা প্রাপ্তাঃ। বধূপক্ষে। আম্নায়ঃ সৎকুলতা। অন্বয়ো বংশঃ। স্মৃতির্ম্মেধা। ষড়ঙ্গানি শিরোমধ্যভাগৌ হস্তপাদৌ চেতি ন্যায়ো নীতিঃ। পুরাণা বৃদ্ধাঃ সুহৃদঃ সহায়া যস্যাং তয়া মীমাংসয়া বিচারেণ মণ্ডিতা। গুরুরত্র পিত্রাদিঃ। সৎকুলে বর্ত্তমানমিত্যর্থঃ। চতুর্দ্দশ তাবদ্বিদ্যাত্মিকা গুণা যস্যা ইতি॥ ৩৮॥

মধুপুরীং নিত্যা মধূনাং পতিরিত্যেব পাঠোঽত্র যোগ্যঃ। মহারাজোচিতাবর্ণনাৎ। অত্র মধুপুরীমিতি পুরদ্বয়স্যোপলক্ষণত্বেন দ্বারকাপি মধূনাং পুরী

জ্যোতিষ, ছন্দ ও নিরুক্ত এই ছয় অঙ্গে উজ্জ্বলা, যিনি ন্যায় অর্থাৎ তর্ক শাস্ত্রের অনুগামিনী, যাঁহার পুরাণ শাস্ত্রই সুহৃদ্ এবং যিনি মীমাংসাশাস্ত্রে ভূষিতা সেই চতুর্দ্দশগুণশালিনী বিদ্যাবধূ অবসরলাভপূর্ব্বক গুরুকুলে তোমাকে স্বীয় সঙ্গার্থি দেখিয়া শুশ্রূষা করিয়াছেন॥ ৩৮॥

নীতিজ্ঞ যথা॥

ব্রজেন্দ্র নন্দন তস্কর মণ্ডলে মৃত্যু রূপ, পুণ্যবান্ জন সমূহে বসন্তানীল সদৃশ, রমণীবৃন্দে কন্দর্প তুল্য, দরিদ্রকুলে কল্যাণ কল্পবৃক্ষ সম, বন্ধুবর্গে চন্দ্র স্বরূপ ও বিপক্ষ পক্ষে

ইন্দুর্বন্ধুগণে বিপক্ষপটলে কালাগ্নিরুদ্রাকৃতিঃ
শাস্তি স্বস্তিধুরন্ধরো ব্রজপুরীং নীত্যা ব্রজেন্দ্রাত্মজঃ ॥

বুদ্ধিমান্ ॥ ১২ ॥

মেধাবী সূক্ষ্মধীশ্চেতি প্রোচ্যতে বুদ্ধিমান্ দ্বিধা ॥ ৩৯ ॥

তত্র মেধাবী যথা ॥

অবন্তিপুরবাসিনঃ সদনমেত্য সান্দীপনে-
র্গুরোর্জগতি দর্শয়ন্ সময়মত্র বিদ্যার্থিনাং।
সকৃন্নিগদমাত্রতঃ সকলমেব বিদ্যাকুলং
দধৌ হৃদয়মন্দিরে কিমপি চিত্রবন্মাধবঃ ॥ ৪০ ॥

ভবতীতি যোগবৃত্ত্যাবা দ্বারকাপি জ্ঞেয়া ॥ ৩৯ ॥

সময়মাচারং দর্শয়ন্ শিক্ষয়ন্। সময়াঃ সপথাচার কাল সিদ্ধান্ত সম্বিদ ইতি অমরনানার্থবর্গাৎ ॥ ৪০ ॥

কালাগ্নি রুদ্র সম হইয়া নীতিদ্বারা ব্রজপুরী শাসন করিতেছেন ॥

অথ বুদ্ধিমান্ ॥ ১২ ॥

বুদ্ধিমান্ দুই প্রকার, মেধাবী এবং সূক্ষ্মবুদ্ধি ॥ ৩৯ ॥

তন্মধ্যে মেধাবী যথা ॥

শ্রীকৃষ্ণ অবন্তিপুরবাসি সান্দীপনি গুরুর গৃহে গমনপূর্ব্বক জগতীতলে সমুদায় বিদ্যার্থিগণকে আচার দেখাইবার জন্য গুরুর নিকট হইতে একবার মাত্র উপদিষ্ট হইয়াই নিখিল বিদ্যাকে হৃদয়মন্দিরে ধারণ করিয়া আশ্চর্য্য প্রদর্শন করাইতে লাগিলেন ॥ ৪০ ॥

সূক্ষ্মধীর্যথা ॥

যদুভিরয়মবধ্যো ম্লেচ্ছরাজস্তদেনং
তরলতমসি তস্মিন্ বিদ্রবন্নেব নেষ্যে।
সুখময়নিজনিদ্রাভঙ্গনধ্বংসিদৃষ্টি-
র্ঝরমুচি মুচুকুন্দঃ কন্দরে যত্র শেতে ॥

প্রতিভান্বিতঃ ॥ ১৩ ॥

সদ্যো নবনবোল্লেখিজ্ঞানঃ স্যাৎ প্রতিভান্বিতঃ।

যথা পদ্যাবল্যাং ॥

কথম্ভূতে তরলং ভাস্বরং স্বস্বান্তরাচ্ছাদকপ্রকাশং তমো যত্র তাদৃশে।

সূক্ষ্মধীর্যথা ॥

ম্লেচ্ছরাজকে মথুরাপুরী অবরোধ করিতে দেখিয়া শ্রীকৃষ্ণ মনোমধ্যে বিবেচনা করিলেন, এত যদুগণের অবধ্য, কোন উপায় দ্বারা ইহাকে বিনাশ করা উচিত, মুচুকুন্দ যে অন্ধকার পর্ব্বত কন্দরে নিদ্রিত আছেন, ইহাকে তথায় লইয়া গিয়া ইহার দ্বারা তাঁহার নিদ্রা ভঙ্গ করি, তাহা হইলে ঐ মুচুকুন্দের দৃষ্টিমাত্রেই এ যবন ভস্মীভূত হইবে, অতএব পলায়নপূর্ব্বক তথায় লইয়া যাই ॥

প্রতিভান্বিত ॥ ১৩ ॥

সদ্যই নব নব উল্লেখকারিজ্ঞানশালিকে প্রতিভান্বিত কহে অর্থাৎ কোন প্রস্তাব উপস্থিত হইলে তৎক্ষণাৎ তাহাতে নূতন নূতন উত্তর প্রদান করার নাম প্রতিভা ॥

যথা পদ্যাবলীতে ॥

বাসঃ সম্প্রতি কেশব ক ভবতো মুগ্ধেক্ষণে নন্বিদং
বাসং ব্রূহি শঠ প্রকামসুভগে ত্বদ্‌গাত্রসংসর্গতঃ।
যামিন্যামুষিতঃ ক ধূর্ত্ত বিতনু র্মুষ্ণাতি কিং যামিনী-

সৎপ্রবেশমাত্রেণ চঞ্চলীভূততমসীতি বার্থঃ। তরলশ্চঞ্চলে খড়্গে হার-মধ্যমণাবপি ভাস্বরে ইতি বিশ্বঃ। ঝরমুচীতি নিদ্রাসৌখ্যসামগ্রীণা-মুপলক্ষণং। তাশ্চ তদীয়যোগপ্রভাবাদযথাবসরমেব জায়ন্ত ইতি জ্ঞেয়ং কিন্তত্র নেত্রস্য সূক্ষ্মদর্শিত্ববদ্‌বুদ্ধেরপি সূক্ষ্মবিচারিত্বং জ্ঞাপিতং তেন চ সহ যাস্থা-পরামৃষ্টে বস্তুনি প্রবেশিবুদ্ধিত্বং সূক্ষ্মধীত্বমুদাহৃতং॥ ৪১॥

এক দিবস প্রাতঃকালে শ্রীকৃষ্ণ শ্রীরাধার নিকট আগমন করিলে শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন হে কেশব! সম্প্রতি তোমার বাস (বস্ত্র) কোথায়, এই প্রশ্নে শ্রীকৃষ্ণ বাসশব্দের বস্ত্রার্থ পরিত্যাগ করিয়া বসতি সম্ভাবনায় উত্তর করিলেন, হে মুগ্ধে! তোমার ঈক্ষণে অর্থাৎ ত্বদীয় নেত্রে আমার বাস, পুনরায় শ্রীরাধা কহিলেন হে শঠ! আমি তোমার বসতির কথা জিজ্ঞাসা করি নাই, তোমার বাস অর্থাৎ বস্ত্র কোথায়?, তাহাতেও শ্রীকৃষ্ণ বাস শব্দের গন্ধার্থ উল্লেখ করিয়া কহিলেন হে সুভগে! তোমার গাত্র সংসর্গ নিমিত্ত এই বাস (গন্ধ) হইয়াছে, পুনশ্চ শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন হে ধূর্ত্ত! কোথায় "যামিন্যামুষিতঃ" অর্থাৎ যামিনী যাপন করিলা শ্রীকৃষ্ণ "যামিন্যা, মুষিত" এই দুই পদ ভিন্ন করিয়া উত্তর করিলেন, প্রিয়ে! তনুহীন যামিনী কি কখন হরণ করিতে পারে, এই রূপ ছল পূর্ব্বক গোপবধূকে পরিহাসকারী শ্রীকৃষ্ণ

ত্যেবং গোপবধূং ছলৈঃ পরিহসন্ কৃষ্ণশ্চিরং পাতু বঃ॥

বিদগ্ধঃ॥ ১৪॥

কলাবিলাসদিগ্ধাত্মা বিদগ্ধ ইতি কীর্ত্ত্যতে॥

যথা।

গীতং গুম্ফতি তাণ্ডবং ঘটয়তি ব্রূতে প্রহেলীক্রমং
বেণুং বাদয়তে স্রজং বিরচয়ত্যালেখ্যমভ্যস্যতি।
নির্ম্মাতি স্বয়মিন্দ্রজালপটলীং দ্যূতে জয়ত্যুন্মদান্।
পশ্যোদ্দামকলাবিলাসবসতিশ্চিত্রং হরিঃ ক্রীড়তি॥

চতুরঃ॥ ১৫॥

চতুরো যুগপদ্ভূরিসমাধানকৃদুচ্যতে॥ ৪১॥

যথা॥

চিরকাল তোমাদিগকে রক্ষা করুন॥

বিদগ্ধ॥ ১৪॥

শিল্প বিলাসাদিতে যুক্তচিত্ত ব্যক্তির নাম বিদগ্ধ।

যথা।

সখি! সন্দর্শন কর, শ্রীকৃষ্ণ,গীত নির্ম্মাণ, তাণ্ডব-(নৃত্য)-রচনা, প্রহেলীকথন, বেণুবাদন, মালাগ্রন্থন, চিত্র কর্ম্ম অভ্যাস, স্বয়ং ইন্দ্রজাল সকল নির্ম্মাণ এবং উম্মত্ত ব্যক্তিদিগকে দূতে পরাজয় করত অতিশয় শিল্পকলার বসতি-স্থল হইয়া আশ্চর্য্য রূপে ক্রীড়া করিতেছেন॥

অথ চতুর॥ ১৫॥

এক কালে অনেক কার্য্যের সমাধান কারিকে চতুর কহে॥

যথা।

পারাবতীবিরচনেন গবাং কলাপং
গোপাঙ্গনাগণমপাঙ্গতরঙ্গিতেন।
মিত্রাণি চিত্রতরসঙ্গরবিক্রমেণ
ধিন্বন্নরিষ্টভয়দেন হরির্ব্বিরেজে॥

দক্ষঃ॥ ১৬॥

দুষ্করে ক্ষিপ্রকারী যস্তং দক্ষং পরিচক্ষতে।

যথা শ্রীদশমে॥

যানি যোধৈঃ প্রযুক্তানি শস্ত্রাণি চ কুরূদ্বহ।
হরিস্তান্যচ্ছিনত্তীক্ষ্ণৈঃ শরৈরেকৈকশস্ত্রিভিঃ॥ ৪২॥

পারাবতী গোপগীতিঃ। অরিষ্টভয়দেনেতি সর্ব্বত্র যোজ্যং॥ ৪২॥

সখি! শ্রীকৃষ্ণের আশ্চর্য্য লীলা সন্দর্শন কর, গোপজাতীয়-গীতিরচনা দ্বারা গাভী বৃন্দকে, অপাঙ্গভঙ্গী দ্বারা গোপা-ঙ্গনাগণকে এবং অরিষ্টভয়প্রদ বিচিত্র যুদ্ধ বিক্রম দ্বারা সখী-গণকে এক কালীন সুখ প্রদান করত হরি অতিশয়রূপে বিরাজ করিতেছেন॥ ৪১॥

অথ দক্ষ॥ ১৬॥

যে ব্যক্তি দুঃসাধ্য কার্য্য শীঘ্র সম্পাদিত করিতে পারে তাঁহাকে দক্ষ বলে॥

যথা দশমে ৫৯ অধ্যায়ে ১৩ শ্লোকে

শুকদেব কহিলেন হে কৌরব্য! যোদ্ধৃগণ যে সকল অস্ত্র শস্ত্র নিক্ষিপ্ত করিয়াছিল, শ্রীকৃষ্ণ তীক্ষ্ণ শর দ্বারা এক এক করিয়া তৎসমুদয় ছেদন করিলেন॥ ৪২॥

যথাবা ॥

অঘহর কুরু যুগ্মীভূয় নৃত্যং ময়ৈব
ত্বমিতি নিখিলগোপীপ্রার্থনাপূর্ত্তিকামঃ।
অতনুত গতিলীলালাঘবোর্ম্মিং তথাসৌ
দদৃশুরধিকমেতাস্তং যথা স্বস্বপার্শ্বে ॥

কৃতজ্ঞঃ ॥ ১৭ ॥

কৃতজ্ঞঃ স্যাদভিজ্ঞো যঃ কৃতসেবাদিকর্ম্মণাং।

যথা মহাভারতে ॥

ঋণমেতং প্রবৃদ্ধং মে হৃদয়েনাপসর্পতি।

অধিকমত্যর্থং নিঃসংশয়ং যথাস্যাত্তথা দদৃশুঃ ॥ ৪৩ ॥

অথবা

হে অঘহর! "আমার সহিত যুগল হইয়া নৃত্য কর" এই রূপে প্রত্যেক গোপী প্রার্থনা করিলে শ্রীকৃষ্ণ তাঁহাদের কামনাপূরণার্থ এমত গতি লীলার ক্ষিপ্রতা বিস্তার করিয়াছিলেন যে, তাহাতে ঐ সকল গোপী স্বস্বপার্শ্বেই শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়াছিলেন ॥

কৃতজ্ঞ ॥ ১৭ ॥

কৃত সেবাদি কর্ম্ম সকলের অভিজ্ঞ অর্থাৎ এ ব্যক্তি আমার এই প্রকার সেবা করিয়াছে, ইহা যিনি জানেন তাঁহাকে কৃতজ্ঞ বলা যায় ॥

যথা মহাভারতে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, আমি দূরবর্ত্তী থাকাতে দ্রৌপদী যে

যদ্গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনং ॥ ৪৩ ॥

যথাবা ॥

অনুগতিমতিপূর্ব্বাং চিন্তয়ন্নৃক্ষমৌলে-
রকুরুত বহুমানং শৌরিরাদায় কন্যাং।
কথমপি কৃতমল্পং বিস্মরন্নেব সাধুঃ
কিমুত স খলু সাধুশ্রেণিচূড়াগ্ররত্নং ॥

স্বদৃঢ়ব্রতঃ ॥ ১৮ ॥

প্রতিজ্ঞানিয়মৌ যস্য সত্যৌ স স্বদৃঢ়ব্রতঃ ॥ ৪৪ ॥

অনুগতিমিত্যত্রাতিপূর্ব্বমিতি সাম্প্রতং মহাপরাধমপ্যচিন্তয়ন্নিতি ধ্বন্যর্থঃ ॥ ৪৪ ॥

হে "গোবিন্দ!" এই বলিয়া উচ্চস্বরে আমাকে আহ্বান করিয়াছিলেন,এই ঋণ আমার হৃদয়ে বৃদ্ধি পাইতেছে, কোন ক্রমে ক্ষীণ হইতেছে না ॥ ৪৩ ॥

যথা বা।

শ্রীকৃষ্ণ জাম্বুবানের অতি পূর্ব্বকালীন সেবা স্মরণ করিয়া তদীয় কন্যার পাণিগ্রহণপূর্ব্বক ঐ ঋক্ষরাজকে বহুবিধ সম্মান করিলেন, কারণ সাধুজনের অত্যল্প সেবা করিলে তাহা যখন তাঁহারা বিস্মৃত হয়েন না, তখন সাধুশ্রেণীর চূড়ারত্ন শ্রীকৃষ্ণ জাম্ববানের ঐ সেবা কি প্রকারে বিস্মৃত হইবেন ॥

স্বদৃঢ় ব্রত ॥

প্রতিজ্ঞা ও নিয়ম এই দুইটী যাহার সত্য হয় তাহাকে স্বদৃঢ় ব্রত কহে ॥ ৪৪ ॥

তত্র সত্যপ্রতিজ্ঞো যথা।

হরিবংশে ॥

ন দেবগন্ধর্ব্বগণা ন রাক্ষসা
নচাসুরা নৈবচ যক্ষপন্নগাঃ।
মম প্রতিজ্ঞামপহন্তুমুদ্যতা
মুনে সমর্থাঃ খলু সত্যমস্তু তে ॥ ৪৫ ॥

যথা বা ॥

সখেলমাখণ্ডলপাণ্ডুপুত্রৌ
বিধায় কংসারিরপারিজাতৌ।

মুনে হে নারদ! সত্যং শপথতথ্যয়োরিত্যমরঃ ॥ ৪৫ ॥

ইন্দ্রপক্ষে অপারিজাতত্বং পারিজাতরাহিত্যং। পাণ্ডবপক্ষে অপগত শত্রু-সমূহত্বং। সুখমিতি অত্র ত্রিষু দ্রব্যে পাপং পুণ্যং সুখাদি চেত্যমরকোষাৎ। সুখমহমম্বাপ্সমিত্যাদৌ ক্রিয়ায়াস্তল্যাধিকরণত্বাদ্ধর্ম্মিপরত্বেনাপি সুখশব্দস্ত

তন্মধ্যে সত্যপ্রতিজ্ঞা যথা হরিবংশে ॥

পারিজাত হরণে শ্রীকৃষ্ণ নারদকে কহিলেন হে দেবর্ষে! কি দেব, কি গন্ধর্ব্ব, কি নাগ, কি রাক্ষস, কি অসুর, কি যক্ষ, কি পন্নগ, ইহারা সকলেই আমার প্রতিজ্ঞা বিনষ্ট করিতে উদ্যত হইয়াছিল, কিন্তু কেহই সমর্থ হয় নাই, অতএব তোমার নিকট আমার এই প্রতিজ্ঞা সত্যই জানিবে ॥ ৪৫ ॥

যথ বা ॥

শ্রীকৃষ্ণ স্বীয় প্রতিজ্ঞা সফলার্থ ইন্দ্র ও অর্জ্জুন এই দুই জনকে অবলীলা ক্রমে অপারিজাত বিধান করিয়া অর্থাৎ

নিজপ্রতিজ্ঞাং সফলাং দধানঃ
সত্যাঞ্চ কৃষ্ণাঞ্চ সুখামকার্ষীৎ ॥ ৪৬ ॥

সত্যনিয়মো যথা ॥

গিরেরুদ্ধরণং কৃষ্ণ দুষ্করং কর্ম্ম কুর্ব্বতা।
মদ্ভক্তঃ স্যান্নদুঃখীতি স্বব্রতং বিবৃতং ত্বয়া ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞঃ ॥ ১৯ ॥

দেশকালসুপাত্রজ্ঞঃ তত্তদ্যোগ্যক্রিয়াকৃতী ॥ ৪৮ ॥

দৃষ্টত্বাৎ। তচ্চার্শাদিত্বান্মন্তব্যং ॥ ৪৬ ॥

সত্যনিয়ম ইতি সর্ব্বদাতনত্বাৎ কাচিৎক্যাঃ প্রতিজ্ঞায়া ভিদ্যতেঽসৌ। গিরেরুদ্ধরণমিতি মহেন্দ্রবাক্যং ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ইতি দেশকালগ্রহণং পাত্রার্থমেব কৃতং। অতঃ পাত্রস্যৈবাত্র প্রাধান্যং বিবক্ষিতং। যত স্তাদৃশপাত্রাভাবে দেশকালয়োরপ্যকিঞ্চিৎকরত্বমভিপ্রেতং। অতঃ সুশব্দোঽপ্যত্রৈব কৃতঃ। অতঃ সমুদায়স্তা-

---

ইন্দ্রকে পারিজাতশূন্য ও অর্জ্জুনকে অরিশূন্য করিয়া সত্যভামা ও দ্রৌপদীর সুখ বিস্তার করিয়াছিলেন ॥ ৪৬ ॥

সত্যনিয়ম যথা ॥ ১৯ ॥

দেবরাজ কহিলেন হে কৃষ্ণ! "আমার ভক্ত কখনও দুঃখিত হয় না" এই যে তোমার নিজ ব্রত, তাহা গিরি-উদ্ধরণরূপ দুষ্কর কর্ম্ম সাধন করিয়া বিস্তার করিলে ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ॥ ২০ ॥

যে ব্যক্তি দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কর্ম্ম করেন তাঁহাকে দেশকালসুপাত্রজ্ঞ বলা যায় ॥ ৪৮ ॥

যথা—

শরজ্জ্যোৎস্নাতুল্যঃ কথমপি পরো নাস্তি সময়-
স্ত্রিলোক্যামাক্রীড়ঃ ক্বচিদপি ন বৃন্দাবনসমঃ।
ন কাপ্যম্ভোজাক্ষী ব্রজযুবতিকল্পেতি বিমৃশ-
ন্মনো মে সোৎকণ্ঠং মুহুরজনিরাসোৎসবরসে॥

শাস্ত্রচক্ষুঃ॥ ২০॥

শাস্ত্রানুসারিকর্ম্মা যঃ শাস্ত্রচক্ষুঃ স কথ্যতে॥ ৪৯॥

পেক্ষিতত্বাদেক এব গুণ উদাহৃতঃ। অন্যত্র তু দেশজ্ঞত্বাদিকাঃ পৃথগ্‌গুণা অপি ভবেয়ুরিতি বিবেচনীয়ং॥ ৪৮॥

তথৈবোদাহৃতঃ শরদিতি। মথুরায়ামুদ্ধবং প্রতি ভগবতঃ স্বচরিতকথনান্তঃপাতি বাক্যমিদং॥ ৪৯॥

যথা—

মথুরায় শ্রীকৃষ্ণ উদ্ধবের প্রতি আপনার আচরিত কথা বলিতে বলিতে কহিলেন সখে! শরজ্জ্যোৎস্নাশালিনী রজনী-অপেক্ষা উত্তম সময় নাই, ত্রিলোকীমধ্যে বৃন্দাবন-তুল্য রমণীয় স্থান নাই এবং ব্রজযুবতীসদৃশী আর কোথাও পঙ্কজাক্ষী (পদ্মলোচনা কামিনী) নাই অতএব হে বন্ধো! এই নিশ্চয় করিয়া মুহুর্ম্মুহুঃ রাসোৎসব বিষয়েই আমার মন অত্যন্ত উৎকণ্ঠিত হইতেছে॥

শাস্ত্রচক্ষু॥ ২০॥

যে ব্যক্তি শাস্ত্রানুসারে কর্ম্ম করে তাহাকে শাস্ত্রচক্ষু কহে॥ ৪৯॥

যথা—

অভূৎ কংসরিপোর্নেত্রং শাস্ত্রমেবার্থদৃষ্টয়ে।
নেত্রাম্বুজন্তু যুবতীবৃন্দোন্মাদায় কেবলং॥

শুচিঃ॥ ২১॥

পাবনশ্চ বিশুদ্ধশ্চেত্যুচ্যতে দ্বিবিধঃ শুচিঃ।
পাবনঃ পাপনাশী স্যাদ্বিশুদ্ধস্ত্যক্তদূষণঃ॥ ৫০॥

তত্র পাবনঃ॥

তং নির্ব্যাজং ভজ গুণনিধিং পাবনং পাবনানাং
শ্রদ্ধা শুদ্ধ্যন্মতিরতিতরামুত্তমঃশ্লোকমৌলিং।

অভূদিতি কস্যচিৎ পরিহাসোক্তিঃ। অর্থদৃষ্টয়ে অর্থস্য শুভাশুভ-জ্ঞানায়॥ ৫০॥

তং নির্ব্যাজমিতি প্রায়ো ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীবিদুরোপদেশঃ। নাম্নি চাভাসত্বং। নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা শুদ্ধং বা

যথা—

কোন ব্যক্তি পরিহাসপূর্ব্বক কহিল যে, কংসরিপুর শাস্ত্ররূপ চক্ষু শুভাশুভ পরিজ্ঞানার্থ এবং নেত্রাম্বুজ কেবল যুবতি-বৃন্দের উন্মাদার্থই বিরাজ করিতেছে॥

শুচি॥ ২২॥

শুচি দুই প্রকার পাবন ও বিশুদ্ধ, তন্মধ্যে পাপনাশন-কারির নাম পাবন ও দূষণাদিপরিত্যাগ কারিকেই বিশুদ্ধ কহিয়া থাকে॥ ৫০॥

ধৃতরাষ্ট্রের প্রতি উপদেশপ্রদান পূর্ব্বক বিদুর কহিলেন হে কুরুবর! উত্তমঃশ্লোকমৌলি শ্রীকৃষ্ণ পাবন সকলেরও

উদ্যন্নন্তঃকরণকুহরে হন্ত যন্নামভানো-
রাভাসোঽপি ক্ষপয়তি মহাপাতকধ্বান্তধারাং ॥ ৫১ ॥

বিশুদ্ধো যথা ॥

কপটঞ্চ হঠশ্চ নাচ্যুতে, বত সত্রাজিতি নাপ্যদীনতা।
কথমদ্য বৃথা স্যমন্তক !, প্রসভং কৌস্তুভসখ্যমিচ্ছসি॥৫২॥

বশী ॥ ২২ ॥

শুদ্ধবর্ণং ব্যবহিতরহিতং তারয়ত্যেব সত্যমিত্যনুসারেণ জ্ঞেয়ং ॥ ৫১ ॥
কপটমিতি সত্রাজিতমুদ্দেশ্য শ্রীমদুদ্ধবস্য সোৎপ্রাসোক্তিঃ। প্রসভস্তু বলাৎকারো,-হঠ ইত্যমরপাঠাৎ হঠ ইতি পুংস্যেব। প্রসভমিতি তু অর্শ আদিত্বেন মন্তব্যং ॥ ৫২ ॥

পাবন, তাঁহাকেই তুমি শ্রদ্ধা ও বিশুদ্ধমতি দ্বারা অকপটে ভজনা কর, কারণ, যদি তাঁহার নামরূপি সূর্য্যের আভাসমাত্রও একবার অন্তঃকরণে উদিত হয়, তাহা হইলেই পাপরূপ ঘোর তিমির প্রবাহ একেবারে বিনষ্ট হইবে, অতএব হে রাজন্ ' তুমি ঐ শ্রীকৃষ্ণসেবাতেই অনুরক্ত হও ॥ ৫১ ॥

বিশুদ্ধ যথা ॥

সত্রাজিত্‌কে উদ্দেশ করিয়া আক্ষেপপূর্ব্বক উদ্ধব কহিলেন, হে স্যমন্তক ! শ্রীকৃষ্ণে ছল বা বল কিছুই দেখিতে পাই না এবং সত্রাজিতেও দীনতা দেখিতে পাই না, তবে কেন তুমি কৌস্তুভের সহিত বৃথা সখ্য (বন্ধুতা) করিতে ইচ্ছা করিতেছ ॥ ৫২ ॥

বশী যথা ॥ ২২ ॥

বশী জিতেন্দ্রিয়ঃ প্রোক্তঃ।

যথা প্রথমে ॥

উদ্দামভাবপিশুনামলবল্গুহাস-
ব্রীড়াবলোকনিহতোহমদনোহপি যাসাং।
সংমুহ্য চাপমজহাৎপ্র মদোত্তমস্তা
যস্যেন্দ্রিয়ং বিমথিতুং কুহকৈ র্ন শেকুঃ ॥

উদ্দামেতি। মদনঃ কামোহপি উদ্ভটভাবসূচকাভ্যাং নির্ম্মলমনোহরাভ্যাং হাসব্রীড়াবলোকাভ্যাং স্মিতসলজ্জদৃষ্টিভ্যাং নিহতঃ তন্মহিমদর্শনেনোক্তার্থী-কৃতস্বাস্ত্রাদিবলোহভূৎ। অতএব সংমুহ্য চাপমজহাৎ। তত্র নিজাস্ত্র-প্রয়োগং ন কুরুত এবেত্যর্থঃ। তদেবং ভ্রূপল্লবং ধনুরপাঙ্গতরঙ্গিতানি বাণা ইত্যাদিবন্মহিমদর্শনার্থমুৎপ্রেক্ষামাত্রং তথা ভূতা অপি প্রমদোত্তমাঃ প্রম-দেন প্রকৃষ্টপ্রেমানন্দবিশেষেণ পরমোৎকৃষ্টাস্তাঃ স্ববৃন্দ এব যাঃ স্বতোহপ্যুৎকৃষ্ট-প্রেমবত্য স্তাসাং সাম্যেচ্ছয়া কুহকৈ স্তাদৃশপ্রেমাভাবেন কপটাংশপ্রযুক্তৈঃ সদ্ভিঃ কটাক্ষাদিভি র্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং ন শেকুঃ কিন্তু স্বপ্রেমানুরূপমেব শেকুরিতি ॥ ৫৩ ॥

ইন্দ্রিয়জয়কারিকে "বশী" বলিয়া উল্লেখ করা যায় ॥

যথা প্রথমে ১১ অধ্যায়ে ৩২ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণের স্ত্রীরত্নগণ যদিও অতিশয় প্রভাবশালী, তাঁহা-দিগের গম্ভীরভাবসূচক মনোহর হাস্য এবং সলজ্জভাব দর্শনে আহত হইয়া মহাদেবও মোহ বশতঃ আপনার ধনুঃ পরি-ত্যাগ করিয়াছিলেন সত্য, তথাচ তাঁহারা বিভ্রমাদিচেষ্টা-দ্বারা তাঁহার মনঃ ক্ষুব্ধ করিতে সমর্থ হন নাই ॥

স্থিরঃ ॥ ২৩ ॥

আফলোদয়কৃৎ স্থিরঃ ॥

যথা—

নির্ব্বেদমাপ ন বনভ্রমণে মুরারি-
র্নাচিন্তয়দ্ব্যসনমৃক্ষবিলপ্রবেশে।
আহৃত্য হন্তমণিমেব পুরং প্রপেদে
স্থাদুদ্যমঃ কৃতধিয়াং হি ফলোদয়ান্তঃ।

দান্তঃ ॥ ২৪ ॥

স দান্তো দুঃসহমপি যোগ্যং ক্লেশং সহেত যঃ।

যথা—

গুরুমপি গুরুবাসক্লেশমব্যাজভক্ত্যা

স্থির ॥ ২৩ ॥

ফলোদয়পর্য্যন্ত যে কর্ম্ম করে তাহাকে স্থির কহে ॥

শ্রীকৃষ্ণ স্যমন্তকান্বেষণ নিমিত্ত বনভ্রমণে দুঃখিত অথবা ঋক্ষরাজের বিলপ্রবেশে কোন চিন্তা করেন নাই, মণি-গ্রহণ করতই দ্বারকায় আসিয়াছিলেন, যে হেতু স্থিরচিত্ত ব্যক্তিরা ফলসাধনপর্য্যন্তই কার্য্যে উদ্যমান্বিত হইয়া থাকেন॥

অথ দান্ত ॥ ২৪ ॥

উপযুক্ত ক্লেশ দুঃসহ হইলেও যিনি সহ্য করেন তাঁহাকে দান্ত বলে ॥

যথা—

শ্রীকৃষ্ণ কোমলাঙ্গ হইলেও অকপটভক্তিনিবন্ধন গুরু গৃহে

হরিরজগণদন্তঃ কোমলাঙ্গোঽপি নায়ং।
প্রকৃতিরতিদুরূহা হন্ত লোকোত্তরাণাং
কিমপি মনসি চিত্রং চিন্ত্যমানা তনোতি॥

ক্ষমাশীলঃ॥ ২৫॥

ক্ষমাশীলোঽপরাধানাং সহনঃ পরিকীর্ত্ত্যতে॥
যথা শিশুপালবধে মহাকাব্যে ১৬। ২৫। শ্লোকঃ।
প্রতিবাচমদত্ত কেশবঃ, শপমানায় ন চেদিভূভৃতে।
অনুহূঙ্কুরুতে ঘনধ্বনিং,নহি গোমায়ুরুতানি কেশরী॥৫৩॥

যথা বা।

যামুনাচার্য্যস্তোত্রে॥

বাস রূপ গুরুতর ক্লেশও গণনা করেন নাই, কারণ লোকাতীত ব্যক্তি দিগের দুরূহা প্রকৃতি চিন্ত্যমানা হইয়া কি না আশ্চর্য্য বিধান করিতে পারে॥

অথ ক্ষমাশীল॥ ২৫॥

অপরাধ সকল সহনকারি ব্যক্তিকে ক্ষমাশীল কহে॥

যথা মহাকাব্যশিশুপালবধে ১৬ সর্গে ২৫ শ্লোক॥

চেদিপতি শিশুপাল পূর্ব্বোক্ত প্রকারে শ্রীকৃষ্ণকে বহু বহু নিন্দা করিলে শ্রীকৃষ্ণ তাহাতে কোনই উত্তর করিলেন না, কারণ, সিংহ মেঘগর্জ্জন করিলেই তাহার প্রতি হূঙ্কার করত প্রতিগর্জ্জন করিয়া থাকে, কিন্তু শৃগালের ধ্বনিতে কর্ণপাতও করে না॥

যথাবা যামুনাচার্য্যস্তোত্রে॥

রঘুবর যদভূস্ত্বং তাদৃশো বায়সস্য
প্রণত ইতি দয়ালুর্যচ্চ চৈদ্যস্য কৃষ্ণ।
প্রতিভবমপরাদ্ধুর্মুগ্ধ সায়ুজ্যদোঽভূ-
র্বদ কিমপদমাগস্তস্য তেঽস্তি ক্ষমায়াঃ॥

গম্ভীরঃ॥ ২৬॥

দুর্ব্বিবোধাশয়ো যস্তু স গম্ভীর ইতীর্য্যতে॥ ৫৪॥

যথা—

বৃন্দাবনে বরাভিঃ স্তুতিভির্নিতরামুপাস্যমানোঽপি।

রঘুবরেতি। পুনরুদাহরণমিদং পূর্ব্বস্যাবজ্ঞায়ামেব পর্য্যবসানং স্যান্নতু ক্ষমাবত্ত্বে। ঘনধ্বনাবসহনত্বাদিতি বিচার্য্যং। অত্র প্রতিভবমপরাদ্ধু-রিত্যাদিনা রঘুবরাদপ্যুৎকর্ষো দর্শিতঃ॥ ৫৪॥

বৃন্দাবন ইতি তৎস্তুতিবিশেষস্য স্পষ্টতার্থমুক্তং। কৃষ্টস্তষ্টৌ বেতি জ্ঞাতুং

হে রঘুবর! যদিচ ইন্দ্র কাক এবং জয়ন্তও তাদৃশ গুরুতর অপরাধ অর্থাৎ জানকীর স্তনে চঞ্চ্বাঘাত করিলেও সে প্রণত হইবা মাত্র তুমি তাহার অপরাধ মার্জ্জনা করিয়াছ, কিন্তু হে কৃষ্ণ! তুমি অতি মুগ্ধ, কারণ প্রতি জন্মেই অপরাধ কারি শিশুপালকে যখন সায়ুজ্য প্রদান করিয়াছ, তখন তোমার ক্ষমা গুণের নিকট কোন্ অপরাধ যোগ্য হইতে পারে? অর্থাৎ তুমি সকলই মার্জ্জনা করিতে পার॥

অথ গম্ভীর॥ ২৬॥

যাহার আশয় (অভিপ্রায়—মনোগত ভাব) অতিশয় দুর্ব্বোধ তাহাকে গম্ভীর বলে॥ ৫৪॥

যথা—

বৃন্দাবনে উত্তর উত্তর স্তুতি দ্বারা শ্রীকৃষ্ণের উপাসনা

শক্তো ন হরি র্বিধিনা রুষ্টস্তুষ্টোঽথবা জ্ঞাতুং ॥

যথা বা ॥

উন্মদোঽপি হরির্নব্যরাধাপ্রণয়সীধুনা।
অভিজ্ঞেনাপি রামেণ লক্ষিতোঽয়মবিক্রিয়ঃ ॥ ৫৫ ॥

ধৃতিমান্ ॥ ২৭ ॥

পূর্ণস্পৃহশ্চ ধৃতিমান্ শান্তশ্চ ক্ষোভকারণে ॥ ৫৬ ॥

তত্রাদ্যো যথা ॥

ন শক্তঃ শক্যো নাভূৎ ॥ ৫৫ ॥

পূর্ণেতি। ধৃতির্মনঃসংযমনং তদ্বান্ তত্র পূর্ণা সর্ব্বস্পৃহণীয়লাভাৎ কৃতার্থা স্পৃহা যস্য স পূর্ণস্পৃহঃ। পূর্ণস্পৃহতাকারণধৃত্যা যুক্ত ইত্যর্থঃ। শান্ত ইতি পূর্ণস্পৃহত্বাভাবেঽপি ধৃত্যা ক্ষোভাব্যাপ্ত ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

করিলে তিনি তুষ্ট বা রুষ্ট হইলেন জগদ্বিধাতা তাহা কিছুই জানিতে পারিলেন না ॥

যথাবা ॥

শ্রীরাধার নব্য প্রেমামৃতে শ্রীকৃষ্ণ উন্মত্ত হইয়াছিলেন কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, সর্ব্বজ্ঞ বলদেবও তাহা কিছুই জানিতে পারেন নাই, তাঁহা কর্ত্তৃক তিনি অবিক্রিয় অর্থাৎ নির্ব্বিকার রূপেই লক্ষিত হইয়াছিলেন ॥ ৫৫ ॥

অথ ধৃতিমান্ ॥ ২৭ ॥

যে ব্যক্তি পূর্ণস্পৃহ অর্থাৎ নিরাকাঙ্ক্ষ এবং ক্ষোভের কারণসত্ত্বেও শান্ত, তাহাকে ধৃতিমান্ কহে ॥ ৫৬ ॥

তন্মধ্যে পূর্ণস্পৃহ যথা ॥

স্বীকুর্ব্বন্নপি নিতরাং যশঃপ্রিয়ত্বং
কংসারির্মগধপতের্বধপ্রসিদ্ধাং।
ভীমায় স্বয়মতুলাম্বদত্ত কীর্ত্তিং
কিং লোকোত্তরগুণশালিনামপেক্ষ্যং ॥ ৫৭ ॥

দ্বিতীয়ো যথা ॥

নিন্দিতস্য দমঘোষসূনুনা
সম্ভ্রমেণ মুনিভিঃ স্তুতস্য চ।

স্বীকুর্ব্বন্নিতি। পূর্ণস্পৃহত্বমত্র লোকোত্তরগুণশালিত্বেন লক্ষ্যতে। তত্রচ সতি ভীমায় যশোদানে নিরুপাধিতয়া স্নিগ্ধত্বতারতম্যমপি লভ্যতে। যদ্বিনা সর্ব্বেঽপ্যন্যে গুণা জনায় অরোচমানাঃ স্কন্দপাদ্ভ্রশ্যন্তি। ততশ্চোপ-সন্নমাত্রেষু তস্য নিরুপাধিতয়া স্নিগ্ধত্বে লব্ধে নিরুপাধিভক্তেষু সুতরামেব তাদৃশত্বং স্যাৎ তৎসুখার্থমেব যশঃপ্রিয়ত্বমপ্যুক্তবতি। তেহি তদ্যশসা অধিক-মানন্দং যান্তি। তদেবং স্থিতে তেষু নিজযশশ্চ সংক্রময়তি স ইত্যন্তো যশঃ-প্রিয়ত্বেঽপি পূর্ণস্পৃহত্বমেব সেবিদ্ধ্যত ইতি ॥ ৫৭ ॥

নিন্দিতস্যেতি। অস্যৈবমেবোদাহরণং নতু সম্ভ্রমেণেত্যপি। পরত্র খল্বু গাম্ভীর্য্যমেব লক্ষ্যতে। যনয়ো হ্যত্র ভক্তাস্তৎকৃতস্তবাদন্তর্বহিঃসুখপ্রাপ্তি-

---

শ্রীকৃষ্ণ যশঃপ্রিয় হইলেও মগধরাজ জরাসন্ধে প্রসিদ্ধ অতুল কীর্ত্তি স্বয়ং ভীমসেনকেই সমর্পণ করিয়াছিলেন, যে হেতু লোকাতীত গুণশালী ব্যক্তির কি—অপেক্ষণীয় হইতে পারে ? ॥ ৫৬ ॥

ক্ষোভের কারণ সত্ত্বেও ক্ষান্ত যথা ॥

মহারাজ যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে দমঘোষ নন্দন শিশুপাল শ্রীকৃষ্ণের নিন্দা করিল এবং মুনিগণ সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক তাঁহাকে স্তব করিলেন কিন্তু শ্রীকৃষ্ণের আশ্চর্য্য ধৈর্য্য এই

রাজসূয়সদসি ক্ষিতীশ্বরৈঃ
কাপি নাস্য বিকৃতির্বিতর্কিতা ॥ ৫৮ ॥

সমঃ ॥ ২৮ ॥

রাগদ্বেষবিমুক্তো যঃ সমঃ স কথিতো বুধৈঃ।

যথা শ্রীদশমে ॥

ন্যায্যো হি দণ্ডঃ কৃতকিল্বিষেঽস্মিং—
স্তবাবতারঃ খলনিগ্রহায়

স্বস্ত্যেব। গাম্ভীর্য্যধৃত্যোঃ খলু আবৃতত্বাঽসত্বাভ্যামেব ভেদ ইতি ॥ ৫৮ ॥

রিপোঃ সুতানামিতি। স্বস্য রিপুরয়গিতি যা ন বিষমদৃষ্টিত্বং কিন্তু তুল্য-দৃষ্টিরেব। যতো ন্যায়ান্যায়াভ্যামেব বিষমদৃষ্টিরসি তত্রান্যায়স্বভাবস্য রিপোর্যদ্দমং ধ্বংসে তচ্চ ফল্গুমেবানুশংসন্ ধ্বংসে। আয়ত্যাং তস্যাপি মোক্ষাদিসুখ-প্রাপণাৎ। অতএব রিপুসুতয়োস্তুল্যদর্শিত্বং লব্ধং। লোকে পিত্রাদৌ

যে, কোন ক্ষিতীশ্বরই শ্রীকৃষ্ণের বিকৃতি লক্ষ্য করিতে সমর্থ হইতে পারে নাই ॥ ৫৮ ॥

অথ সম ॥ ২৮ ॥

যে ব্যক্তি রাগ ও দ্বেষ হইতে বিমুক্ত, পণ্ডিতগণ তাহা-কেই সম কহেন ॥

দশমে ১৬ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

প্রণামান্তর নাগপত্নীগণ কহিলেন হে ভগবন্! আপনি খলদিগের নিগ্রহ নিমিত্ত অবতার গ্রহণ করিয়াছেন, আমা-দের পতি কালিয় খল, এ পাপ করিয়াছিল ইহার এ রূপ দণ্ড ন্যায্য (সঙ্গত) বটে,প্রভো! শত্রুতেএবং পুত্রে আপন-

রিপোঃ সুতানামপি তুল্যদৃষ্টি-
র্ধংসে দমং ফলমেবানু শংসন্ ॥ ৫৯ ॥

যথা বা ॥

রিপুরপি যদি শুদ্ধো মণ্ডনীয়স্তবাসৌ
যদুবর যদি দুষ্টো দণ্ডনীয়ঃ সুতোঽপি।
ন পুনরখিলভর্ত্তুঃ পক্ষপাতোজ্‌ঝিতস্য
ক্বচিদপি বিষমং তে চেষ্টিতং জাঘটীতি।

বদান্যঃ ॥ ২৯ ॥

দানবীরো ভবেদ্যস্তু স বদান্যো নিগদ্যতে ॥ ৬০ ॥

তথা দুষ্টপুত্রশাসনদৃষ্টেরিত্যর্থঃ অত্র রিপুর্জরাসন্ধসুতাদিঃ। কালিকা-পুরাণে বরাহাবতারে তাদৃগিতিহাসাৎ। সুতো নরকাসুরাদিঃ ॥ ৫৯ ॥

রিপুরপীতি। শুদ্ধঃ কস্মিংশ্চিন্ন্যায়বিশেষে দোষরহিত ইত্যর্থঃ। দুষ্ট-স্তদ্বিপরীত ইত্যর্থঃ। পক্ষপাতোঽত্র স্বাতন্ত্র্যেণ কস্যচিৎ পক্ষস্য গ্রহণং ॥ ৬০ ॥

কার সমান দৃষ্টি,আপনি ভা ন আলোচনা করিয়াই দণ্ড বিধান করিয়া থাকেন ॥ ৫৯ ॥

যথা বা ॥

হে যদুবর ! রিপু যদি নির্দ্দোষ হয়, তাহা হইলে তুমি তাহাকে ভূষিত কর, আর পুত্রও যদি দুষ্ট হয় তথাপি তাহাকে তুমি দণ্ড প্রদান করিয়া থাক, যে হেতু তুমি অখিল লোকের ভর্ত্তা, তোমার পক্ষপাত নাই, অতএব পুনরায় তোমার বিষম স্বভাব কি প্রকারে সম্ভব হইতে পারে ? ॥

অথ বদান্য ॥ ২৯ ॥

যে ব্যক্তি দানবীর অর্থাৎ অতিশয় দাতা, তাহাকে শাস্ত্র-কারেরা বদান্য বলেন ॥ ৬০ ॥

যথা—

সর্ব্বার্থিনাং বাঢ়মভীষ্টপূর্ত্ত্যা
ব্যর্থীকৃতাঃ কংসনিসূদনেন।
হ্রিয়েব চিন্তামণিকামধেনু-
কল্পদ্রুমা দ্বারবতীং ভজন্তি ॥ ৬১ ॥

যথাবা ॥

যেষাং শোড়শ পূরিতা দশশতী স্বান্তঃপুরাণাং তথা
চাষ্টশ্লিষ্টশতী বিভাতি পরিত স্তৎসংখ্যপত্নীযুজাং।

সর্ব্বার্থিনামিতি বন্দিজনস্তুতিঃ ॥ ৬১ ॥

উক্তামেব দানক্রিয়ামেকদেশদর্শনয়া পুষ্ণাতি যেষামিতি। পূরিতত্বং

কংস নিসূদন শ্রীকৃষ্ণ সর্ব্বার্থি সকলের অর্থাৎ সর্ব্ব-প্রকার কামিব্যক্তিগণের অতিশয়রূপে অভীষ্ট পূর্ণ করিয়া চিন্তামণি, কামধেনু ও কল্পবৃক্ষদিগকে ব্যর্থ করিলেন, তাহাতেই চিন্তামণি প্রভৃতি লজ্জিত হইয়া দ্বারাবতীকেই ভজনা করিতে লাগিল ॥ ৬১ ॥

যথাবা ॥

দ্বারকা নগরীতে শ্রীকৃষ্ণের ষোড়শ সহস্রও একশত অষ্ট অন্তঃপুর সর্ব্বতোভাবে শোভা পাইতেছে, ঐ সকল অন্তঃ-পুরের প্রত্যেক গৃহে পত্নী সকল বিরাজ করিতেছেন, শ্রীকৃষ্ণ প্রতি অন্তঃপুরে প্রত্যহ সালঙ্কৃতা, সবৎসা, গৃষ্টি অর্থাৎ প্রথম প্রসূতা গাভীগণের বদ্ধ সংখ্যা অর্থাৎ [illegible]

একৈকং প্রতি তেষু তর্ণকভৃতাং ভূষাজুষামন্বহং
গৃষ্টীনাং যুগপচ্চ বদ্ধমদদাদ্যস্তস্য বা কঃ সমঃ ॥

ধার্ম্মিকঃ ॥ ৩০ ॥

কুর্ব্বন্ কারয়তে ধর্ম্মং যঃ স ধার্ম্মিক উচ্যতে ॥ ৬২ ॥

যথা—

পাদৈশ্চতুর্ভি র্ভবতা,বৃষস্য
গুপ্তস্য গোপেন্দ্র তথাভ্যবর্দ্ধি।
স্বৈরং চরন্নেষ যথা ত্রিলোকী-
মধর্ম্মশস্পানি হঠাজ্জঘাস ॥

গুণিতত্বং শ্লিষ্টত্বং। যুক্তত্বং। গৃষ্টীনাং প্রথমপ্রসূতানাং বদ্ধং চতুরশীত্যষ্টসহস্রাণি ত্রয়োদশ ১৩০৮৪। প্রকারান্তরমেতৎ পদ্যং ত্যক্তং ॥ ৬২ ॥

পাদৈশ্চতুর্ভিরিত্যাদি স্বয়ং শ্রীনারদস্য নর্ম্মবচনং। কুর্ব্বন্ কারয়ত ইত্য-

---

সহস্র চতুরশীতি ১৩০৮৪ (তের হাজার চৌরাশী) করিয়া এককালীন দান করিতেছেন অতএব ভূমণ্ডলে শ্রীকৃষ্ণসদৃশ কোন্ ব্যক্তি দানবীর হইতে সমর্থ হইবে ? ॥

অথ ধার্ম্মিক ॥ ৩০ ॥

যে ব্যক্তি স্বয়ং ধর্ম্ম যাজন করেন ও অন্যকে ধর্ম্ম যাজন করান তাঁহাকে ধার্ম্মিক কহে ॥ ৬২ ॥

যথা—

নারদ পরিহাস পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন হে গোপেন্দ্র! তোমা কর্ত্তৃক চরণ চতুষ্টয় সহকারে বৃষ (ধর্ম্ম) এরূপ বর্দ্ধিত হইল যে, সে স্বেচ্ছাপূর্ব্বক তৃণভোজন করিতে২ হঠাৎ ত্রৈলোক্যে অধর্ম্মরূপ তৃণ ভক্ষণ করিয়া ফেলিল ॥

যথা বা ॥

বিতায়মানৈর্ভবতা মখোৎকরৈ-
রাকৃষ্যমাণেষু পতিষ্বনারতং।
মুকুন্দ! খিন্নঃ সুরসুভ্রুবাং গণ-
স্তবাবতারং নবমং নমস্যতি ॥ ৬৩ ॥

শূরঃ ॥ ৩৯॥

উৎসাহী যুধি শূরোঽস্ত্রপ্রয়োগে চ বিচক্ষণঃ।

নয়ো ব্যতিক্রমেণোদাহরণে। জ্ঞেয়ে। যথাবেত্যত্রতু চার্থে বা শব্দঃ। গোপেন্দ্রেতি শ্লিষ্টং। গাং পৃথিবীং পাতীতি গোপঃ। গোপো ভূপ ইত্যমরনানার্থবর্গপাঠাৎ ॥ ৬৩ ॥

যথাবা ॥

হে মুকুন্দ! তুমি বহু বহু যজ্ঞ বিস্তার করিয়া নিরন্তর দেবগণের আহ্বান করিয়া থাক, এ নিমিত্ত দেবাঙ্গণাগণ পতি-বিয়োগে খিন্ন হইয়া তোমার নবমাবতার যে বুদ্ধমূর্ত্তি, তাঁহাকেই তাঁহারা স্তব করিতেছেন অর্থাৎ তাঁহাদের অভি-প্রায় এই যে, ভগবান্ বুদ্ধদেব পৃথ্বীতলে অবতীর্ণ হইয়া যজ্ঞ-বিধির নিন্দা করিবেন, এক্ষণে যদি সেই বিধি প্রচলিত হয়, তাহা হইলে যজ্ঞের অভাব প্রযুক্ত আর দেবগণের আহ্বান হইবেক না, সুতরাং আমাদের পতিবিয়োগরূপ দুঃখ একে-বারে বিনির্ম্মুক্ত হইবে ॥ ৬৩ ॥

অথ শূর ॥ ৩৯ ॥

যুদ্ধবিষয়ে উৎসাহী ও অস্ত্রপ্রয়োগে বিচক্ষণ, এই দুইকে

তত্রাদ্যো যথা ॥

পৃথু সমরসরো বিগাহ্য কুর্ব্বন্
দ্বিষদরবিন্দবনে বিহারচর্য্যাং।
স্ফুরসি তরলবাহুদণ্ডশুণ্ড-
স্ত্বমঘবিদারণ বারণেন্দ্রলীলঃ ॥

দ্বিতীয়ো যথা ॥

ক্ষণাদক্ষৌহিণীবৃন্দে জরাসন্ধস্য দারুণে।
দৃষ্টঃ কোঽপ্যত্র নাদষ্টো হরেঃ প্রহরণাহিভিঃ ॥

উৎসাহীতি। উদাহরণবৈচিত্র্যার্থমেকস্যৈব শূরস্য দ্বিধা নিরূপণং। এবং যথার্হমুত্তরত্রাপি জ্ঞেয়ং। পৃথ্বিত্যাদ্যুদাহরণপদ্যে তু দ্বিষদিত্যাদৌ অবিরল-

---

শূর বলা যায় ॥

তন্মধ্যে যুদ্ধবিষয়ে উৎসাহী যথা ॥

হে অঘদমন! তুমি গজেন্দ্রেরমত লীলা বিস্তার করিয়া সমরস্বরূপ বিস্তৃত সরোবরে আপনার তরল ভুজদণ্ডরূপ শুণ্ড দ্বারা বিপক্ষরূপ পদ্মবনকে বিশেষরূপে মর্দ্দন করত অত্যন্ত স্ফূর্ত্তিশীল হইতেছে ইহা তোমার উপযুক্তই বটে ॥

অস্ত্রপ্রয়োগে বিচক্ষণ যথা ॥

শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য অস্ত্রশিক্ষা, ক্ষণকালের মধ্যে মগধাধিপতি জরাসন্ধের ত্রয়োবিংশতি অক্ষৌহিণী দারুণ সেনা তদীয় অস্ত্ররূপ সর্পকর্ত্তৃক দষ্ট হয় নাই, এমত কাহাকেও দেখিতে পাঁওয়া যায় নাই ॥

করুণঃ ॥ ৩২ ॥

পরদুঃখাসহো যস্ত করুণঃ স নিগদ্যতে ॥ ৬৪ ॥

যথা—

রাজ্ঞামগাধগতিভি র্মগধেন্দ্রকারা-
দুঃখান্ধকারপটলৈঃ স্বয়মন্ধিতানাং।
অক্ষীণি যঃ সুখময়ানি ঘৃণী ব্যতানী-
দ্বন্দে তমদ্য যদুনন্দনপদ্মবন্ধুং ॥ ৬৫ ॥

যথা বা ॥

শৈব্যগোমিতি পাঠান্তরং যোগ্যমিতি ॥ ৬৪ ॥

রাজ্ঞামিতি নির্যাণসময়ে শ্রীভীষ্মবচনং। স্বয়মিতি কর্ম্মকর্ত্তৃত্বদ্যোতকং। ঘৃণা করুণা ঘৃণেত্যমরঃ ॥ ৬৫ ॥

অথ করুণ ॥ ৩২ ॥

যে ব্যক্তি পরদুঃখ সহ্য করিতে না পারেন তাঁহাকে করুণ বলা যায় ॥ ৬৪ ॥

যথা—

ভীষ্ম প্রাণত্যাগ সময়ে কহিলেন, যিনি করুণা বিস্তার পূর্ব্বক মগধেন্দ্রের কারাবাসরূপ অগাধ দুঃখময় অন্ধকার সমূহে স্বয়ং অন্ধীভূত রাজগণের নেত্র সকল সুখময় স্বরূপে বিস্তার করিয়াছিলেন [illegible] যদুনন্দনরূপ পদ্মবন্ধুকে (সূর্য্যকে) বন্দনা করি [illegible]

যথা

(৩৬)

স্খলন্নয়নবারিভির্বিরচিতাভিষেকশ্রিয়ে
ত্বরাভরতরঙ্গতঃ কবলিতাত্মবিস্ফূর্ত্তয়ে।
নিশান্তশরশায়িনা সুরসরিৎসুতেন স্মৃতেঃ
সপদ্যবশবর্ম্মণো ভগবতঃ কৃপায়ৈ নমঃ॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

গুরুব্রাহ্মণবৃদ্ধাদিপূজকো মান্যমানকৃৎ॥

যথা—

অভিবাদ্য গুরোঃ পদাম্বুজং

স্খলন্নিতি। সুরসরিৎসুতেন কর্ত্রা যা স্মৃতিস্তস্যা হেতো র্যা ভগবতঃ কৃপা তস্যৈ নমঃ। কীদৃশ্যৈ। ত্বরাভরতরঙ্গতো হেতোঃ কবলিতা আত্মনো ভগ-

---

যৎকালীন গঙ্গাতনয় ভীষ্ম প্রখরতর শরশয্যায় শয়ান হইয়া শ্রীকৃষ্ণকে স্মরণ করেন, তখনই শ্রীকৃষ্ণের শরীর অবশ হয় এবং তন্নিবন্ধন তিনি এরূপ কৃপা বিস্তার করিয়াছিলেন যে, ভীষ্মের ঐ অবস্থা দেখিয়া তদীয় নেত্র হইতে অশ্রুপাতও হইতে লাগিল, তাহাতেই শ্রীকৃষ্ণ অভিষিক্ত হওত ব্যস্ত হইয়া যাইতে যাইতে আত্মস্মৃতি বিস্মৃতি হইয়াছিলেন, অতএব সেই ভগবৎকৃপাকেই নমস্কার করি॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

যিনি গুরু, ব্রাহ্মণ এবং বৃদ্ধগণের পূজা করেন, তাঁহাকেই মান্যমানকৃৎ কহা যায়॥

যথা—

শ্রীকৃষ্ণ প্রথমে গুরুচরণাম্বুজে অভিবাদন করিয়া তৎপশ্চাৎ পিতা ও অগ্রজের চরণে প্রণত হইলেন, পরে

শীলেন নির্ম্মলমতিঃ কমলেক্ষণোঽয়ং ॥

বিনয়ী ॥

ঔদ্ধত্যপরিহারী যঃ কথ্যতে বিনয়ীত্যসৌ ॥

যথা মহাকাব্যে শিশুপালবধে। ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

অবলোক এব নৃপতেঃ স্ম * দূরতো
রভসাদ্রথাদবতরীতুমিচ্ছতঃ।
অবতীর্ণবান্ প্রথমমাত্মনা † হরি-
র্বিনয়ং বিশেষয়তি সম্ভ্রমেণ সঃ ॥ ৬৮ ॥

বর্ণদূতঃ। পিশুনৌ খলসূচকাবিত্যমরঃ ॥ ৬৮ ॥

সকলেও অসূয়া প্রকাশ করেন না। অতএব এই কমলেক্ষণ শ্রীকৃষ্ণ স্বীয় সুশীলতায় অতিশয় নির্ম্মলচেতা হইয়াছেন ॥

অথ বিনয়ী ॥ ৩৫ ॥

যে ব্যক্তি আপনার ঔদ্ধত্য পরিত্যাগ করেন তাঁহাকে বিনয়ি বলা যায় ॥

যথা মহাকাব্য শিশুপালবধে ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

রাজসূয় যজ্ঞার্থ দ্বারকা হইতে শ্রীকৃষ্ণ ইন্দ্রপ্রস্থে আসিতেছেন এমন সময়ে মহারাজ যুধিষ্ঠির তাঁহার অভ্যর্থনা করিতেছেন ॥

রাজা যুধিষ্ঠির দূর হইতে শ্রীকৃষ্ণকে (কনিষ্ঠ পৈতৃস্বষেয় ভ্রাতাকেও) অবলোকন করিয়া বেগে রথ হইতে অবতরণ করিতে ইচ্ছা করিলে শ্রীকৃষ্ণ সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক অগ্রেই রথ হইতে অবতরণ করিয়া কেবল আপন বিনয়কেই বিশেষ রূপে প্রকাশ করিলেন ॥ ৬৮ ॥

* সুদূরতঃ, † প্রথমমাত্মনঃ, এতাবপি পাঠৌ।

পিতরং পূর্ব্বজমপ্যথানতঃ।
হরিরঞ্জলিনা তথা গিরা
যদুবৃন্দানমৎ ক্রমাদয়ং ॥ ৬৬ ॥

দক্ষিণঃ ॥ ৩৪ ॥

সৌশীল্যসৌম্যচরিতো দক্ষিণঃ কীর্ত্ত্যতে বুধৈঃ ॥ ৬৭ ॥

যথা—

ভৃত্যস্য পশ্যতি গুরূনপি নাপরাধান্
সেবাং মনাগপি কৃতাং বহুধাভ্যুপৈতি।
আবিষ্করোতি পিশুনেষ্বপি নাভ্যসূয়াং

বতঃ স্ফূর্ত্তিঃ অয়মহমস্মীতি জ্ঞানং যস্যাং তাদৃশ্যে ॥ ৬৬ ॥
সৌশীল্যেন সুস্বভাবেন সৌম্যং সুকোমলং চরিতং যস্য ॥ ৬৭ ॥
ভৃত্যস্যেতি। স্যমন্তকং গৃহীত্বা কাশ্যাং গতমক্রূরং প্রতি শ্রীমদুদ্ধবস্য

অঞ্জলিবন্ধন ও বাক্য দ্বারা ক্রমশঃ যদুগণকে সাদরে নমস্কার করিলেন ॥ ৬৬ ॥

অথ দক্ষিণ ॥ ৩৪ ॥

যে ব্যক্তি স্বীয় সুস্বভাব দ্বারা কোমল চরিত্র হয়েন, পণ্ডিতগণ তাঁহাকেই দক্ষিণ বলিয়া নির্দ্দেশ করেন ॥ ৬৭ ॥

যথা—

অক্রূর স্যমন্তক হরণ পূর্ব্বক কাশী প্রস্থান করিলে, উদ্ধব কহিলেন, শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য স্বভাব !, ভৃত্য যদি গুরুতর অপরাধে অপরাধীও হয়, তথাপি তাহার কৃত যে অত্যল্প সেবা তাহাকেই বহু করিয়া জ্ঞান করেন এবং পিশুন (খল)

হ্রীমান্ ॥ ৩৬ ॥

জ্ঞাতেঽস্মররহস্যেঽন্যৈঃ ক্রিয়মাণে স্তবেঽথবা
শালীনত্বেন সঙ্কোচং ভজন্ হ্রীমানুদীর্য্যতে ॥

যথা ললিতমাধবে ॥

দরোদঞ্চদ্গোপীস্তনপরিসরপ্রেক্ষণভরাৎ

জ্ঞাত ইতি। অস্মররহস্যে স্মররহস্যাভাবেঽপ্যন্যৈ র্জ্ঞাতে স্বয়মেব জ্ঞাতেন তেন সঙ্কোচং ভজন্। অথ বাস্তবেঽপি ক্রিয়মাণে সঙ্কোচং ভজন্ হ্রীমানুদীর্য্যতে। তত্র হেতুঃ শালীনত্বেন অধৃষ্টতাস্বভাবেন শালীনত্বেন—অনধিগম্য স্বভাবেন বা ইতি তথৈবোদাহরতি দরোদঞ্চদিতি। তথাহি তৎকোমল-ত্বদৃষ্ট্যা ভয়েনার্ত্তৈ র্ব্যগ্রৈ রখিলগোপৈঃ প্রভাবদৃষ্ট্যাতু আরব্ধা স্তুতিঃ শৌর্য্যবর্দ্ধনবিরুদস্য তথাবিধঃ সন্ তত্র স্বমহিমজ্ঞতয়া স্মিতমুখং রামং পুরোঽগ্রত এব দৃষ্ট্বা শালীনত্বেন নমিতাস্যো মধুরিপুর্জয়তি পরমোৎকর্ষেণ ভক্ত-হৃদয়ে স্ফুরত্বিত্যর্থঃ। তত্র কস্মাৎ ক কিল বিলসতি ?, স্মিতমুখং দৃষ্ট্বা

অথ হ্রীমান্ ॥ ৩৬ ॥

স্মর রহস্যের অর্থাৎ কন্দর্পকেলির অভাবেও যদি অন্য কর্ত্তৃক জ্ঞাত হয় অথবা অন্য কর্ত্তৃক স্তব কৃত হইলে যে ব্যক্তি আপনার অধৃষ্টতা হেতুক সঙ্কুচিত হয়, পণ্ডিতগণ তাহাকে হ্রীমান্ বলিয়া উল্লেখ করেন ॥

যথা ললিতমাধবে ॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনধারণ পূর্ব্বক অবস্থিত হইলে গোপী-গণ শ্রীকৃষ্ণের হস্তের প্রতি একদৃষ্টিতে অবলোকন করিতে-ছিলেন, ইতিমধ্যে ঐ সকল গোপীগণের স্তন পরিসর অর্থাৎ স্তনতট নেত্র গোচর হওয়াতে তদীয় হস্ত ঈষৎ কম্পিত

করোৎকম্পাদীষচ্চলতি কিল গোবর্দ্ধনগিরৌ।
ভয়ার্ত্তৈরারব্ধস্তুতিরখিলগোপৈঃ স্মিতমুখং
পুরো দৃষ্ট্বা রামং জয়তি নমিতাস্যো মধুরিপুঃ॥

শরণাগতপালকঃ॥ ৩৭॥

পালয়ন্ শরণাপন্নান্ শরণাগতপালকঃ॥

যথা—

নমিতাস্য ইত্যুৎপ্রেক্ষ্য তামিত্যপেক্ষায়ামুক্তং দরোদঞ্চদিতি। দরেত্যাদিলক্ষণাৎ কম্পাদ্গোবর্দ্ধনগিরৌ ঈষচ্চলতি সতি। কিলেত্যুৎপ্রেক্ষিতমেব, বস্তুতস্ত অনেন রামাজ্ঞাতত্তাদৃশনিজস্মররহস্যত্বেঽপি শালীনত্বেনৈব সঙ্কুচতি। স্মেতি ধ্বনিতং। তদগ্রজরামস্য তৎকৃততদীয়স্তনাস্তদর্শনানুসন্ধানস্যানৌচিত্যং। গাম্ভীর্য্যগুণেন চ পূর্ব্বোক্তদলক্ষ্যতাদৃশতত্তাবত্বং। পূর্ব্বার্দ্ধেচ কিলেত্যুক্ত্যা তদর্থস্যোৎপ্রেক্ষিতমাত্রত্বমিতি ব্যাখ্যান্তরং নাঙ্গীকৃতং॥ ৬৯॥

হইতেছিল, তাহাতে গোবর্দ্ধনও চলিত হইতে লাগিল, ইহা দেখিয়া গোপগণ ভয়ার্ত্ত হইয়া শ্রীকৃষ্ণের স্তব করিতে আরম্ভ করিলে, বলরাম সহসা হাস্য করিলেন, কিন্তু শ্রীকৃষ্ণের মনোমধ্যে আশঙ্কা হইল যে, অগ্রজ বুঝি আমার আন্তরিক ভাব অবগত হইয়া থাকিবেন, অতএব এইরূপ অভিপ্রায়ে লজ্জাবিনম্রবদন শ্রীকৃষ্ণ জয়যুক্ত হউন॥

অথ শরণাগত পালক॥ ৩৭॥

যে ব্যক্তি শরণাপন্ন লোককে পালন করেন তাঁহাকে শরণাগতপালক কহা যায়॥

যথা—

জ্বর! পরিহর বিত্রাসং ত্বমত্র সমরে কৃতাপরাধোঽপি।
সদ্যঃপ্রপদ্যমানে যদিন্দবতি যাদবেন্দ্রোঽয়ং॥

সুখী॥ ৩৮॥

ভোক্তা চ দুঃখগন্ধৈরপ্যস্পৃষ্টশ্চ সুখী ভবেৎ॥ ৬৯॥

তত্রাদ্যো যথা॥

রত্নালঙ্কারভারস্তবধনদমনো রাজ্যবৃত্ত্যাপ্যলভ্যঃ
স্বপ্নে দম্ভোলিপাণেরপি দুরধিগমং দ্বারি তৌর্য্যত্রিকঞ্চ।

রত্নেতি বন্দিজনস্তুতিঃ। স্বপক্ষে শশিকলা নখাগ্রা নখাগ্রভাগা বা। গৌর্য্যাস্তু একৈব শশিকলা চন্দ্ররেখা। স্বপক্ষে কান্তসম্বন্ধীনি মনোহরাণি বা সর্ব্বাঙ্গানি ভজন্তে যা স্তাঃ। গৌরীতু স্বকান্তস্যার্দ্ধাঙ্গভাগিতি শ্লেষেণ যুক্তস্ব-

---

ওহে জ্বর! তুমি সমরে অপরাধী হইলেও বিশেষরূপে ত্রাস পরিত্যাগ কর, কারণ শরণাপন্ন জনের প্রতি এই যাদবেন্দ্র সদ্যই চন্দ্রতুল্য আচরণ করিয়া থাকেন অতএব তোমার কোন শঙ্কা নাই॥

অথ সুখী॥ ৩৮॥

যে ব্যক্তি ভোগী এবং যাহাকে দুঃখের গন্ধমাত্রও স্পর্শ করিতে পারে না এই দুই ব্যক্তিকে সুখী বলে॥ ৬৯॥

তন্মধ্যে ভোগী যথা॥

বন্দিজন স্তুতি করিয়া কহিলেন হে যদুবর! তোমার যে সকল রত্নালঙ্কার দেখিতেছি তাহা ধনদ কুবেরেও মানসিকী রাজ্যবৃত্তিদ্বারা অলভ্য, ত্বদীয় দ্বারে যে সকল নৃত্য গীত হইতেছে, বজ্রপাণি ইন্দ্র তাহা স্বপ্নেও অধিগম করিতে

পার্শ্বে গৌরীগরিষ্ঠাঃ প্রচুরশশিকলাঃ কান্তসর্ব্বাঙ্গভাজঃ
সীমন্তিন্যশ্চ নিত্যং যদুবর ভুবনে কস্তদন্যোঽস্তি ভোগী॥৭০

দ্বিতীয়ো যথা ॥

ন হানিং ন গ্লানিং ন নিজগৃহকৃত্য-ব্যসনিতাং
ন ঘোরং নোদঘূর্ণাং ন কিল কদনং বেত্তি কিমপি।

মেব গৌরীগরিষ্ঠত্বমিতি দর্শিতং ॥ ৭০ ॥

ন হানিমিতি যজ্ঞপত্নীঃ প্রতি কস্যাশ্চিৎ শ্রীগোপীকৃষ্ণদূত্যাঃ স্নেহবশাৎ তাস্বপি গতাগতং কুর্ব্বত্যা রহস্যোক্তিঃ। ঘোরং ভয়হেতুং। ততো ভয়ন্তু সর্ব্বথৈব নেতি ব্যঞ্জিতং। উদঘূর্ণাং চিন্তাং সাঙ্গীকৃতাঃ পূর্ণিতাঃ সুহৃদঃ সহচর্য্যো যত্র তাদৃক্ অনঙ্গো যাসাং। অত্র তত্তদ্ব্যাকারে সত্যপি তত্তদজ্ঞানোক্তি র্ন সম্ভবতি

পারেন না। এবং যে সকল সীমন্তিনীর (সুন্দরী স্ত্রীর) অঙ্গ প্রচুর চন্দ্রকলার ন্যায় কমনীয় ও যাহারা গৌরী অপেক্ষাও গরিষ্ঠা, নিরন্তর তাহারা তোমার পার্শ্বে অবস্থিতি করিতেছে, অতএব হে যাদবেন্দ্র! ভুবনমধ্যে তোমার সদৃশ আর ভোগী কে হইতে পারে? ॥ ৭০ ॥

দুঃখগন্ধে অস্পৃষ্ট যথা ॥

শ্রীকৃষ্ণের কোন দূতী যজ্ঞপত্নীদিগের নিকট গতাগতি করিতে ২ স্নেহ বশতঃ তাঁহাদিগকে কহিলেন, হে দ্বিজপত্নীগণ! কোন দুঃখের গন্ধও শ্রীকৃষ্ণকে স্পর্শ করিতে পারে না, কারণ, না তাঁহার হানি আছে, না তাঁহার গ্লানি আছে, না তাঁহার গৃহকার্য্য ব্যাপারেই ব্যসনিতা দেখিতে পাই, না তাঁহার ভয়ের হেতু কিছু লক্ষ্য হয়, না তাঁহার কোন চিন্তার বিষয়ই

বরাঙ্গীভিঃ সঙ্গীকৃতসুহৃদনঙ্গাভিরভিতো
হরির্বৃন্দারণ্যে পরমনিশমুচ্চৈ র্বিহরতি ॥

ভক্তসুহৃৎ ॥ ৩৯ ॥

সুসেব্যো দানবন্ধুশ্চ দ্বিধা ভক্তসুহৃন্মতঃ ॥ ৭১ ॥

তত্রাদ্যো যথা বিষ্ণুধর্ম্মে ॥

তুলসীদলমাত্রেণ জলস্য চুলকেন চ।
বিক্রীণীতে স্বমাত্মানং ভক্তেভ্যো ভক্তবৎসলঃ ॥ ৭২ ॥

ইত্যর্থান্তরসংক্রমিতবাচ্যধ্বনিনা তত্র তত্রাবৈয়গ্র্যকারিপরমতেজস্বিত্বমেব বিবক্ষিতমিতি জ্ঞেয়ং ॥ ৭১ ॥

তত্রাদ্যো যথা বিষ্ণুধর্ম্ম ইত্যেষ পাঠঃ। বিক্রীণীতে। মুহুরপি বশীকরোতীত্যর্থঃ ॥ ৭২ ॥

কিছু উপস্থিত হয় এবং কদন কাহাকে বলে তাহাও তিনি জানেন না, কেবল অনঙ্গ-(কন্দর্প)-সৌহৃদ্যে পরিপূর্ণ বরাঙ্গণাগণ কর্ত্তৃক পরিবৃত হইয়া নিরন্তর বৃন্দাবনে বিহার করিতেছেন ॥

অথ ভক্তসুহৃৎ ॥ ৩৯ ॥

ভক্ত সুহৃদ্ দুই প্রকার সুসেব্য এবং দাসবন্ধু ॥ ৭১ ॥

তন্মধ্যে সুসেব্য যথা বিষ্ণুধর্ম্মে ॥

ভক্তগণ যদি বিষ্ণুকে একদলমাত্র তুলসী অথবা এক গণ্ডূষ মাত্র জল প্রদান করেন তাহা হইলে ঐ ভক্তবৎসল ভগবান্ ভক্তজনের সমীপে আপনার আত্মা বিক্রয় করিয়া থাকেন ॥ ৭২ ॥

দ্বিতীয়ো যথা প্রথমে ॥

স্বনিগমমপহায় মৎপ্রতিজ্ঞা-
ঋতমধিকর্ত্তুমবপ্লুতো রথস্থঃ।

স্বনিগম ইত্যন্তিমসময়ে শ্রীভীষ্মবাক্যং। স্বনিগমং শস্ত্রসন্ন্যাসলক্ষণাং স্বপ্রতিজ্ঞামপহায়। তমেতং শস্ত্রং গ্রাহয়িষ্যামীতি মৎপ্রতিজ্ঞাং সত্যাং কর্ত্তুং রথস্থোঽপি ধৃতচক্রঃ সন্ ভুব্যবতীর্ণস্ততশ্চাবেশেন স্খলিতোত্তরীয়স্তেনৈব চাবিস্কৃতবলতয়া চলন্তী গৌঃ পৃথিবী যেন তাদৃশো ভূত্বা মাং হন্তুমাভিমুখ্যেন যঃ অগাৎ নত্বববধীৎ স মে মুকুন্দো গতি র্ভবত্বিত্যুত্তরেণান্বয়ঃ। কঃ কমিব ?, হরিঃ সিংহঃ ইভমিবেতি বাক্যার্থঃ। তদান্তে তং প্রতি এতস্য পরমমিত্রঞ্চার্জ্জুনং প্রতি দুর্দ্দৈববশান্মহদপরাধবত্যপি ময়ি পুরাতনং ভক্তিলেশাভাসং ভক্তিত্বেনানুসন্ধায় য ইত্থং বন্ধুত্বং স্বমাহাত্ম্যহানিসহনেনাপি মন্মা-

---

দাসবন্ধু যথা—

প্রথমস্কন্ধে ৯ অধ্যায়ে ৩৪ শ্লোকে।

শ্রীকৃষ্ণ প্রতিজ্ঞা করিয়াছিলেন, কুরুপাণ্ডবদিগের যুদ্ধে কোন পক্ষে শস্ত্র গ্রহণ না করিয়া সাহায্যমাত্র করিবেন, আমারও দৃঢ় প্রতিজ্ঞা ছিল, ইহাঁকে অস্ত্র গ্রহণ করাইব, ইনি এমনই ভক্তবৎসল যে, আপনার প্রতিজ্ঞা পরিত্যাগ করিয়া আমার প্রতিজ্ঞা অধিক সত্য করিবার নিমিত্ত রথ হইতে অবতরণপূর্ব্বক আপনার পরমাস্ত্র চক্র ধারণ করেন এবং হস্তিবধার্থ যেমন সিংহ ধাবমান হয় তাহার ন্যায় আমার অভিমুখে ধাবমান হইয়া আসিয়াছিলেন। তৎকালে ইহাঁর অতিশয় ক্রোধোদয় হওয়াতে মনুষ্যনাট্য (লীলা) বিস্মৃত হইয়াছিলেন,

ধৃতরথচরণোভ্যয়াচ্চলদ্গু-
র্হরিরিব হস্তুমিভং গতোত্তরীয়ঃ ॥ ৭৩ ॥

প্রেমবশ্যঃ ॥ ৪০ ॥

প্রিয়ত্বমাত্রবশ্যো যঃ প্রেমবশ্যো ভবেদসৌ ॥

যথা শ্রীদশমে ॥

সখ্যুঃ প্রিয়স্য বিপ্রর্ষে রঙ্গসঙ্গাতিনির্বৃতঃ।
প্রীতো ব্যমুঞ্চদব্বিন্দূন্নেত্রাভ্যাং পুষ্করেক্ষণঃ ॥ ৭৪ ॥

যথাবা তত্রৈব ॥

হাস্যবর্দ্ধনলক্ষণং ব্যঞ্জিতবান্। সোঽয়ং সুহৃদ্দাসানাং সর্ব্বথৈব বন্ধুত্বং কুর্য্যাদিতি ভাবঃ ॥ ৭৩ ॥

প্রিয়ত্বমাত্রেণ বশ্যো নতু সেবাদ্যপেক্ষয়েত্যর্থঃ ॥ ৭৪ ॥

এ কারণ উদরস্থ সকল ভুবনের ভার বশত ইহাঁর প্রত্যেক পদে পৃথিবী কম্পিতা হয় এবং ক্রোধভরে ইহাঁর উত্তরীয় বসন পথে পড়িয়া যায় ॥ ৭৩ ॥

প্রেমবশ্য ॥ ৪০ ॥

যিনি সেবা-অপেক্ষা না করিয়া প্রিয়তামাত্রেই বশীভূত হয়েন, তাঁহাকে প্রেমবশ্য কহা যায় ॥

যথা শ্রীদশমে ৮০ অধ্যায়ে শ্রীদামচরিতে ১৩ শ্লোকে।

শ্রীকৃষ্ণের প্রিয়সখা শ্রীদাম ব্রাহ্মণের অঙ্গ স্পর্শে নির্বৃত (সুস্থ) ও প্রীত হইয়া নেত্রদ্বয় হইতে প্রেমচিহ্নস্বরূপ বারিধারা মোচন করিতে লাগিলেন ॥ ৭৪ ॥

যথাবা।

স্বমাতুঃ স্বিন্নগাত্রায়া বিস্রস্তকবরস্রজঃ।
দৃষ্ট্বা পরিশ্রমং কৃষ্ণঃ কৃপয়াসীৎ স্ববন্ধনে॥

সর্ব্বশুভঙ্করঃ॥ ৪১॥

সর্ব্বেষাং হিতকারী যঃ স স্যাৎ সর্ব্বশুভঙ্করঃ॥ ৭৫॥

যথা—

কৃতা কৃতার্থা মুনয়ো বিনোদৈঃ
খলক্ষয়েণাখিলধার্ম্মিকাশ্চ।
বপুর্বিমর্দ্দেন খলাশ্চ যুদ্ধে

তত্র প্রেমাতিশয়েন বশ্যতাধিক্যমপি দর্শয়তি যথাবেত্তি॥ ৭৫॥
কৃতা ইত্যুত্তরাবস্থায়াং শ্রীমদুদ্ধবোক্তিঃ। মুনয়ো আত্মারামাঃ বিনোদৈ-

---

শ্রীদশমে ৯ অধ্যায়ে ১৪ শ্লোকে॥

হে রাজন্! বন্ধনার্থ যত্ন করিতে করিতে যশোদার গাত্র ঘর্ম্মাক্ত হইল এবং তাঁহার কেশপাশ হইতে পুষ্পমালা বিশ্লিষ্ট হইয়া পড়িতে লাগিল, জননীর এই পরিশ্রম নিরীক্ষণ করিয়া শ্রীকৃষ্ণ কৃপাপরবশ হইয়া নিজেই বন্ধনস্থ হইলেন॥

অথ সর্ব্বশুভঙ্কর॥ ৪১॥

যে ব্যক্তি সকলেরই হিতকারী তাঁহাকে সর্ব্বশুভঙ্কর বলিয়া কীর্ত্তন করা যায়॥ ৭৫॥

যথা—

শ্রীকৃষ্ণের স্বধামগমনানন্তর উদ্ধব কহিলেন যিনি আপনার লীলাদ্বারা আত্মারাম মুনিগণকে এবং খলজনের ক্ষয় করিয়া ধার্ম্মিক জনগণকে তথা সমরে দেহপাত করত

ন কস্য পথ্যং হরিণা ব্যধায়ি ॥

প্রতাপী ॥ ৪২ ॥

প্রতাপী পৌরুষোদ্ভূতশক্রতাপি প্রসিদ্ধিভাক্ ॥ ৭৬ ॥

যথা—

ভবতঃ প্রতাপতপনে ভুবনং কৃষ্ণ প্রতাপয়তি।
ঘোরাসুরঘূকানাং শরণমভূৎ কন্দরাতিমিরং ॥

কীর্ত্তিমান্ ॥ ৪৩ ॥

স্তদ্ধারকগুণপ্রচারৈঃ। আত্মারামাশ্চ মুনয় ইত্যাদেঃ ॥ ৭৬ ॥

প্রতাপয়তি প্রকাশয়তি সতি। উপমিষদ্বিশেষনৃসিংহতাপন্যাদিশব্দেষু তথৈব তপেরর্থঃ। প্রকাশয়তীত্যেব পাঠঃ। পূর্ব্বং স্থিতিরেব সর্ব্বজেত্রী সতী ভগবতঃ প্রভাব ইতি লক্ষিতং। প্রতাপস্তু তৎখ্যাতিরিতি ততো ভিদ্যতে

খলদিগকে কৃতার্থ করিয়াছেন, অতএব সেই হরি হইতে কাহার না হিত হইয়াছে ? ॥

প্রতাপী ॥ ৪২ ॥

যিনি আপনার পৌরুষদ্বারা শক্রগণকে প্রতপ্ত করেন তাঁহাকে প্রতাপি কহা যায় ॥ ৭৬ ॥

যথা—

হে কৃষ্ণ ! তোমার প্রতাপরূপ তপন (সূর্য্য) ভুবনকে প্রকাশিত করিতে থাকিলে ভয়ঙ্কর দানবরূপি ঘূক (পেচক গণ কন্দর (পর্ব্বতগুহার) তিমিরকে শরণ গ্রহণ করিল ॥

অথ কীর্ত্তিমান্ ॥ ৪৩ ॥

সাদ্গুণ্যৈ র্নির্ম্মলৈঃ খ্যাতঃ কীর্ত্তিমানিতি কীর্ত্ত্যতে।

যথা—

ত্বদ্যশঃকুমুদবন্ধুকৌমুদী,-শুভ্রভাবমভিতো নয়ন্ত্যপি।
নন্দনন্দন কথং নু নির্ম্মমে; কৃষ্ণভাবকলিলং জগত্ত্রয়ং॥৭৭

যথাবা ললিতমাধবে॥

ভীতা রুদ্রং ত্যজতি গিরিজা শ্যামমপ্রেক্ষ্য কণ্ঠং
শুভ্রং দৃষ্ট্বা ক্ষিপতি বসনং বিস্মিতো নীলবাসাঃ।

যথানন্তরমেব সাদ্গুণ্যৈ র্নির্ম্মলৈঃ খ্যাতঃ। কীর্ত্তিমানিত্যত্র সাদ্গুণ্যখ্যাতিরেব কীর্ত্তিরিতি প্রতিপদ্যতে নতু সাদ্গুণ্যমাত্রং তত্ত্বং॥ ৭৭॥

ভীতা রুদ্রমিত্যাদিকং কবিসময়ানুসারেণ নর্ম্মময়মেব নতু বস্তুতঃ। বস্তুতস্তেষাং তত্তত্ত্যাগাদিকন্তু তদ্যশঃশ্রবণাদেব। আভীরিকেত্যত্র আভীর-

---

যে ব্যক্তি স্বীয় নির্ম্মল সাদ্গুণ্যে (যশে) বিখ্যাত হয়েন তাঁহাকে কীর্ত্তিমান্ বলিয়া কীর্ত্তন করা যায়॥

যথা—

হে নন্দনন্দন! তোমার যশোরূপী কুমুদবন্ধু (চন্দ্র) চতুর্দ্দিকে শুভ্রতা প্রকাশ করাইলেও কি প্রকারে ঐ চন্দ্র জগত্ত্রয়কে কৃষ্ণভাব প্রাপ্তি করাইল?॥ ৭৭॥

যথাবা ললিতমাধবে॥

হে কৃষ্ণ! দেবর্ষি নারদ বীণাদ্বারা তোমার যশোগান করিতে প্রবৃত্ত হইলে, রুদ্রের কণ্ঠ নীলবর্ণ দেখিতে না পাইয়া গিরিজা ভীতিবশতঃ তাঁহাকে পরিত্যাগ করিলেন, নীলবাসা হলধর স্বীয় বসন শুভ্র দেখিয়া তাহা পরিত্যাগ করিলেন

ক্ষীরং মত্বা স্রপয়তি যমীনীরমাভীরিকোৎকা
গীতে দামোদর! যশসি তে বীণয়া নারদেন॥

রক্তলোকঃ॥ ৪৪॥

পাত্রং লোকানুরাগাণাং রক্তলোকং বিদুর্বুধাঃ॥ ৭৮॥

যথা প্রথমে॥

যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবান্
কুরূন্মধূন্ বাথ সুহৃদ্দিদৃক্ষয়া।
তত্রাব্দকোটিপ্রতিমঃ ক্ষণো ভবে-

রামেতি পাঠান্তরং॥ ৭৮॥

ন কেবলং ক্ষণএব তাদৃশো ভবেৎ কিন্তু রবিং বিনা যথাক্ষ্ণো র্মোহো-

---

এবং আভীরিকা (গোপাঙ্গনা) সকল উৎসুকা হইয়া দুগ্ধভ্রমে যমুনার নীর আবর্ত্তন করিতে আরম্ভ করিলেন, কি আশ্চর্য্য? হে দামোদর! ত্বদীয় যশঃকীর্ত্তনে ত্রিভুবনের পর্য্যন্তও ধাবল্য প্রাপ্তি হইল!॥

রক্তলোক॥ ৪৪॥

যিনি সমস্ত লোকের অনুরাগভাজন হয়েন তাঁহাকে রক্তলোক কহা যায়॥ ৭৮॥

যথা প্রথমে ১১ অ। ৮ শ্লোকে॥

হে কমললোচন! তুমি সুহৃদ্গণের সহিত সাক্ষাৎ করিবার বাসনায় যাবৎ হস্তিনাপুরে অথবা মথুরায় গমন করিয়াছিলে, তাবৎকাল, সূর্য্যোদয় না হইলে নেত্রদ্বয়ের অন্ধতা হেতু যেমন ক্ষণকাল অসহ্য হয়, তদ্রূপ আমাদিগের এক এক ক্ষণ-

দ্রবিং বিনাক্ষ্ণোরিব ন স্তবাচ্যুত ॥ ৭৯ ॥

যথাবা—

আশীস্তথ্যা জয় জয় জয়েত্যাবিরাস্তে মুনীনাং
দেবশ্রেণীস্তুতিকলকলো মেদুরঃ প্রাদুরস্তি।
হর্ষাদ্ঘোষঃ স্ফুরতি পরিতো নাগরীণাং গরীয়ান্
কে বা রঙ্গস্থলভুবি হরৌ ভেজিরে নানুরাগং ॥

সাধুসমাশ্রয়ঃ ॥ ৪৫ ॥

সদেকপক্ষপাতী যঃ স স্যাৎ সাধুসমাশ্রয়ঃ ॥

ভবেত্তথৈব ত্বদীয়ানাং নোঽস্মাকং ভবেদিত্যর্থঃ ॥ ৭৯ ॥

আশীরিতি রঙ্গস্থলস্থঃ কশ্চিৎ বর্ত্তমানপ্রয়োগং মুহুরভ্যস্য কিং বহুনেত্যাহ কেবেতি। অত্রচ সুখমোহানন্তরং পরোক্ষভূতত্বেন প্রযুংক্তে ভেজিরে ইতি

কোটি বৎসর তুল্য কষ্টে ক্ষপনীয় হইয়াছিল, হে অচ্যুত! আমরা তোমার, ইহাতে তোমার বিরহ অসহ্য হইবে বিচিত্র কি? ॥ ৭৯ ॥

যথাবা ॥

শ্রীকৃষ্ণ কংসের রঙ্গ ভূমিতে প্রবিষ্ট হইলে মুনিবৃন্দের বদন হইতে "জয় জয় জয়" ইত্যাকার আশীর্ব্বচন উদ্গীর্ণ হইতে লাগিল, দেবগণের স্তুতিরূপ কলধ্বনি প্রাদুর্ভূত হইতেছিল তথা নারীগণের গরিষ্ঠ হর্ষধ্বনি সকল দিক্ হইতে স্ফূর্ত্তি পাইতে লাগিল, অতএব ঐ শ্রীকৃষ্ণের প্রতি কে না অনুরাগভাজন হইয়াছিল? ॥

অথ সাধুসমাশ্রয় ॥ ৪৫ ॥

যিনি সাধুজন সকলের অসাধারণ পক্ষপাতী তাঁহাকে সাধু সমাশ্রয় কহে ॥

যথা—

পুরুষোত্তম চেদবাতরিষ্য-
ভুবনে ঽস্মিন্ন ভবান্ ভুবঃ শিবায়।
বিকটাসুরমণ্ডলান্নজানে
সুজনানাং বত কা দশাভবিষ্যৎ॥ ৮০॥

নারীগণমনোহারী॥ ৪৬॥

নারীগণমনোহারী সুন্দরীবৃন্দমোহনঃ॥ ৮১॥

যথা শ্রীদশমে॥

নানুরাগং ভজন্তীতি পাঠস্তু সুগমঃ॥ ৮০॥

নারীগণ মনোহারীতি যথা শীলার্থে গিনি স্তথৈব সুন্দরীত্যাদৌ লুট্ প্রযুক্তঃ। ততঃ স্বভাবেনৈব তাদৃশত্বাৎ সুরম্যাঙ্গত্বাদিভ্যোঽধিক এবায়ং গুণঃ। যথোক্তং শ্রীব্রজদেবীভিঃ। কৃষ্ণং নিরীক্ষ্য বনিতোৎসবরূপশীল-মিতি গণবৃন্দশব্দাভ্যামত্র তাসাং সমূহবিশেষ উচ্যতে। তেন তদ্ভাবা-যোগ্যাসু নাতিব্যাপ্তিঃ॥ ৮১॥

যথা—

হেপুরুষোত্তম! আপনি যদি পৃথিবীর মঙ্গলার্থ এই ভুবনে অবতীর্ণ না হইতেন, তাহা হইলে বিকট অসুরমণ্ডল হইতে সুজন সকলের যে কি দশা উপস্থিত হইত?, আমি তাহা জানিতেও পারিতেছি না॥ ৮০॥

অথ নারীগণমনোহারী॥ ৪৬॥

যিনি সুন্দরীবৃন্দের মোহনকারী তাঁহাকে নারীগণ মনো-হারি কহা যায়॥ ৮১॥

যথা দশমে ৯০ অধ্যায়ে ১৭ শ্লোকে॥

শ্রুতমাত্রোঽপি যঃ স্ত্রীণাং প্রসহ্যাকর্ষতে মনঃ।
উরুগায়োরুগীতো বা পশ্যন্তীনাং কুতঃ পুনঃ॥ ৮২॥

যথাবা—

ত্বং চুম্বকোঽসি মাধব, লোহময়ী নূনমঙ্গনা জাতিঃ।
ধাবতি ততস্ততোঽসৌ ; যতো যতঃ ক্রীড়য়া ভ্রমসি॥

অতএব স্ত্রীণাং স্ত্রীবিশেষানাং শ্রুতমাত্রোঽপি যো মনঃ প্রসহ্যাকর্ষতি স এব উরুগায়ৈঃ ভক্তবিশেষৈরুরুধা গীতঃ সন্ তাসাং মনঃ প্রসহ্যাকর্ষতীতি কুতঃ পুনরিতি কিং পুনর্বক্তব্যং স এবচ পশ্যন্তীনাং তাসাং মনঃ প্রসহ্যাকর্ষতীতি কিম্বরাং বক্তব্যমিত্যর্থঃ॥ ৮২॥

তাদৃশশীলত্বমেব দৃষ্টান্তেন স্পষ্টয়ন্নাহ যথাবেতি। অঙ্গনানাং জাতি স্তদ্বি

যিনি নাম শ্রবণমাত্র সহসা স্ত্রীগণের মনকেহরণ করেন, সেই উরুগায়োরুগীত অর্থাৎ নারদাদি মহদ্গণের বহু প্রকারে কীর্ত্তনীয় শ্রীকৃষ্ণকে যে মহিলীগণ সাক্ষাৎ দর্শন করেন, তাঁহাদিগের মন যে অপহৃত হইবে তাহাতে আর বলিবার কি আছে?, যাঁহারা ভর্ত্তৃভাবে পাদসেবাদিদ্বারা প্রেম-সহকারে জগদ্গুরুর পরিচর্য্যা করেন, তাঁহাদিগের তপস্যা আর কি বর্ণন করিব॥ ৮২॥

যথাবা—

হে কৃষ্ণ! নিশ্চই তুমি চুম্বকমণি এবং অঙ্গনা জাতি লোহময়ী, কারণ তুমি ক্রীড়া করিতে করিতে যে যে দিকে গমন করিতেছ অঙ্গনাগণও সেই সেই দিকে ধাবমানা হই-তেছে, কারণ চুম্বক (অয়স্কান্ত মণি) ও ঠিক্ এইরূপ॥

সর্ব্বারাধ্যঃ ॥ ৪৭ ॥

সর্ব্বেষামগ্রপূজ্যো যঃ স সর্ব্বারাধ্য উচ্যতে ॥

যথা প্রথমে ॥

মুনিগণনৃপবর্য্যসঙ্কুলে হন্তঃ-
সদসি যুধিষ্ঠিররাজসূয় এষাং ॥
অর্হণমুপপেদ ঈক্ষণীয়ো
মম দৃশি গোচর এষ আবিরাত্মা ॥

সমৃদ্ধিমান্ ॥ ৪৮ ॥

মহাসম্পত্তিযুক্তো যো ভবেদেষ সমৃদ্ধিমান্ ॥ ৮৩ ॥

শেষঃ ॥ ৮৩ ॥

অথ সর্ব্বারাধ্য ॥ ৪৭ ॥

যিনি সকলের অগ্রে পূজ্য তাঁহাকে সর্ব্বারাধ্য কহে ॥

যথা প্রথমে ৯ অধ্যায়ে ৩৮ শ্লোকে ॥

যুধিষ্ঠিরের রাজসূয়ে সভার মধ্যস্থানে মুনিগণে এবং রাজসমূহে সঙ্কীর্ত্তন হইয়াছিল, সেই সময়ে এই ভগবানই সকলের আশ্চর্য্য রূপ দর্শনীয় হইয়া সর্ব্বসমীপে পূজা প্রাপ্ত হয়েন, সেই এই জগদাত্মা আমার সমক্ষে বর্ত্তমান, আমার কি ভাগ্য আশ্চর্য্য নহে? ॥

অথ সমৃদ্ধিমান্ ॥ ৪৮ ॥

যে ব্যক্তি মহাসম্পত্তিশালী তাহাকে সমৃদ্ধিমান্ বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ৮৩ ॥

যথা—

ষট্ পঞ্চাশদ্যদুকুলভুবাং কোটয়স্ত্বাং ভজন্তে
বর্ষন্ত্যষ্টৌ কিমপি নিধয়শ্চার্থজাতং ভবানী।
শুদ্ধান্তশ্চ স্ফুরতি নবভি র্লক্ষিতঃ সৌধলক্ষৈ-
র্লক্ষ্মীং পশ্যন্মুরদমন তে নাত্র চিত্রায়তে কঃ॥

যথা বিল্বমঙ্গলে॥

চিন্তামণিশ্চরণভূষণমঙ্গনানাং
শৃঙ্গারপুষ্পতরবস্তরবঃ সুরাণাং।
বৃন্দাবনে ব্রজধনং নন্তু কামধেনু-
বৃন্দানি চেতি সুখসিন্ধুরহো বিভূতিঃ॥

ষট্ পঞ্চাশদিত্যত্র কোটয় ইতি বহুত্বং তত্তদবান্তরভেদবিবক্ষয়া। তদিদং

যথা—

হে যদুবর! যদুকুলোৎপন্ন ষট্পঞ্চাশৎ কোটি (৫৬ ছাপান্ন কোটি) লোক তোমায় ভজিতেছে, তোমার সম্বন্ধে অষ্ট নিধি নিরন্তর বর্ষণ করিতেছে এবং নবলক্ষে লক্ষিত ত্বদীয় বিশুদ্ধ অন্তঃপুরালী স্ফুর্ত্তি পাইতেছে, অতএব হে মুরদমন! তোমার সম্পত্তি দেখিয়া কে না বিস্মিত হয়?॥

অথবা বিল্বমঙ্গলে (কৃষ্ণকর্ণামৃতে)॥

হে কৃষ্ণ! তোমার বৃন্দাবনের ঐশ্বর্য্যের কথা আর কি বর্ণন করিব, যে স্থানে গোপাঙ্গনাগণের চরণভূষণই চিন্তামণি, শৃঙ্গার অর্থাৎ বেশের উপযোগি পুষ্পময় বৃক্ষই পারিজাত বৃক্ষস্বরূপ, ধেনু কামধেনুর সদৃশ হইতেছে, অতএব কি আশ্চর্য্য! তোমার বিভূতিসুখ সিন্ধুস্বরূপ॥

বরীয়ান্ ॥ ৪৯ ॥

সর্ব্বেষামাভিমুখ্যো যঃ স বরীয়ানিতীর্য্যতে ॥

যথা—

ব্রহ্মন্নত্র পুরদ্বিষা সহ পুরঃ পীঠে নিষীদ ক্ষণং
তূষ্ণীং তিষ্ঠ সুরেন্দ্র চাটুভিরলং বারীশ দূরীভব।
এতে দ্বারি কথং মুহুঃ সুরগণাঃ কুর্ব্বন্তি কোলাহলং
হন্ত দ্বারবতীপতেরবসরো নাদ্যাপি নিষ্পাদ্যতে ॥

ঈশ্বরঃ ॥ ৫০ ॥

প্রকটলীলোদাহরণং উত্তরোদাহরণং তু প্রকটলীলাগর্ভমপি তত আরভ্য

বরীয়ান্ ॥ ৪৯ ॥

যিনি সকলেরই মধ্যে অতিশয় মুখ্য (শ্রেষ্ঠ) তাহাকে বরীয়ান্ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা—

শিব ব্রহ্মাদি দেবগণ শ্রীকৃষ্ণদর্শনার্থী হইয়া দ্বারকার দ্বার-দেশে উপস্থিত হইলে, তাহাতে দ্বারপাল কহিল, ব্রহ্মন্! আপনি মহেশ্বরের সহিত এই পীঠের উপরি উপবেশন করুন, হে দেবেন্দ্র! আপনি আর স্তুতি পাঠ করিবেন না তূষ্ণীম্ভূত হইয়া অবস্থিতি করুন, হে বরুণ! আপনি এস্থান হইতে দূরীভূত হন, হে দেবগণ! আপনারাই বা কেন দ্বারে মুহুর্ম্মুহুঃ কোলাহল করিতেছেন, দ্বারকাপতির এখনও অবসর হইয়া উঠে নাই ॥

ঈশ্বর ॥ ৫০ ॥

দ্বিধেশ্বরঃ স্বতন্ত্রশ্চ দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞশ্চ কীর্ত্ত্যতে ॥ ৮৪ ॥

তত্র স্বতন্ত্রো যথা—

কৃষ্ণঃ প্রসাদমকরোদপরাধ্যতেঽপি
পাদাঙ্কমেব কিল কালিয়পন্নগায়।
ন ব্রহ্মণেদৃশমপি স্তবতেঽপ্যপূর্ব্বং
স্থানে স্বতন্ত্রচরিতো নিগমৈর্নুতোঽয়ং ॥ ৮৫ ॥

দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞো যথা তৃতীয়ে ॥

নন্দস্তু ইত্যাদে স্বদিচ্ছয়া প্রকটমপি ভবেদিতি জ্ঞেয়ং ॥ ৮৪ ॥

কৃষ্ণ ইতি। তস্মাৎ স্থানে যুক্তমেবায়ং স্বতন্ত্রচরিততয়া নিগমৈর্নুত ইত্যর্থঃ ॥ ৮৫ ॥

ত্রয়াণাং ব্রহ্মাদীনাং মহৎ স্রষ্ট্রাদীনাং বাধীশঃ। স্বারাজ্যং স্বেনৈব রাজ-

---

ঈশ্বর দুই প্রকার, এক স্বতন্ত্র (স্বাধীন), দ্বিতীয় দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞ অর্থাৎ কোন ব্যক্তি যাঁহার আজ্ঞা লঙ্ঘন করিতে সমর্থ হয় না ॥ ৮৪ ॥

তন্মধ্যে স্বতন্ত্রো যথা—

কালিয় নাগ অপরাধ করিলেও শ্রীকৃষ্ণ তাহার মস্তকে চরণচিহ্ন স্বরূপ প্রসন্নতা বিস্তার করিলেন, ব্রহ্মা অপূর্ব্ব স্তুতি পাঠ করিতে থাকিলেও তাঁহার প্রতি কটাক্ষ নিক্ষেপও করিলেন না। শ্রীকৃষ্ণের এরূপ ব্যবহার উপযুক্তই বটে, কেন না বেদে ঐ শ্রীকৃষ্ণকে স্বতন্ত্র বলিয়াই কীর্ত্তন করিয়াছেন ॥ ৮৫ ॥

দুর্ল্লঙ্ঘ্যাজ্ঞ যথা—

তৃতীয়ে ২ অধ্যায়ে ২১ শ্লোকে ॥

স্বয়ন্ত্বসাম্যাতিশয়স্ত্র্যধীশঃ
স্বারাজ্যলক্ষ্ম্যাপ্তসমস্তকামঃ।
বলিং হরদ্ভিশ্চিরলোকপালৈঃ
কিরীটকোটীড়িতপাদপীঠঃ ॥ ৮৬ ॥

যথা বা—

নব্যে ব্রহ্মাণ্ডবৃন্দে সৃজতি বিধিগণঃ সৃষ্টয়ে যঃ কৃতাজ্ঞো
রুদ্রৌঘঃ কালজীর্ণে ক্ষয়মবতনুতেঃ যঃ ক্ষয়ায়ানুশিষ্টঃ।
রক্ষাং বিষ্ণুস্বরূপা বিদধতি তরুণে রক্ষিণো যে ত্বদংশাঃ

নানন্দং তেন যা লক্ষ্মীঃ তয়া ঈড়িতত্বং বন্দিতত্বং ॥ ৮৬ ॥

কৃতাজ্ঞ ইতি অঙ্গীকৃতাজ্ঞ ইত্যর্থঃ। তস্মিন্নেব ব্রহ্মাণ্ডবৃন্দে কালজীর্ণে সতি। তস্মিন্নেব চ তরুণে সতি। তারুণ্যপশ্চান্নির্দ্দেশঃ সাম্প্রতং বৃত্ত-বিজ্ঞাপনাযামস্যাবধানং স্থিরীভবত্বিত্যপেক্ষয়া। সন্তীতি সর্গাদিসময়ে

উদ্ধব কহিলেন ওহে বিদুর! সেই ভগবান্ স্বয়ং গুণ-ত্রয়ের অধীশ্বর এবং পরমানন্দস্বরূপ সম্পত্তিদ্বারা সমস্ত ভোগ প্রাপ্ত হইয়াছিলেন, অতএব তাঁহার সমান অথবা তাঁহা-অপেক্ষা প্রধান কেহ ছিল না, লোকপাল সকলও তাঁহার অগ্রে আসিয়া কর (বা পূজোপহার) সমর্পণ পূর্ব্বক স্বস্বকিরীটাগ্র দ্বারা তদীয় পাদপীঠের স্তব করিত ॥ ৮৬ ॥

যথা বা—

হে কৃষ্ণ! "ব্রহ্মাণ্ড সৃষ্টি কর" এইরূপ তোমার আজ্ঞা প্রাপ্ত হইয়া বিধিগণ ব্রহ্মাণ্ড সকল সৃষ্টি করিতেছেন, বিনা-শের নিমিত্ত আজ্ঞা প্রাপ্ত হইয়া রুদ্রগণ কালজীর্ণ ব্রহ্মাণ্ড-

কংসারে সন্তি সর্ব্বে দিশি দিশি ভবতঃ শাসনেঽজাণ্ডনাথাঃ॥

অথ সদাস্বরূপসম্প্রাপ্তঃ ॥ ৫১ ॥

সদাস্বরূপসম্প্রাপ্তো মায়াকার্য্যাবশীকৃতঃ ॥ ৮৭ ॥

যথা প্রথমে—

এতদীশনমীশস্য প্রকৃতিস্থোঽপি তদ্গুণৈঃ।
ন যুজ্যতেঽসদাত্মস্থৈর্যথাবুদ্ধিস্তদাশ্রয়া ॥

পালনাদ্যংশস্য সম্ভাবাস্তরশাসনে সর্ব্বদা তে সন্ত্যেব কিন্তু নব্যা ইত্যাদি-বিশেষেণ ত্রয়ং তু প্রাচুর্য্যেণৈবোক্তমিতি ভাবঃ ॥ ৮৭ ॥

ঈশস্য সর্ব্ববশীকারিণঃ শ্রীভগবতঃ এতদীশনং কিং তত্ত্রাহ। মায়াতৎ-কার্য্যাভ্যামবশীকৃতত্বমিত্যর্থঃ। যদসাবতুর্ণানিক্তা অবতীর্ণতয়া বা প্রকৃতৌ স্থিতোঽপি তস্যা গুণৈঃ সত্ত্বাদিভিস্তৎকার্য্যৈশ্চ ন যুজ্যতে ন লিপ্যতে

চয়কে ক্ষয় করিতেছেন এবং রক্ষকস্বরূপ তোমার অংশ বিষ্ণুগণ নব্য নব্য ব্রহ্মাণ্ডের রক্ষা বিধান করিতেছেন অতএব হে কংসারাতি শ্রীকৃষ্ণ। অজাণ্ডনাথ (-ব্রহ্মাণ্ডপতি-) গণ তোমার আদেশে দিকে দিকে অবস্থিত আছেন ॥

অথ সদাস্বরূপসম্প্রাপ্ত ॥ ৫১ ॥

যিনি মায়িক কার্য্যকলাপে বশীভূত না হয়েন তাঁহাকে সদাস্বরূপসম্প্রাপ্ত কহা যায় ॥ ৮৭ ॥

যথা প্রথমে ১১ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

পরমেশ্বরের ইহাই ঈশ্বরত্ব যে, বুদ্ধি যেমন আত্মাকে আশ্রয় করিয়া থাকিলেও আত্মার গুণে (আনন্দাদিতে) সংযুক্ত নহে তাহার ন্যায়, তিনি প্রকৃতিস্থ হইয়াও প্রকৃতির গুণে (সুখদুঃখাদিতে) লিপ্ত হয়েন না ॥

সর্ব্বজ্ঞঃ ॥ ৫২ ॥

পরচিত্তস্থিতং দেশকালাদ্যন্তরিতং তথা।
যো জানাতি সমস্তার্থং স সর্ব্বজ্ঞো নিগদ্যতে ॥ ৮৮ ॥

যথা প্রথমে ॥

যো নো জুগোপ বনমেত্য দুরন্তকৃচ্ছ্রা-
দ্দুর্ব্বাসসোঽরিরচিতাদযুতাগ্রভুগ্ যঃ।

তত্র হেতুঃ অসন্তো যে আত্মনো জীবা তেষেব স্থিতৈরধিকারিভিঃ। তত্র দৃষ্টান্তো যথেতি। সএবাশ্রয়ো যস্যাঃ সা ভক্তানাং বুদ্ধি র্যথা ন লিপ্যতে তদ্বৎ। তস্মাৎ সদাস্বরূপসম্প্রাপ্তত্বং। স্বরূপশক্তিবিলাসলক্ষণরূপ-গুণাদ্যব্যভিচারিত্বং মায়াকার্য্যাবশীকৃতত্বমিত্যেব যাবৎ। তদুক্তং শ্রুতিভিঃ। স যদজয়াত্বজামিত্যাদিনা ॥ ৮৮ ॥

যো নো জুগোপেতি শ্রীমদর্জ্জুনবাক্যং। যঃ শ্রীকৃষ্ণোঽস্মাকং কৃচ্ছ্রং সর্ব্বজ্ঞত্বাদেব জ্ঞাত্বা বনমেত্য অস্মান্ পাণ্ডবান্ জুগোপ। কস্মাদ্দুর্ব্বাসসো হেতো-র্যদ্দুরন্তং কৃচ্ছ্রং শাপময়ং তস্মাৎ। দুর্ব্বাসসঃ কীদৃশাৎ, অরিরচিতাদ্দুর্য্যোধন-

---

সর্ব্বজ্ঞ ॥ ৫২ ॥

পরচিত্তে যাহা অবস্থিত এবং দেশকালের যাহা অন্তর্গত ইত্যাদি সকল যিনি জানিতে পারেন তাঁহাকে সর্ব্বজ্ঞ বলা যায় ॥ ৮৮ ॥

যথা প্রথমে ১৫ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

যে দুর্ব্বাসা মুনি দশ সহস্র শিষ্যের অগ্রে তাঁহাদের সহিত এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিতেন, আমাদের শত্রুগণ সেই দুর্ব্বাসার দুরন্ত অভিশাপে আমাদিগকে

শাকান্নশিষ্টমুপযুজ্য যতস্ত্রিলোকীং
তৃপ্তামমংস্ত সলিলে বিনিমগ্নসংঘঃ ॥

নিত্যনূতনঃ ॥ ৫৩ ॥

সদানুভূয়মানোঽপি করোত্যননুভূতবৎ।
বিস্ময়ং মাধুরীভির্যঃ স প্রোক্তো নিত্যনূতনঃ ॥ ৮৯ ॥

প্রেরিতাদিত্যর্থঃ। কীদৃশো দুর্ব্বাসাঃ। যঃ অযুতসংখ্যানামগ্রভুক্ তৈঃ সহ যুধিষ্ঠিরেণ মন্ত্রিতস্তেন চ কামধুক্ স্থাল্যন্নসমাপকভোজনয়া দ্রৌপদ্যা ভুক্তং ন জ্ঞাতমিতি জ্ঞেয়ং স্ততঃ কুত্রাসৌ দুর্ব্বাসা গত স্তত্রাহ সলিলে বিনিমগ্নঃ স্বসহিতসংঘো যস্য সঃ তত্রাবশ্যককৃত্যার্থং চিরং স্থিতঃ ততঃ কিং কৃত্বা জুগোপ তত্রাহ। স্থালীলগ্নং শাকান্নশিষ্টমুপযুজ্যেতি। ভবতু তস্য তদুপযোজনং ততঃ কিং তত্রাহ যতস্তদুপযোগাদ্ধেতোঃ ত্রিলোকীমপি তৃপ্তামমংস্ত দুর্ব্বাসাঃ কিং পুনঃ স্বানিত্যর্থঃ ॥ ৮৯ ॥

নিক্ষেপ করিতে বাসনা করিয়াছিলেন, তাহাতে যিনি বনে গমন করিয়া ঐ ভয়ঙ্কর ঋষির শাপরূপ মহতী বিপদ্ হইতে আমাদিগকে রক্ষা করেন অর্থাৎ যিনি আসিয়া আমাদের ভোজন পাত্রে সংলগ্নাবশিষ্ট যৎকিঞ্চিৎ শাকান্নমাত্র নিজে ভোজন করিয়াছিলেন, তাহাতেই মধ্যাহ্নকালীন ক্রিয়ার্থ জলে নিমগ্ন মুনিগণ ত্রিলোকীকে পরিতৃপ্ত বোধ করিয়া পলায়ন করিয়াছিলেন ॥

অথ নিত্যনূতন ॥ ৫৩ ॥

যিনি সর্ব্বদা অনুভূয়মান হইয়াও আপন মাধুর্য্যদ্বারা অননুভূতের ন্যায় বিস্ময় প্রকাশ করেন তাঁহাকে নিত্য নূতন কহা যায় ॥ ৮৯ ॥

যথা প্রথমে ॥

যদ্যপ্যসৌ পার্শ্বগতো রহোগত-
স্তথাপি তস্যাঙ্ঘ্রিযুগং নবং নবং।
পদে পদে কা বিরমেত তৎপদা-
চ্চলাপি যং শ্রী র্ন জহাতি কর্হিচিৎ॥ ৯০ ॥

যথাবা ললিতমাধবে ॥

কুলবর তনুধর্ম্মগ্রাববৃন্দানি ভিন্দন্

চলাপীতি। পূর্ণস্বরূপতদাভাসয়োরভেদাভিপ্রায়েণোক্তং তচ্চ যা খল্বন্যত্র আভাসমাত্রেণাপি স্থিরা ন ভবতি সৈব স্বরূপেণ তত্র পরমস্থিরা ইতি তন্মাহাত্ম্যবিশেষদর্শনায় ॥ ৯০ ॥

মুহুঃ শ্রীকৃষ্ণমনুভূতবত্যাঃ শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাঃ কুলেতি বাক্যমিদং। তত্তত্তত্রত্যপ্রকরণবশাদেব নবত্বংগম্যতে অতোহত্রাপ্যুদাহরণং কৃতং। ছটাত্র সূক্ষ্মাগ্রভাগঃ। সটাচ্ছটাভিন্নঘনেতি মাঘকাব্যাৎ (১। ৭৪)। কক্ষা প্রকোষ্ঠং

যথা প্রথমে ১১ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

যদিও শ্রীকৃষ্ণ পত্নীদিগের সমীপে সর্ব্বদাই থাকিতেন তথাপি তাঁহার চরণদ্বয় প্রতিক্ষণ নূতন নূতন বোধ হইত, সুতরাং তদ্দর্শনে কোন্ অবলার বিরতি হইতে পারে? লক্ষ্মী স্বভাবতই চঞ্চলা হইয়াও তাহা ত্যাগ করিতে কখনই সমর্থ হইতে পারেন না ॥ ৯০ ॥

যথাবা ললিতমাধবে ॥

বারম্বার শ্রীকৃষ্ণকে অনুভব করিয়াও বৃন্দাবনেশ্বরী কহিলেন, হে সুমুখি! অগ্রবর্ত্তী এ কোন অপূর্ব্ব বিশ্বকর্ম্মা, ইহার শিল্প নৈপুণ্য যে অতিশয় বিচিত্র দেখি, এ হেতু কুলাঙ্গনা-

সুমুখি নিশিতদীর্ঘাপাঙ্গটঙ্কচ্ছটাভিঃ।
যুগপদয়মপূর্ব্বঃ কঃ পুরো বিশ্বকর্ম্মা
মরকতমণিলক্ষৈ র্গোষ্ঠকক্ষাং চিনোতি॥ ৯১॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গশ্চিদানন্দঘনাকৃতিঃ॥ ৯২॥

কক্ষা প্রকোষ্ঠ ইত্যমরনানার্থবর্গাৎ। মরকতমণিলক্ষৈরিতি তত্তুল্যং তদংশূনাং তত্ত্বয়া মননাৎ। কিন্তত্রাপূর্ব্বত্বং। তস্তু দুষ্করকর্ম্মণো যুগপন্নির্ম্মাণে ন তথা তাদৃগ্গ্রাববৃন্দানি ভিনত্তি মরকতমণিলক্ষৈস্ত গোষ্ঠকক্ষাং চিনোতীত্যপ্রয়োজনতত্তেদনেন জ্ঞেয়ং॥ ৯১॥

সদিতি সর্ব্বকালদেশব্যাপকত্বাৎ। যোঽয়ং কালস্তস্যাতে ব্যক্তবন্ধো চেষ্টামাহুরিত্যাদ্যুক্তং। নচান্ত র্ন বহি র্যস্যেত্যাদি চ। চিদিতি স্বপ্রকাশত্বেনাজড়ত্বাৎ। তদুক্তং। পশ্যতোঽহজস্য তৎক্ষণাৎ ব্যদৃশ্যন্তেতি। অত্র হি অজস্য কর্তৃত্বাদিনির্দ্দেশাদ্ব্যদৃশ্যন্তেতি কর্ম্মকর্ত্তৃপ্রয়োগঃ। ন চক্ষুষা পশ্যতি রূপমস্য যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বিবৃণুতে তনুং স্বামিতি

গণের ধর্ম্মরূপ পাষাণসমূহ সুতীক্ষ্ণ ও দীর্ঘ অপাঙ্গ টঙ্কের (পাষাণবিদারণ অস্ত্রের) সূক্ষ্মাগ্র ভাগ দ্বারা ভেদ করিয়া এক কালীন লক্ষ লক্ষ মরকতমণি দিয়া গোষ্ঠপ্রকোষ্ঠ নিবদ্ধ করিতেছে॥ ৯১॥

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ॥ ৫৪॥

চিদানন্দঘনাকৃতিকে সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ কহা যায়॥

তাৎপর্য্য। সৎ শব্দে সর্ব্বকাল সর্ব্বদেশব্যাপী, চিৎ শব্দে স্বপ্রকাশ, সুতরাং অজড়, আনন্দশব্দে নিরুপাধি

যথা—

ক্লেশে ক্রমাৎ পঞ্চবিধে ক্ষয়ং গতে
যদ্ ব্রহ্মসৌখ্যং স্বয়মস্ফুরৎ পরং—
তদ্ব্যর্থয়ন্ কঃ পুরতো নরাকৃতিঃ
শ্যামোঽয়মামোদভরঃ প্রকাশতে ॥ ৯৩ ॥
যথা ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে ॥

শ্রুতেঃ। আনন্দেতি নিরুপাধিপ্রেমাস্পদসর্ব্বাংশত্বাৎ। কিমেতদদ্ভুতমিব বাসুদেবে ঽখিলাত্মনীত্যাদি। আনন্দং ব্রহ্মণো রূপমিতি শ্রুতেঃ। শান্দ্রেতি তদিতরাস্পৃষ্টরূপত্বাৎ। তদুক্তং। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্তমূর্ত্তিনা। মৎস্থানি সর্ব্বভূতানি ন চাহং তেষবস্থিতঃ। নচ মৎস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরমিতি। চিদানন্দঘনাকৃতিরিতিচ তৎসমানার্থসচ্ছন্দাপ্রয়োগশ্চাত্র তত্তদ্রূপত্বেনোপলক্ষিতত্বান্ন কৃতঃ॥ ৯২ ॥

ক্লেশ ইতি অবিদ্যা অস্মিতা রাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চ ক্লেশাঃ (ইতি পাতঞ্জলদর্শনে সাধনপাদে ৩ সূত্রং)। ব্যর্থয়ন্নাবৃণ্বন্নিত্যর্থঃ॥ ৯৩॥

প্রেমাস্পদের সর্ব্বাংশ, সান্দ্র শব্দে অন্য কর্ত্তৃক অস্পৃষ্ট ॥ ৯২

যথা—

ক্রমশঃ পঞ্চবিধ ক্লেশ অর্থাৎ অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ ক্ষয় প্রাপ্ত হইলে কেবল যে ব্রহ্ম সুখ স্বয়ং স্ফূর্ত্তিশীল হয় তাহা আবরণ করত অগ্রবর্ত্তী এই নরাকৃতি শ্যাম আমার আমোদ প্রকাশ করিতেছেন ॥ ৯৩ ॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে ॥

যস্য প্রভাপ্রভাবতো জগদণ্ডকোটি-
কোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নং।
তদ্ ব্রহ্মনিষ্কলমনন্তমশেষভূতং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ৯৪ ॥
অতঃ শ্রীবৈষ্ণবৈঃ সর্ব্বশ্রুতিস্মৃতিনিদর্শনৈঃ।
তদ্‌ব্রহ্ম শ্রীভগবতো বিভূতিরিতি কীর্ত্যতে ॥ ৯৫ ॥

যস্য প্রভেতি। পূর্ব্বং যোজিতমস্তি ততশ্চ প্রভাবে যোজিতে বিভূতিত্ব-মপি যোজিতং স্যাৎ। তথাচ শ্রুতিঃ। যস্য পৃথিবী শরীরং যস্যাত্মা শরীরং যস্যাব্যক্তশরীরং যস্যাক্ষরং শরীরং সর্ব্বভূতান্তরাত্মা দিব্যো দেব একো নারায়ণ ইত্যাদ্যা। যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তম ইতি শ্রীভগব-দুপনিবদশ্চ। তথা চৈকাদশে শ্রীভগবতা বিভূতিপ্রসঙ্গ এব উক্তং। পৃথিবী বায়ুরাকাশ আপো জ্যোতিরহং মহান্। বিকারঃ পুরুষোঽব্যক্তং রজঃ সত্ত্বং তমঃ পরমিতি টীকাচ পরং ব্রহ্ম চেত্যেষা ॥ ৯৪ ॥

অত ইতি। যদ্যপ্যেতৈ র্ব্রহ্মশব্দেনাপি ভগবানেব উচ্যতে। নির্ব্বি-শেষং ব্রহ্মতু পৃথক্ নাঙ্গীক্রিয়তে। তথাপি মতান্তরমঙ্গীকৃত্য তদিদং প্রোক্ত-মিতি জ্ঞেয়ং ॥ ৯৫ ॥ •

যিনি নিষ্কল অর্থাৎ কলারহিত, নিরুপাধি, অনন্ত, সর্ব্বময়, এবং কোটি কোটি ব্রহ্মাণ্ডে পৃথিব্যাদি বিভূতি রূপে ভিন্ন, সেই ব্রহ্ম যে প্রভাবশীলের অঙ্গ প্রভা,তাদৃশ গোবিন্দ আদি-পুরুষকে আমি ভজনা করি ॥ ৯৪ ॥

সুতরাং শ্রুতি স্মৃতি নিদর্শন দ্বারা বৈষ্ণব গণ সেই ব্রহ্মকে ভগবান্ গোবিন্দের বিভূতি বলিয়া কীর্ত্তন করেন ॥ ৯৫ ॥

তথাহি যামুনাচার্য্যস্তোত্রে—

যদণ্ডমণ্ডান্তরগোচরঞ্চ য-
দ্দশোত্তরাণ্যাবরণানি যানি চ।
গুণাঃ প্রধানং পুরুষঃ পরং পদং
পরাৎপরং ব্রহ্ম চ তে বিভূতয়ঃ॥

সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ৫৫ ॥

অবশাখিলসিদ্ধিঃ স্যাৎ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ॥ ৯৬॥

যথা—

যদণ্ডমিতি। অণ্ডস্যান্তরং মধ্যভাগো গোচরো বিষয়ো যস্য তৎ সর্ব্ব-মিত্যর্থঃ। দশেতি। দশ দশ গুণানি উত্তরাণি উত্তরোত্তরপ্রমাণানি যেষাং তানি যানি। পুরুষঃ সমষ্টিজীবঃ। পরং পদং বৈকুণ্ঠং ব্রহ্মতু ভগবত এব ক্বচিদধিকারিণি নির্ব্বিশেষত্বেনাবির্ভাববিশেষঃ॥ ৯৬॥

যথা যামুনাচার্য্যস্তোত্রে—

হে ভগবন্! ব্রহ্মাণ্ড, ব্রহ্মাণ্ডান্তর্গত বস্তু, ক্রমশঃ দশগুণ বৃদ্ধি পৃথিব্যাদি আবরণ সকল, সত্ত্বাদি তিন গুণ, প্রকৃতি, পুরুষ, বৈকুণ্ঠ এবং পরাৎপর ব্রহ্ম ইত্যাদি সকল তোমারই বিভূতি বলিয়া কীর্ত্তন করা যায়॥

সর্ব্বসিদ্ধিনিষেবিত॥ ৫৫॥

নিখিল সিদ্ধিগণ যাঁহার বশীভূত তাঁহাকে সর্ব্বসিদ্ধি-নিষেবিত কহে॥ ৯৬॥

যথা—

দশভিঃ সিদ্ধিসখীভি, র্ব্বৃতা মহাসিদ্ধয়ঃ ক্রমাদষ্টৌ।
অণিমাদয়ো লভন্তে; নাবসরং দ্বারি কৃষ্ণস্য ॥ ৯৭ ॥

অবিচিন্ত্যমহাশক্তিঃ ॥ ৫৬ ॥

দিব্যসর্গাদিকর্ত্তৃত্বং ব্রহ্মরুদ্রাদিমোহনং।
ভক্তপ্রারব্ধবিধ্বংস ইত্যাদ্যচিন্ত্যশক্তিতা ॥ ৯৮ ॥

তত্র দিব্যসর্গাদিকর্ত্তৃত্বং যথা—

আসীচ্ছায়াদ্বিতীয়ং প্রথমমথ বিভুর্বৎসডিম্বাদিদেহা-

দশভিঃ অণূর্ম্মিমত্ত্বাদিভিঃ ক্রমাৎ স্বস্বক্রমং প্রাপ্য সেবিতা ইত্যর্থঃ॥ সিদ্ধয়শ্চৈতা একাদশস্কন্ধে জ্ঞেয়াঃ ॥ ৯৭ ॥

দিব্যেত্যুত্তরোত্তরন্যূনক্রমঃ। ব্রহ্মরুদ্রাদিত্যাদিশব্দগ্রহণাৎ সঙ্কর্ষণোঽপি জ্ঞেয়ঃ। উত্তরোত্তরজ্ঞানপ্রকর্ষক্রমাদযথা তদ্বাক্যং। প্রায়ো মায়া তু মে ভর্ত্তু-র্নান্যা মেঽপি বিমোহিনীতি। দিব্যত্বমত্র ব্রহ্মাণ্ডান্তর্যামিপর্য্যন্তং জ্ঞেয়ং বিধ্বংস ইতি বিধ্বংসনমিত্যর্থঃ ॥ ৯৮ ॥

আসীচ্ছায়াদ্বিতীয় ইত্যনেন নরলীলাময়ত্বাৎ। স্বয়ং ভগবত্ত্বব্যঞ্জকাত্তি

অণূর্ম্মিমত্ত্বাদি দশটী সিদ্ধিরূপা সখীকর্ত্তৃক স্বস্বক্রমপ্রাপ্ত অণিমাদি অষ্ট মহাসিদ্ধি শ্রীকৃষ্ণের দ্বার দেশে প্রবেশের অবসর লাভ করিতেও সমর্থ হইতেছে না ॥ ৯৭ ॥

অথ অবিচিন্ত্যমহাশক্তি ॥ ৫৬ ॥

ব্রহ্মাণ্ডের অন্তর্যামি পর্য্যন্ত দিব্য সৃষ্টি কর্ত্তৃত্ব, ব্রহ্ম রুদ্রাদির মোহন এবং ভক্তজনের প্রারব্ধ খণ্ডন ইত্যাদিকে অবিচিন্ত্যশক্তি বলে ॥ ৯৮ ॥

তন্মধ্যে দিব্যসর্গাদিকর্ত্তৃত্ব যথা ॥

নরলীলাপ্রযুক্ত শরীরের ছায়াই যাঁহার দ্বিতীয় হইয়াছে,

মংশেনাংশেন চক্রে তদনু বহুচতুর্ব্বাহুতাং তেষু তেনে।
বৃত্তস্তত্ত্বাদিবীতৈরথ কমলভবৈঃ ... খিলাত্মা
তাবদ্ব্রহ্মাণ্ডসেব্যঃ স্ফুটমজনি ততোঽযঃ প্রপদ্যে তমীশং॥৯৯

ব্রহ্মরুদ্রাদিমোহনো যথা—

মোহিতঃ শিশুকৃতৌ পিতামহো
হন্তশম্ভুরপি জৃম্ভিতো রণে।•

তাৎকালিকত্বাচ্চ পূর্ব্বপ্রতিজ্ঞাতগদ্ভুতত্বমুদাহৃতং। এবমুত্তরত্রাপি। বৎস-ডিম্ভাদিদেহানংশেনেত্যেব পাঠঃ। তদেতচ্চ অদ্যৈব ত্বদৃতেঽস্য কিং মম ন ত ইত্যাদ্যনুসারেণাধিগম্যং। প্রকারান্তরমেতৎ পদ্যং ত্যক্তং॥ ৯৯॥

মোহিত ইতি বাণযুদ্ধানন্তরং কদাচিৎ পারিজাতপ্রত্যানয়নায় কৃত-প্রৌঢ়িপ্রলাপমিন্দ্রং প্রতি শ্রীনারদস্য হাস্যবচনং। অদ্যেতি। তস্য পূর্ব্ব-

---

সেই বিভু শ্রীকৃষ্ণ প্রথমে অংশাংশ দ্বারা বৎস ও বালকাদির দেহ রচনা করিয়া তৎপশ্চাৎ ঐ সকল বৎস বালকাদির দেহে অনেক চতুর্ব্বাহু মূর্ত্তি বিস্তার করিয়াছেন, তদনন্তর তত্ত্বজ্ঞান-পরিশূন্য অনেকানেক ব্রহ্মা-কর্ত্তৃক স্তুত হইয়া অখিলাত্মা শ্রীকৃষ্ণ ততসংখ্যক ব্রহ্মাণ্ডের সেব্য হইয়া প্রকাশ পায়েন অতএব আমি সেই ঈশ্বরের শরণাপন্ন হই॥ ৯৯॥

ব্রহ্মরুদ্রাদিমোহন যথা—

একদা পারিজাত প্রত্যানয়ন করিবার নিমিত্ত কৃতপ্রৌঢ়ি-প্রলাপ ইন্দ্রের প্রতি নারদ হাস্য প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে মহেন্দ্র! যিনি শিশুহরণ-বিষয়ে পিতামহকে মোহিত করিয়াছেন, যাঁহা কর্ত্তৃক বাণযুদ্ধে শম্ভু জৃম্ভিত হয়েন, সেই

যেন কংসরিপুণাদ্য তৎপুরঃ
কে মহেন্দ্র বিবুধা ভবদ্বিধাঃ ॥ ১০০ ॥

ভক্তপ্রারব্ধবিধ্বংসো যথা—

শ্রীদশমে ॥

গুরুপুত্রমিহানীতং নিজকর্ম্মনিবন্ধনং।
আনয়স্ব মহারাজ মচ্ছাসনপুরস্কৃতঃ ॥ ১০১ ॥

আদিশব্দেন দুর্ঘটঘটনাপি যথা ॥ ১০২ ॥

পরাজয়োঽপি সূচিতঃ ॥ ১০০ ॥

নিজং তদীয়ং কর্ম্মৈব তন্নিবন্ধনং তন্নয়নে নিমিত্তং যস্য তং। তর্হি কথং তৎ-প্রারব্ধকর্ম্মাতিক্রমিতব্যং তত্রাহ মচ্ছাসনেতি। ভক্তত্বমস্য পিতৃসম্বন্ধাৎ জ্ঞেয়ং ॥ ১০১ ॥

দুর্ঘটঘটনানামস্বীয়তৎপ্রহাবস্থিতেঃ প্রকাশনং ॥ ১০২ ॥

কংসরিপুর অগ্রে অদ্য তোমার মত দেবতা সকল কোথা-কার কে? ॥ ১০০ ॥

ভক্তপ্রারব্ধবিধ্বংস যথা—

দশমস্কন্ধে ৪৫ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

ভগবান্ যমরাজকে কহিলেন আমার গুরুপুত্র নিজ কর্ম্মের কারণ এখানে আনীত হইয়াছেন, হে মহারাজ! আমার আজ্ঞায় পুরস্কৃত হইয়া তাঁহাকে শীঘ্র আনিয়া দাও ॥

ইহার তাৎপর্য্য। যদিও তিনি নিজ কর্ম্ম প্রযুক্ত পরি-গৃহীত হইয়াছেন তথাচ আমার আদেশে আনয়ন করিয়া দিলে তোমার কোন দোষ হইবে না ॥ ১০১ ॥

আদি শব্দ প্রযুক্ত দুর্ঘট ঘটনা যথা ॥ ১০২ ॥

অপি জনিপরিহীনঃ সূনুরাভীরভর্ত্তু-
র্বিভুরপি ভুজযুগ্মোৎসঙ্গপর্য্যাপ্তমূর্ত্তিঃ।
প্রকটিতবহুরূপোঽপ্যেকরূপঃ প্রভু র্মে
ধিয়ময়মবিচিন্ত্যানন্তশক্তি র্ধিনোতি ॥ ১০৩ ॥

কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ ॥ ৫৭ ॥

অগণ্যজগদণ্ডাঢ্যঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ।

অপীতি শ্রীশুকদেব বাক্যং। অত্রচ অপি জনীতি। অজোঽপি জাতো জগতঃ শিবায়েতি শ্রীমদুদ্ধব-বচনাদিভ্যঃ সূনুরাভীরভর্ত্তুরিতি প্রাগয়ং বসুদেবস্য কচিজ্জাত স্তবাত্মজ ইত্যাদিগর্গবাক্যাৎ। স্বপ্রসূর্গর্ভ জন্মেতি তু পাঠান্তরং বিভুরপি তয়ৈব মূর্ত্ত্যা সর্ব্বং ব্যাপ্নুবন্নপি শ্রীজনন্যাদীনাং ভুজযুগ্মোৎসঙ্গেন পর্য্যাপ্তা পূর্ণত্বেন প্রকাশমানা মূর্ত্তি র্যস্য সঃ। নচান্ত র্ন বহির্যস্যেত্যাদেঃ প্রকটিতেতি। চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহদিতি শ্রীনারদবাক্যাৎ ॥ ১০৩ ॥

অগণ্যৈর্জগদণ্ডৈরাঢ্যো যুক্ত ইত্যত্র ক্বাহং তম ইতি দর্শয়িষ্যা মহাপুরুষত্বেঽপি

শুকদেব কহিলেন যিনি জন্মরহিত হইয়া গোপরাজ নন্দের তনয় হইয়াছেন, যিনি সর্ব্বব্যাপক হইয়া জননাদির ভুজযুগের অন্তর্গত ক্রোড় মধ্যে পর্য্যাপ্ত ভাবে অপূর্ণরূপে প্রকাশ পাইতেছেন এবং যিনি বহুরূপ প্রকটন করিয়াও এক-রূপী, সেই অবিচিন্ত্য অনন্তশক্তিশালী বিভু শ্রীকৃষ্ণ আমার বুদ্ধিকে মোহিত করিতেছেন ॥ ১০৩ ॥

অথ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহ ॥ ৫৭ ॥

অগণ্য জগদণ্ডযুক্ত বিগ্রহকে কোটি ব্রহ্মাণ্ডবিগ্রহ কহে

ইতি শ্রীবিগ্রহস্যাস্য বিভুত্বমনুকীর্ত্তিতং ॥

তথা তত্রৈব ॥

ক্বাহং তমো মহদহং খচরাগ্নিবার্ভূ-
সংবেষ্টিতাণ্ডঘটসপ্তবিতস্তি কায়ঃ।
ক্বেদৃগ্বিধা হবিগণিতাণ্ডপরাণুচর্য্যা-

সর্ব্বব্রহ্মাণ্ডব্যাপি বিগ্রহত্বং শ্রীকৃষ্ণস্য কৈমুত্যমানীতং তচ্চ সর্ব্ব-
[illegible]
ময়া তত্ত্বমিদং সর্ব্বগত্যাদি। ক্বাহমিতি তু ব্যাখ্যায়তে। তমঃ প্রকৃতিঃ
মহৎ মহত্তত্ত্বং অহমহঙ্কারঃ খমাকাশং চরো বায়ুঃ ভূঃ পৃথ্বী সেয়ং ব্রহ্মাণ্ডখর্পর-
রূপৈবান্যত্র মন্যতে অত ততো ভিন্নত্বেন নির্দ্দেশস্তু শিলাপুত্রস্য শরীরমিতি
বজ্‌জ্ঞেয়ঃ। এতৈঃ সংবেষ্টিতো যদণ্ডঘটঃ ব্রহ্মাণ্ডঘটঃ তস্য চ সমষ্টি-
জীবরূপেণাভিমান্যহং ক্ব চতুর্মুখশরীরাভিমানিত্বেন সপ্তবিতস্তিকায়
রূপশ্চ সুতরামহং ক্ব বিশেষণয়োঃ কর্ম্মধারয়ঃ। ঈদৃগ্বিধেত্যাদিরূপস্য

ইহাই শ্রীবিগ্রহের বিভুত্ব কীর্ত্তন করা হইল ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ১১ শ্লোকে—

ব্রহ্মা কহিলেন হে ভগবন্! প্রকৃতি, মহৎ, অহঙ্কার আকাশ, বায়, তেজঃ, জল এবং পৃথিবী এই সকলে পরিবেষ্টিত যে অণ্ড ঘট তাহাতে আত্মপরিমাণে সপ্তবিতস্তি-মাত্র পরিমিত আমার শরীর আমি কোথায়? আর তোমার মহিমাই বা কোথায়? অতএব ব্রহ্মাণ্ড বিগ্রহ বলিয়া আমি আপনাকে ঈশ্বর বলিতে পারি না। ব্রহ্মাণ্ড আমার শরীর বটে, কিন্তু এতাদৃশ অসংখ্য ব্রহ্মাণ্ডরূপ পরমাণু সকলের

বাতাধ্বরোমবিবরস্যচ তে মহিত্বং ॥ ১০৪ ॥

যথাবা ॥

তত্ত্বৈ র্ব্রহ্মাণ্ডমাঢ্যং সুরকুলভুবনৈশ্চাঙ্কিতং যোজনানাং
পঞ্চাশৎকোট্যথর্ব্বক্ষিতিখচিতমিদং যচ্চ পাতালপূর্ণং।
তাদৃগ্ব্রহ্মাণ্ডলক্ষাযুতপরিচয়ভাগেককক্ষং বিধাত্রা
দৃষ্টং যস্যাত্র বৃন্দাবনমপি ভবতঃ কঃ স্তুতৌ তস্য শক্তঃ ॥ ১০৫

অবতারাবলীবীজং ॥ ৫৮ ॥

তে তব মহিত্বং ক তত্র পরমাণবস্তেষাং চর্য্যাতু পরমাণুপক্ষে বহিরন্তর্গতাগতিরূপা। ব্রহ্মাণ্ডপক্ষে যথাকালমাবির্ভাবলয়রূপা বাতাধ্বা গবাক্ষঃ। ভগবৎ পক্ষে রোমবিবরঃ সূক্ষ্মতমৈকদেশঃ। যদুক্তং বিষ্ণুপুরাণে। যস্যাযুতাযুতাংশাংশে বিশ্বশক্তিরিয়ং স্থিতেতি ॥ ১০৪ ॥

তদেতদেব বৃন্দাবনে দৃষ্টান্তেন দর্শয়তি যথাবেতি ॥ ১০৫ ॥

পরিভ্রমণার্থ গবাক্ষবৎ তোমার অঙ্গের প্রত্যেক রোমবিবর, সুতরাং আমি অতিতুচ্ছ, আমাকে অনুকম্পা কর ॥ ১০৪ ॥

যথাবা ॥

হে কৃষ্ণ! যে একটী ব্রহ্মাণ্ড প্রকৃতি ও মহৎ প্রভৃতি তত্ত্বে সম্মিলিত, দেবনিকরের ভুবন সমূহে অঙ্কিত, পঞ্চাশৎ কোটি যোজন ক্ষিতিমণ্ডলে খচিত এবং যাহা পাতাল দ্বারা পরিপূর্ণ, এমত অযুত লক্ষ ব্রহ্মাণ্ডের পরিচয় ভূমি স্বরূপ এক কক্ষ রূপে বিধাতা যাঁহার বৃন্দাবন দর্শন করিয়াছেন, তাদৃশ আপনাকে স্তব করিতে কে সমর্থ হইবে? ॥ ১০৫ ॥

অবতারাবলীবীজ যথা ॥ ৫৮ ॥

অবতারাবলীবীজমবতারী নিগদ্যতে ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

বেদানুদ্ধরতে জগন্তি বহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্ব্বতে ।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে

অবতারীতি ভূমার্থমত্বর্থীয়ঃ সর্ব্বেভ্যোঽবতারিভ্যঃ পূর্ণত্বাৎ । এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্তু ভগবান্ স্বয়মিত্যুক্তেঃ ॥ ১০৬ ॥

তত্রাতিসিদ্ধপ্রমাণস্য পরমশাস্ত্রস্য শ্রীভাগবতবাক্যস্য তস্যৈব মহত্তি

যাঁহা হইতে অবতার সমূহ প্রকাশ পায় তাঁহাকে অবতারাবলীবীজ বলা যায় ॥ ১০৬ ॥

যথা গীতগোবিন্দে ॥

যিনি মৎস্যরূপে বেদ সকলকে উদ্ধার করিয়াছেন, কূর্ম্মরূপে পৃষ্ঠদেশে জগৎকে বহন করিয়াছেন, বরাহতনু পরিগ্রহপূর্ব্বক দন্তে ধরাকে ধারণ করিয়াছেন, নৃসিংহ মূর্ত্তিতে দৈত্যরাজ হিরণ্যকশিপুর বক্ষঃস্থল বিদীর্ণ করিয়াছেন, বামনমূর্ত্তিতে আবির্ভূত হইয়া বলিরাজকে ছলনা করিয়াছেন, পরশুরামরূপে ক্ষত্রিয়কুলকে নির্ম্মূল করিয়াছেন, রামরূপে অবতীর্ণ হইয়া রাক্ষসাধিপতি দশাননকে সংহার করিয়াছেন, বলরামরূপে হল (লাঙ্গলকে) গ্রহণ করিয়াছেন, বুদ্ধশরীরে পশুদিগের প্রতি করুণা বিস্তার করিয়াছেন, এবং যিনি কল্কিরূপে জন্ম পরিগ্রহ করিয়া ম্লেচ্ছ সকলকে সংহার করিয়াছেন, সেই দশাবতার

স্বেচ্ছাম্মূর্চ্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥ ১০৭ ॥

হতারিগতিদায়কঃ ॥ ৫৯ ॥

মুক্তিদাতা হতারীণাং হতারিগতিদায়কঃ ॥

যথা—

পরাভবং ফেনিল বক্তৃতাঞ্চ
বন্ধঞ্চ ভীতিঞ্চ মৃতিঞ্চ কৃত্বা।
পবর্গদাতাপি শিখণ্ডমৌলে
ত্বং শাত্রবানামপবর্গদোঽসি ॥ ১০৮ ॥

লোকেঽপি দিগদর্শমস্তীত্যাহ তথা গীতগোবিন্দে ইতি ॥ ১০৭ ॥

মুক্তীত্যুপলক্ষণং পূতনাদিষু ভক্তিদাতৃত্বমপি জ্ঞেয়ং। তদেবমপ্যুক্তমমী কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি ॥ ১০৮ ॥

রূপ প্রকটনকারী শ্রীকৃষ্ণ তোমাকে নমস্কার করি ॥ ১০৭ ॥

হতারিগতিদায়ক যথা ॥

যিনি শত্রুগণকে বিনষ্ট করিয়া মুক্তি প্রদান করেন তাঁহাকে হতারিগতিদায়ক বলে ॥

যথা—

হে শিখণ্ডমৌলে! তুমি শত্রুগণের প্রতি পরাভব, ফেনিল (ফেনাযুক্ত) বদন, বন্ধন, ভয় ও মৃত্যু বিধান পূর্ব্বক পবর্গ প্রদান করিলেও, অর্থাৎ পরাভবের প, ফেণিল বক্ত্রের ফ, বন্ধনের ব, ভীতির ভ, এবং মৃতির ম, এই পঞ্চ পবর্গ প্রদ হইলেও, তাহাদিগকে মুক্তি প্রদান করিয়াছ ॥ ১০৮ ॥

যথা—

চিত্রং মুরারে সুরবৈরিপক্ষস্ত্বয়া সমন্তাদনুবদ্ধযুদ্ধঃ।
অমিত্রবৃন্দাম্ববিভেদ্য ভেদং মিত্রস্য কুর্ব্বন্নমৃতং প্রয়াতি॥১০৯

আত্মারামগণাকর্ষী ॥

আত্মারামগণাকর্ষীত্যেতদ্ব্যক্তার্থমেব হি ॥

যথা—

পূর্ণং পরমহংসং মাং মাধবলীলামহৌষধির্ভ্রাত্রা।

অমিত্রবৃন্দাম্ববিভিদ্য ইত্যেব পাঠঃ। পক্ষে মিত্রঃ সূর্য্যঃ ॥ ১০৯ ॥
সারঙ্গশ্চাতকো ভক্তশ্চ সারং গায়তীত্যুক্ত্যা সারঙ্গাণাং পদাম্বুজমিত্যুক্তেঃ। ভক্তপক্ষে সেতি পৃথক্ পদং। পক্ষান্তরে সারসং কমলং। তত্র চাতকী

যথাবা—

হে মুরারে! কি আশ্চর্য্যের বিষয়! দেব-বিপক্ষ অসুর-গণ সর্ব্বতোভাবে তোমার সহিত যুদ্ধে উদ্যুক্ত হইয়াও শত্রুদিগকে ভেদ না করত মিত্রের ভেদপূর্ব্বক অর্থাৎ সূর্য্য-মণ্ডল ভেদ করিয়া মোক্ষ লাভ করিয়াছে॥ ১০৯॥

অথ আত্মারামগণাকর্ষী॥ ৬০ ॥

আত্মারাম-গণাকর্ষির অর্থ স্পষ্টই বোধ হইতেছে, অর্থাৎ যিনি জ্ঞানিদিগকে আকর্ষণ করেন, তাঁহাকে আত্মারামগণা-কর্ষি কহা যায়॥

যথা—

কি আশ্চর্য্যের বিষয়!, আমি পূর্ণ অর্থাৎ সর্ব্ব বিষয়ে আকাঙ্ক্ষাশূন্য এবং পরমহংস হইলেও, মাধবের লীলা-

কৃত্বা বত সারঙ্গং ব্যধিত কথং সারসে তৃষিতং ॥ ১১০ ॥

অথ অসাধারণচতুষ্কে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

সন্তি যদ্যপি মে প্রাজ্যা লীলাস্তাস্তা মনোহরাঃ।

নহি জানে স্মৃতে রাসে মনো মে কীদৃশং ভবেৎ ॥

যথাবা ॥

পরিস্ফুরতু সুন্দরং চরিতমত্র লক্ষ্মীপতে-

স্তথা ভুবননন্দিনস্তদবতারবৃন্দস্য চ।

হরেরপি চমৎকৃতিপ্রকরবর্দ্ধনঃ কিন্তু মে

করণং তত্রাপি কমলে তৃষিতীকরণমিতি শ্লেষেঽপি দ্বিগুণীভাবাশ্চর্য্যমিতং॥১১০

সন্তীত্যুদাহরণদ্বয়ং পরমোৎকর্ষদর্শনার্থমেব লীলাবিশেষময়তয়া দর্শিতং তদীয়লীলাসামান্যমপি সর্ব্বোৎকৃষ্টতয়া শ্রীভাগবতাদৌ প্রসিদ্ধমিতি তত্তু ন দর্শিতং। তথাহি শ্রীপরীক্ষিদ্বাক্যং। যেন যেনাবতারেণেতি যচ্ছৃণতো-

---

রূপ মহৌষধি আমাকর্ত্তৃক আঘ্রাত (আস্বাদনীয়) হইয়া আমাকে ভক্তরূপে বিধানকরত ভক্তিরসে তৃষিত করিল? ॥১১০

অথ অসাধারণ চারিটীর মধ্যে লীলা যথা ॥ ৬১ ॥

বৃহদ্বামনে ॥

ভগবান্ কহিলেন যদিচ আমার সেই সেই মনোহরলীলা-সকল প্রচুররূপে রহিয়াছে, তথাপি রাসলীলা স্মরণ হইলে আমার মন যে কি প্রকার হয়,তাহা আমি বলিতে পারি না ॥

যথাবা ॥

লক্ষ্মীপতি নারায়ণের, এবং জগদানন্দকারি-তদীয় অব-তার সকলের চরিত্র সুন্দররূপে স্ফূর্ত্তি পাউক্, কিন্তু যাহা

বিভর্ত্তি হৃদি বিস্ময়ং কমপি রাসলীলারসঃ॥ ১১ ॥

প্রেম্না প্রিয়াধিক্যং ॥ ৬২ ॥

যথা শ্রীদশমে ॥

অটতি যদ্ভবানহ্নি কাননং

ত্রুটি যুগায়তে ত্বামপশ্যতাং।

কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে

জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্দৃশাং ॥ ১১২ ॥

ইত্যপত্যরতির্বিভূক্তেত্যাদি চ। প্রাজ্যাঃ প্রচুরাঃ ॥ ১১১ ॥

অটতীত্যুদাহরণমুৎকণ্ঠাদ্বারা তদ্বোধকং অন্যত্রাশ্রবণাৎ। বিশেষোদাহরণানি চৈতানি জ্ঞেয়ানি অহো ভাগ্যমিত্যাদি নেমং বিরিঞ্চ ইত্যাদি ইত্থং সতাং ব্রহ্মসুখানুভূত্যা ইত্যাদি, নায়ং শ্রিয়োঽঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদ ইত্যাদি চ ॥ ১১২ ॥

হরিরও আশ্চর্য্যরাশি বর্দ্ধনকারী সেই রাসলীলা রস আমার হৃদয়ে বিস্ময় ধারণ করিতেছে ॥ ১১১ ॥

প্রেমবশতঃ প্রিয়াধিক্য যথা ॥ ৬২ ॥

শ্রীদশমে ৩১ অধ্যায়ে ১৫ শ্লোকে ॥

হে প্রিয়! দিবসে যখন তুমি বৃন্দাবনে গমন কর, তখন তোমাকে না দেখাতে প্রাণিমাত্রের পক্ষে ক্ষণার্দ্ধ কালও যুগবৎ অতিশয় দুর্যাপণীয় বোধ হয় এবং দিনান্তে তুমি প্রত্যাগত হইলে তোমার শোভন বদন অবলোকন করিয়া নিমেষ মাত্র ব্যবধানও অসহ্য হওয়াতে সেই সকল প্রাণির নিকটে চক্ষুর পক্ষ্মকারী অর্থাৎ নেত্রাবরক লোমনির্ম্মাণকর্ত্তা ব্রহ্মা জড় বলিয়া গণ্য হয়েন ॥ ১১২ ॥

যথাবা ॥

ব্রহ্মরাত্রিততিরপ্যঘশত্রো

সা ক্ষণার্দ্ধবদগাত্তব সঙ্গে।

হা ক্ষণার্দ্ধমপি বল্লবিকানাং

ব্রহ্মরাত্রিততিবদ্বিরহেঽভূৎ ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্যং ॥ ৬৩ ॥

যথা তত্রৈব ॥

সবনশস্তদুপধার্য্য সুরেশাঃ

শক্র-সর্ব্ব-পরমেষ্ঠি-পুরোগাঃ।

ব্রহ্মরাত্রীতি। কেষাঞ্চিদ্ব্রহ্মরাত্র উপাবৃত্তে ইত্যস্য রাসান্তপদাস্য তথা ব্যাখ্যা-নাৎ। তথৈব চানুমতং শ্রীস্বামিচরণৈঃ। শশাঙ্কশ্চ সগণো বিস্মিতোঽভবদিত্যত্র কিন্তু তাস্তাঃ ক্ষপাঃ প্রেষ্ঠতমেনেত্যাদৌ শ্রীভগবদ্বাক্যং নির্ব্বিবাদমেব ॥ ১১৩ ॥

সবনশস্তদুপধার্য্যেত্যাদ্যন্তে নদ্যস্তদা তদুপধার্য্যেত্যাদীনি চ জ্ঞেয়ানি

যথাবা ॥

হে অঘনাশন! তোমার মিলনকালে বল্লবীগণের সম্বন্ধে ব্রহ্মরাত্রি সকলও ক্ষণার্দ্ধতুল্য গত হইয়াছিল, হায়! এক্ষণে তোমার বিরহে ঐ বল্লবীবৃন্দের ক্ষণার্দ্ধকালও ব্রহ্মরাত্রি সমূহের ন্যায় সুদীর্ঘ হইতেছে ॥ ১১৩ ॥

বেণুমাধুর্য্য যথা ॥ ৬৩ ॥

শ্রীদশমে ৩৫ অধ্যায় ৮ শ্লোকে ॥

গোপীগণ কহিলেন হে যশোদে! তোমার তনয় স্বর সকল যখন উন্নয়ন করেন তখন ইন্দ্র, রুদ্র, ব্রহ্মা প্রভৃতি দেবেশ্বরগণ আপনারা সুপণ্ডিত হইয়াও মোহ প্রাপ্ত হয়েন।

কবয় আনতকন্ধরচিত্তাঃ
কশ্মলং যযুরনিশ্চিততত্ত্বাঃ ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্ মুহুস্তুম্বুরুং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মেরয়ন্ বেধসং।
ঔৎসুক্যাবলিভি র্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ ॥ ১১৫ ॥

তদ্বেণুগীতং সবনশঃ বারম্বারং কশ্মলং মোহং। অনিশ্চিততত্ত্বাঃ কিমিদমিতি নিশ্চেতুমশক্তাঃ ॥ ১১৪ ॥

রুন্ধন্নিত্যত্র ফলরূপত্বেনৈব সর্ব্বত্র প্রসরণমণ্ডকটাহভেদশ্চ জ্ঞেয়ঃ। তত্ত্ব তুম্বুরুচমৎকারাদিনা দর্শিতং। অলৌকিকস্বভাবত্বাৎ তচ্চোক্তং সবনশ ইত্যাদিনা। বিস্মেরয়ন্নিত্যত্র বিস্মায়য়ন্নিতি পাঠঃ শিষ্টঃ ॥ ১১৫ ॥

সে সময় গীতধ্বনি রাগে তাঁহাদের কন্ধর ও চিত্ত আনত হয়, হে সতি! ঐ সকল দেবতার মোহের কারণ এই, তাঁহারা সেই কল স্বরালাপের তত্ত্ব অর্থাৎ ভেদের নিশ্চয় করিতে পারেন নাই ॥ ১১৪ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

শ্রীকৃষ্ণের বংশীধ্বনি মেঘ সকলকে রোধ, তুম্বুরুকে আশ্চর্য্যান্বিত, সনন্দন প্রভৃতি যোগিগণকে ধ্যান হইতে বিচ্যুত, বিধাতাকে বিস্ময় প্রদান, উৎকণ্ঠার সহিত বলিকে চঞ্চল ওঅনন্তদেবের শিরঃকম্প বিধানপূর্ব্বক ব্রহ্মাণ্ডকটাহের ভিত্তি ভেদ করিয়া সর্ব্বতোভাবে ভ্রমণ করিয়াছিল ॥ ১১৫ ॥

রূপমাধুর্য্যং ॥ ৬৪ ॥
যথা তৃতীয়ে ॥
যন্মর্ত্ত্যলীলৌপয়িকং স্বযোগ-
মায়াবলং দর্শয়তা গৃহীতং।
বিস্মাপনং স্বস্য চ সৌভগর্দ্ধেঃ
পরং পদং ভূষণভূষণাঙ্গং ॥

যদ্রূপমিতি পূর্ব্বেণান্বয়ঃ। স্বযোগমায়া স্বরূপভূতা অচিন্ত্যশক্তিঃ তস্যা বলং দর্শয়তা এতাবদপ্যস্তীতি তৎ প্রকটয়তা গৃহীতং আকৃষ্টং জগত্যাং আনীতং প্রকটিতমিত্যর্থঃ। তদেবমেবম্ভূতং ভগবন্মর্ত্ত্যলীলৌপয়িকমিতি তত্তল্লীলায়া অপি মাহাত্ম্যং তথাবিধমেব দর্শিতং। মর্ত্ত্যেষু লীলা মর্ত্ত্যলীলা তস্যামৌপয়িকং তৎসদৃশলীলাযোগ্যদ্বিভুজাদিত্বাদতিমনোহরমিত্যর্থঃ। কিং বহুনা সর্ব্বকাল-দেশগত তত্তদ্রূপবেত্তুরপি স্বস্য চ বিস্মাপনং তাদৃগনমুভবাৎ যতঃ সৌভগর্দ্ধেঃ পরং পদং পরমা প্রতিষ্ঠা। যৎ খলু ভূষণস্যাপি ভূষণমঙ্গং যত্র তাদৃশং ॥ ১১৮ ॥

রূপমাধুর্য্য যথা ॥ ৬৪ ॥

শ্রীমদ্ভাগবতে তৃতীয়স্কন্ধে ২ অধ্যায়ে ১২ শ্লোকে ॥

উদ্ধব বিদুরকে কহিলেন হে মহাশয়! সেই মূর্ত্তি অতি আশ্চর্য্য ছিল, ভগবান্ আপনার যোগমায়ার বল প্রদর্শন করিয়া তাহা গ্রহণ করিয়াছিলেন, সেই মূর্ত্তি মর্ত্ত্যলীলার উপযুক্ত এবং সৌভাগ্য সম্পত্তির পরাকাষ্ঠা হওয়াতে তাঁহার আপনারও বিস্ময়জনক হইয়াছিল, অধিকন্তু সেই মূর্ত্তির অঙ্গ সকল এ রূপ শোভন ছিল যে, ভূষণ সকলকেও ভূষিত করিতে পারিত ॥

শ্রীদশমে ॥

কা স্ত্র্যঙ্গ তে কলপদামৃতবেণুগীত-

সম্মোহিতার্য্যচলিতান্ন চলেত্রিলোক্যাং।

ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং

যদ্গোদ্বিজ-দ্রুম-মৃগাঃ পুলকান্যবিভ্রন্‌ ॥ ১১৬ ॥

যথা বা ললিতমাধবে ॥

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী

স্ফুরতি মম গরীয়ানেষ মাধুর্য্যপূরঃ।

অপরিকলিতেতি। মণিভিত্তৌ স্বপ্রতিবিম্বলব্ধাতিশয়ং স্ববপুশ্চিত্রং দৃষ্ট

দশমস্কন্ধের ২৯ অধ্যায়ে। ৩৭ শ্লোকে ॥

হে অঙ্গ! কুলাঙ্গনাদিগের ঔপপত্যভাব নিন্দনীয় সত্য, কিন্তু আপনকার কল অর্থাৎ অস্ফুট মধুর শব্দময় অমৃতায়মান যে বেণুগীত, তাহাতে সম্মোহিত হইলে ত্রিলোকী-মধ্যে কোন্ অবলা নিজধর্ম্ম হইতে বিচলিত না হয়? তাহাতে মুগ্ধ হইয়া পুরুষেরাও স্বধর্ম্ম হইতে বিচলিত হইয়া পড়ে। অপর, আপনকার ত্রৈলোক্য সৌভগ এই রূপ নয়নগোচর করিয়া কাহার বিস্ময় না হয়? যে হেতু গাভী, হরিণ, পক্ষী ও বৃক্ষ সকলও পুলকে পূর্ণ হইল ॥১৬॥

যথাবা ললিতমাধবে ॥

এক দিবস শ্রীকৃষ্ণ মণিভিত্তিতে স্বীয় মূর্ত্তিকে প্রতিবিম্বিত দর্শন করিয়া কহিলেন, আহা! আমার এ কি গরিষ্ঠ মাধুর্য্য প্রবাহ স্ফূর্ত্তি পাইতেছে, এ প্রকার আশ্চর্য্যকারী মাধুর্য্য পূর্ব্বে কখনও অবলোকন করি নাই, কি আশ্চর্য্যের

অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥
সমস্তবিবিধাশ্চর্য্যকল্যাণগুণবারিধেঃ।
গুণানামিহ কৃষ্ণস্য দিঙ্মাত্রমুপদর্শিতং ॥ ১১৭ ॥
তথাচ শ্রীদশমে ॥
গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য।
কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ-
র্ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ।

শ্রীভগবন্মনোরথঃ প্রতিক্ষণং নবনবায়মানতন্মাধুর্য্যত্বাৎ ॥ ১১৭ ॥

গুণাত্মনঃ স্বভাবা যস্য প্রকটিতপ্রাকৃতাতীতস্বাভাবিকানন্তগুণস্য তবাস্তাং তত্তদ্গুণানাং সমস্তানাং তথা প্রত্যেকমবান্তরবৃত্তিকোটীনাং গণনবার্ত্তা অস্য জগতো হিতাবতীর্ণস্য জগদ্গতানন্তজীবহিতায় তত্তদ্গুণৈকদেশমপ্যবতীর্য্য

বিষয় এই আমি যাহাকে অবলোকন করিয়া লুব্ধচিত্ত হওত শ্রীরাধার ন্যায় সহর্ষে উপভোগ করিতে অভিলাষ করিতেছি॥

সমস্ত বিবিধাশ্চর্য্য কল্যাণরূপ গুণের সমুদ্র শ্রীকৃষ্ণের গুণ সকলের মধ্যে কিঞ্চিন্মাত্র প্রদর্শিত হইল ॥ ১১৭ ॥

যথা দশমে ১৪ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে দেব! তুমি এই বিশ্বের হিতার্থ গুণাবিষ্কার করত অবতীর্ণ এবং গুণসকলের অধিষ্ঠাতা, তোমার গুণের বিশেষ বিবরণ দূরে থাকুক, "তাহা এই পরিমাণ" ইহা বলিয়াও গণনা করিতে কোন্ ব্যক্তি সমর্থ হইবে? ভগবন্! যে সকল নিপুণ ব্যক্তি কর্ত্তৃক বহু জন্ম ও বহু কালে ভূমির

নিত্যগুণো বনমালী, যদপি শিখামণিরশেষনেতৄণাং।
ভক্তাপেক্ষিকমস্য, ত্রিবিধত্বং লিখ্যতে তদপি ॥
হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা।
শ্রেষ্ঠমধ্যাদিভিঃ শব্দৈ র্নাট্যে যঃ পরিপঠ্যতে ॥ ১১৮ ॥
প্রকাশিতাখিলগুণঃ স্মৃতঃ পূর্ণতমো বুধৈঃ।
অসর্ব্বব্যঞ্জকঃ পূর্ণতরঃ পূর্ণোঽল্পদর্শকঃ ॥ ১১৯ ॥

প্রকটয়তস্তব যে তে গুণাংশাস্তত্র তত্র প্রকটিতাস্তানপি গণয়িতুং ক ঈশিষে ন কোঽপীত্যর্থঃ। তত্র সম্ভাবনানিরাসার্থমাহ যৈবে'তি ॥ ১১৮ ॥

প্রকাশিতেতি। অত্রাখিলত্বমন্যত্বয়াপেক্ষয়া জ্ঞেয়ং। ভক্তভক্ত্যানুরূপাধিকাধিকপ্রকাশাৎ। অসর্ব্বত্বং পূর্ব্বাপেক্ষয়া চাপলত্বঞ্চ স্বপূর্ব্বাপেক্ষয়া তথাপি পূর্ণতরত্বাদিকমন্যতরাপেক্ষয়া ॥ ১১৯ ॥

পরমাণু আকাশের হিমকণা এবং গগনস্থ নক্ষত্রাদির কিরণ পরমাণুরও গণনায় সমর্থ পরিগণিত হয়, তাহারাও তোমার গুণ গণনায় সমর্থ নহে ॥

অশেষ নায়কদিগের শিখামণি (শ্রেষ্ঠ) স্বরূপ বনমালী যদিচ নিত্যগুণশালী, তথাপি ইহাঁর ভক্তাপেক্ষিক তিন প্রকার গুণ লিখিতেছি ॥

নাট্য শাস্ত্রে শ্রেষ্ঠ মধ্যাদি ভেদে হরি পূর্ণতম, পূর্ণতর ও পূর্ণ বলিয়া সম্যক্‌রূপে কীর্ত্তিত হয়েন ॥ ১১৮ ॥

অখিলগুণ-প্রকাশক পূর্ণতম, তদপেক্ষা অল্পগুণ-প্রকাশক পূর্ণতর, তাহা অপেক্ষাও অল্পগুণ-প্রকাশক পূর্ণ, পণ্ডিতগণ এই ত্রিবিধরূপে কীর্ত্তন করিয়াছেন ॥ ১১৯ ॥

কৃষ্ণস্য পূর্ণতমতা ব্যক্তাভূদ্গোকুলান্তরে।
পূর্ণতা পূর্ণতরতা দ্বারকামথুরাদিষু।
স পুনশ্চতুর্বিধঃ স্যাদ্ধীরোদাত্তশ্চ ধীরললিতশ্চ।
ধীরপ্রশান্তনামা তথৈব ধীরোদ্ধতঃ কথিতঃ।
বহুবিধ গুণ ক্রিয়াণামাস্পদভূতস্য পদ্মনাভস্য।
তত্তল্লীলাভেদাদ্বিরুধ্যতে নহি চতুর্ব্বিধতা॥
তত্র ধীরোদাত্তঃ॥
গম্ভীরো বিনয়ী ক্ষন্তা করুণঃ সুদৃঢ়ব্রতঃ।

কৃষ্ণস্যেতি অত্র পূর্ণতমতাঽৈশ্বর্য্যগতাঃ। তাবৎ সর্ব্বে বৎসপালাঃ পশ্যতোঽজস্য তৎক্ষণাৎ। ব্যদৃশ্যন্ত ঘনশ্যামাঃ পীতকৌশেয়বাসস ইত্যাদিষু মাধুর্য্যগতা। নন্দঃ কিমকরোদ্ব্রহ্মন্ শ্রেয় এবং মহোদয়মিত্যাদিষু। কৃপাগতা চ। অহো বকী যং স্তনকালকূটমিত্যাদিষু, দ্বারকামথুরাদিষ্বিতি ন যথাসংখ্যতয়া।

গোকুল মধ্যে শ্রীকৃষ্ণের পূর্ণতমতা, মথুরায় পূর্ণতরতা এবং দ্বারকায় পূর্ণত্ব ব্যক্ত হইয়াছে।

সেই শ্রীকৃষ্ণ পুনরায় চতুর্ব্বিধরূপে কথিত হয়েন। যথা- ধীরোদাত্ত, ধীরললিত, ধীরপ্রশান্ত এবং ধীরোদ্ধত॥

যদি বল এক নায়কে চতুর্ব্বিধ গুণ কি রূপে প্রকাশ পাইতে পারে, তাহার উত্তর এই যে, ভগবান্ পদ্মনাভ বহু বিধ গুণ ও ক্রিয়ার আস্পদ স্বরূপ, সেই সেই লীলা ভেদে চতুর্ব্বিধতা বিরুদ্ধ হয় না অর্থাৎ লীলাবশতঃ সকলই সম্ভবে॥

তন্মধ্যে ধীরোদাত্ত যথা॥

যে ব্যক্তি গম্ভীর প্রকৃতি, বিনয়ান্বিত, ক্ষমাগুণশালী

অকত্থনো গূঢ়গর্ব্বো ধীরোদাত্তঃ সুসত্ত্বভৃৎ ॥ ১২০ ॥

যথা ॥

বীরম্মন্যমদপ্রহারি হসিতং ধৌরেয়মার্ত্তোদ্ধৃতৌ

নির্ব্যূঢ়ব্রতমুন্নতক্ষিতিধরোদ্ধারেণ ধীরাকৃতিং।

ময্যুচ্চৈঃ কৃতকিল্বিষেঽপি মধুরং স্তুত্যা মুহুর্যন্ত্রিতং

প্রেক্ষ্য ত্বাং মম দুর্ব্বিতর্ক্যহৃদয়ং ধীর্গীশ্চ নস্পন্দতে ॥১২১

প্রয়োগঃ সমসংখ্যত্বেনাপ্রয়োগাৎ কিন্তু যথাসম্ভব তত্রৈব কুত্রচিৎ কস্যাপি বিশেষ দর্শনাৎ ॥ ১২০ ॥

বীরমিতি। মহেন্দ্রবাক্যং তত্র বীরম্মন্যেতি গূঢ়গর্ব্বত্বং ধৌরেয়মিতি করুণত্বং নির্ব্যূঢ়েতি সুদৃঢ়ব্রতত্বং উন্নতেতি সুসত্ত্বভৃত্ত্বং। ময়ীতি ক্ষন্তৃত্বং স্তুত্যা ইতি বিনয়িত্বমকথনঞ্চ। দুর্ব্বিতর্ক্য হৃদয়মিতি গম্ভীরত্বং দর্শিতং। মম ধীরিত্যাদিরন্বয়ঃ ॥ ১২১ ॥

করুণ, দৃঢ়ব্রত, আত্মশ্লাঘাশূন্য, গূঢ়গর্ব্ব, ধীর এবং সুন্দরদেহধারী তাহাকেই ধীরোদাত্ত কহায়ায় ॥ ১২০ ॥

যথা ॥

যাঁহার হাস্য বীরাভিমানিদিগের গর্ব্বহরণ করে, যিনি আর্ত্তজনের উদ্ধার বিষয়ে ভারগ্রাহী, যিনি দৃঢ়প্রতিজ্ঞ, যিনি উন্নত ক্ষিতিধর (পর্ব্বত) উদ্ধরণ-বিষয়ে ধীরাকৃতি, আমি অতিশয় রূপে কৃতাপরাধ হইলেও যিনি মধুরাকৃতি, যিনি স্তবদ্বারা বশীভূত হইয়া থাকেন, তাদৃশ দুর্ব্বিতর্ক্য হৃদয় আপনাকে অবলোকন করিয়া আমার বুদ্ধি অথবা বাক্য কিছুই স্ফূর্ত্তি পাইতেছে না। ॥ ১২১ ॥

গম্ভীরত্বাদি-সামান্য-গুণা যদিহ কীর্ত্তিতাঃ।
তদেতেষু তদাধিক্য-প্রতিপাদনহেতবে।
ইদং হি ধীরোদাত্তত্বং পূর্ব্বৈঃ প্রোক্তং রঘূদ্বহে।
তত্তদ্ভক্তানুসারেণ তথা কৃষ্ণে বিলোক্যতে ॥ ১২২ ॥

অথ ধীরললিতঃ ॥

বিদগ্ধো নবতারুণ্যঃ পরিহাসবিশারদঃ।
নিশ্চিন্তো ধীরললিতঃ স্যাৎ প্রায়ঃ প্রেয়সীবশঃ ॥ ১২৩ ॥

গম্ভীরত্বাদীতি। এতেষু ধীরোদাত্তাদিষু তেষাং গাম্ভীর্য্যাদীনামাধিক্য প্রতি-পাদনহেতবে। তদন্যান্ সর্ব্বান্ গুণানুপমদ্য সমুদয়েনাবিভূর্তানাং তেষাং স্পষ্টত্বজ্ঞাপনার্থমিত্যর্থঃ ॥ ১২১ ॥

প্রেয়সীনাং প্রেমবিশেষযুক্তানাং তারতম্যেন বশীভূতঃ। যথোক্তং। যা মা ভজন্ দুর্জরগেহশৃঙ্খলাঃ সংবৃশ্চ্য তদ্বঃ প্রতিযাতু সাধুনা। ইতি। অনয়ারাধিতো নূনমিত্যাদি চ ॥ ১২৩ ॥

এস্থলে গম্ভীরত্বাদি সামান্য গুণ সকল যাহা কীর্ত্তন করা হইয়াছে, তাহা ধীরোদাত্তাদি সকলে আধিক্য প্রতিপাদনের নিমিত্ত জানিতে হইবে ॥

পূর্ব্বতন পণ্ডিতগণ শ্রীরামচন্দ্রে ধীরোদাত্তত্ব গুণ কীর্ত্তন করিয়াছেন, তত্তৎ ভক্তানুসারে শ্রীকৃষ্ণেতে সেই সকল গুণ দেখিতে পাওয়া যায় ॥ ১২২ ॥

অথ ধীরললিত ॥

যে ব্যক্তির রসিকতা, নবযৌবন, পরিহাসপটুতা ও নিশ্চিন্ত্যতা প্রভৃতি গুণ সকল বিদ্যমান, তাহাকে ধীরললিত বলিয়া নির্দ্দেশ করাযায় এবং তিনি প্রায় প্রেয়সীর বশীভূত

যথা ॥

বাচা সূচিতশর্ব্বরীরতিকলাপ্রাগল্‌ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ ॥
গোবিন্দে প্রকটং ধীরললিতত্বং প্রদৃশ্যতে।
উদাহরন্তি নাট্যজ্ঞাঃ প্রায়োঽত্র মকরধ্বজং ॥ ১২৪ ॥

বাচেতি। যজ্ঞপত্নীসদৃশীঃ প্রতি তত্তল্লীলান্তরঙ্গদূত্যা বাক্যং ॥ ১২৪ ॥

হইয়া থাকেন ॥ ১২৩ ॥

যথা ॥

ব্যাখ্যানাং। অতএব জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যামিতি পাণিনি-সূত্রং ॥ ১৮৬ ॥

নির্ব্বাণং পরমানন্দঃ শীতানি সর্ব্বতাপহারীণি ॥ ১৮৭ ॥

ধাতু নির্ম্মিত তিলককে পত্রভঙ্গ লতাদি কহা যায়। ॥ ১৮৬ ॥

অথ স্মিত ॥

যথা কর্ণামৃতে ॥

হে কৃষ্ণ! তোমার সর্ব্বতাপহারি ঈষৎ হাস্য অখণ্ড পূর্ণানন্দ রসতরঙ্গ দ্বারা অন্য রসান্তর সকলকে দূর করিয়া অবাধে যেন সুধাসমুদ্র উদ্গীরণ করত বিরাজ করিতেছে॥ ১৮৭

অঙ্গসৌরভ যথা ॥

সূর্য্যোপরাগ সময়ে শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রে গমন করিলে তদীয় অঙ্গ হইতে কোন অপূর্ব্ব পরিমলবাহিনী সরিৎ চতুর্দ্দিকে প্রবাহিত হইয়া অস্মদাদি মুনিগণের বপু পুলকিত

মধুরিপুরুপরাগে তদ্বিনোদায় মন্যে
কুরুভুবমনবদ্যামোদসিন্ধু র্বিবেশ ॥

অথ বংশঃ ॥

ধ্যানং বলাৎ পরমহংসকুলস্য ভিন্দন্
নিন্দন্ সুধামধুরিমাণমধীরধর্ম্মা।
কন্দর্পশাসনধুরাং মুহুরেষ শংসন্
বংশীধ্বনি র্জয়তি কংসনিসূদনস্য ॥

এষ ত্রিধা ভবেদ্বেণু-মুরলী-বংশিকেত্যপি ॥

তত্র বেণুঃ ॥

পারিকাখ্যো ভবেদ্বেণু র্দ্বাদশাঙ্গুলদৈর্ঘ্যভাক্।

কুরুভুবং কুরুক্ষেত্রং। বিনসনমিতি পাঠো নেষ্টঃ ॥ ১৮৮ ॥

করত আমোদ সমুদ্রে প্রবেশ করিল, অতএব বোধ হইল শ্রীকৃষ্ণ যেন মুনিবৃন্দকে আনন্দ প্রদানার্থই কুরুক্ষেত্রে গমন করিয়াছিলেন ॥

অথ বংশ ॥

কংস নাশন শ্রীকৃষ্ণের চঞ্চল বংশীধ্বনি বল পূর্ব্বক পরম হংসদিগের ধ্যান ভঙ্গ পুরঃসর অমৃত মাধুর্য্যকে নিন্দা করত বারম্বার কন্দর্প অতিশয় শাসন ঘোষণা প্রদান করিয়া সর্ব্বোপরি জয়যুক্ত হইতেছে ॥

বংশ তিন প্রকার, বেণু, মুরলী ও বংশিকা ॥

তন্মধ্যে বেণু যথা ॥

যাহা দ্বাদশ অঙ্গুলী দীর্ঘ ও অঙ্গুষ্ঠ পরিমিত স্থূল ও ছয়টী

স্থৌল্যেঽঙ্গুষ্ঠমিতঃ ষড়্‌ভিরেষ রন্ধ্রৈঃ সমন্বিতঃ ॥

মুরলী ॥

হস্তদ্বয়মিতায়ামা মুখরন্ধ্রসমন্বিতা।

চতুঃস্বরচ্ছিদ্রযুক্তা মুরলী চারুনাদিনী ॥ ১৮৮ ॥

বংশী ॥

অর্দ্ধাঙ্গুলান্তরোন্মানং তারাদিবিবরাষ্টকং।

ততঃ সার্দ্ধাঙ্গুলাদযত্র মুখরন্ধ্রং তথাঙ্গুলং।

শিরো বেদাঙ্গুলং পুচ্ছং ত্র্যঙ্গুলং সাতু বংশিকা।

নবরন্ধ্রা স্মৃতা সপ্তদশাঙ্গুলমিতা বুধৈঃ ॥ ১৮৯ ॥

অর্দ্ধাঙ্গুলমন্তরং ছিদ্রয়োর্মধ্যভাগস্তথোন্মানং ছিদ্রস্য বিস্তারো যত্র তৎ। ততোঽঙ্গুল্যন্তর ইত্যত্র ততঃ সার্দ্ধাঙ্গুলাদিত্যেব পাঠঃ। সপ্তদশাঙ্গুলত্বানুপপত্তেঃ। যোগ্যত্বাচ্চ ততোঽঙ্গুল্যন্তর ইতি পাঠে গ্রন্থিতো বহিরর্দ্ধাঙ্গুলং জ্ঞেয়ং। তথাঙ্গুলমিত্যত্র প্রমাণে লুগিতি মাত্রচোলুক্। অর্দ্ধাঙ্গুলাদিশব্দাস্তু সংখ্যাব্যয়াভ্যামঙ্গুলেরিতি সমাসান্তবিধানাৎ ॥ ১৮৯ ॥

ছিদ্রযুক্ত তাহাকে পাবিকাখ্য বেণু বলে ॥

মুরলী যথা ॥

যাহা দ্বিহস্ত পরিমিত, মুখ মধ্যে রন্ধ্র এবং চারিটী স্বরের ছিদ্র সমন্বিত, তাদৃশ মনোহর শব্দ কারিণীর নাম মুরলী ॥ ১৮৮

বংশী যথা ॥

এক এক অঙ্গুলি ব্যবধানে অষ্টছিদ্র, সার্দ্ধ অঙ্গুল অন্তরে মুখছিদ্র, উপরিভাগে চারি অঙ্গুল, পশ্চাৎ ভাগে তিন অঙ্গুল এবং গ্রন্থির পরভাগ অর্দ্ধ অঙ্গুল, সকলে নবছিদ্র সমন্বিতত্ত সপ্তদশ অঙ্গুল পরিমিত বংশকে বংশী কহে ॥ ১৮৯ ॥

দশাঙ্গুলান্তরা স্যাচ্চেৎ সা তারমুখরন্ধ্রয়োঃ।
মহানন্দেতি বিখ্যাতা তথা সম্মোহিনীতি চ।
ভবেৎ সূর্য্যান্তরা সা চেত্তত আকর্ষিণী মতা।
আনন্দিনী তদা বংশী ভবেদিন্দ্রান্তরা যদি।
গোপানাং বল্লভা সেয়ং বংশুলীতি চ বিশ্রুতা।
ক্রমাম্মণিময়ী হৈমী বৈণবীতি ত্রিধা চ সা ॥ ১৯০ ॥

অথ শৃঙ্গং ॥

শৃঙ্গন্তু গবলং হেম নিবদ্ধাগ্রিমপশ্চিমং।

দেশাঙ্গুলেত্যাদাবঙ্গুলীনাং বৃদ্ধির্মুখ রন্ধ্র তদব্যবহিত রন্ধ্রয়োরন্তরাল এব জ্ঞেয়া ॥ ১৯০ ॥

গবলমত্র বনমহিষশৃঙ্গং উপলক্ষণঞ্চেদং কৃষ্ণসারাদি শৃঙ্গাণাং। অগ্রিমো

যদি সেই বংশীর মুখছিদ্র ও স্বরছিদ্র দশ অঙ্গুলি ব্যবধানে হয়, তাহা হইলে তাহার নাম মহানন্দা ও সম্মোহিনী; দ্বাদশাঙ্গুল অন্তর হইলে আকর্ষিণী, চতুর্দ্দশ অঙ্গুল অন্তর হইলে আনন্দিনী বলিয়া কথিত হয়, ঐ আনন্দিনী গোপসকলের প্রিয় এবং বংশুলী নামে অভিহিত হয়। বংশী ক্রমে মণিময়ী; হৈমী ও বৈণবী এই তিন প্রকার হয়। মণিময়ীর নাম সম্মোহিনী, স্বর্ণ নির্ম্মিতার নাম আকর্ষিণী এবং বংশনির্ম্মিতার নাম আনন্দিনী এই ত্রিবিধ ভেদ ॥ ১৯০ ॥

অথ শৃঙ্গ ॥

অগ্র পশ্চাৎ স্বর্ণদ্বারা বদ্ধ ও মধ্যভাগের ছিদ্র রত্ন ভূষিত

রত্নজাল স্ফুরন্মধ্যং মন্ত্রঘোষাভিধং স্মৃতং ॥ ১৯১ ॥

যথা ॥

তারাবলী বেণু ভুজঙ্গমেন
তারাবলীলা গরলেন দষ্টা।
বিষাণিকানাদ পয়ো নিপীয়
বিষাণি কামং দ্বিগুণীচকার ॥•

নূপুরং যথা ॥

অঘমর্দ্দনস্য সখি নূপুরধ্বনিং
নিশময্য সম্ভৃত গভীর সম্ভ্রমা।
অহমীক্ষণোত্তরলিতাপি নাভবং

হগ্রভাগঃ এবং পশ্চিমঃ ॥ ১৯১ ॥

তারাবলী নাম্নী তারস্য উচ্চধ্বনে র্যা অবলীলা অল্পপ্রযত্নঃ সৈব গরলং যস্য তেন বিষাণিকা নাদস্য পয়স্তয়া রূপকং। প্রথমং তদ্গরল শমকত্বয়াভীষ্টত্বাৎ

মন্ত্রণা ধ্বনিকারি বনমহিষের শৃঙ্গকে শৃঙ্গ (শিঙ্গা) কহে॥১৯১

যথা ॥

তারাবলী নাম্নী গোপী, উচ্চনাদ রূপ গরলশালি বেণু ভুজঙ্গ কর্ত্তৃক দষ্ট হইয়া তদ্বিষোপশমনার্থ বিষাণিকার (শৃঙ্গের) ধ্বনিরূপ দুগ্ধ পান করিলেন। তাহাতে বিষের উপশম হইবে কি, পুনরায় দ্বিগুণ জ্বালা উপস্থিত হইল॥

নূপুর যথা ॥

হে সখি! অঘদমন শ্রীকৃষ্ণের নূপুরধ্বনি শ্রবণ করিয়া অতিশয় সম্ভ্রম প্রযুক্ত দর্শনার্থ উত্তরলিতা হইয়াছিলাম, কিন্তু দুঃখের বিষয় এই যে, তৎকালীন গুরুবর্গ অগ্রে উপস্থিত

বহিরদ্য হন্ত গুরবঃ পুরঃস্থিতাঃ ॥ ১৯২ ॥

কম্বুঃ ॥

কম্বুস্তু দক্ষিণাবর্তঃ পাঞ্চজন্যতয়োচ্যতে ॥

যথা ॥

অমররিপুবধূটীভ্রূণহত্যাবিলাসী
ত্রিদিবপুরপুরন্ধ্রীবৃন্দনান্দীকরোঽয়ং।
ভ্রমতি ভুবনমধ্যে মাধবাধ্মাতধাম্নঃ
কৃতপুলককদম্বঃ কম্বুরাজস্য নাদঃ ॥ ১৯৩ ॥

পাদাঙ্কঃ ॥

যথা শ্রীদশমে ॥

পশ্চাৎ প্রত্যুত তেন তস্য সাহায্যাদ্বিষাণীতি বিষতুল্য ভাবানীত্যর্থঃ ॥ ১৯২ ॥

কম্বুস্তু দক্ষিণাবর্ত্ত ইত্যেব পাঠঃ। ভ্রূণহত্যেতি কৌতুকেন নিন্দাবৎ প্রযুক্তং। নান্দীকরো মঙ্গলপাঠকরঃ। মাধবেনাধ্মাতঃ শব্দায়মানো দেহো যস্য ॥ ১৯৩ ॥

থাকায় বহির্নিগত হইতে পারি নাই ॥ ১৯২ ॥

কম্বু ॥

দক্ষিণাবর্ত্ত শঙ্খকে পাঞ্চজন্য শঙ্খ বলা যায় ॥

যথা ॥

মাধব কর্ত্তৃক শব্দিত হইয়া পাঞ্চজন্য শঙ্খরাজের ধ্বনি অসুরবধূদিগের গর্ব্ভপাতন পূর্ব্বক দেবস্ত্রীগণের মঙ্গল বিধান করত জনবৃন্দকে পুলকে পূর্ণিত করিয়া ভুবন মধ্যে ভ্রমণ করিতে লাগিল ॥ ১৯৩ ॥

পদাঙ্ক যথা ॥

শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

তদ্দর্শনাহ্লাদবিবৃদ্ধসংভ্রমঃ
প্রেম্ণোর্দ্ধরোমাশ্রুকলাকুলেক্ষণঃ।
রথাদবস্কন্দ্য স তেষ্বচেষ্টত
প্রভোরমূন্যঙ্ঘ্রিরজাংস্যহো ইতি॥

যথাবা॥

কলয়ত হরিরধ্বনা সখ্যাঃ
স্ফুটমমুনা যমুনাতটীমযাসীৎ।
হরতি পদততির্যদক্ষিণী মে
ধ্বজকুলিশাঙ্কুশপঙ্কজাঙ্কিতেয়ং॥

ক্ষেত্রং যথা॥

তদ্দর্শনেতি। তৎশব্দেন পাদাঙ্ক এবাকৃষ্যতে॥ ১৯৪॥

শ্রীকৃষ্ণের চরণচিহ্ন দর্শনে যে আনন্দ জন্মিল, তাহাতে অক্রূরের সম্ভ্রম বর্দ্ধিত হইল এবং প্রেমহেতু গাত্রের রোম অঞ্চিত হইয়া উঠিল। অপর অশ্রুকলায় লোচনদ্বয় আকুল হইয়া আসিল অতএব রথ হইতে উল্লম্ফন পূর্ব্বক "কি আশ্চর্য্য" এই বলিয়া দুর্ল্লভতা ভাবিতে ২ তাহাতে লুণ্ঠন করিতে লাগিলেন॥

যথাবা॥

অহে সখীগণ! অবলোকন কর, শ্রীকৃষ্ণ নিশ্চয় এই পথ দিয়া যমুনাকূলে গমন করিয়াছেন। তাঁহার ধ্বজবজ্র অঙ্কুশ ও পদ্মাঙ্কিত চরণচিহ্ন সকল আমার নয়নদ্বয় হরণ করিতেছে॥

ক্ষেত্র যথা॥

হরিকেলিভুবাং বিলোকনং
বত দূরেঽস্তু সুদুর্লভশ্রিয়াং।
মথুরেত্যপি কর্ণপদ্ধতিং
প্রবিশন্নাম মনো ধিনোতি নঃ॥ ১৯৪॥

তুলসী॥

যথা বিল্বমঙ্গলে॥

অয়ি পঙ্কজনেত্রমৌলিমালে
তুলসীমঞ্জরি কিঞ্চিদর্থয়ামি তে।
অববোধয় পার্থসারথেস্ত্বং
চরণাব্জে শরণাভিলাষিণং মাং॥ ১৯৫॥

ভক্তঃ॥

অববোধয়েত্যত্র পার্থসারথিমেবেত্যর্থাৎ। অর্থয়ামি প্রার্থয়ে। পরস্মৈপদমত্র পারায়ণমতে চুরাদিমাত্রস্যোভয়পদিত্বাৎ॥ ১৯৫॥

হায়! পরম শোভাযুক্ত হরিলীলা স্থান সকল দর্শন করা দূরে থাকুক, "মথুরা" এই শব্দটী কর্ণকুহরে প্রবেশ করিয়া আমাদের মনকে চঞ্চল করিল॥ ১৯৪॥

তুলসী॥

যথা বিল্বমঙ্গলে॥

হে কৃষ্ণশিরোভূষণ তুলসীমঞ্জরি! আমি তোমার নিকট কিঞ্চিৎ প্রার্থনা করিতেছি, অর্জ্জুনের সারথি শ্রীকৃষ্ণের চরণপদ্মের শরণাভিলাষি আমাকে অবগত করাও॥ ১৯৫॥

ভক্ত যথা॥

যথা চতুর্থে॥

বিজ্ঞায় তাবুত্তমগায়কিঙ্করা-
বভ্যুদ্যতঃ সাধ্বসবিস্মৃতক্রমং।
ননাম নামানি গৃণন্মধুদ্বিষঃ
পার্ষৎপ্রধানাবিতি সংহতাঞ্জলিঃ॥

যথা বা॥

সুবলভুজভুজঙ্গং ন্যস্য তুঙ্গে তবাংসে
স্মিতবিলসদপাঙ্গঃ প্রাঙ্গণে ভ্রাজমানঃ।
নয়নযুগমসিঞ্চদ্যঃ সুধাবীচিভির্নঃ

উত্তমগায়ঃ শ্রীমধুদ্বিট্ তস্য কিঙ্করৌ তৌ বিজ্ঞায়। তত্রাপি মধুদ্বিষঃ পার্ষদ প্রধানাবিতি বিজ্ঞায়। অভ্যুদ্যত স্তদাভিমুখ্যেনোদ্যত উত্থিতঃ সন্নিত্যাদি

চতুর্থে ১২ অধ্যায়ে ১৭ শ্লোকে॥

ধ্রুব অদ্ভুতদর্শন দুইটী পুরুষকে অবলোকন করিয়া ভগবান্ হরির কিঙ্কর বোধে তৎক্ষণাৎ গাত্রোত্থান করিলেন এবং তাঁহারা মধুরিপুর প্রধান পার্ষদ এই ভাবিয়া কৃতাঞ্জলিপুটে ভগবানের কেবল নাম গুলি উচ্চারণ করিতে করিতে প্রণাম করিলেন। ব্যস্ততা প্রযুক্ত যথাবিধি পূজা করিতে তাঁহার স্মরণ হইল না॥

যথাবা॥

হে সুবল! বল দেখি যিনি তোমার স্কন্ধোপরি হস্ত বিন্যস্ত করিয়া হাস্য বিলাসান্বিত অপাঙ্গ ভঙ্গিতে প্রাঙ্গণে বিরাজমান হইয়া আমাদের নয়নযুগলকে অমৃত তরঙ্গে সেচন

কথয় স দয়িতস্তে ক্বায়মাস্তে বয়স্যঃ ॥

তদ্বাসরো যথা ॥

অদ্ভুতা বহবঃ সন্তু ভগবৎপর্ব্ববাসরাঃ।

আমোদয়তি মাং ধন্যা কৃষ্ণভাদ্রপদাষ্টমী ॥ ১৯৬ ॥

॥ * ॥ ইতি ভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-রসসামান্যনিরূপণে বিভাব-লহরী ॥ * ॥ ১ ॥ * ॥

যোজঃ। ধ্রুব ইতি প্রকরণ লব্ধঃ ॥ ১৯৬ ॥

॥ * ॥ ইতি দক্ষিণবিভাগে বিভাবলহরী প্রথমা ॥ * ॥

করিতেন, সেই তোমার বয়স্য শ্রীকৃষ্ণ এক্ষণে কোথায় ॥

তদ্বাসর যথা ॥

অত্যাশ্চর্য্য ভগবৎ পর্ব্ববাসর অনেক থাকিলেও ধন্য স্বরূপ ভাদ্রকৃষ্ণাষ্টমী আমাকে আমোদিত করিতেছে ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃতব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর দক্ষিণবিভাগে ভক্তিরস সামান্যে বিভাব-লহরী ॥ * ॥ ১ ॥ * ॥

অথানুভাবাঃ ॥

অনুভাবাস্তু চিত্তস্থভাবানামববোধকাঃ।
তে বহির্বিক্রিয়াপ্রায়াঃ প্রোক্তা উদ্ভাস্বরাখ্যয়া ॥ ১ ॥
নৃত্যং বিলুঠিতং গীতং ক্রোশনং তনুমোটনং।
হুঙ্কারো জৃম্ভণং শ্বাসভূমা লোকানপেক্ষিতা
লালাস্রাবোঽট্টহাসশ্চ ঘূর্ণাহিক্কাদয়োঽপি চ ॥ ২ ॥
তে শীতাঃ ক্ষেপণাশ্চেতি যথার্থাখ্যা দ্বিধোদিতাঃ।
শীতাঃ স্যুর্গীতজৃম্ভাদ্যা নৃত্যাদ্যাঃ ক্ষেপণাভিধাঃ ॥ ৩ ॥

তেষু অনুভাবেষু কার্য্যভূতাঃ স্মিতাদ্যাশ্চেত্যনেন স্মিত মুক্তমেব অত্রস্বাদ্যগ্রহণগৃহীতান্ গণযতি নৃত্যমিতি ॥ ২ ॥

গীতজৃম্ভাদ্যা ইতি গীতং জৃম্ভাদ্যাশ্চেত্যর্থঃ। আদ্যগ্রহণাৎ শ্বাসভূমলোকানপেক্ষিতা লালাস্রাবা জ্ঞেয়াঃ পূর্ব্বোক্তত্বাৎ স্মিতমপি ॥ ৩ ॥

যাহারা উদ্ভাস্বর প্রযুক্ত চিত্তস্থ ভাব সকলের প্রকাশক এবং বাহ্যে বিকারের ন্যায় দেখায়, তাহাদিগকে অনুভাব বলে ॥

অনুভাবের কার্য্য যথা ॥

নৃত্য, বিলুঠন (ভূমিতে গড়াগড়ি দেওয়া),গান, ক্রোশন, (উচ্চরব) গাত্রমোটন, (অঙ্গ মোড়া) হুঙ্কার, জৃম্ভণ, (হাঁই-তোলা) দীর্ঘশ্বাস, লোকাপেক্ষা ত্যাগ,লালাস্রাব, অট্টহাস, (অতিশয় শব্দযুক্ত হাস্য), ঘূর্ণা এবং হিক্কাদি, এই সমস্ত বিকার দ্বারা চিত্তস্থ ভাব সকলের অনুভাব হয় ॥ ২ ॥

এই অনুভাব সকলের সংজ্ঞাতে নাম শীত এবং ক্ষেপণ। গীত জৃম্ভা প্রভৃতিকে শীত এবং নৃত্যাদিকে ক্ষেপণ বলে ॥৩॥

তত্র নৃত্যং যথা ॥

মুরলীখুরলীসুধাকিরং
হরিবক্ত্রেন্দুমবেক্ষ্য কম্পিতঃ।
গগণে সগণেশডিণ্ডিম-
ধ্বনিভিস্তাণ্ডবমাশ্রিতো হরঃ ॥

বিলুণ্ঠিতং।

যথা তৃতীয়ে ॥

কচ্চিদ্বুধঃ স্বস্ত্যনমীব আস্তে
শ্বফল্কপুত্রো ভগবৎপ্রপন্নঃ।
যঃ কৃষ্ণপাদাঙ্কিতমার্গপাংশু-
ষ্বচেষ্টত প্রেমবিভিন্নধৈর্য্যঃ ॥ ৪ ॥

মুরলীপদেন তন্নাদো লক্ষ্যতে খুরলী তস্যা অভ্যাসঃ। অভ্যাসঃ খুরলী যোগ্যেতি ত্রিকাণ্ডশেষাৎ ॥ ৪ ॥

তন্মধ্যে নৃত্য যথা ॥

ভগবান্ মহেশ্বর, যাহাতে মুরলীর অভ্যাসবশতঃ অমৃত ক্ষরণ হইতেছে ঈদৃশ হরিমুখচন্দ্র সন্দর্শন করিয়া ডিণ্ডিমবাদ্য-সহকারে গগণে গণেশের সহিত নৃত্য আরম্ভ করিলেন ॥

বিলুণ্ঠিত যথা তৃতীয়ে ১ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

উদ্ধবকে বিদুর জিজ্ঞাসা করিলেন, হে সখে! বিদ্বান্ নিষ্পাপ এবং ভগবানের শরণাপন্ন মহাত্মা অক্রূর কুশলে আছেন ত? ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি তাঁহার ঈদৃশী ভক্তি, যে, তিনি প্রেমবশতঃ ধৈর্য্যবিহীন হইয়া তদীয় চরণাঙ্কিত পথের ধূলায় অবলুণ্ঠিত হইয়াছিলেন ॥ ৪ ॥

যথা বা ॥

নবানুরাগেণ তবাবশাঙ্গী
বনস্রগামোদমবাপ্য মত্তা।
ব্রজাঙ্গণে সা কঠিনে লুঠন্তী ॥
গাত্রং স্বগাত্রী ব্রণয়াঞ্চকার ॥ ৫ ॥

গীতং যথা ॥

রাগডম্বরকরম্বিতচেতাঃ
কুর্ব্বতী তব নবং গুণগানং।
গোকুলেন্দ্র কুরুতে জলতাং সা
রাধিকাদ্য সুহৃদাং দৃষদাঞ্চ ॥

ব্রণয়াঞ্চকার ব্রণবচ্চকার। বিস্মতোর্ল্ক্‌ চেতি লুপ্তিধানাৎ ॥ ৫ ॥ রাগোঽনুরাগঃ শ্রীরাগাদিশ্চ সুহৃদাং সহচরীণাং জড়তাং গুস্তং। দৃষদাং জলত্বং ডলয়ো র্বিনিময়াৎ ॥ ৬ ॥

যথাবা ॥

হে কৃষ্ণ! তোমার নবানুরাগ বশতঃ শোভনাঙ্গী শ্রীরাধা বিবশাঙ্গী এবং বনমালার সৌরভে প্রমত্তা হইয়া কঠিন ব্রজাঙ্গণে লুণ্ঠিত হওত গাত্রকে ব্রণময় করিয়াছেন ॥ ৫ ॥

গীত যথা ॥

হে গোকুলেন্দ্র! অদ্য অনুরাগসমূহে দত্তচিত্তা শ্রীরাধা তোমার অভিনব গুণগান করিয়া সুহৃদ্বর্গকে জড়তাপন্ন ও পাষাণসমূহকে জলময় করিতেছেন ॥

ক্রোশনং ॥

হরিকীর্ত্তনজাতবিক্রিয়ঃ
স বিচুক্রোশ তথাদ্য নারদঃ।
অচিরান্নরসিংহশঙ্কয়া
দনুজা যেন ধুতা বিলিল্যিরে ॥ ৬ ॥

যথা বা ॥

উররীকৃতকাকুরাকুলা, কুররীব ব্রজরাজনন্দন।
মুরলীতরলীকৃতান্তরা, মুহুরাক্রোশদিহাদ্য সুন্দরী ॥৭ ॥

তনুমোটনং যথা ॥

তরলীকৃতান্তরেতি চ্বিপ্রত্যয়ান্ত এব পাঠঃ ॥ ৭ ॥

ক্রোশন ॥

হরিকীর্ত্তন-জনিত বিকার নিবন্ধন নারদ এরূপ উচ্চরব করিয়াছিলেন যে, তদ্দ্বারা 'অদ্য নৃসিংহ আবির্ভূত হইলেন কি ?' এই আশঙ্কা করিয়া দানব সকল ইতস্ততঃ ধাবমান হইয়া লুক্কায়িত হইল ॥ ৬ ॥

যথাবা ॥

হে ব্রজরাজনন্দন! এই বৃন্দাবন মধ্যে অদ্য শ্রীরাধা তোমার মুরলীরবে চঞ্চল চিত্তা হইয়া কাকু অর্থাৎ শোক-ভয়াদি দ্বারা স্বরবিকার অঙ্গীকার পূর্ব্বক কুররী পক্ষিণীর ন্যায় মুহুর্মুহুঃ চিৎকার করিতেছেন ॥ ৭ ॥

তনুমোটন যথা ॥

কৃষ্ণনামনি মুদোপবীণিতে
প্রীণিতে মনসি বৈণিকো মুনিঃ।
উদ্ভটং কিমপি মোটয়ন্ বপু-
স্ত্রোটয়ত্যখিলযজ্ঞসূত্রকং ॥ ৮ ॥

হুঙ্কারঃ ॥

বৈণবধ্বনিভিরুদ্ভ্রমদ্ধিয়ঃ
শঙ্করস্য দিবি হুঙ্কৃতিস্বনঃ।
ধ্বংসয়ন্নপি মুহুঃ স দানবং
সাধুবৃন্দমকরোৎ সদা নবং ॥ ৯ ॥

মুদা হর্ষেণ উপবীণিতে বীণয়া উপগীতে সতি। অর্থাৎ স্বয়মেব উদ্ভটং যথা স্যাত্তথা বপুর্মোটয়ন্ কিমপি অনির্ব্বচনীয়ং। যথা স্যাত্তথাখিল যজ্ঞসূত্রং ত্রোটয়তি ॥ ৮ ॥

যথার্থত্বে সহুঙ্কৃতিস্বন ইতি যোজ্যং। মুহুরপীতি চ। সদা প্রতিক্ষণমেব পরমানন্দদানেন নবমিবাকরোদিতি চ। বিরোধালঙ্কারায় তু ধ্বংসয়ন্নপি ইতি দানবং সহিতমিতি ব্যাখ্যেয়ং ॥ ৯ ॥

বীণাধারী নারদ আনন্দপূর্ব্বক পরিতৃপ্তচিত্তে কৃষ্ণনাম স্মরণ করিয়া বীণা দ্বারা গান করত কোন উৎকট রূপে গাত্র মোটন ও সমুদায় যজ্ঞসূত্র খণ্ড খণ্ড করিয়াছিলেন ॥ ৮ ॥

হুঙ্কার যথা।

শ্রীকৃষ্ণের মুরলীধ্বনি শ্রবণ করিয়া ভ্রান্ত বুদ্ধি শঙ্কর গগণ মণ্ডলে এরূপ মুহুর্মুহুঃ হুঙ্কার ধ্বনি করিয়াছিলেন যে, তদ্দারা দানবগণের বিনাশ ও সাধুদিগের আনন্দ উৎপন্ন হইয়াছিল ॥ ৯ ॥

জৃম্ভণং যথা ॥

বিস্তৃতকুমুদবনেস্মি-

ন্নুদয়তিপূর্ণে কলানিধৌ পুরতঃ।

তব পদ্মিনি মুখপদ্মং

ভজতে জৃম্ভামহো চিত্রং ॥ ১০ ॥

শ্বাসভূমা ॥

উপস্থিতে চিত্রপটাম্বুদাগমে

বিবৃদ্ধতৃষ্ণা ললিতাখ্যচাতকী।

বিস্তৃতেতি। কৃষ্ণপক্ষে বিস্তৃতঃ কোঃ পৃথিব্যা মুদাগবনং পালনং যেন তথা তস্মিন্ পক্ষে জৃম্ভা মালস্য ব্যঞ্জিকাং ভজত ইতিং চিত্রমেব ॥ ১০ ॥

অম্বুদাগমঃ প্রাবৃট্। বাতুলো বাতগুল্মঃ স্যাচ্চোরবায়ু র্নিদাঘজঃ। ঝঞ্ঝা-

---

জৃম্ভণ যথা ॥

হে পদ্মিনি! সম্মুখস্থ কুমুদবনে পূর্ণচন্দ্রের উদয় হওয়াতে তোমার মুখপদ্ম যে জৃম্ভা ভজনা করিল, এ অতি আশ্চর্য্য ॥

অর্থান্তরে। হে রাধে! নিখিল ভূমণ্ডলের রক্ষণার্থ আবির্ভূত পূর্ণকলানিধি শ্রীকৃষ্ণ সম্মুখে আগমন করায় তোমার বদনপদ্ম যে জৃম্ভা অর্থাৎ আলস্য ভজনা করিল, ইহা অতি-বিচিত্র ॥ ১০ ॥

দীর্ঘশ্বাস যথা ॥

ললিতা নাম্নী চাতকী বিচিত্র বস্ত্র রূপ বর্ষাকাল বিবেচনায় অতিশয় তৃষ্ণাবতী হইয়াছিলেন, কিন্তু নিশ্বাসরূপ ঝঞ্ঝা-

নিশ্বাসঝঞ্ঝামরুতাপবাহিতং

কৃষ্ণাম্বুদাকারমবীক্ষ্য চুক্ষুভে ॥ ১১ ॥

লোকানপেক্ষিতা ॥

যথা দশমে ॥

অহো পশ্যত নারীণামপি কৃষ্ণে জগদ্গুরৌ।

দুরন্তভাবং যোঽবিধ্যন্মৃত্যুপাশান্ গৃহাভিধান্ ॥ ১২ ॥

যথা বা পদ্যাবল্যাং ॥

পরিবদতু জনো যথা তথায়ং

ননু মুখরো ন বয়ং বিচারয়ামঃ।

নিলঃ প্রাবৃষিকো বাসন্তো মলয়ানিল ইতি ত্রিকাণ্ডশেষ দৃষ্ট্যা শ্বাস এব ঝঞ্ঝা মরুৎ প্রাবৃড়্ বায়ুঃ দৃগম্বুমিশ্রত্বাৎ প্রবলত্বাচ্চ। তেন অপবাহিতং নেত্র পথা-দ্দূরে ক্ষিপ্তঃ পটস্য পরিবর্ত্তিত্বাৎ ॥ ১১ ॥

অহো ইতি যাজ্ঞিকানামুক্তিঃ ॥ ১২ ॥

নির্ব্বিশাম ভোগং করবাম। পর্য্যটামেতি পাঠঃ সঙ্গতং ত্রিষপি লোভুত্তম

বায়ু দ্বারা কৃষ্ণাম্বুদাকার বসন দূরে নিক্ষিপ্ত দেখিয়া অতিশয় ক্ষুব্ধচিত্তা হইলেন ॥ ১১ ॥

লোকাপেক্ষা পরিত্যাগ যথা ॥

শ্রীদশমে, ২৩ অধ্যায়ে ৩৩ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণগণ কহিলেন, কি আশ্চর্য্য! নারীদিগেরও জগদ্গুরু শ্রীকৃষ্ণে দুরন্তভাব (ভক্তি) অবলোকন কর, এই ভাবে গৃহ সংজ্ঞক মৃত্যু পাশ সংছিন্ন হয় ॥

যথাবা পদ্যাবলীতে ॥

দুর্ম্মুখ লোক সকল যেখানে সেখানে নিন্দা করে করুক,

হরিরসমদিরামদাতিমত্তা
ভুবি বিলুঠাম নটাম নির্বিশামঃ ॥ ১৩ ॥
লালাস্রাবো যথা ॥
শঙ্কে প্রেমভুজঙ্গেন দষ্টঃ কষ্টং গতো মুনিঃ।
নিশ্চলস্য যদেতস্য লালা স্রবতি বক্তৃতঃ ॥ ১৪ ॥
অট্টহাসং ॥
হাসাদ্ভিন্নোঽট্টহাসোঽয়ং চিত্তবিক্ষেপসম্ভবঃ ॥

পুরুষবহুবচনং তু পরম সঙ্গতং। বয়মিত্যুক্তত্বান্মত্তা ইতি পঠনীয়ং ॥ ১৩ ॥

শঙ্কে প্রেমেতি। মুনিস্তেন প্রেমানুমানং নিশ্চলত্বকরণাদিনা তত্র ভুজঙ্গ রূপত্বং ॥ ১৪ ॥

অট্টহাসস্য চেদং লক্ষণং। উৎফুল্লনাসিকারন্ধ্রমালোড়িতমুখেক্ষণং। উদ্ধতং বিকৃতাকারং নাট্যেঽট্টহসিতং বিদুরিতি। বিপক্ষং প্রত্যাক্ষেপময়-

---

আমরা তাহার কোন বিচার করিব না, হরিরস মদিরা মদে অতিশয় মত্ত হইয়া ভূমিতে লুণ্ঠিত হইব, নৃত্য করিব এবং যথেষ্ট ভোগ করিব ॥ ১৩ ॥

লালাস্রাব যথা ॥

আমার এইরূপ অনুভব হইতেছে, যে, নারদমুনি কৃষ্ণপ্রেম ভুজঙ্গ দংশনে কষ্ট প্রাপ্ত হইয়া নিশ্চলভাবে রহিয়াছেন, এ কারণ ইহাঁর মুখ হইতে লালাস্রাব হইতেছে ॥ ১৪ ॥

অথ অট্টহাস ॥

যাহা চিত্তের বিক্ষেপ হইতে উৎপন্ন অথচ হাস্য হইতে পৃথক, তাহার নাম অট্টহাস ॥

যথা ॥

শঙ্কে চিরং কেশবকিঙ্করস্য
চেতস্তটে ভক্তিলতা প্রফুল্লা।
যেনাধিতুণ্ডস্থলমট্টহাস-
প্রসূনপুঞ্জাশ্চটুলং স্খলন্তি ॥

ঘূর্ণা যথা ॥

ধ্রুবমঘরিপুরাদধাতি বাত্যাং
নন্থ মুরলি ত্বয়ি ফুৎকৃতিচ্ছলেন
কিময়মিতরথা ধ্বনির্বিঘূর্ণন্

তয়া যদ্যপ্যট্টহাসঃ সর্ব্বত্রাপ্যুগ্র এব বর্ণ্যতে তথাপি স্বএব স্বপক্ষং প্রতিরোচমানং তেন কেনচিৎ কোমলতয়াপি বর্ণয়িতুং শক্যতে। তত্র সতি ভক্তিনিন্দকানামবজ্ঞাজ্ঞাপকং কস্যচিদ্ভক্তস্যাট্টহাসং কশ্চিৎ তৎসপক্ষো বর্ণয়তি শঙ্কে

যথা ॥

আমার এইরূপ অনুভব হইতেছে যে,কৃষ্ণদাসের চিত্ততটে ভক্তিলতা প্রফুল্লা হইয়া থাকিবে এ কারণ ওষ্ঠাধর স্থলে অট্টহাসরূপ মনোহর পুষ্প সকল স্খলিত হইতেছে ॥

ঘূর্ণা যথা ॥

হে সখি মুরলি! নিশ্চয় বোধ হইতেছে অঘরিপু শ্রীকৃষ্ণ ফুৎকৃতিচ্ছলে তোমাতে ঘূর্ণাবায়ু আধান করিয়াছেন, নতুবা তোমার এরূপ ধ্বনি সম্ভব হইত না, এজন্য তোমার ধ্বনি স্বয়ং ঘূর্ণায়মান হইয়া ব্রজস্থ পঙ্কজাক্ষী গোপীদিগকে

সখি তব ঘূর্ণয়তি ব্রজাম্বুজাক্ষীঃ ॥ ১৫ ॥

হিক্কা যথা ॥

ন পুত্রি রচয়ৌষধং বিসৃজ রোদমত্যুদ্ধতং
মুধা প্রিয়সখীং প্রতি ত্বমশিবং কিমাশঙ্কসে।
হরিপ্রণয়বিক্রিয়াকুলতয়া ব্রুবাণা মুহু-
র্বরাক্ষি হরিরিত্যসৌ বিতনুতেঽদ্য হিক্কাভরং ॥ ১৬ ॥

বপুরুৎফুল্লতা রক্তোদ্গমাদ্যাঃ স্যুঃ পরেঽপি যে।

ইতি ॥ ১৫ ॥

ন পুত্রীতি পৌর্ণমাস্যা বচনং। সা চ তাদৃশভাবেষূজ্জ্বলনীলমণাবেব ব্যক্তাতে ততশ্চাহমেবোপায়ং করিষ্যামীতি ধ্বনিতং। অত্র রোদনকোদ্ধতমিত্যেব পাঠঃ সভ্যঃ ॥ ১৬ ॥

বপুরিতি বপুষস্তত্ত্ব সম্যক্‌স্ফুরতা পুলকস্যৈবাতিশয়ো জ্ঞেয়ঃ। রক্তো-

---

ঘূর্ণিত করিতেছে ॥ ১৫ ॥

হিক্কা যথা ॥

পৌর্ণমাসী কহিলেন, হে পুত্রি! তুমি আপনার প্রিয় সখী শ্রীরাধার প্রতি কি অমঙ্গল আশঙ্কা করিতেছ? এ অমঙ্গল নহে, তুমি ইঁহার প্রতি কোন ঔষধ প্রয়োগ করিও না, উদ্ধত রোদন পরিত্যাগ কর। হে বরাক্ষি! ইহা শ্রীকৃষ্ণ প্রেমের বিকার, শ্রীকৃষ্ণ অদ্য হিক্কাতিশয়কে বিস্তার করিয়াছেন, অতএব আমিই হিক্কা নিবারণের উপায় করিতেছি॥ ১৬

অপর দেহের উৎফুল্লতা ও রক্তোদ্গম প্রভৃতি যে সকল ভাব আছে, তৎসমুদায় অতি বিরল প্রযুক্ত এস্থলে কথিত

অতীব বিরলত্বাত্তে নৈবাত্র পরিকীর্ত্তিতাঃ ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-রস-সামান্য-নিরূপণেঽনুভাব লহরী দ্বিতীয়া ॥ * ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

কৃষ্ণসম্বন্ধিভিঃ সাক্ষাৎ কিঞ্চিদ্বা ব্যবধানতঃ।
ভাবৈশ্চিত্তমিহাক্রান্তং সত্ত্বমিত্যুচ্যতে বুধৈঃ ॥ ১ ॥
সত্ত্বাদস্মাৎ সমুৎপন্না যে ভাবাস্তেতু সাত্ত্বিকাঃ।
স্নিগ্ধা দিগ্ধাস্তথা রুক্ষা ইত্যমী ত্রিবিধা মতাঃ ॥ ২ ॥

দ্গমশ্চ স্বেদস্য ॥ ১৭ ॥

॥ ০ ॥ ইতি দুর্গমসঙ্গমন্যাখ্যকে দক্ষিণবিভাগে অনুভাবলহরী দ্বিতীয়া ॥ ০ ॥

সত্ত্বাদিতি কেবলাদেবেতি ভাবঃ। ততশ্চ নৃত্যাদীনাং সত্যপি সত্ত্বোৎ-পন্নত্বে বুদ্ধিপূর্ব্বিকা প্রবৃত্তিঃ স্তম্ভাদীনাস্তু স্বতএব প্রবৃত্তিরিত্যস্য লক্ষণস্য নৃত্যাদিষু ন ব্যাপ্তিঃ ॥ ২ ॥

হইল না ॥ ১৭ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় অনু-ভাব লহরী দ্বিতীয় ॥ * ॥ ২ ॥ * ॥.

অথ সাত্ত্বিক ॥

সাক্ষাৎ শ্রীকৃষ্ণসম্বন্ধি অথবা কিঞ্চিৎ ব্যবধান হেতু ভাব সমূহ দ্বারা চিত্ত আক্রান্ত হইলে পণ্ডিতগণ তাহাকে সত্ত্ব বলিয়া থাকেন ॥ ১ ॥

সত্ত্ব হইতে উৎপন্ন যে সকল ভাব তাহাদিগকে সাত্ত্বিক বলা যায়, এই সাত্ত্বিক তিন প্রকার, স্নিগ্ধ, দিগ্ধ এবং রুক্ষ ॥২

তত্র স্নিগ্ধাঃ ॥

স্নিগ্ধাস্তু সাত্ত্বিকা মুখ্যা গৌণাশ্চেতি দ্বিধা মতাঃ ॥

তত্র মুখ্যাঃ ॥

আক্রমান্মুখ্যয়া রত্যা মুখ্যাঃ স্যুঃ সাত্ত্বিকা অমী।

বিজ্ঞেয়ঃ কৃষ্ণসম্বন্ধঃ সাক্ষাদেবাত্র সূরিভিঃ ॥

যথা ॥

কুন্দৈর্মুকুন্দায় মুদা সৃজন্তী

স্রজং বরাং কুন্দবিড়ম্বি দন্তী।

বভূব গান্ধর্ব্বরসেন বেণো

তত্র স্নিগ্ধা ইতি। এবাংলক্ষণং বক্ষ্যমাণানুসারেণ মুখ্য গৌণরত্যাক্রান্ত-চিত্তভবতয়া জ্ঞেয়ং। তদেবং সামান্যতঃ স্নিগ্ধানাং লক্ষণমপ্যায়াতং। উভ-য়ৈকতর রত্যাক্রান্ত চিত্তভবতয়া স্নিগ্ধা ইতি ॥ ৩ ॥

তন্মধ্যে স্নিগ্ধ যথা ॥

স্নিগ্ধ সাত্ত্বিক দুই প্রকার গৌণ ও মুখ্য ॥

তন্মধ্যে মুখ্য যথা ॥

মুখ্য ভাবদ্বারা আক্রান্ত সাত্ত্বিকভাব সকলের নাম মুখ্য। পণ্ডিতগণ বলিয়া থাকেন, এই মুখ্য ভাবেই শ্রীকৃষ্ণের সহিত সাক্ষাৎ সম্বন্ধ আছে ॥

যথা ॥

কুন্দ বিনিন্দিত দন্তী শ্রীরাধা, মুকুন্দের নিমিত্ত কুন্দপুষ্পদ্বারা উৎকৃষ্ট মালা নির্ম্মাণ করিতেছিলেন, এমত সময়ে বেণুর মধুর ধ্বনি শ্রবণ করিয়া সহসা নিস্পন্দাঙ্গী হইয়া কহিলেন ॥

গান্ধর্ব্বিকা স্পন্দনশূন্যগাত্রী ॥
মুখ্যঃ স্তম্ভোঽয়মিত্থং তে জ্ঞেয়াঃ স্বেদাদয়োঽপি চ ॥
অথ গৌণাঃ ॥
রত্যাক্রমণতঃ প্রোক্তা গৌণাস্তে গৌণভূতয়া।
অত্র কৃষ্ণস্য সম্বন্ধঃ স্যাৎ কিঞ্চিদ্ব্যবধানতঃ ॥
যথা ॥
স্ববিলোচনচাতকাম্বুদে
পুরি নীতে পুরুষোত্তমে পুরা।
অতিতাম্রমুখী সগদ্গদং
নৃপমাক্রোশতি গোকুলেশ্বরী ॥ ৩ ॥

এই স্তম্ভ মুখ্য, এইরূপ স্বেদাদিকেও জানিতে হইবে ॥

অথ গৌণ ॥

গৌণরতি দ্বারা আক্রান্ত ভাব সকলকে গৌণ বলা যায়, এই গৌণভাবে কিঞ্চিৎ ব্যবধানে শ্রীকৃষ্ণের সহিত সম্বন্ধ হইয়া থাকে ॥

যথা ॥

স্বীয় লোচন চাতকের মেঘ স্বরূপ পুরুষোত্তম পূর্ব্বে মধুপুরীতে নীত হইলে, পশ্চাৎ গোকুলেশ্বরী যশোদা ক্রোধে তাম্রমুখী হইয়া গদ্গদ বাক্যে নৃপতিকে তিরস্কার করিতে লাগিলেন ॥ ৩ ॥

ইমৌ গৌণৌ বৈবর্ণ্য স্বরভেদৌ ॥

অথ দিগ্ধাঃ ॥

রতিদ্বয়বিনাভূতৈর্ভাবৈর্মনস আক্রমাৎ।

জনে জাতরতৌ দিগ্ধাস্তে চেদ্রত্যনুগামিনঃ ॥ ৪ ॥

যথা ॥

পূতনামিহ নিশম্য নিশায়াং

সা নিশান্ত লুঠদুদ্ভটগাত্রীং।

কম্পিতাঙ্গলতিকা ব্রজরাজ্ঞী

পুত্রমাকুলমতির্বিচিনোতি ॥ ৫ ॥

ইমাবিতি গৌণভূতয়া ক্রোধরত্যা ক্রমণাদিতি ভাবঃ ॥ ৪ ॥

পূতনামিতি স্বাপ্নিকং চরিতং লক্ষ্যতে নিশান্তে তস্যা লোঠনা শ্রুতেঃ। অতএব নিদ্রামোহেন পুত্রস্য প্রথমং তত্রাস্তিত্বাস্ফূর্তেঃ স্ববিষয়মেব ভয়ং জাতং ॥ ৫ ॥

এই উদাহরণে বৈবর্ণ্য ও স্বরভেদ এই দুইটী গৌণ ॥

অথ দিগ্ধা ॥

মুখ্য ও গৌণ রতি ব্যতিরেকে জাতরতি জনে ভাবদ্বারা মন আক্রান্ত হইলে যদি ঐ ভাব রতির অনুগামী হয়, তাহা হইলে তাহাকে দিগ্ধ বলে ॥ ৪ ॥

যথা ॥

একদা রজনী শেষে স্বপ্নাবেশে গৃহপ্রান্তে ভূমিতে লুণ্ঠায়মানা প্রকাণ্ড গাত্রী পূতনাকে অবলোকন করিয়া ব্রজেশ্বরী কম্পিতাঙ্গী ও ব্যাকুল চিত্ত হইয়া পুত্রের অন্বেষণ করিতে লাগিলেন ॥ ৫ ॥

কম্পো রত্যনুগামিত্বাদসৌদিগ্ধ ইতীর্য্যতে ॥ ৬ ॥

অথ রুক্ষাঃ ॥

মধুরাশ্চর্য্য তদ্বার্ত্তোৎপন্নৈর্মুদ্বিস্ময়াদিভিঃ।

জাতা ভক্তোপমে রুক্ষা রতিশূন্যে জনে ক্বচিৎ ॥

যথা ॥

ভোগৈকসাধনজুষা রতিগন্ধশূন্যং

স্বং চেষ্টয়া হৃদয়মত্র বিবৃন্বতোঽপি।

উল্লাসিনঃ সপদি মাধবকেলিগীতৈ-

স্তস্যাঙ্গমুৎপুলকিতং মধুরৈস্তদাসীৎ ॥

কম্প ইতি পূর্ব্বস্ত কেবল ভয়ানক দর্শনাজ্জাতেরং নতু স্ববিলোচনে-ত্যাদো বৈবর্ণ্যাদিরিব রতিমূল ইতি ভাবঃ ॥ ৬ ॥

জাতা ইতি ভক্তোঽত্র জাতরতিঃ প্রকরণাৎ ॥ ৭ ॥

রতির অনুগামী প্রযুক্ত এই কম্প দিগ্ধ বলিয়া কীর্ত্তিত হইল ॥ ৬ ॥

অথ রুক্ষ ॥

কখন যদি মধুর এবং আশ্চর্য্য ভগবৎ কথায় আনন্দ বিস্ময়াদি দ্বারা ভক্ত সদৃশ রতিশূন্য জনে ভাবোদয় হয়, তাহা হইলে ঐ ভাবকে রুক্ষ বলা যায় ॥

যথা ॥

যে ব্যক্তি উল্লাস পূর্ব্বক কেবল ভোগ সাধন তৎপর স্বীয় চেষ্টা দ্বারা রতিশূন্য চিত্তকে আচ্ছন্ন করিয়া রাখে, তাহা হইলেও মধুর মাধবলীলাগীত তৎক্ষণাৎ তাহার অঙ্গকে উৎপুলকিত করিয়া দেয় ॥

রুক্ষ এষ রোমাঞ্চঃ ॥

চিত্তং সত্ত্বীভবৎপ্রাণে ন্যস্যত্যাত্মানমুদ্ভটং।
প্রাণস্তু বিক্রিয়াং গচ্ছন্দেহং বিক্ষোভয়ত্যলং।
তদা স্তম্ভাদয়ো ভাবা ভক্তদেহে ভবন্ত্যমী।
তে স্তম্ভ-স্বেদ-রোমাঞ্চাঃ স্বরভেদোহথ বেপথুঃ।
বৈবর্ণ্যমশ্রুপ্রলয় ইত্যষ্টৌ সাত্ত্বিকাঃ স্মৃতাঃ।
চত্বারি ক্ষ্মাদিভূতানি প্রাণো জাত্ববলম্বতে।
কদাচিৎ স্বপ্রধানঃ সন্ দেহে চরতি সর্ব্বতঃ ॥ ৭ ॥
স্তম্ভং ভূমিস্থিতঃ প্রাণস্তনোত্যশ্রুজলাশ্রয়ঃ।

স্তম্ভমিতি তত্তদ্ভাবস্য স্বভাব ভেদ এবাত্র কারণং জ্ঞেয়ং ॥ ৮ ॥

এই রোমাঞ্চকেই রুক্ষ বলে ॥

চিত্ত যখন সত্ত্বগুণাবলম্বী হইয়া চঞ্চল মনকে প্রাণে সমর্পণ করে এবং প্রাণ বিকারাপন্ন হইয়া অতিশয় রূপে দেহের ক্ষোভ উৎপাদন করে, তখনই ভক্ত দেহে স্তম্ভাদি ভাব সকল উদিত হয় ॥

সাত্ত্বিক ভাব আট প্রকার, যথা—স্তম্ভ, স্বেদ (ঘর্ম্ম) রোমাঞ্চ, স্বরভেদ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু ও প্রলয় ॥

কখন কখন প্রাণ, পৃথিবী, জল, তেজঃ ও আকাশ অবলম্বন করিয়া থাকে এবং কখন স্বপ্রধান অর্থাৎ বায়ু আশ্রয় করিয়া সর্ব্বতোভাবে দেহে বিচরণ করে ॥ ৭ ॥

প্রাণ যখন ভূমিস্থিত হয়, তখন স্তম্ভ, যখন জলাশ্রিত হয়, তখন অশ্রু, যখন তেজঃস্থ হয়, তখন স্বেদ (ঘর্ম্ম) এবং যখন

তেজস্থঃ স্বেদবৈবর্ণ্যে প্রলয়ং বিয়দাশ্রিতঃ।
স্বস্থ এব ক্রমান্মন্দমধ্যতীব্রত্বভেদভাক্।
রোমাঞ্চকম্পবৈস্বর্য্যান্যত্র ত্রীণি তনোত্যসৌ॥ ৮॥
বহিরন্তশ্চ বিক্ষোভবিধায়িত্বাদতঃ স্ফুটং।
প্রোক্তানুভাবতামীষাং ভাবতা চ মনীষিভিঃ॥ ৯॥
তত্র স্তম্ভঃ॥
স্তম্ভো হর্ষভয়াশ্চর্য্যবিষাদামর্ষসম্ভবঃ।

অতঃ পূর্ব্বোক্তাদ্ধেতো বহিরন্তশ্চ স্ফুটমুচ্চৈ বিক্ষোভবিধায়িত্বাদিত্যুত্তা-স্বরেষু তু ন তাদৃশমিত্যভিপ্রায়ঃ। ভাবতা পক্ষেতু, অমীষাং ব্যভিচারিত্বমেব জ্ঞেয়ং॥ ৯॥

স্তম্ভ ইতি। স্তম্ভো মনসোঽবস্থাবিশেষঃ। রাগাদিরাহিত্যমিত্যাদিকস্তু দেহস্থ। সচ স্তম্ভ এব সাত্ত্বিকানাং তত্তদেকনামতয়াস্তর্ব্বহির্ব্যাপ্য স্থিতত্বাৎ। কিন্তু পূর্ব্বঃ সূক্ষ্মাবস্থঃ। উত্তরস্তু স্থূলাবস্থঃ। পূর্ব্বস্তু বোধক ইতি যথাক্রমং দ্বয়োর্ভা-

---

আকাশাশ্রিত হয়, তখন প্রলয় (মূর্চ্ছা) বিস্তার করে, আর যখন বায়ুতেই স্থিত হয়, তখন ক্রমশঃ মন্দ, মধ্য ও তীব্রত্বাদি ভেদ প্রাপ্ত হইয়া রোমাঞ্চ, কম্প ও স্বরভেদ এই তিনটীকে বিস্তার করিয়া থাকে॥ ৮॥

এই সকল সাত্ত্বিক ভাব স্পষ্টরূপে বাহ্য এবং অন্তরের ক্ষোভ বিধান করে, একারণ পণ্ডিতগণ ইহাদের অনুভাবত্ব এবং ব্যভিচারিত্ব বলিয়া কীর্ত্তন করেন॥ ৯॥

তন্মধ্যে স্তম্ভ যথা॥

হর্ষ, ভয়, আশ্চর্য্য, বিষাদ এবং অমর্ষ অর্থাৎ ক্রোধ

তত্র রাগাদিরাহিত্যং নৈশ্চল্যং শূন্যতাদয়ঃ ॥
তত্র হর্ষাদ্যথা তৃতীয়ে ॥
যস্যানুরাগপ্লুতহাসরাস-
লীলাবলোকপ্রতিলব্ধমানাঃ।
ব্রজস্ত্রিয়ো দৃগ্‌ভিরনুপ্রবৃত্ত-
ধিয়োঽবতস্থুঃ কিলকৃত্যশেষাঃ ॥ ১০ ॥

বাহ্যভাবত্বং। তদেবং হর্ষাদিসম্ভবো ভাববিশেষঃ স্তম্ভ উচ্যতে। তত্র রাগাদি-রাহিত্যাদয়ো ভবন্তীতি যোজ্যং। এবমুত্তরত্রাপি। অত্র তু রাগাদীনাং রাহিত্যং যত্র তাদৃশং নৈশ্চল্যং কর্ম্মেন্দ্রিয়াণাং। শূন্যত্বন্তু জ্ঞানেন্দ্রিয়ব্যাপারাণাং। মনসস্তু ব্যাপারোঽস্তি। প্রলয়ে পুনস্তদেকলীনত্বান্মনসোঽপি নাস্তীতি ভেদঃ ॥১০॥

হইতে স্তম্ভ উৎপন্ন হয়, স্তম্ভ হইতে বাক্যাদি রাহিত্য, নিশ্চলতা এবং শূন্যত্বাদি অর্থাৎ অভাবাদি প্রকাশ পায় ॥

তন্মধ্যে হর্ষ হেতু স্তম্ভ যথা ॥

তৃতীয়ে ২ অধ্যায়ে ১৪ শ্লোকে ॥

উদ্ধব বিদুরকে কহিলেন হে মহাশয়!, একদা ব্রজাঙ্গনাগণ তদীয় সানুরাগ হাস্য পরিহাস ও লীলাবলোকনদ্বারা মানিনী হইয়া তাঁহাকে নিবারণ করিলে যখন তিনি গমন করেন তখন তাঁহাদের নয়নের সহিত অন্তঃকরণও তাঁহার পশ্চাদ্বর্ত্তী হইয়াছিল, তাহাতে তাঁহাদের স্ব স্ব কার্য্য সমাপ্ত না হইলেও তাঁহারা নিশ্চেষ্ট হইয়া রহিয়াছিলেন ॥১০ ॥

ভয়াদ্যথা ॥

গিরিসন্নিভমল্লচক্ররুদ্ধং
পুরতঃ প্রাণপরার্দ্ধতঃ পরার্দ্ধ্যং।
তনয়ং জননী সমীক্ষ্য শুষ্য-
ন্নয়না হন্ত বভূব নিশ্চলাঙ্গী ॥ ১১ ॥

আশ্চর্য্যাদ্যথা শ্রীদশমে ॥

ততোঽতিকুতুকোদ্বৃত্তস্তিমিতৈকাদশেন্দ্রিয়ঃ।
তদ্ধাম্নাভূদজস্তূষ্ণীং পূর্দ্দেব্যন্তীব পুত্রিকা ॥ ১২ ॥

প্রাণপরার্দ্ধতোঽপি পরার্দ্ধমনন্তমূল্যং পরমাধিকমিত্যর্থঃ ॥ ১১ ॥

তত ইতি। কুতুকেতি অতিকুতুকেন উদ্বৃত্তমুৎসন্ন চেষ্টং পুনস্তিমিতং প্রেমাদ্রীভূতঞ্চ একাদশেন্দ্রিয়ং মনো যস্য সঃ ॥ ১২ ॥

ভয় হেতুস্তম্ভ যথা ॥

গিরিসদৃশ মল্লসমূহে অবরুদ্ধ প্রাণাপেক্ষা অধিক প্রিয়-তর শ্রীকৃষ্ণকে অগ্রে অবলোকন করিয়া দৈবকী দেবী শুষ্ক-নয়না হইয়াছিলেন ॥ ১১ ॥

আশ্চর্য্য হেতু স্তম্ভ যথা ॥

শ্রীদশমে ১৩ অধ্যায়ে ৫১ শ্লোকে ॥

তদনন্তর ব্রহ্মা আশ্চর্য্য বশতঃ দৃষ্টি পরবির্ত্তন করিয়া অথবা নিজবাহন হংসপৃষ্ঠে নিপতিত হইয়া নিশ্চল হইলেন। ঐ সকল বালকের তেজে তাঁহার সমুদায় ইন্দ্রিয় নিস্তব্ধ হইল। হে রাজন্! ব্রহ্মাকে তদ্রূপ দেখিয়া ঐ সময় এই-রূপ বোধ হইল যেন ব্রজাধিষ্ঠাত্রী দেবীর সমীপে একটী চতুর্মুখী কনকপ্রতিমা রহিয়াছে ॥ ১২ ॥

যথা বা ॥

শিশোঃ শ্যামস্য পশ্যন্তী শৈলমভ্রংলিহং করে।

তত্র চিত্রার্পিতেবাসীদ্‌গোষ্ঠী গোষ্ঠনিবাসিনাং ॥ ১৩ ॥

বিষাদাদ্‌যথা ॥

বকসোদরদানবোদরে

পুরতঃ প্রেক্ষ্য বিশন্তমচ্যুতং।

দিবিষন্নিকরো বিষণ্ণধীঃ

প্রকটং চিত্রপটায়তে দিবি ॥

অমর্ষাদ্‌যথা ॥

চিত্রার্পিতেতি। চিত্রজাতাবর্পিতা অচিত্তবত্ত্বং প্রাপিতেত্যর্থঃ চিত্রায়মাণেতি বা পাঠঃ ॥ ১৩ ॥

চিত্রপটায়ত ইতি চিত্রস্থানীয়ানাং দিবিষদাং নিকরঃ পটস্থানীয়তয়া দৃশ্যতে ইত্যর্থঃ। চিত্রভত্তীয়ত্তে ইতি বা পাঠঃ ॥ ১৪ ॥

যথাবা ॥

শ্যাম শিশুর হস্তে গগণস্পর্শি গোবর্দ্ধনকে অবলোকন করিয়া ব্রজবাসিসকল চিত্রপুত্তলিকার ন্যায় হইয়াছিলেন॥১৩

বিষাদহেতু স্তম্ভ যথা ॥

সম্মুখস্থ বকসহোদর অঘাসুরের উদরমধ্যে শ্রীকৃষ্ণকে প্রবেশ করিতে দেখিয়া স্বর্গে দেবতা সকল বিষাদযুক্ত হইয়া চিত্রপুত্তলিকার ন্যায় হইয়াছিলেন ॥

অমর্ষহেতু স্তম্ভ যথা ॥

কর্ত্তুমিচ্ছতি মুরদ্বিষে পুরঃ
পত্রীমোক্ষমক্ষপে কৃপীসুতে।
সত্বরোঽপি রিপুনিক্রিয়ে রুষা
নিষ্ক্রিয়ঃ ক্ষণমভূৎ কপিধ্বজঃ ॥

অথ স্বেদঃ ॥

স্বেদো হর্ষভয়ক্রোধাদিজঃ ক্লেদকরস্তনোঃ ॥ ১৪ ॥

তত্র হর্ষাদ্যথা ॥

কিমত্র সূর্য্যাতপমাক্ষিপন্তী
মুগ্ধাক্ষি চাতুর্য্যমুরীকরোষি।
জ্ঞাতং পুরঃ প্রেক্ষ্য সরোরুহাক্ষং

কিং জ্ঞাতং তত্রাহ কুসুমায়ুধেন ভিন্নাসীতি। জ্ঞানে হেতুঃ। পুরঃ সরোরু-.

কৃপাশূন্য কৃপীনন্দন অশ্বথামা অগ্রবর্ত্তি শ্রীকৃষ্ণের প্রতি বাণ মোচন করিতে ইচ্ছা করিলে, কপিধ্বজ (অর্জ্জুন) রোষবশতঃ শত্রু দমন করিতে ত্বরান্বিত হইয়াও ক্ষণকাল চেষ্টাশূন্য হইয়া রহিয়াছিলেন ॥

অথ স্বেদ (ঘর্ম্ম) ॥

হর্ষ, ভয় ও ক্রোধাদি জনিত শরীরের ক্লেদ অর্থাৎ আর্দ্রতা করণকে স্বেদ বলে ॥ ১৪ ॥

তন্মধ্যে হর্ষ জনিত স্বেদ যথা ॥

হে মুগ্ধাক্ষি রাধে! তুমি চাতুর্য্য অঙ্গীকার পূর্ব্বক সূর্য্যের আতপকে তিরস্কার করিতেছ কেন ?, আমি জানিতে পারিলাম সম্মুখস্থ কমললোচন শ্রীকৃষ্ণের সন্দর্শনে কন্দর্প পীড়ায়

স্বিন্নাসি ভিন্না কুসুমায়ুধেন ॥ ১৫ ॥

ভয়াদ্যথা ॥

কুতুকাদভিমন্যুবেশিনং
হরিমাক্রুশ্য গিরা প্রগল্‌ভয়া।
বিদিতাকৃতিরাকুলঃ ক্ষণা-
দজনি স্বিন্নতনুঃ স রক্তকঃ ॥ ১৬॥

ক্রোধাদ্যথা ॥

সমীক্ষ্য শক্রং সরুষো গরুত্মতঃ।
যজ্ঞস্য ভঙ্গাদতিবৃষ্টিকারিণং

হাস্যং প্রেক্ষ্য স্বিন্নেতি ॥ ১৫ ॥

অভিমন্যুঃ শ্রীরাধায়াঃ পতিম্মন্যঃ কশ্চিদ্গোপঃ। নাসূয়ন্ খলু কৃষ্ণায়েত্যুক্ত দিশা মায়ানির্ম্মিততৎপ্রতিকৃত্যেবৈব পতির্হি অসৌ। রক্তকস্তন্নামা শ্রীকৃষ্ণস্য সবয়স্কো দাসবিশেষঃ ॥ ১৬ ॥

ঘনোপবিষ্টাদপি তিষ্ঠত ইত্যস্য সম্ভ্রমার্থে দূরস্থিতস্যাপি নতু তল্লীনাং

ঘর্ম্মাক্ত হইতেছ ॥ ১৫ ॥

ভয়হেতু স্বেদ যথা ॥

এক দিবস শ্রীকৃষ্ণ কৌতুক নিমিত্ত অভিমন্যু বেশ ধারণ করিয়াছিলেন, রক্তকনামা কৃষ্ণভৃত্য কর্কশবাক্যদ্বারা তিরস্কার করিয়া পরে 'ইনিই শ্রীকৃষ্ণ' ইহা জানিতে পারিয়া ব্যাকুলচিত্তে ক্ষণকাল ঘর্ম্মাক্ত দেহ হইয়াছিল ॥ ১৬ ॥

ক্রোধহেতু স্বেদ যথা ॥

যজ্ঞভঙ্গ নিবন্ধন অতিশয় বৃষ্টিকারি ইন্দ্রকে অবলোকন

ঘনোপরিস্থাদপি তিষ্ঠতস্তদা
নিপেতুরঙ্গাদ্ঘননীরবিন্দবঃ ॥
অথ রোমাঞ্চঃ ॥
রোমাঞ্চোঽয়ং কিলাশ্চর্য্যহর্ষোৎসাহভয়াদিজঃ।
রোম্নামভ্যুদ্গমস্তত্র গাত্রসংস্পর্শনাদয়ঃ ॥ ১৭ ॥
তত্রাশ্চর্য্যাদ্যথা ॥
ডিম্ভস্য জৃম্ভাং ভজতস্ত্রিলোকীং
বিলোক্য বৈলক্ষবতী মুখান্তঃ।
বভূব গোষ্ঠেন্দ্রকুটুম্বিনীয়ং
তনূরুহৈঃ কুট্মলিতাঙ্গযষ্টিঃ ॥ ১৮ ॥

প্রবিষ্টস্য ইত্যপিতু যোজ্যং বিরোধালঙ্কারেতু যোগ্য এব ॥ ১৭ ॥
বৈলক্ষ্যং বিস্ময়ঃ। বিলক্ষো বিস্ময়ান্বিত। ইত্যমরঃ ॥ ১৮॥

করিয়া মেঘোপরি অবস্থিত রোষান্বিত গরুড়ের দেহ হইতে ঘন ঘন ঘর্ম্ম বিন্দু সকল পতিত হইতে লাগিল ॥

অথ রোমাঞ্চ ॥

আশ্চর্য্য দর্শন, হর্ষ, উৎসাহ ও ভয়াদি জন্য রোমাঞ্চ হয়, রোমাঞ্চ হইলে রোম সকলের উদ্গম এবং গাত্রসংস্পর্শ-নাদি হইয়া থাকে ॥ ১৭ ॥

আশ্চর্য্য হেতু রোমাঞ্চ যথা ॥

বালকের জৃম্ভণ সময়ে মুখমধ্যে ত্রিলোকী (স্বর্গ, মর্ত্ত্য, পাতাল,) দর্শন করিয়া বিস্মিতা নন্দপত্নী রোমাঞ্চদ্বারা কুঞ্চিতাঙ্গী হইয়াছিলেন ॥ ১৮॥

হর্ষাদ্যথা শ্রীদশমে ॥

কিং তে কৃতং ক্ষিতিতপো বত কেশবাঙ্ঘ্রি-
স্পর্শোৎসবোৎপুলকিতাঙ্গরুহৈর্বিভাসি।
অপ্যঙ্ঘ্রিসম্ভব উরুক্রমবিক্রমাদ্বা
আহো বরাহবপুষঃ পরিরম্ভণেন ॥

উৎসাহাদ্যথা ॥

কিং তে কৃতমিতি। কেশবোঽত্র শ্রীকৃষ্ণঃ। অপীতি কিমর্থে। উরুক্রমস্য ত্রিবিক্রমস্য বিক্রমাচ্চরণবিন্যাসাদ্বোঽঙ্ঘ্রিসম্ভবঃ। সোঽপি কিমীদৃশঃ। আহো কিম্বা বরাহবপুষঃ পরিরম্ভণেন যঃ স্পর্শোৎসবঃ সোঽপি কিমীদৃশঃ নহি নহীত্যর্থঃ ॥ ১৯ ॥

হর্ষহেতু রোমাঞ্চ যথা ॥

শ্রীদশমে ৩০ অধ্যায়ে ৯ শ্লোকে

শ্রীকৃষ্ণান্বেষণ-সময়ে গোপীগণ পৃথিবীকে সম্বোধন করিয়া বলিলেন, হে ক্ষিতে! তুমি কি অনির্ব্বচনীয় তপস্যাই করিয়াছিলে, যে হেতু কেশবের চরণস্পর্শে তোমার উৎসব হইয়াছে, কেন না, লোমাবলীদ্বারা রোমাঞ্চিত হইয়া শোভা পাইতেছে। জিজ্ঞাসা করি তোমার এই উৎসব কি সম্প্রতি চরণ স্পর্শে উৎপন্ন অথবা পূর্ব্বাবধি ত্রিবিক্রমের পদে আক্রমণ হেতু হইয়াছে?, কিম্বা তাহারও পূর্ব্বে বরাহ মূর্ত্তির আলিঙ্গনে জন্মিয়াছে ॥

উৎসাহ নিমিত্ত রোমাঞ্চ যথা ॥

শৃঙ্গং কেলিরণারম্ভে রণয়ত্যঘমর্দ্দনে।
শ্রীদাম্নো যোদ্ধুকামস্য রেমে রোমাঞ্চিতং বপুঃ॥
ভয়াদ্যথা॥
বিশ্বরূপধরমদ্ভুতাকৃতিং
প্রেক্ষ্য তত্র পুরুষোত্তমং পুরঃ।
অর্জ্জুনঃ সপদি শুষ্যদাননঃ
শিশ্রিয়ে বিকটকণ্টকাং তনুং॥ ১৯॥
অথ স্বরভেদঃ॥
বিষাদবিস্ময়ামর্ষহর্ষভীত্যাদিসম্ভবং।
বৈস্বর্য্যং স্বরভেদঃ স্যাদেষ গদ্গদিকাদিকৃৎ॥ ২০॥

বৈস্বর্য্যমিতি স্বরভেদস্য পর্য্যায়ান্তরং এব মন্তব্যাপি॥ ২০॥

ক্রীড়াযুদ্ধ আরম্ভ কালে অঘমর্দ্দন শ্রীকৃষ্ণের শৃঙ্গ ধ্বনি শ্রবণ করিয়া যুদ্ধাকাঙ্ক্ষী শ্রীদামের দেহ রোমাঞ্চিত হইয়া শোভমান হইয়াছিল॥

ভয়হেতু রোমাঞ্চ যথা॥

সম্মুখে বিশ্বরূপধারি অদ্ভুতাকার পুরুষোত্তম শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া শুষ্কবদন অর্জ্জুন তৎক্ষণাৎ শরীর মধ্যে বিপরীত রোমাঞ্চ ধারণ করিয়াছিলেন॥ ১৯॥

অথ স্বরভেদ॥

বিষাদ, বিস্ময়, ক্রোধ, আনন্দ ও ভয়াদি হইতে স্বরভেদ হয়। গদ্গদ বাক্যকে স্বরভেদ কহে॥ ২০॥

তত্র বিষাদাদ্যথা ॥

ব্রজরাজ্ঞি রথাৎ পুরো হরিং
স্বয়মিত্যর্দ্ধবিশীর্ণজল্পয়া।
হ্রিয়মেণদৃশা গুরাবপি
শ্লথয়ন্ত্যা কিল রোদিতা সখী ॥ ২১ ॥

বিস্ময়াদ্যথা শ্রীদশমে ॥

শনৈরথোত্থায় বিমৃজ্য লোচনে
মুকুন্দমুদ্বীক্ষ্য বিনম্রকন্ধরঃ।
কৃতাঞ্জলিঃ প্রশ্রয়বান্ সমাহিতঃ

স্বয়মিত্যস্তস্য নিবর্ত্তয়েতি বাক্যশেষঃ ॥ ২১ ॥

ইলয়া বাণ্যা। ঐলত স্তবানিত্যর্থঃ ॥ ২২ ॥

তন্মধ্যে বিষাদহেতু স্বরভেদ যথা ॥

হে ব্রজরাজ্ঞি যশোদে! অগ্রে রথ হইতে হরিকে আপনিই নিবৃত্ত করুন, এই বাক্য শেষ না হইতে হইতে মৃগাক্ষী শ্রীরাধা গুরু সমক্ষে লজ্জা বিসর্জ্জনপূর্ব্বক স্বীয় সখীকে রোদন করাইয়াছিলেন ॥ ২১ ॥

বিস্ময়হেতু স্বরভেদ যথা ॥

শ্রীদশমে ১৩ অধ্যায়ে ৫৯ শ্লোকে ॥

ব্রহ্মা প্রণামানন্তর ধীরে ধীরে গাত্রোত্থান করিয়া লোচনদ্বয় মর্দ্দন করিতে করিতে নত কন্ধর হইয়া ভগবানের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিলেন• এবং বিনীত ও বদ্ধাঞ্জলি হইয়া সমাহিতচিত্তে কাঁপিতে কাঁপিতে গদ্গদ বচনে অর্থাৎ অস্ফুট-

সবেপথুর্গদ্গদয়ৈলতেলয়া ॥

অমর্ষাদ্যথা তত্রৈব ॥

প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষমাণং

কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ।

নেত্রে বিমৃজ্য রুদিতোপহতে স্ম কিঞ্চিৎ

সংরম্ভগদ্গদগিরো ব্রুবতানুরক্তাঃ ॥ ২২ ॥

হর্ষাদ্যথা তত্রৈব ॥

হৃষ্যত্তনুরুহোভাবপরিক্লিন্নাত্মলোচনঃ।

সাত্বতোঽক্রূরঃ ॥ ২৩ ॥

স্বরে শ্রীকৃষ্ণের চরণপ্রান্তে স্তব আরম্ভ করিতে লাগিলেন ॥

অমর্ষহেতু স্বরভেদ যথা ॥

শ্রীদশমে ২৯ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

গোপীগণ শ্রীকৃষ্ণের প্রতি অত্যন্ত অনুরক্ত, তাঁহার নিমিত্ত সমস্ত কামনা পরিত্যাগ করিয়াছিলেন অতএব পরে রোদন দ্বারা উপহত স্ব স্ব নয়ন মার্জন করিয়া ঈষৎ কোপাবেশ হেতু গদ্গদবাক্যে প্রিয়তম শ্রীকৃষ্ণ, যিনি প্রিয়তর প্রায় কথা কহিতেছিলেন, তাঁহার প্রতি অনুরক্ত চিত্তে বাক্য প্রয়োগ করিতে লাগিলেন ॥ ২২ ॥

হর্ষহেতু স্বরভেদ যথা ॥

শ্রীদশমে ৩৯ অধ্যায়ে ৪৮ শ্লোকে ॥

জল মধ্যে এইরূপ নিরীক্ষণ করিয়া অক্রূর অত্যর্থ প্রীত হইলেন, তাঁহার গাত্রপুলকে পরিপূর্ণ হইল, ভাবে সর্ব্ব

গিরা গদ্গদয়াস্তৌষীৎ সত্ত্বমালম্ব্য সাত্বতঃ।
প্রণম্য মূর্দ্ধ্নাবহিতঃ কৃতাঞ্জলিপুটঃ শনৈঃ॥ ২৩ ॥

ভীতের্যথা॥

ত্বয্যর্পিতং বিতর বেণুমিতি প্রমাদী
শ্রুত্বা মদীরিতমুদীর্ণ বিবর্ণভাবঃ।
তূর্ণং বভূব গুরুগদ্গদ রুদ্ধকণ্ঠঃ
পত্রী মুকুন্দ তদনেন স হারিতোঽস্তি ॥

উদীর্ণেতি। নিষ্ঠায়াং ক্রৈয়াদিক-ঋগতাবিত্যস্ত দীর্ঘস্য রূপং। পত্রী পূর্ব্বব-ত্তন্নামা শ্রীকৃষ্ণসেবকবিশেষঃ হারিতঃ স্বানবধানেন নাশিতোঽস্তীত্যর্থঃ॥ ২৪ ॥

শরীর ও লোচন আর্দ্র হইতে লাগিল। অতএব আমাদের শ্রীকৃষ্ণই এতদ্রূপ পরমেশ্বর, ইহা জানিয়া পরম-ভক্তি-সহ-কারে মস্তক দ্বারা প্রণাম করিলেন। পরে সত্ত্বগুণ অবলম্বন পূর্ব্বক কৃতাঞ্জলিপুটে ধীরে ধীরে গদ্গদবচনে স্তব করিতে লাগিলেন॥ ২৩ ॥

ভয়হেতু স্বরভেদ যথা॥

শ্রীকৃষ্ণের কোন সখা শ্রীকৃষ্ণকে কহিলেন সখে! আমি তোমার পত্রীনামা ভৃত্যকে বলিলাম, অহে তোমাকে যে বেণু অর্পণ করিয়াছি তাহা প্রত্যর্পণ কর, আমার এই কথা শ্রবণে পত্রীনামা ত্বদীয় ভৃত্য প্রমাদান্বিত হইয়া বিবর্ণভাব লাভ করিল এবং তৎক্ষণাৎ তাহার কণ্ঠরোধ হওয়াতে বাক্য গদ্গদ হইয়া নির্গত হইতে লাগিল, অতএব হে মুকুন্দ! পত্রীর অনবধানতা প্রযুক্ত তোমার বেণু হারিত হইয়াছে॥

অথ বেপথুঃ ॥

বিত্রাসামর্ষহর্ষাদ্যৈর্বেপথুর্গাত্রলৌল্যকৃৎ ॥ ২৪ ॥

অত্র বিত্রাসেন যথা ॥

শঙ্খচূড়মধিরূঢ়বিক্রমং
প্রেক্ষ্য বিস্তৃতভুজং জিঘৃক্ষয়া।
হা ব্রজেন্দ্রতনয়েতি বাদিনী
কম্পসম্পদমধত্ত রাধিকা ॥ ২৫ ॥

অমর্ষেণ যথা ॥

কৃষ্ণাধিক্ষেপ জাতেন ব্যাকুলো নকুলানুজঃ।
চকম্পে দ্রাগমর্ষেণ ভূকম্পে গিরিরাড়িব ॥

শঙ্খচূড়মিত্যত্র পদ্যে বিস্তৃতভুজমিত্যেব পাঠঃ ॥ ২৫ ॥
কৃষ্ণেত্যত্র পদ্যে ভূকম্পেনেব ভূধর ইতি বা পাঠঃ ॥ ২৬ ॥

অথ বেপথুঃ ॥

বিত্রাস, ক্রোধ ও হর্ষাদি দ্বারা যে গাত্রের চাঞ্চল্য হয়, তাহার নাম বেপথু অর্থাৎ কম্প ॥ ২৪ ॥

তন্মধ্যে বিত্রাসহেতু কম্প যথা ॥

উৎকট পরাক্রমশালী শঙ্খচূড় ধারণেচ্ছায় হস্ত প্রসারণ করিলে, শ্রীরাধা হা ব্রজেন্দ্রতনয়! এইমাত্র বলিয়া অতিশয় কম্পিতাঙ্গী হইলেন ॥ ২৫ ॥

ক্রোধহেতু কম্প যথা ॥

কৃষ্ণনিন্দা শ্রবণে ব্যাকুলচিত্ত নকুলানুজ সহদেব ক্রোধে অধীর হইয়া; ভূমিকম্পে গিরিরাজ যেমন কম্পিত হয় তাহার ন্যায় কম্পিত হইতে লাগিলেন ॥

হর্ষেণ যথা ॥

বিহসসি কথং হতাশে পশ্য ভয়েনাদ্য কম্পমানাস্মি।

চঞ্চলমুপসীদন্তং নিবারয় ব্রজপতেস্তনয়ং ॥

অথ বৈবর্ণ্যং ॥

বিষাদরোষভীতাদেবৈর্বর্ণ্যং বর্ণবিক্রিয়া।

ভাবজ্ঞৈরত্র মালিন্যকার্শ্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ২৬ ॥

তত্র বিষাদাদযথা ॥

শ্বেতীকৃতাখিলজনং বিরহেণ তবাধুনা।

শ্বেতীকৃতেতি। মোক্ষধর্ম্মস্য নারায়ণীয়ে শ্বেতদ্বীপস্য জনবর্ণনে। শ্বেতাঃ পুমাংসো গতসর্ব্বদুঃখাশ্চক্ষুর্মুখঃ পাপকৃতাং নরাণামিতি। যদিচ শ্বেতদ্বীপপতৌ চিত্তং শুদ্ধে ধর্ম্মময়ে ময়ি। ধারয়ন্ শ্বেততাং যাতীত্যেকাদশপদ্যস্য

হর্ষহেতু কম্প যথা ॥

হে সখি! এই হতাশ ব্যক্তিতে কেন পরিহাস করিতেছ, দেখ অদ্য আমি ভয়ে কম্পমানা হইতেছি, সমীপস্থ এই দুঃখদ চঞ্চল ব্রজেন্দ্রনন্দনকে নিবারণ কর ॥

অথ বৈবর্ণ্য ॥

বিষাদ, ক্রোধ ও ভয়াদি হইতে বর্ণ বিকারের নাম বৈবর্ণ্য। ভাবজ্ঞ ব্যক্তিসকল কহেন, ইহাতে মলিনতা ও কৃশতাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে বিষাদহেতু বৈবর্ণ্য যথা ॥

হে কৃষ্ণ! এক্ষণে তোমার বিরহে গোকুলবাসি জন

গোকুলং কৃষ্ণদেবর্ষেঃ শ্বেতদ্বীপভ্রমং দধে ॥ ২৭ ॥

রোষাদ্যথা ॥

কংসশত্রুমভিযুঞ্জতঃ পুরো

বীক্ষ্য কংসসহজানুদায়ুধান্।

শ্রীবলস্য সখি পশ্য রুষ্যতঃ

প্রোদ্যদিন্দুনিভমাননং বভৌ ॥ ২৮ ॥

ভীতের্যথা ॥

রক্ষিতে ব্রজকুলে বকারিণা

টীকায়াং শ্বেততাং শুদ্ধরূপতামিত্যনুসারেণ। শ্বেতশব্দস্য শুদ্ধসত্ত্বমেব ব্যাখ্যেয়ং। তদা তু শ্লেষকাব্যমেবেদং জ্ঞেয়ং ॥ ২৭ ॥

অভিযুঞ্জতঃ যুদ্ধার্থমাভিমুখ্যেন মিলিতঃ কংসসহজান্ কঙ্কন্যগ্রোধাদীন্ পশ্যে-ত্যত্র তস্যেতি পাঠস্ত্যক্তঃ ॥ ২৮ ॥

কালিমা কর্ত্তা বলরিপোরিন্দ্রস্য মুখেভবন্ন্ তু বন্মনসি উত্থিতাং ভীতিং উচি-

---

সকল শ্বেতবর্ণ হওয়াতে দেবর্ষি নারদের গোকুলকে শ্বেত দ্বীপ বলিয়া ভ্রম হইতে লাগিল ॥ ২৭ ॥

রোষহেতু বৈবর্ণ্য যথা ॥

পুরনারীগণ কহিলেন সখি হে. দেখ দেখ, কংসশত্রু শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধার্থ সমাগত অস্ত্রধারি কংসসহোদর দিগকে সম্মুখে অবলোকন করিয়া ক্রোধভরে বলদেবের বদন চন্দ্র উদয়শীল চন্দ্রের ন্যায় অরুণ বর্ণ হইয়া শোভা পাইতে লাগিল ॥ ৮ ॥

ভয়হেতু বৈবর্ণ্য যথা ॥

বকশত্রু শ্রীকৃষ্ণ অবলীলাক্রমে গিরিরাজ গোবর্দ্ধন উত্তো-

পর্ব্বতং বরমুদস্য লীলয়া।
কালিমা বলরিপোর্মুখেভব-
ন্নূচিবান্মনসি ভীতিমুত্থিতাং॥
বিষাদে শ্বেতিমা প্রোক্তো ধৌসর্য্যং কালিমা ক্বচিৎ।
রোষেতু রক্তিমা ভীত্যাং কালিমা ক্বাপি শুক্লিমা॥ ২৯॥
রক্তিমা লক্ষ্যতে ব্যক্তো হর্ষোদ্রেকেঽপি কুত্রচিৎ।
অত্রাসার্ব্বত্রিকত্বেন নৈবাস্যোদাহৃতিঃ কৃতা॥ ৩০॥
অথাশ্রু॥
হর্ষরোষবিষাদাদ্যৈরশ্রুনেত্রে জলোদ্গমঃ।

বান্ সূচিতবান্॥ ২৯॥
অস্য রক্তিম্নঃ॥ ৩০॥
নেত্রে জলোদ্গমঃ ইত্যযত্নেনেতি শেষঃ। সাত্ত্বিকানামন্তর্বহির্বিকার-

লন করিয়া ব্রজমণ্ডলরক্ষা করিলে ইন্দ্রের মুখে কালিমা উৎপন্ন হইয়া তদীয় মানসিক ভয় প্রকাশ করিতে লাগিল॥

বিষাদ নিমিত্ত বৈবর্ণ্য উপস্থিত হইলে শ্বেত, ধূসর ও কোন স্থানে কালিমা প্রকাশ পায়, আর রোষ হেতু বৈবর্ণ্যে রক্তিমা এবং ভয়হেতু বৈবর্ণ্যে কালিমা ও কোথাও শুক্লিমা প্রকাশ পাইয়া থাকে॥ ২৯॥

অতিশয় হর্ষবশতঃ বৈবর্ণ্য উপস্থিত হইলে কোন স্থানে স্পষ্টরূপে রক্ত বর্ণ প্রকাশ পায়, ইহা সর্ব্বত্র হয় না বলিয়া ইহার উদাহরণ দেওয়া গেল না॥ ৩০॥

অথ অশ্রু॥

হর্ষ, ক্রোধ ও বিষাদাদি দ্বারা বিনা প্রযত্নে নেত্রে যে

হর্ষজেঽশ্রুণি শীতত্বমৌষ্ণ্যং রোষাদিসম্ভবে।
সর্ব্বত্র নয়নক্ষোভ রাগসংমার্জ্জনাদয়ঃ ॥ ৩১ ॥

তত্র হর্ষেণ যথা ॥

গোবিন্দপ্রেক্ষণাক্ষেপি বাষ্পপূরাভিবর্ষিণং।
উচ্চৈরনিন্দদানন্দমরবিন্দবিলোচনাঃ ॥ ৩২ ॥

রোষেণ যথা হরিবংশে ॥

তস্যাঃ সুস্রাব নেত্রাভ্যাং বারি প্রণয়কোপজং।

রূপত্বাৎ। এবমন্যত্রাপি জ্ঞেয়ং। নাসিকাস্রবোপ্যত্রৈবাঙ্গবিশেষো জ্ঞেয়ঃ ॥৩১॥

আনন্দস্য বাষ্পপূরাভিবর্ষিত্বমেব নিন্দ্যত্বেন বিবক্ষিতং নতু স্বরূপং সবিশেষণ-বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামত ইতি ন্যায়াৎ ॥ ৩২ ॥

তস্যাঃ শ্রীসত্যভামায়াঃ তত্র শোভাংশ এব দৃষ্টান্তঃ নতু শৈত্যাংশে ॥ ৩৩ ॥

জলোদ্গম হয় তাহার নাম অশ্রু। হর্ষজনিত অশ্রুতে শীতলত্ব এবং ক্রোধাদি জনিত অশ্রুতে উষ্ণত্ব সম্ভব হয়, কিন্তু সর্ব্ব প্রকার অশ্রুতে নয়নের ক্ষোভ অর্থাৎ চাঞ্চল্য, রক্তিমা এবং সম্মার্জনাদি ঘটিয়া থাকে ॥ ৩১ ॥

তন্মধ্যে হর্ষনিমিত্ত অশ্রু যথা

পদ্মাক্ষী রুক্মিণী গোবিন্দ দর্শন নিবারক অশ্রু সমূহ বর্ষণকারি আনন্দকে অতিশয় রূপে নিন্দা করিয়াছিলেন ॥৩২

রোষ হেতু অশ্রু যথা

হরিবংশে ॥

সত্যভামার পদ্মপলাস সদৃশ লোচনদ্বয় হইতে যেমন নীহার বিন্দু পতিত হয় তাহার ন্যায় প্রণয়কোপ. জনিত

কুশেশয়পলাশাভ্যামবশ্যায়জলং যথা ॥ ৩৩ ॥

যথা বা ॥

ভীমস্য চেদীশবধং বিধিৎসো

রেজেঽশ্রুবিস্রাবিরুষোপরক্তং।

উদ্যন্মুখং বারিকণাবকীর্ণং

সান্ধ্যত্বিষা গ্রস্তমিবেন্দুবিম্বং ॥ ৩৪ ॥

বিষাদেন যথা শ্রীদশমে ॥

পদা সুজাতেন নখারুণশ্রিয়া

ভুবং লিখন্ত্যশ্রুভিরঞ্জনাসিতৈঃ।

ভীমস্য মুখং রেজে উদ্যদিন্দুবিম্বমিব। বিম্বপদেন পূর্ণত্বং বোধ্যতে। পাঠান্তরাণি নেষ্টানি ॥ ৩৪ ॥

পদা সুজাতেনেত্যত্র রুক্মিণীতি শেষঃ ॥ ৩৫ ॥

অশ্রু-বারি পতিত হইতে লাগিল ॥ ৩৩ ॥

যথাবা ॥

শিশুপালকে মারিতে ইচ্ছুক হইয়া ভীমসেনের ক্রোধবিপন্ন মুখ,অশ্রুবারিবর্ষণ করিয়া জলকণা ব্যাপ্ত সন্ধ্যাকালীন পূর্ণচন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিল ॥ ৩৪ ॥

বিষাদহেতু অশ্রু যথা ॥

শ্রীদশমে ৬০ অধ্যায়ে ২৩ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া রুক্মিণী নখরূপ অরুণবর্ণ শোভাবিশিষ্ট সুকোমল পদ দ্বারা ভূমি খনন করত অঞ্জন সহকারে কৃষ্ণবর্ণ অশ্রু দ্বারা কুঙ্কুমাক্ত স্তনদ্বয়কে অভিষেক

আসিঞ্চতী কুঙ্কুমরূষিতৌ স্তনৌ
তস্থাবধোমুখ্যতিদুঃখরুদ্ধবাক্ ॥ ৩৫ ॥
অথ প্রলয়ঃ ॥
প্রলয়ঃ সুখদুঃখাভ্যাং চেষ্টা জ্ঞাননিরাকৃতিঃ।
অত্রানুভাবাঃ কথিতা মহীনিপতনাদয়ঃ ॥
তত্র সুখেন যথা ॥
মিলন্তং হরিমালোক্য লতাপুঞ্জাদতর্কিতং।
জ্ঞপ্তিশূন্যমনা রেজে নিশ্চলাঙ্গী ব্রজাঙ্গনা ॥ ৩৬ ॥
দুঃখেন যথা শ্রীদশমে ॥

জ্ঞাননিরাকৃতিরত্রালম্বনৈকলীনমনস্ত্বং ॥ ৩৬ ॥

করত দুঃখেতে রুদ্ধকণ্ঠ হইয়া অধোমুখে অবস্থিতি করিতে লাগিলেন ॥ ৩৫ ॥

অথ প্রলয় ॥

সুখ দুঃখ নিবন্ধন চেষ্টা ও জ্ঞানশূন্যের নাম প্রলয়, এই প্রলয়ে ভূমি নিপতন প্রভৃতি অনুভাব সকল প্রকাশ পাইয়া থাকে ॥

সুখহেতু প্রলয় যথা ॥

লতাপুঞ্জ হইতে হঠাৎ হরিকে মিলিত হইতে দেখিয়া ব্রজাঙ্গনা নিশ্চলাঙ্গী ও জ্ঞানশূন্য হইয়া শোভা পাইতে লাগিলেন ॥ ৩৬ ॥

দুঃখহেতু প্রলয় যথা ॥

শ্রীদশমে ৩৯ অধ্যায় ১৪ শ্লোকে ॥

অন্যাশ্চ তদনুধ্যান নিবৃত্তাশেষবৃত্তয়ঃ।
নাভ্যজানন্নিমং লোকমাত্মলোকং গতা ইব ॥ ৩৭ ॥
সর্ব্বে হি সত্ত্বমূলত্বাদ্ভাবা যদ্যপি সাত্ত্বিকাঃ।
তথাপ্যমীষাং সত্ত্বৈকমূলত্বাৎ সাত্ত্বিকপ্রথা।
সত্ত্বস্য তারতম্যাং প্রাণতনুক্ষোভতারতম্যং স্যাৎ।
ততএব তারতম্যং সর্ব্বেষাং সাত্ত্বিকানাং স্যাৎ।
ধূমায়িতাস্তে জ্বলিতা দীপ্তা উদ্দীপ্তসংজ্ঞিতাঃ।
বৃদ্ধিং যথোত্তরং যান্তঃ সাত্ত্বিকাঃ স্যুশ্চতুর্ব্বিধাঃ।

অন্যাঃ শ্রীহরে মথুরাপ্রস্থানে শোচন্ত্যঃ শ্রীগোপ্যঃ তদনুধ্যানেতি নাভ্যজানন্নিতি দ্বয়েন। নানা ভাবনা নিষিদ্ধাঃ আত্মলোকমাত্মস্বরূপং স্বস্মিন্ সমাধিমিত্যর্থঃ ॥ ৩৭ ॥

সর্ব্বে হীতি। ভাবাঃ অত্রানুভাবাঃ। সত্ত্বৈক মূলত্বাদিতি। সত্ত্বাদ-

---

হে রাজন্! অন্যান্য গোপীদিগের শ্রীকৃষ্ণানুধ্যান বশতঃ চক্ষুরাদি ইন্দ্রিয়গণের অশেষবৃত্তি নিরুদ্ধ হইল অতএব মুক্তব্যক্তিদিগের ন্যায় তাঁহারা নিজ ২ দেহও জানিতে সক্ষম হইলেন না ॥ ৩৭ ॥

যদিচ সত্ত্বমূল প্রযুক্ত সমুদায় ভাব সাত্ত্বিক তথাপি স্তম্ভাদি সকল সত্ত্বমূল নিবন্ধন সাত্ত্বিক বলিয়া প্রসিদ্ধ। সত্ত্বের তারতম্য প্রযুক্ত প্রাণ ও দেহে ক্ষোভের তারতম্য হয়, এই নিমিত্ত সকল সাত্ত্বিক ভাবেরই তারতম্য আছে। এই সাত্ত্বিক উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া ধূমায়িত, জ্বলিত, দীপ্ত ও উদ্দীপ্ত এই চারি প্রকার হয়। উক্ত বৃদ্ধি বহুকাল ব্যাপিত্ব, বহু অঙ্গ

সা ভূরিকালব্যাপিত্বং বহ্বঙ্গব্যাপিতাপি চ।
স্বরূপেণ তথোৎকর্ষ ইতি বৃদ্ধি স্ত্রিধা ভবেৎ ॥ ৩৮ ॥
তত্র নেত্রাম্বুবৈস্বর্য্যবর্জ্জানামেব যুজ্যতে।
বহ্বঙ্গব্যাপিতামীষাং তয়োঃ কাপি বিশিষ্টতা ॥ ৩৯ ॥
তত্রাশ্রূণাং দৃগৌচ্ছুন্যকারিত্বমবদাততা।
তথা তারাতিবৈচিত্রী বৈলক্ষণ্যবিধায়িতা।
বৈস্বর্য্যস্য তু ভিন্নত্বে কৌণ্ঠ্য ব্যাকুলতাদয়ঃ ॥ ৪০ ॥
ভিন্নত্বং স্থান বিভ্রংশঃ কৌণ্ঠ্যং স্যাৎ সন্নকণ্ঠতা।

স্যাদিত্যত্র ব্যাখ্যাতমস্তি অমীষাং স্তম্ভাদীনাং সাত্ত্বিকনাম্না প্রথা সাত্ত্বিক-প্রথা ॥ ৩৮ ॥

নেত্রেত্যত্রামীষাং স্তম্ভাদীনাং তয়োর্নেত্রাম্বুবৈস্বর্য্যয়োঃ ॥ ৩৯ ॥

অতিবৈচিত্রা অপি বৈলক্ষণ্যমতিশয়ঃ ॥ ৪০ ॥

স্থানবিভ্রংশ ইতি যতো ঘর্ঘরাদিশব্দাঃ স্যুরিতি ভাবঃ। সন্নকণ্ঠেতি

ব্যাপিত্ব এবং স্বরূপের উৎকর্ষ এই তিন প্রকার হয় ॥ ৩৮ ॥

অশ্রু ও স্বর ভেদ বর্জ্জন করিয়া স্তম্ভাদি ভাব সকলের সর্ব্বাঙ্গ ব্যাপিত্ব আছে, কিন্তু অশ্রু ও স্বরভেদের আরও কোন বিশিষ্টতা দেখা যায় ॥ ৩৯ ॥

তন্মধ্যে অশ্রু সকলের নেত্র স্ফীততাকরণ, শুভ্রবর্ণত্ব, তথা তারার বিচিত্রতা, এই বৈলক্ষণ্য বিধায়িত্ব। আর স্বর-ভেদের ভিন্নত্ব প্রযুক্ত কণ্ঠরোধ এবং ব্যাকুলতা এই বিশেষ প্রভেদ ॥ ৪০ ॥

ভিন্নত্বের অর্থ স্থানবিভ্রংশ অর্থাৎ কণ্ঠ হইতে ঘর্ঘরাদি

ব্যাকুলত্বন্তু নানোচ্চনীচগুপ্তবিলুপ্ততা।
প্রায়ো ধূমায়িতা এব রুক্ষাস্তিষ্ঠন্তি সাত্বিকাঃ।
স্নিগ্ধাস্তু প্রায়শঃ সর্ব্বে চতুর্দ্ধৈব ভবন্ত্যমী।
মহোৎসবাদিবৃত্তেষু সদ্গোষ্ঠীতাণ্ডবাদিষু।
জ্বলন্ত্যুল্লাসিনঃ কাপি তে রুক্ষা অপি কস্যচিৎ॥ ৪১॥
সর্ব্বানন্দচমৎকারহেতুর্ভাবো বরো রতিঃ।
এতে হি তদ্বিনা ভাবাম্ন চমৎকারিতাশ্রয়াঃ॥ ৪২॥

যতঃ শব্দো নোদয়তে ইতি ভাবঃ। নানোচ্চেতি প্রতিশবং তত্তন্নানাপ্রকারতেতি ভাবঃ॥ ৪১॥

যস্মাৎ সর্ব্বানন্দচমৎকারহেতুঃ তস্মাদ্রতিরেব বরো ভাব ইত্যর্থঃ। পদ্যান্তেনাত্যুপাদেয়তাশ্রয়াইত্যেব পাঠঃ॥ ৪২॥

শব্দ নির্গত হওয়া। কৌণ্ঠ্য শব্দের অর্থ সন্নকণ্ঠতা অর্থাৎ কণ্ঠ হইতে শব্দ প্রকাশ না হওয়া। তথা ব্যাকুলত্বের অর্থ নানা উচ্চনীচ অর্থাৎ ক্ষণে ক্ষণে নানা প্রকারতা, আর গুপ্ত ও বিলুপ্ততা,এই সকল রুক্ষসাত্বিকপ্রায় ধূমায়িত হইয়া অবস্থিতি করে। স্নিগ্ধ ভাব সকলও প্রায় চারিপ্রকার হইয়া থাকে। মহোৎসবাদির অনুষ্ঠানে, সৎসঙ্গ এবং নৃত্যাদিতে উল্লাস বিশিষ্ট হইয়া কোন সময়ে কোন ব্যক্তির রুক্ষ ভাব সকল জ্বলিত হয়॥ ৪১॥

রতি সর্ব্বানন্দ চমৎকারের হেতু, এ কারণ রতিকেই শ্রেষ্ঠ ভাব বলা যায়, অতএব রুক্ষাদি ভাব সকল রতি ব্যতিরেকে চমৎকারিত্বের আশ্রয় হইতে পারে না॥ ৪২॥

তত্র ধূমায়িতাঃ ॥

অদ্বিতীয়া অমী ভাবা অথবা সদ্বিতীয়কাঃ।
ঈষদ্ব্যক্তা অপহ্নোতুং শক্যা ধূমায়িতা মতাঃ ॥

যথা ॥

আকর্ণয়ন্নঘহরামঘবৈরিকীর্ত্তিং
পক্ষ্মাগ্রমিশ্রবিরলাশ্রুরভূৎ পুরোধাঃ।
যষ্টা দরোচ্ছ্বসিতলোমকপোলমীষৎ-

অমী ইতি। বহুবচনমত্র প্রতিব্যক্তিপ্রাধান্যস্য বিবক্ষয়া। তচ্চেতরেতর-যোগদ্বন্দ্বস্যৈকশেষাৎ। তেন হ্যসৌ স্তম্ভোঽদ্বিতীয়ঃ সদ্বিতীয়ো বাসৌ রোমাঞ্চো ঽদ্বিতীয়ঃ সদ্বিতীয়ো বা কম্পো বাসৌ চাদ্বিতীয়োঽথবা সদ্বিতীয় ইতি গম্যতে। অমী আলীয়ন্তামিতিবৎ। ততশ্চামীষু ভাবেষু যঃ কশ্চিদদ্বিতীয়ঃ সদ্বিতীয়ো বা ভবত্বি- ত্যর্থঃ। অপহ্নোতুমিত্যপকৃষ্টেন রত্যাদ্যুদাসীনেন ভাবেন হ্নোতুং গোপয়িতুং শক্যা ইত্যর্থঃ। রত্যন্তরঙ্গভাবেন তু সমুদ্ভূতরতীনামপি দৃশ্যতে। ন্যক্কৃন্দন্ দগদ্বাষ্পমোৎকণ্ঠ্যাদ্দৈন্যকীঘ্যতে। নির্যাত্যগারান্নোভদ্রমিতি স্থাব্বান্ধব-

তন্মধ্যে ধূমায়িত যথা ॥

যে ভাব স্বয়ং বা দ্বিতীয়ভাবের সহিত যুক্ত হইয়া অত্যল্প প্রকাশ পায় এবং যাহা গোপন করিতে পারা যায়, তাহার নাম ধূমায়িত ॥

যথা।

যাগকর্ত্তা পুরোহিত গর্গাচার্য্য অঘশত্রু শ্রীকৃষ্ণের অঘ-নাশিনী কীর্ত্তি শ্রবণ করিয়া চক্ষুর পক্ষ্মাগ্র বিরলঅশ্রুমিশ্র, গণ্ড পুলকিত ও ঘর্ম্মান্বিতনাসিকা বিশিষ্ট মুখারবিন্দ ধারণ

প্রস্বিন্ননাসিকমুবাহ মুখারবিন্দং ॥ ৪৩ ॥

অথ জ্বলিতাঃ ॥

তে দ্বৌ ত্রয়ো বা যুগপদ্যান্তঃ স্বপ্রকটাং দশাং।

শক্যাঃ কৃচ্ছ্রেণ নিহ্নোতুং জ্বলিতা ইতি কীর্ত্তিতাঃ ॥ ৪৪ ॥

যথা ॥

ন গুঞ্জামাদাতুং প্রভবতি করঃ কম্পতরলো

দৃশৌ সাস্রে পিঞ্ছং ন পরিচিন্নুতঃ সত্বরকৃতি।

স্বিন্ন ইত্যত্র ॥ ৪৩ ॥

তে সাত্বিকা দ্বৌ ত্রয়ো বা ভূত্বা ॥ ৪৪ ॥

সত্বরকৃতি যথাস্যাত্তথা ন গুঞ্জামাদাতুং প্রভবতীত্যাদিনা বিলম্বেন প্রভবতি ইতি প্রাপ্তে কম্পাদেঃ কৃচ্ছ্রেণ নিহ্নোতুং শক্যত্ব মায়াতং প্রার্থিত মপীতি পাঠ স্ত্যক্তঃ ॥ ৪৫ ॥

করিয়াছিলেন ॥ ৪৩ ॥

অথ জ্বলিত ॥

দুই তিন সাত্বিক ভাব যদি এক সময়ে উদিত হয় এবং তাহা যদি কষ্টেস্বষ্টে গোপন করিতে পারা যায়, তবেই তাহাকে জ্বলিত কহে ॥ ৪৪ ॥

যথা ॥

কোন বয়স্য গোপ, শ্রীকৃষ্ণকে কহিলেন সখে! বন হইতে তোমার বংশীধ্বনি কর্ণদ্বয়ের শেষসীমায় প্রবেশ করিলে আমার হস্ত কম্পিত হইয়া শীঘ্র গুঞ্জা গ্রহণ করিতে পারে নাই, চক্ষুদ্বয় অশ্রুপূর্ণ হইয়া ময়ূর পুচ্ছ চিনিতে পারিল না,

ক্ষমাবুরূ স্তব্ধৌ পদমপি ন গন্তুং তব সখে
বনাদ্বংশীধ্বানৈ পরিসরমবাপ্তে শ্রবণয়োঃ ॥
যথা বা ॥
নিরুদ্ধং বাষ্পাম্ভঃ কথমপি ময়া গদ্গদগিরো
হ্রিয়া সদ্যো গূঢ়াঃ সখি বিঘটিতো বেপথুরপি।
গিরিদ্রোণ্যাং বেণৌ ধ্বনতি নিপুণৈরিঙ্গিতময়ে
তথাপ্যূহাঞ্চক্রে মম মনসি রাগঃ পরিজনৈঃ ॥
অথ দীপ্তাঃ ॥
প্রৌঢ়াং ত্রিচতুরা ব্যক্তিং পঞ্চ বা যুগপদ্গতাঃ।
সম্বরীতুমশক্যাস্তে দীপ্তা ধীরৈরুদাহৃতাঃ ॥

এবং উরুদ্বয় স্তম্ভ যুক্ত হইয়া এক পদও গমন করিতেসক্ষম হইল না অতএব হে বন্ধো! তোমার বংশীর কি আশ্চর্য্য মহীয়সী শক্তি ॥

যথাবা ॥

হে সখি! গিরিগহ্বরে (সঙ্কেত দ্যোতক স্বরূপ) বেণুর শব্দ হইলে যদিচ আমি বাষ্পবারি রোধ এবং লজ্জা নিবন্ধন গদ্গদ বাক্য সকলকে গোপন করিলাম, তথাপি গাত্রকম্প নিবারণ করিতে পারি নাই, এ কারণ নিপুণ পরিজন সকল আমার মনস্থিত কৃষ্ণানুরাগ বিতর্ক করিয়াছিলেন ॥

অথ দীপ্ত ॥

বৃদ্ধি প্রাপ্ত তিন চারি অথবা পাঁচ সাত্ত্বিক ভাব যদি এক কালীন উদিত হয় এবং তাহা যদি সম্বরণ করিতে না পারা যায় তাহা হইলে তাহাকে দীপ্ত বলে ॥

যথা ॥

ন শক্তিমুপবীণনে চিরমধত্ত কম্পাকুলো
ন গদ্গদ নিরুদ্ধবাক্ প্রভুরভূদুপশ্লোকনে।
ক্ষমোঽজনি ন বীক্ষণে বিগলদশ্রুপূরঃ পুরো
মধুদ্বিষি পরিস্ফুরত্যবশমূর্ত্তিরাসীন্মুনিঃ ॥ ৪৫ ॥

যথা বা ॥

কিমুন্মীলত্যস্রে কুসুমজরজো গঞ্জসি মুধা
সরোমাঞ্চে কম্পে হিমমনিলমাক্রোশসি কুতঃ।
কিমূরুস্তম্ভে বা বনবিহরণং দ্বেক্ষি সখি তে

কিমিতি কথমিত্যর্থঃ। কিং বিশ্রাম্যসি কৃষ্ণভোগিভবনে ভাণ্ডীরভূমীত্যাদিষু দর্শনাৎ। রাধে ইতি সম্বোধ্য তস্যাঃ স্বৈব তস্যাঃ কৃষ্ণভাবত্বব্যঞ্জনয়া তদ্ধেতুক-

---

যথা ॥

নারদ মুনি সম্মুখস্থ শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া এরূপ বিবশাঙ্গ হইলেন যে কম্প নিবন্ধন বীণাবাদনে অশক্ত হইয়া পড়িলেন, বাক্য গদ্গদ হওয়াতে স্তুতিপাঠ করিতে পারিলেন না, চক্ষুঃ অশ্রুপূর্ণ হওয়াতে দর্শনে অক্ষম হইলেন ॥৪৫

অথবা ॥

হে সখি! চক্ষুতে অশ্রু উদয় হওয়ায় বৃথা পুষ্পরজকে গঞ্জনা দিতেছ, গাত্র রোমাঞ্চিত হওয়ায় শীতল বায়ুর প্রতি কেন আক্রোশ করিতেছ, ঊরুস্তম্ভ প্রযুক্ত বনবিহারের প্রতি কেন দ্বেষ করিতেছ, অতএব হে রাধে! স্বরভেদ তোমার

নিরাবাধা রাধে বদতি মদনাধিং স্বরভিদা ॥

অথোদ্দীপ্তাঃ ॥

একদা ব্যক্তিমাপন্নাঃ পঞ্চষাঃ সর্ব্ব এব বা।

আরূঢ়া পরমোৎকর্ষমুদ্দীপ্তা ইতি কীর্ত্তিতাঃ ॥ ৪৬ ॥

যথা ॥

অদ্য স্বিদ্যতি বেপতে পুলকিভির্নিস্পন্দতামঙ্গকৈ-

র্ধত্তে কাকুভিরাকুলং বিলপতি ম্লায়ত্যনল্পোষ্মভিঃ।

স্তিম্যত্যম্বুভিরম্বকস্তবকিতৈঃ পীতাম্বরোড্ডামরং

সদ্যস্ত্বদ্বিরহেণ মুহ্যতি মুহুর্গোষ্ঠাধিবাসী জনঃ ॥

মদনাধিস্তং স্ফুটীকৃতং। নিরাবাধা ছলেন নান্যথা কর্ত্তুং শক্যা ॥ ৪৬ ॥

অম্বকস্তবকিতৈর্নেত্রেষু স্থিরত্বাৎ স্তবকবদাচরদ্ভিস্তিম্যতি তদংশেন পক্ততা

মদন বেদনা প্রকাশ করিয়া দিতেছে ॥

অথ উদ্দীপ্ত

একসময়ে যদি পাঁচ ছয় অথবা সমুদায় ভাব উদিত হইয়া পরম উৎকর্ষ প্রাপ্ত হয়, তবেই তাহাদিগকে উদ্দীপ্ত বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ৪৬ ॥

যথা

হে পীতাম্বর! অদ্য তোমার বিরহে গোকুলবাসী জনসকল ঘর্ম্মযুক্ত, কম্পিত ও পুলকিত অঙ্গদ্বারা স্তম্ভ ধারণ, আকুল হইয়া চাটুবাক্য দ্বারা বিলাপ, অনল্প উষ্মতা দ্বারা ম্লান এবং নেত্রাম্বু দ্বারা আর্দ্রীভূত হইয়া সম্প্রতি অতিশয় মোহ প্রাপ্ত হইতেছে ॥

উদ্দীপ্তা এব সূদ্দীপ্তা মহাভাবে ভবন্ত্যমী।
সর্ব্বএব পরাং কোটিং সাত্ত্বিকা যত্র বিভ্রতি ॥ ৪৭ ॥
কিঞ্চ ॥
অথাত্র সাত্ত্বিকাভাসা বিলিখ্যন্তে চতুর্ব্বিধাঃ।
রত্যাভাসভবাস্তেতু সত্ত্বাভাসভবাস্তথা।
নিঃসত্ত্বাশ্চ প্রতীপাশ্চ যথাপূর্ব্বমমী বরাঃ।

আর্দ্রী ভবতি উড্ডামরং যথাস্থাত্তথা ॥ ৪৭ ॥

সাত্ত্বিকাভাসা ইতি সাত্ত্বিক বদাভাসন্তে প্রতীয়ন্তে নতু বস্তুত স্তথা ভবন্তীতি শব্দেনৈব লক্ষণমঙ্গ্যাতমিতীথং তদ্ভেদানেব গণয়তি চতুর্বিধা ইতি। রতেঃ প্রতিবিম্বত্বে ছায়াত্বে চ সতি রত্যাভাসভবত্বং। মুদ্বিস্ময়াদ্যাভাসমাত্রাক্রান্তচিত্তত্বে সত্ত্বাভাসভবত্বং। মুদ্বিস্ময়াদ্যাভাসস্যাপি অন্তরাস্পর্শে বহিরপ্যস্পর্শে নিঃসত্ত্বত্বং। প্রতীপাস্ত বিরোধিভাবভবত্বাৎ দ্বেষ্যা এব ইতি ভাবঃ ॥ ৪৮ ॥

সাত্ত্বিক ভাব সকল মহাভাবে পরম উৎকর্ষতা ধারণ করে এ কারণ উদ্দীপ্তভাব সকলই মহাভাবে সূদ্দীপ্ত হয় ॥ ৪৭ ॥

আরও বলি।

এই স্থলে চারিটী সাত্ত্বিকাভাস লিখিত হইতেছে যথা—রত্যাভাসভব, সত্ত্বাভাসভব, তথা নিঃসত্ত্ব এবং প্রতীপ, কিন্তু এই সকল ভাব পূর্ব্ব পূর্ব্ব শ্রেষ্ঠ ॥

তাৎপর্য্য। রতির প্রতিবিম্ব হেতু রত্যাভাসভব, হর্ষ বিস্ময়াদি দ্বারা চিত্ত আক্রান্ত হইলে সত্ত্বাভাসভব, হর্ষ বিস্ময়াদির আভাসেরও অন্তর বাহ্য স্পর্শ না করণ হেতু নিঃসত্ত্ব, এবং বিরোধি ভাব জনিতত্ব প্রযুক্ত প্রতীপ দ্বেষের বিষয়ীভূত হইয়া থাকে ॥

তত্রাদ্যাঃ ॥

মুমুক্ষুপ্রমুখেষ্বাদ্যা রত্যাভাসাৎ পুরোদিতাৎ ॥ ৪৮ ॥

যথা ॥

বারাণসীনিবাসী কশ্চিদয়ং ব্যাহরন্ হরেশ্চরিতং।
যতিগোষ্ঠ্যামুৎপুলকঃ সিঞ্চতি গণ্ডদ্বয়ীমস্রৈঃ ॥ ৪৯ ॥

অথ সত্ত্বাভাসভবাঃ ॥

মুদ্বিস্ময়াদেরাভাসঃ প্রোদ্যন্ জাত্যাশ্লথে হৃদি।
সত্ত্বাভাস ইতি প্রোক্তঃ সত্ত্বাভাসভবাস্ততঃ ॥

বারাণসীতি। তত্র তন্নিবাসাদিনা মুমুক্ষুত্বং গম্যতে ॥ ৪৯ ॥

ভাবাক্রান্তচিত্তস্যৈব সত্ত্বতয়া সঙ্কেতিতত্বান্মুদ্বিস্ময়াদেরাভাসো যস্মিংস্তচ্চিত্তমিতি বক্তব্যে মুদাদ্যাভাস এব সত্ত্বাভাস ইত্যুক্তিস্তৎ কারণতাতিশয়বিবক্ষয়া আয়ুর্ঘৃতমিতি বৎ ॥ ৫০ ॥

তন্মধ্যে আদ্য অর্থাৎ রত্যাভাসভব যথা ॥

পূর্ব্বোক্ত রত্যাভাস হেতু মুমুক্ষু প্রভৃতিতে রত্যাভাস হইয়া থাকে ॥ ৪৮ ॥

যথা ॥

বারাণসীনিবাসী কোনব্যক্তি সন্ন্যাসিদিগের সভায় হরিচরিত্র গান করিতে করিতে পুলকাকুল কলেবর হইয়া অশ্রু জল দ্বারা গণ্ডদ্বয় সেচন করিতে লাগিলেন ॥ ৪৯ ॥

সত্ত্বাভাসভব যথা ॥

জাতিনিবন্ধন শ্লথ হৃদয়ে উদিত হর্ষ বিস্ময়াদির আভাসকে সত্ত্বাভাসভব প্রযুক্ত সত্ত্বাভাস কহে ॥

যথা ॥

জরন্মীমাংসকস্যাপি শৃণ্বতঃ কৃষ্ণবিভ্রমং।

হৃষ্টায়মানমনসো বভূবোৎপুলকং বপুঃ ॥ ৫০ ॥

যথা বা ॥

মুকুন্দচরিতামৃতপ্রসরবর্ষিণস্তে ময়া

কথং কথনচাতুরীমধুরিমা গুরুর্বর্ণ্যতাং।

মুহূর্ত্তমতদর্থিনো বিষয়িনোঽপি যস্যাননা

ন্নিশম্য বিজয়ং প্রভোর্দধতি বাষ্পধারামমী ॥ ৫১ ॥

অথ নিঃসত্ত্বাঃ॥

নিসর্গপিচ্ছিলস্বান্তে তদভ্যাসপরেঽপি চ।

মুকুন্দেতি। অমী ইতি সদ্য এবাগতত্বং ব্যঞ্জয়তি ॥ ৫১ ॥

উপরি শ্লথং অন্তঃ কঠিনং পিচ্ছিলং তদ্রূপত্বান্ন কুত্রাপি স্থিরং। শ্লথত্বং ত্বন্তর্ব্ব-

---

যথা ॥

কৃষ্ণলীলা শ্রবণ করিতে করিতে (অরসজ্ঞ) প্রাচীন মীমাংসকেরও চিত্ত আনন্দিত হয়, এ নিমিত্ত তাঁহার বপুঃ পুলকে পরিপূর্ণ হইয়াছিল ॥ ৫০ ॥

যথাবা ॥

হে মুকুন্দ! লীলামৃত বর্ষণকারি আপনার বাক্ চাতুর্য্য মাধুর্য্যের মহান্ গরিমা কি রূপে বর্ণন করিব; অনধিকারি বিষয়ী লোক সকলও আমার মুখ হইতে আপনার লীলা শ্রবণ করিয়া চক্ষু বাষ্পধারা ধারণ করিতেছে ॥ ৫১ ॥

অথ নিঃসত্ত্ব ॥

স্বভাব বশতঃ বা অভ্যাস বশতঃ পিচ্ছিল অর্থাৎ উপরি

সত্ত্বাভাসং বিনাপি স্যুঃ ক্বাপ্যশ্রুপুলকাদয়ঃ ॥ ৫২ ॥

যথা ॥

নিশময়তো হরিচরিতং
নহি সুখদুঃখাদয়োঽস্য হৃদিভাবাঃ।
অনভিনিবেশাজ্জাতাঃ
কথমস্রবদশ্রমশ্রান্তং ॥ ৫৩ ॥

হিরণ্যকঠিনং তন্দ্রাপত্রাদ্যত্র কুত্রাপি সংসজ্জমানমিতি ভেদঃ। তত্র সতি নিস-র্গেতি ব্যাখ্যায়তে। যঃ কোপি নিসর্গ পিচ্ছিলস্বান্তো ভবতি সাত্ত্বিকোদয়ার্থং ধারণা বিশেষেণাভ্যাসপরোঽপি ভবতি তস্মিন্ সত্ত্বাভাসং বিনাপ্যশ্রুপুলকাদয়ো ভবন্তি। বহিরন্তঃ কঠিনেষু তদভ্যাসেনাপি ন ভবন্তীত্যেবার্থঃ। সত্ত্বাভাসং বিনাপি ইত্যস্য নিসর্গেত্যনেনান্বয়ে ধারণাবিশেষস্থাপেক্ষ্যস্ত বিশেষণত্বাপাতান্ন পৃথক্ ঘটত ইতি অতএবাস্যোদাহরণং একমেবা করিষ্যতেতি নিঃসত্ত্বানামেষাং সাত্ত্বিকাভাস গণনাযুক্তেষু সাত্ত্বিকবদাভাসস্তে ইত্যপেক্ষয়া ॥ ৫২ ॥

নিশময়ত ইতি অনভিনিবেশাৎ পিচ্ছিলত্বান্নহি ভাবা জাতাঃ অনভিনিবেশস্ত ময়াস্য মুহুরেবানুভূতোস্তীতি ভাবঃ। তথা কথমস্রমশ্রান্তমস্রবদিতি যদুক্তং তৎ খল্বভ্যাসপরত্বাদেবেতি ব্যঞ্জিতং ॥ ৫৩ ॥

কোমল, অন্তরে কঠিন, এমত হৃদয়ে সত্ত্বাভাস ব্যতিরেকে কোথাও অশ্রু পুলকাদি দেখা যায় ॥ ৫২ ॥

যথা ॥

অনভিনিবেশ বশতঃ হরিচরিত্র শ্রবণকারি ব্যক্তির হৃদয়ে সুখ দুঃখাদি ভাবসকল উৎপন্ন হয় নাই, তবে কি প্রকারে ইহার নয়নে অবিরল জলধারা পাত হইতেছে, বোধ করি অভ্যাস বশতই ঘটিয়াছে ॥ ৫৩ ॥

প্রকৃত্যা শিথিলং যেষাং মনঃ পিচ্ছিলমেব বা।
তেষ্বেব সাত্ত্বিকাভাসঃ প্রায়ঃ সংসদি জায়তে ॥ ৫৪ ॥

অথ প্রতীপাঃ ॥

হিতাদন্যস্থ কৃষ্ণস্থ প্রতীপাঃ ক্রুদ্ভয়াদিভিঃ।

তত্র ক্রুধা যথা হরিবংশে ॥

তস্থ প্রস্ফুরিতোষ্ঠস্য রক্তাধরতটস্থ চ।
বক্ত্রং কংসস্থ রোষেণ রক্তসূর্য্যায়তে তদা ॥

সংসদ্যেবেত্যন্বয়ঃ প্রায় ইতি শিথিলস্থান্যত্রাপি সম্ভবাৎ শিথিলং শ্লথং সংসদি মহোৎসবকীর্ত্তনসভায়াং ॥ ৫৪ ॥

কৃষ্ণস্য হিতাদন্যত্র বৈরিপ্রভৃতিষু ক্রুদ্ভয়াদিভি হেতুভিঃ সাত্ত্বিকাভাসাঃ প্রতীপাঃ স্ফুরিত্যর্থঃ। ম্লানানন ইতি মুক্তিশ্রিয়াগিত্যাদিনা তস্মাদ্ভীতস্তামেব শরণমাশ্রিতবানিতি ধ্বনিতং। ম্লানস্য গোবিন্দমিত্যাদি পাঠান্তরপদ্যং ত্যক্তং ॥ ৫৫ ॥

স্বভাবতঃ যাহাদের মন শিথিল অথবা পিচ্ছিল, মহোৎসব কীর্ত্তন সভায় প্রায় সেই সকল ব্যক্তিতে সত্ত্বাভাস উৎপন্ন হয় ॥ ৫৪ ॥

অথ প্রতীপ ॥

শ্রীকৃষ্ণের শত্রু প্রভৃতিতে ক্রোধ ভয়াদি দ্বারা যে সাত্ত্বিকাভাস হইয়া থাকে তাহাকে প্রতীপ বলে ॥

তন্মধ্যে ক্রোধ হইতে প্রতীপ যথা ॥

হরিবংশে ॥

রক্তাধর এবং প্রস্ফুরিতোষ্ঠ কংসের মুখ তৎকালীয় ক্রোধে রক্তবর্ণ সূর্য্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥

ভয়েন যথা॥

ম্লানাননঃ কৃষ্ণমবেক্ষ্য রঙ্গে
সিস্বেদমল্লস্ত্বধিভালশুক্তি।
মুক্তিশ্রিয়াং সুষ্ঠু পুরো মিলন্ত্যা-
মত্যাদরাৎ পাদ্যমিবাজহার॥

যথা বা॥

প্রবাচ্যমানে পুরতঃ পুরাণে
নিশম্য কংসস্য ভয়াতিরেকং।
পরিপ্লবান্তঃকরণঃ সমন্তাৎ
কশ্চিৎ পরিম্লানমুখস্তদাসীৎ॥

নাস্ত্যর্থঃ সাত্ত্বিকাভাসকথনে কোঽপি যদ্যপি।
সাত্ত্বিকানাং বিবেকায় দিক্ তথাপি প্রদর্শিতা॥ ৫৫॥

ভয়হেতু প্রতীপ যথা॥

রঙ্গস্থলে শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া ম্লানবদন মল্লের ললাট রূপ শুক্তি অর্থাৎ ঝিনুক স্বেদ জল ধারণ করিয়া অগ্রবর্ত্তিনী মুক্তিসম্পত্তিকে যেন অত্যাদর পূর্ব্বক পাদ্য প্রদান করিল॥

যথাবা॥

সম্মুখে পুরাণ পাঠ হইতেছিল তাহাতে কংসের ভয়াতিশয্য শ্রবণ করিয়া কোন ব্যক্তির অন্তঃকরণ চঞ্চল হওয়ায় বদন মলিন হইয়া উঠিল॥

যদিচ সাত্ত্বিকাভাস কথনে কোন প্রয়োজন নাই তথাপি সাত্ত্বিক সকলের পরিজ্ঞানার্থ উদাহরণ প্রদর্শিত হইল॥৫৫॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-রসসামান্য নিরূপণে সাত্ত্বিকলহরী তৃতীয়া ॥ * ॥

অথ ব্যভিচারিণঃ ॥

অথোচ্যন্তে ত্রয়স্ত্রিংশদ্ভাবা যে ব্যভিচারিণঃ।
বিশেষেণাভিমুখ্যেন চরন্তি স্থায়িনং প্রতি ॥ ১ ॥
বাগঙ্গ সত্ত্বসূচ্যা যে জ্ঞেয়াস্তে ব্যভিচারিণঃ।
সঞ্চারয়ন্তি ভাবস্য গতিং সঞ্চারিণোঽপি তে ॥ ২ ॥
উন্মজ্জন্তি নিমজ্জন্তি স্থায়িন্যমৃতবারিধৌ।

॥ * ॥ ইতি পঞ্চসহর্য্যাত্মকে দক্ষিণবিভাগে সাত্ত্বিকলহরী তৃতীয়া ॥ * ॥ ৩ ॥

বাচা অঙ্গেন ভ্রূনেত্রাদিনা সত্ত্বেনচ সত্ত্বোৎপন্নেনানুভাবেন সূচ্যা জ্ঞাপ্যাঃ ॥ ২ ॥

কুত্র কিংবৎ অমৃত বারিধাবূর্ম্মিবদিতি পশ্চাদেব যোজনীয়ং ॥ ৩ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত বাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর দক্ষিণবিভাগে সাত্ত্বিকলহরী ॥ * ॥ ৩ ॥ * ॥

অথ ব্যভিচারী ॥

অনন্তর ত্রয়স্ত্রিংশদ্ব্যভিচারি ভাব, যাহা বিশেষতঃ প্রাধান্য রূপে স্থায়িভাবে বিচরণ করে, তৎসমুদায় উল্লিখিত হই-তেছে ॥ ১ ॥

বাক্য, ভ্রূনেত্রাদি অঙ্গ এবং সত্ত্বোৎপন্ন ভাব দ্বারা যে সকল ভাব প্রকাশিত হয়, তাহারাই ব্যভিচারী। এই ব্যভি-চারী সকল ভাবের গতি সঞ্চার করে বলিয়া ইহাদিগকে সঞ্চারি ভাবও বলা যায় ॥ ২ ॥

ব্যভিচারী ভাবসকল স্থায়িভাবরূপ অমৃতসাগরে মগ্ন

ঊর্ম্মিবদ্বর্দ্ধয়ন্ত্যেনং যান্তি তদ্রূপতাঞ্চ তে।
নির্ব্বেদোঽথ বিষাদো দৈন্যং গ্লানিশ্রমৌ চ মদগর্ব্বৌ।
শঙ্কাত্রাসাবেগা উন্মাদাপস্মৃতী তথা ব্যাধিঃ।
মোহো মৃতিরালস্যং জাড্যং ব্রীড়াবহিত্থা চ।
স্মৃতিরথ বিতর্কচিন্তামতিধৃতয়ো হর্ষ উৎসুকত্বঞ্চ।
ঔগ্র্যামর্ষাসূয়াশ্চাপল্যঞ্চৈব নিদ্রা চ।
সুপ্তির্ব্বোধ ইতীমে ভাবা ব্যভিচারিণঃ সমাখ্যাতাঃ ॥৩॥
তত্র নির্ব্বেদঃ ॥
মহার্ত্তিবিপ্রয়োগের্ষ্যাসদ্বিবেকাদিকল্পিতং।
স্বাবমাননমেবাত্র নির্ব্বেদ ইতি কথ্যতে।

* সদ্বিবেকোঽত্রাকর্ত্তব্যস্য কৃতত্বে কর্ত্তব্যস্য চাকৃতত্বে শোচনমযোক্তেয়ঃ ॥ ৪ ॥

হইয়া তরঙ্গের ন্যায় স্থায়িভাবকে বর্দ্ধিত করে, একারণ ইহারা স্থায়িভাবের স্বরূপ ভাবও প্রাপ্ত হইয়া থাকে ॥

নির্ব্বেদ, বিষাদ, দৈন্য, গ্লানি, শ্রম, মদ, গর্ব্ব, শঙ্কা, ত্রাস, আবেগ, উন্মাদ, অপস্মৃতি, ব্যাধি, মোহ, মৃত্যু, আলস্য, জাড্য, ব্রীড়া, অবহিত্থা, অর্থাৎ আকারগোপন, স্মৃতি, বিতর্ক, চিন্তা, মতি, ধৃতি, হর্ষ, উৎসুকতা উগ্রতা, অমর্ষ, অসূয়া, চপলতা, নিদ্রা; সুপ্তি ও বোধ এই ত্রয়স্ত্রিংশৎ ভাবকে ব্যভিচারি বলে ॥ ৩ ॥

* তন্মধ্যে নির্ব্বেদ যথা ॥

মহাদুঃখ, বিপ্রয়োগ অর্থাৎ বিচ্ছেদ, ঈর্ষ্যা, সদ্বিবেকাদি কল্পিত অর্থাৎ অকর্ত্তব্যের করণ এবং কর্ত্তব্যের অকরণ নিমিত্ত শোচনা এবং নিজ অপমান, এই সকলেতে নির্ব্বেদ

অত্র চিন্তাশ্রুবৈবর্ণ্যদৈন্যনিশ্বসিতাদয়ঃ ॥ ৪ ॥

তত্র মহার্ত্ত্যা যথা ॥

হন্ত দেহহতকৈঃ কিমমীভিঃ
পালিতৈর্বিফলপুণ্যফলৈ র্নঃ।
এহি কালিয়হ্রদে বিষবহ্নৌ
স্বং কুটুম্বিনি হঠাজ্জুহবাম ॥

বিপ্রয়োগেন যথা ॥

অসঙ্গমান্মাধবমাধুরীণা-
মপুষ্পিতে নীরসতাং প্রয়াতে।
বৃন্দাবনে শীর্য্যতি হা কুতোঽংসৌ

ন ইতি দ্বিত্বেঽপি বহুবচনং অস্মদোর্দ্বয়োশ্চেতি পাণিনিস্মরণাদ্দেহহতকৈরিত্যত্র তু বহুজন্মতাপেক্ষয়া ॥ ৫ ॥

হইয়া থাকে ॥

এই নির্ব্বেদে চিন্তা, অশ্রু, বৈবর্ণ্য, দৈন্য এবং দীর্ঘ নিশ্বাসাদি হইয়া থাকে ॥ ৪ ॥

তন্মধ্যে মহাদুঃখ নিমিত্ত নির্ব্বেদ যথা ॥

হে গৃহকুটুম্বিনি যশোদে! হায়! আমাদের পুণ্য রহিত এই হত দেহকে পালন করিলে কি হইবে? আইস আমরা বিষাগ্নি যুক্ত কালিয় হ্রদে শীঘ্র আত্মদেহকে আহতি প্রদান করি ॥

বিরহে নির্ব্বেদ যথা ॥

মাধব মাধুর্য্যের অপ্রাপ্তি হেতু বৃন্দাবন পুষ্পহীন বিশীর্ণ হইয়া নীরসত্ব প্রাপ্ত হইলে, হায়! কৃষ্ণ কোথায় এই বলিয়া

প্রাণিত্যপুণ্যঃ সুবলো দ্বিরেফঃ ॥ ৫ ॥

যথা বা দানকেলিকৌমুদ্যাং ॥

ভবতু মাধবজল্পমশৃণ্বতোঃ
শ্রবণয়োরলমশ্রবণি র্মম।
তমবিলোকয়তোরবিলোকনিঃ
সখি বিলোকনয়োশ্চ কিলানয়োঃ ॥ ৬ ॥

ঈর্ষ্যয়া যথা হরিবংশে ॥

সত্যাদেবীবাক্যং ॥

স্তোতব্যা যদি তাবৎ সা নারদেন তবাগ্রতঃ।
দুর্ভগোহয়ং জনস্তত্র কিমর্থমনু শব্দিতঃ ॥

অশ্রবণিরিত্যাক্রোশেন ॥ ৬ ॥

সা রুক্মিণী। অয়ং মল্লক্ষণঃ ॥ ৭ ॥

পুণ্যরহিত সুবল রূপ ভ্রমর তথা হইতে প্রস্থান করিল ॥৫॥

যথাবা দানকেলিকৌমুদীতে ॥

হে সখি! মাধবের গুণানুবাদ শ্রবণ না করায় আমার কর্ণদ্বয়ের বধিরতাই ভাল এবং তাঁহাকে দর্শন করিতে না পাওয়ায় আমার লোচনদ্বয়ের অন্ধত্বই ভাল ॥ ৬ ॥

ঈর্ষ্যাহেতু নির্ব্বেদ যথা ॥

হরিবংশে সত্যভামা দেবীর বাক্য যথা ॥

হে কৃষ্ণ! নারদ যদি তোমার অগ্রে রুক্মিণীর প্রশংসা করিতে লাগিলেন, তাহা হইলে মাদৃশ এই দুর্ভাগ্য জনের কথায় প্রয়োজন কি? ॥

সদ্বিবেকেন যথা শ্রীদশমে ॥

গমৈষ কালোঽজিত নিষ্ফলো গতো

রাজ্যশ্রিয়োন্নদ্ধমদস্য ভূপতেঃ।

মর্ত্যাত্মবুদ্ধেঃ সুতদারকোশভূ-

ম্বাসজ্জমানস্য দুরন্তচিন্তয়া ॥ ৭ ॥

অমঙ্গলমপি প্রোচ্য নির্ব্বেদং প্রথমং মুনিঃ।

মেনেঽমুং স্থায়িনং শান্তে ইতি জল্পন্তি কেচন ॥

অথ বিষাদঃ ॥

কেচনেতি। স্বমতে তু শান্তরসে শান্ত্যাখ্যায়ারতেরেব স্থায়িভাবত্বাৎ। অত্র নির্ব্বেদস্য প্রথমোক্তিস্তু মুনিবচনানুবাদরূপত্বাদিতি ভাবঃ ॥ ৮ ॥

সদ্বিবেক অর্থাৎ অকর্ত্তব্যের করণ এবং কর্ত্তব্যের অকরণ নিমিত্ত নির্ব্বেদ যথা ॥

শ্রীদশমে ৫১ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

হে অজিত! কেবল অন্য লোক সংসারে পতিত হইতেছে এমত নহে, আমিও এইরূপ হইতেছি, দেহেতে আমার আত্মবুদ্ধি আছে, অতএব দুরন্ত-চিন্তা-দ্বারা পুত্র কলত্র, কোশ, ভূমি প্রভৃতিতে রাজ্য শ্রীদ্বারা উন্নদ্ধমদ হইয়াছি, আমারও কাল বিফলে গত হইল ॥ ৭ ॥

ভরত মুনি প্রথমে নির্ব্বেদকে অমঙ্গল বলিয়াই কীর্ত্তন করিয়াছেন, কিন্তু কোন কোন পণ্ডিত ইহাকে শান্তরসে শান্ত্যাখ্যা রতির স্থায়িভাব বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

অথ বিষাদ ॥

ইষ্টানবাপ্তিপ্রারব্ধকার্য্যাসিদ্ধিবিপত্তিতঃ।
অপরাধিতোঽপি স্যাদনুতাপো বিষণ্ণতা॥
অত্রোপায়সহায়ানুসন্ধিশ্চিন্তা চ রোদনং।
বিলাপশ্বাসবৈবর্ণ্যমুখশোষাদয়োঽপি চ॥ ৮॥
তত্রেষ্টানবাপ্তিতো যথা॥
জরাং যাতা মূর্ত্তির্মম বিবশতাং বাগপি গতা
মনোবৃত্তিশ্চেয়ং স্মৃতিবিধুরতাপদ্ধতিমগাৎ।
অঘধ্বংসিন্ দূরে বসতু ভবদালোকন শশী
ময়া হন্ত প্রাপ্তো ন ভজনরুচেরপ্যবসরঃ॥
প্রারব্ধকার্য্যাসিদ্ধের্যথা॥

বিধুরতা রহিতত্বং॥ ৯॥

ইষ্টবস্তুর অপ্রাপ্তি, প্রারব্ধকার্য্যের অসিদ্ধি, বিপত্তি এবং অপরাধাদি হইতে যে অনুতাপ জন্মে তাহার নাম বিষাদ॥

এই বিষাদে উপায় ও সহায়ের অনুসন্ধান, চিন্তা, রোদন, বিলাপ, শ্বাস, বৈবর্ণ্য ও মুখশোষাদি হইয়া থাকে॥ ৮॥

তন্মধ্যে ইষ্ট বস্তুর অপ্রাপ্তিনিমিত্ত বিষাদ যথা॥

হে অঘনাশন শ্রীকৃষ্ণ! আমার শরীর জরাগ্রস্ত, বাক্যও অবশ এবং মনোবৃত্তিও স্মৃতিরহিত হইয়াছে, আপনার দর্শন রূপ শশীও দূরে বাস করিতেছেন, হায়! এ যাবৎ আমি আপনার ভজনরুচিরও অবসর প্রাপ্ত হইলাম না॥

প্রারব্ধকার্য্যের অসিদ্ধিহেতু নির্ব্বেদ যথা॥

স্বপ্নে ময়াদ্য কুসুমানি কিলাহৃতানি
যত্নেন তৈর্বিরচিতা নবমালিকা চ।
যাবন্মুকুন্দ হৃদি হন্ত নিধীয়তে সা
হা তাবদেব তরসা বিররাম নিদ্রা ॥ ৯ ॥
বিপত্তের্যথা ॥
কথমনায়ি পুরে ময়কা সুতঃ
কথমসৌ ন নিগৃহ্য গৃহে ধৃতঃ।
অমুমহো কত দন্তিবিধুন্তুদো
বিধুরিতং বিধুমত্র বিধিৎসতি ॥ ১০ ॥
অপরাধাদযথা শ্রীদশমে ॥

কথমনায়ীতি শ্রীব্রজেন্দ্রবচনং তচ্চ মঞ্চানামত্যুচ্চত্বেন দূরেঽপি দর্শন সম্ভবাৎ। বিধুরিতং দুঃখিতং বিধিৎসতি কর্ত্তুমিচ্ছতি। হরিরিত্যাদি পাঠান্তরং ত্যক্তং ॥ ১০ ॥

অদ্য আমি স্বপ্ন যোগে পুষ্পচয়ন করত যত্ন-সহকারে বনমালা রচনা করিয়া যেই মুকুন্দ হৃদয়ে সমর্পণ করিব, হা কষ্ট! হঠাৎ সেই সময়েই আমার নিদ্রাভঙ্গ হইল ॥ ৯ ॥

বিপত্তিহেতু বিষাদ যথা ॥

গোপরাজ নন্দ কহিলেন হায়!, কেন আমি পুত্রকে গৃহে অবরোধ করিয়া রাখিলাম না, কি কারণ সঙ্গে করিয়া মথুরায় লইয়া আসিলাম, এই কৃষ্ণচন্দ্রকে কুবলয়াপীড় হস্তিরূপ রাহু ক্লেশ দিতে ইচ্ছা করিতেছে ॥ ১০ ॥

অপরাধহেতু বিষাদ যথা ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

পশ্যেশ মেহনার্য্যমনন্ত আদ্যে
পরাত্মনি ত্বয্যপি মায়ি মায়িনি।
মায়াং বিতত্যেক্ষিতুমাত্মবৈভবং
হ্যহং কিয়ানৈচ্ছমিবার্চ্চিরগ্নৌ ॥ ১১ ॥

যথা বা ॥

স্যমন্তকমহং হৃত্বা গতো ঘোরাস্যমন্তকং।
করবৈ তরণীং কাম্বা ক্ষিপ্তো বৈতরণীমনু ॥ ১২ ॥

অর্য্যঃ সুজন স্তস্য ভাব আর্য্যং অতস্তদ্বিপরীতং দৌর্জন্যমনার্য্যং। কিন্তৎ আত্মনস্তব বৈভবং মাহাত্ম্যমীক্ষিতুং যৎ। দ্রষ্টুং মঞ্জুম্মহিত্বমিত্যুক্তেঃ। নম্বেবঞ্চেত্তর্হি কো দোষস্তত্রাহ ত্বন্মাহাত্ম্যং দ্রষ্টুং তত্রাপি মায়াং বিতত্য দ্রষ্টুং কিয়ানূকো বরাকোঽহমিত্যর্থঃ। কিয়ত্ত্বে দৃষ্টান্তঃ অগ্নৌ অর্চ্চিরিবেতি ॥ ১১ ॥

স্যমন্তকমহমিত্যক্রূরচিন্তা। কাম্বেত্যত্রতু কিম্বেতি পাঠঃ সভ্যঃ ॥ ১২ ॥

ব্রহ্মা কহিলেন হে ঈশ! আমার দৌর্জন্য দেখুন, আপনি অনন্ত, আদ্য, পরমাত্মা, মায়াবিদিগেরও মোহনকারী, আমি আপনার প্রতি স্বীয় মায়া বিস্তার করিয়া আত্মৈশ্বর্য্য নিরীক্ষণ করিতে ইচ্ছা করিয়াছিলাম। অহো! যদ্রূপ অগ্নিহইতে উত্থিত অগ্নিশিখা অগ্নির প্রতি কোন কার্য্যকর হয় না, তাঁহার ন্যায় আপনার প্রতি ঐরূপ করিতে গিয়া আমি কিঞ্চিৎকর হইয়াও উঠিতে পারি নাই ॥ ১১ ॥

যথাবা ॥

স্যমন্তক-মণিহরণ করিয়া ভয়ানক যমের মুখে পতিত হইলাম, এখন বৈতরণীতে অনুক্ষিপ্ত হইয়া উদ্ধারার্থ কাহাকেই তরণী করিব ॥ ১২ ॥

অথ দৈন্যং ॥

দুঃখত্রাসাপরাধাদ্যৈরনৌর্জ্জিত্যন্তু দীনতা।

চাটুকৃন্মান্দ্য মালিন্য চিন্তাঙ্গ জড়িমাদিকৃৎ ॥

তত্র দুঃখেন যথা শ্রীদশমে ॥

চিরমিহ বৃজিনার্ত্তস্তপ্যমানোনুতাপৈ-

রবিতৃষষড়মিত্রো লব্ধশান্তিঃ কথঞ্চিৎ।

শরণদ সমুপেতস্ত্বৎপদাব্জং পরাত্ম-

ন ভয়মৃতমশোকং পাহি মাপন্নমীশ ॥ ১৩ ॥

অনৌর্জ্জিত্যমাত্মন্যতিনিকৃষ্টতা মননং। চাটুস্তবময়ী যাচ্ঞা। হৃদয়স্য মান্দ্যমপাটবং মালিন্যমস্বাচ্ছাং চিন্তা নানাভাবনা ॥ ১৩ ॥

অথ দৈন্য ॥

দুঃখ ত্রাস ও অপরাধাদি হইতে যে দৌর্ব্বল্য হয় তাহার নাম দৈন্য, এই দৈন্যে, চাটু, হৃদয়ের ক্ষুণ্ণতা, মলিনতা চিন্তা এবং অঙ্গের জড়তা হয় ॥

তন্মধ্যে দুঃখহেতু দৈন্য যথা ॥

শ্রীদশমে ৫১ অধ্যায়ে ৩৯ শ্লোকে ॥

মুচুকুন্দ কহিলেন প্রভো! আমি কর্ম্ম ফলে চিরকাল পীড়িত আছি, আবার তাহারই বাসনায় সন্তপ্ত হইয়াছি তথাপি ছয় রিপু (ছয় ইন্দ্রিয়) তৃষ্ণা শূন্য হয় নাই, কথঞ্চিৎ দৈববশতঃ শান্তি লাভ হওয়ায় আপনার পাদপদ্ম যাহা অশোক, অভয় ও অমৃত, তাহা প্রাপ্ত হইলাম। হে শরণদ! হে আত্মন্! হে ঈশ! আমি আপদে ব্যাপ্ত, আমাকে রক্ষা করুন ॥ ১৩ ॥

ত্রাসেন যথা প্রথমে ॥

অভিদ্রবতিমামীশ শরস্তপ্তায়সঃ প্রভো।

কামং দহতু মাং নাথ মা মে গর্ভো নিপাত্যতাং ॥ ১৪ ॥

অপরাধেন যথা শ্রীদশমে ॥

অতঃ ক্ষমস্বাচ্যুত মে রজো ভুবো

হ্যজানতস্ত্বৎ পৃথগীশ মানিনঃ।

শ্রীপরীক্ষিন্মাতা তং গর্ভস্থিতং শ্রীকৃষ্ণসেবায়ামর্হিষ্যন্তং মত্বা স্বস্ত তত্রা-যোগ্যং মত্বা তদ্রক্ষার্থং নিবেদয়তি অভিদ্রবতীতি তপ্তমযিমুদিগরং আয়সং লোহশল্যং যস্য সঃ ॥ ১৪ ॥

অজ্ঞো জগৎকর্ত্তাহমিতি মদেন গাঢ়তমোরূপেণ অন্ধীভূত নেত্রস্য অতস্ত্বৎ পৃথগীশমানিনঃ অন্যত্র প্রভুম্মন্যত্বেন বর্ত্তমানোহপি এবোহমনুকম্প্যঃ কথং নাথ

ত্রাসহেতু দৈন্য যথা ॥

প্রথমস্কন্ধে ৮ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

উত্তরা কহিলেন হে প্রভো! জ্বলন্ত শল্যযুক্ত এই শর আমার অভিমুখে বেগে আসিতেছে, হে নাথ! এ আমাকে যদৃচ্ছাক্রমে দগ্ধ করুক তাহাতে খেদ নাই, আমার গর্ভটী যেন নিপাত না করে ॥ ১৪ ॥

অপরাধ হেতু দৈন্য যথা ॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে অচ্যুত! আমি রজোগুণে উৎপন্ন হইয়াছি একারণ অজ্ঞ, সুতরাং "আমি জগৎ কর্ত্তা" এই যে মদ, যাহা প্রগাঢ় তিমির স্বরূপ, তাহাতে আমার নেত্রদ্বয়

অজাবলেপান্ধতমোহন্ধচক্ষুষ
এষোঽনুকম্প্যো ময়ি নাথবানিতি ॥
আদ্যশব্দেন লজ্জয়াপি যথা তত্রৈব ॥
মানয়ং ভোঃ কৃথাস্ত্বাস্তু নন্দগোপসুতং প্রিয়ং।
জানীমোঽঙ্গ ব্রজশ্লাঘ্যং দেহিবাসাংসি বেপিতাঃ ॥ ১৫ ॥
অথ গ্লানিঃ ॥
ওজঃ সোমাত্মকং দেহে বলপুষ্টিকৃদস্য তু।

বান্ দাস ইত্যেবং। নন্ত পরমেষ্ঠিন স্তব দাস্যং কিমর্থং তত্রাহ ময়ি ভগবতি নিমিত্তে মদেকপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ ॥ ১৫ ॥
ওজঃ শুক্রাদপ্যুৎকৃষ্টো ধাতুবিশেষঃ ॥ ১৬ ॥

অন্ধীভূত হইয়াছে, অতএব তোমা হইতে পৃথক্ ঈশ্বর আছেন এইরূপ মানিতেছি। প্রভো! এ ব্যক্তি অন্যত্র প্রভুত্ব রূপে বর্ত্তমান হইলেও আমারই ভৃত্য অতএব এ আমার অনুকম্পনীয়” মনে করিয়া আমাকে ক্ষমা করুন ॥

আদিশব্দপ্রযুক্ত লজ্জা নিমিত্ত দৈন্য যথা ॥

শ্রীদশমে ২২ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

গোপীগণ কহিলেন অহে কৃষ্ণ! অন্যায় কর কেন, আমরা জানি তুমি নন্দগোপতনয়, ব্রজের শ্লাঘ্য এবং আমাদের প্রিয় আমাদের বস্ত্র সকল দাও, এই দেখ আমরা কাঁপিতেছি ॥১৫

অথ গ্লানি ॥

দেহে বল ও পুষ্টিকারি, যাহার অধিষ্ঠাতৃ দেবতা চন্দ্র, সেই ওজঃ অর্থাৎ শুক্র হইতে কোন উৎকৃষ্ট ধাতু বিশেষ,

ক্ষয়াচ্ছ্রমাধিরত্যাদ্যৈর্গ্লানির্নিষ্প্রাণতা মতা।
কম্পাঙ্গজাড্যবৈবর্ণ্য কার্শ্য দৃগ্ভ্রমণাদিকৃৎ ॥ ১৬ ॥
তত্র শ্রমেণ যথা ॥
আঘূর্ণন্মণি বলয়োজ্জ্বল প্রকোষ্ঠা
গোষ্ঠান্তর্মধুরিপুকীর্ত্তিনর্ত্তিতোষ্ঠী
লোলাক্ষী দধিকলসং বিলোড়য়ন্তী
কৃষ্ণায় ক্লমভর নিঃসহা বভূব ॥

লোলাক্ষীতি মধুরিপুকীর্ত্তিগানে শ্বশ্রূপ্রভৃতিত আশঙ্কয়া। নিঃসহা বিবশাঙ্গী ॥ ১৭ ॥

শ্রম, মনঃপীড়া ও রত্যাদি দ্বারা তাহার ক্ষয় হইলে যে দুর্ব্বলতা জন্মে তাহার নাম গ্লানি ॥

ইহাতে কম্প, অঙ্গের জড়তা, বৈবর্ণ্য, কৃশতা এবং নয়নের চাপল্যাদি হইয়া থাকে ॥ ১৬ ॥

তন্মধ্যে শ্রমহেতু গ্লানি যথা ॥

এক দিবস শ্রীরাধা গোকুল মধ্যে শ্রীকৃষ্ণের নিমিত্ত দধি মন্থন করিতেছিলেন, তৎকালীন তাঁহার হস্তস্থ মণিময় উজ্জ্বল বলয় সকল এবং ঘূর্ণিত ও মধুরিপুর নাম কীর্ত্তনে ওষ্ঠদ্বয় নর্ত্তন করিতেছিল, শ্রীরাধা মনে করিলেন আমি যে শ্রীকৃষ্ণের গুণ কীর্ত্তন করিতেছি; পাছে শ্বশ্রূগণ শুনিতে পান এই আশঙ্কায় দধি কলস বিলোড়ন করিতে করিতে শ্রমভরে বিবশাঙ্গী হইয়া পড়িলেন ॥

যথা বা ॥

গুম্ফিতুং নিরুপমাং বনস্রজং

চারু পুষ্পপটলং বিচিম্বতী।

দুর্গমে ক্লমভরাতিদুর্ব্বলা

কাননে ক্ষণমভূন্মৃগেক্ষণা ॥ ১৭ ॥

আধিনা যথা ॥

সারস ব্যতিকরেণ বিহীনা

ক্ষীণজীবনতয়োচ্চলহংসা।

মাধবাদ্য বিরহেণ তবাম্বা

শুষ্যতিস্ম সরসী শুচিনেব ॥ ১৮ ॥

সা তবাম্বেত্যম্বয়ঃ। রসঃ সুখং ব্যতিকর আসঙ্গঃ পক্ষে সারসানি পক্ষিবিশেষাঃ। পদ্মানি চেত্যেকশেষাৎ। শুচিস্ত্বয়মাষাঢ় ইত্যমরঃ ॥ ১৮ ॥

যথাবা ॥

একদিবস মৃগাক্ষী শ্রীরাধা শ্রীকৃষ্ণার্থ নিরুপম বনমাল গ্রন্থন করিবার অভিলাষে দুর্গম কাননের মধ্যে গমন করিয়াছিলেন, তথায় মনোহর পুষ্প সকল চয়ন করিতে করিতে অতিশয় ক্লান্তিপ্রযুক্ত তিনি ক্ষণকাল দুর্ব্বল হইয়াছিলেন॥১৭

মনঃপীড়া নিমিত্ত গ্লানি যথা ॥

হে মাধব! গ্রীষ্মকালে সারস এবং হংস বিরহিত সরোবর যেমন শুষ্ক হয়, তাহার ন্যায় তোমার বিরহে অদ্য তোমার মাতা যশোদা শুষ্ক হইতেছেন ॥ ১৮ ॥

রত্যা যথা রসসুধাকরে॥

অতিপ্রযত্নেন রতান্ততান্তা

কৃষ্ণেন তল্পাদবরোপিতা সা।

আলম্ব্য তস্যৈব করং করেণ

জ্যোৎস্না কৃতানন্দমলিন্দমাপ॥

অথ শ্রমঃ॥

অধ্ব নৃত্য রতাদ্যুত্থঃ খেদঃ শ্রম ইতীর্য্যতে।

নিদ্রাস্বেদাঙ্গসম্মর্দ্দ জৃম্ভাশ্বাসাদিভাগসৌ॥

অলিন্দং গৃহাগ্রকুট্টিমং॥ ১৯॥

রতি নিমিত্ত গ্লানি যথা॥

রসসুধাকরে॥

রতি ক্রীড়ার অবসানে শ্রীরাধা শয্যা হইতে যে অবতরণ করিবেন এমত শক্তি ছিল না, যত্ন পূর্ব্বক শ্রীকৃষ্ণ শয্যা হইতে অবতারিত করিলে শ্রীরাধা স্বীয় হস্ত দ্বারা তদীয় হস্ত অবলম্বন পূর্ব্বক জ্যোৎস্নাশালি গৃহাগ্রবর্ত্তি কুট্টিম অর্থাৎ চাঁদনি প্রাপ্ত হইয়াছিলেন॥

অথ শ্রম॥

পথ, নৃত্য ও রমণাদি জনিত খেদকে শ্রম বলে। এই শ্রমে নিদ্রা, ঘর্ম্ম, অঙ্গগ্রহ, জৃম্ভা অর্থাৎ হাঁই এবং দীর্ঘশ্বাসাদি হইয়া থাকে॥

তন্মধ্যে পথ ভ্রমণ নিমিত্ত শ্রম যথা॥

তত্রাধ্বনো যথা ॥
কৃতাগসং পুত্ত্রমনুব্রজন্তী
ব্রজাজিরান্তর্ব্রজরাজরাজ্ঞী
পরিস্খলৎ কুন্তলবন্ধনেয়ং
বভূব ঘর্ম্মাম্বুকরম্বিতাঙ্গী ॥
নৃত্যাদ্যথা ॥
বিস্তীর্য্যোত্তরলিতহারমঙ্গহারং
সঙ্গীতোন্মুখমুখরৈর্বৃতঃ সুহৃদ্ভিঃ।
অস্বিদ্যদ্বিরচিত নন্দসূনুপর্ব্বা
কুর্ব্বাণস্তটভুবি তাণ্ডবানি রামঃ ॥
রত্যাদ্যথা ॥

শ্রীকৃষ্ণ অপরাধ করিয়া পলাইতে লাগিলে ব্রজরাজ রাজ্ঞী যশোদা পুত্ত্রের পশ্চাৎ পশ্চাৎ ব্রজাঙ্গণে ধাবমানা হইয়াছিলেন তন্নিবন্ধন তাঁহার কেশবন্ধন আলুলায়িত এবং অঙ্গ সকল ঘর্ম্মাম্বুসিক্ত হইয়াছিল ॥

নৃত্যহেতু শ্রম যথা ॥

শ্রীকৃষ্ণের পর্ব্বোপলক্ষে সঙ্গীতকারি সুহৃদ্গণে পরিবৃত হইয়া যমুনাতটে অঙ্গভঙ্গি সহকারে বলদেব তাণ্ডব রচনা করিলেন, তৎকালীন তাঁহার কণ্ঠস্থ হার আন্দোলিত এবং শরীর হইতে ঘর্ম্মবারি সকল স্রাব হইতে লাগিল ॥

রতিহেতু শ্রম যথা ॥

শ্রীদশমে ৩৩ অধ্যায়ে ২০ শ্লোকে ॥

শ্রীদশমে ॥

তাসাং রতিবিহারেণ শ্রান্তানাং বদনানি সঃ।
প্রামৃজৎ করুণঃ প্রেম্ণা শন্তমেনাঙ্গ পাণিনা ॥

অথ মদঃ ॥

বিবেকহর উল্লাসো মদঃ স দ্বিবিধো মতঃ।
মধুপানভবোঽনঙ্গ বিক্রিয়াভরজোপি চ।
গত্যঙ্গ বাণী স্খলন দৃগ্‌ঘূর্ণা রক্তিমাদিকৃৎ ॥

তত্র মধুপানভবো যথা ললিতমাধবে ॥

বিলে কন্নু বিলিল্যিরে নৃপপিপীলিকাঃ পীড়িতাঃ।
পিনস্মি জগদন্তকং নন্নু হরিঃ ক্রুধং ধাস্যতি।

হে রাজন্! গোপীসকল রতিক্রীড়ায় শ্রান্ত হইলে শ্রীকৃষ্ণ কৃপাতিশয়তা হেতু প্রেমপ্রকাশপূর্ব্বক স্বীয় শুভ করতল দিয়া তাঁহাদের বদন মার্জন করিয়াছিলেন॥

অথ মদ॥

জ্ঞাননাশক আহ্লাদের নাম মদ। এই মদ দুই প্রকার হয়, মধুপানজনিত ও কন্দর্পবিকারাতিশয়জনিত। ইহাতে গতি, অঙ্গ ও বাক্যের স্খলন, নেত্রঘূর্ণা এবং রক্তিমাদি হইয়া থাকে॥

তন্মধ্যে মধুপানজনিত মদ যথা॥

ললিতমাধবে॥

মধুপান জনিত মদে মুক্তকেশ হলধর কহিলেন অরে নৃপপিপীলিকাসকল! তোরা পীড়িত হইয়া কোন্ গর্ত্তে লুকায়িত হইলি, অরে শচীর ক্রীড়ামৃগ ইন্দ্র! তুই কেন হাস্য

শচীগৃহকুরঙ্গ রে হসসি কিং ত্বমিত্যুন্মদ-
স্ম্যুদেতি মদডম্বরস্খলিতচূড়মগ্রে হলী ॥ ১৯ ॥

যথা বা প্রাচাং ॥

ভভভ্রমতি মেদিনী ললললম্বতে চন্দ্রমাঃ
কৃকৃষ্ণ ববদ দ্রুতং হহহসন্তি কিং বৃষ্ণয়ঃ।
সিসীধু মুমুমুঞ্চ মে পপপপানপাত্রে স্থিতং
গদস্খলিতমালপন্ হলধরঃ শ্রিয়ং বঃ ক্রিয়াৎ।
উত্তমস্তু মদাচ্ছেতে মধ্যো হসতি গায়তি।
কনিষ্ঠঃ ক্রোশতি স্বৈরং পরুষং বক্তি রোদিতি।

ভভভ্রমতীতি পদ্যং তস্য গৃহএব স্থিতস্য তত্র কল্পনয়া বচনং জ্ঞেয়ং। বাস্তবত্বে শ্রীকৃষ্ণাদীনাং সঙ্কোচাপত্তেঃ। গদস্খলিতমিত্যতঃ প্রাগিতীত্যধ্যাহার্য্যং।

করিতেছিস্, আমি ব্রহ্মাণ্ড চূর্ণ করিতে উদ্যত হইয়াছি, হরি ইহাতে ক্রোধ করিবেন না ॥ ১৯ ॥

যথাবা প্রাচীনদিগের মত ॥

হে কৃষ্ণ! শীঘ্র বল পৃথিবী কি ঘূর্ণিত হইতেছে,চন্দ্র কি লম্বিতাঙ্গ হইয়া পড়িলেন, অরে যদুগণ তোরা হাস্য করিতেছিস্ কেন? আমার পানপাত্রেস্থিত কদম্বপুষ্পজাত মদ্য পরিত্যাগ কর, এই রূপে মদস্খলিত আলাপকারী হলধর তোমাদের কল্যাণ বিধান করুন ॥

উত্তম ব্যক্তির মত্ততা জন্মিলে সে শয়ন করে, মধ্যম ব্যক্তি হাস্য ও গান করিয়া থাকে এবং কনিষ্ঠ ব্যক্তি স্বেচ্ছাক্রমে নিষ্ঠুর বাক্য প্রয়োগ ও রোদন করিয়া থাকে। তরুণাদি

মদোপি ত্রিবিধঃ প্রোক্তস্তরুণাদিপ্রভেদতঃ।
তত্র নাত্যুপযোগিত্বাদ্বিস্তার্য্য নহি বর্ণিতঃ॥
অনঙ্গবিক্রিয়াভরজো যথা॥
ব্রজপতিসুতমগ্রে বীক্ষ্য ভুগ্নীভবদ্ভ্রূ-
র্ভ্রমতি হসতি রোদিত্যাস্যমন্তর্দধাতি।
প্রলপতি মুহুরালীং বন্দতে পশ্য বৃন্দে
নবমদনমদান্ধা হন্ত গান্ধর্ব্বিকেয়ং॥
অথ গর্ব্বঃ॥
সৌভাগ্যরূপতারুণ্যগুণসর্ব্বোত্তমাশ্রয়ৈঃ।
ইষ্টলাভাদিনা চান্য হেলনং গর্ব্ব ঈর্য্যতে॥ ২০॥

প্রকরণচ্ছেদং নাত্যাদৃতং করিষ্যতে মদোঽপি ত্রিবিধ ইত্যাদিনা॥ ২০॥

অবস্থা ভেদে মদ তিন প্রকার হয়, এস্থলে অতিশয় উপযোগিতা না থাকায় তাহার বিস্তার করা হইল না॥

কন্দর্পবিক্রিয়াতিশয় জনিত মদ যথা॥

হে বৃন্দে! আশ্চর্য্য দর্শন কর, শ্রীরাধা নবমদন মদে অন্ধ হইয়া অগ্রে ব্রজপতিনন্দনকে অবলোকন করত কখন ভ্রূযুগ কুটিল, কখন ভ্রমণ, কখন হাস্য, কখন রোদন, কখন বদন আচ্ছাদন, কখন প্রলাপ এবং কখন মুহুর্মুহুঃ সখীদিগকে প্রণাম করিতেছেন॥

অথ গর্ব্ব॥

সৌভাগ্য, রূপতারুণ্য, গুণ, সর্ব্বোত্তম আশ্রয় এবং ইষ্ট বস্তু লাভাদি দ্বারা অন্যের অবজ্ঞাকে গর্ব্ব কহে॥ ২০॥

তত্র সোল্লুণ্ঠবচনং লীলানুত্তরদায়িতা।
স্বাঙ্গেক্ষা নিহ্নবোঽন্যস্য বচনাশ্রবণাদয়ঃ॥ ২১ ॥
তত্র সৌভাগ্যেন যথা বিল্বমঙ্গলে॥
হস্তমুৎক্ষিপ্য যাতোসি বলাৎ কৃষ্ণ কিমদ্ভুতং।
হৃদয়াদ্যদি নির্যাসি পৌরুষং গণয়ামি তে॥
রূপতারুণ্যেন যথা॥
যস্যাঃ স্বভাব মধুরাং পরিসেব্য মূর্ত্তিং

নিহ্নবঃ স্বাভিপ্রায়াদে র্গোপনং॥ ২১ ॥

হস্তমুৎক্ষিপ্যেতি ন স্বার্থঃ প্রধানং তাদৃক্ প্রেম্ন স্তস্যাত্র দুঃখস্যৈব যোগ্যত্বাৎ গর্ব্বস্যানুপপত্তেঃ। স্বতরাং তু তন্ময়েদৃশ পরিহাসস্যেতি কিন্তু ব্যঙ্গ্য প্রধানমেব। অর্থান্তর সংক্রমিতত্বাৎ তচ্চ যদি ময্যুদাসীনতাং গতোঽসি তথাপি ত্বাং ন ত্যজামীতি॥ ২২ ॥

এই গর্ব্বে সোল্লুণ্ঠবচন, লীলাবশতঃ উত্তর না দেওয়া, নিজাঙ্গ দর্শন, স্বাভিপ্রায়গোপন এবং অন্যের বাক্য না শুনা ইত্যাদি হইয়া থাকে॥ ২১ ॥

তন্মধ্যে সৌভাগ্য নিমিত্ত গর্ব্ব যথা॥

বিল্বমঙ্গলে॥

হে কৃষ্ণ! বলপূর্ব্বক আমার হস্ত ছাড়াইয়া গমন করিলে ইহা আশ্চর্য্য নহে, যদি আমার হৃদয় হইতে যাইতে পার তবেই তোমার পৌরুষ জানিতে পারি॥

রূপতারুণ্যহেতু গর্ব্ব যথা॥

হে কৃষ্ণ! যাঁহার স্বভাবমধুরা মূর্ত্তির সেবা করিয়া

ধন্যা বভূব নিতরামপি যৌবনশ্রীঃ ॥
সেয়ং ত্বয়ি ব্রজবধূশতভুক্তমুক্তে
দৃক্‌পাতমাচরতু কৃষ্ণ কথং সখী মে ॥
গুণেন যথা ॥
গুম্ফন্তু গোপাঃ কুসুমৈঃ সুগন্ধিভি-
র্দামানি কামং ধৃতরামণীয়কৈঃ।
নিধাস্যতে কিন্তু সতৃষ্ণমগ্রতঃ
কৃষ্ণো মদীয়াং হৃদি বিস্মিতঃ স্রজং ॥ ২২ ॥
সর্ব্বোত্তমাশ্রয়েণ যথা শ্রীদশমে ॥
তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্

তথেতি পূর্ব্বার্থ বিরোধে যথা ত্বং মূর্খ স্তথাহং নেতিবৎ। যদ্বা। কিঞ্চেত্যর্থঃ

যৌবন শ্রী নিতান্ত ধন্য হইয়াছে, সেই আমার সখী শ্রীরাধা, শত শত গোপবধূর সঙ্গ করিয়া পরিত্যাগ করিয়াছ যে তুমি, তোমার প্রতি কি প্রকারে দৃক্‌পাত করিবেন ॥

গুণহেতু গর্ব্ব যথা ॥

গোপগণ যথেষ্ট রূপে রমণীয় সুগন্ধিকুসুমদ্বারা মালা গ্রন্থন করুক, কিন্তু শ্রীকৃষ্ণ সতৃষ্ণ হইয়া বিস্ময় প্রকাশপূর্ব্বক অগ্রে মন্নির্ম্মিত মালা হৃদয়ে ধারণ করিয়া থাকেন ॥ ২২ ॥

সর্ব্বোত্তমাশ্রয় হইতে গর্ব্ব যথা ॥

শ্রীদশমে ২ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

ব্রহ্মা কহিলেন হে মাধব! যে সকল ব্যক্তি আপনকার ভক্ত, আপনাতেই সৌহৃদ্য বন্ধন করিয়া থাকেন, তাঁহাদের

ভ্রশ্যন্তি মার্গাত্ত্বয়ি বদ্ধসৌহৃদাঃ।
ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া
বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো ॥ ২৩ ॥
ইষ্টলাভেন যথা ॥
বৃন্দাবনেন্দ্র ভবতঃ পরমং প্রসাদ
মাসাদ্য নন্দিতমতির্মুহুরুদ্ধতোস্মি।
আশংসতে মুনিমনোরথবৃত্তিমৃগ্যাং
বৈকুণ্ঠনাথকরুণামপি নাদ্য চেতঃ ॥
অথ শঙ্কা ॥
স্বীয়চৌর্য্যাপরাধাদেঃ পরক্রৌর্য্যাদিতস্তথা।

ত্বদাশ্রয়েণ বিঘ্নান্ গায়ন্তীতি তাৎপর্য্যার্থঃ মার্গাদপি কিং পুনর্মৃগ্যাৎ ॥ ২৩ ॥
বৃন্দাবনেন্দ্রেতি যথা মথুরাবায়কস্তেবোক্তিঃ ॥ ২৪ ॥

অভক্তের ন্যায় ঐ রূপ দুর্গতি হয় না, তাঁহারা আপনা কর্ত্তৃক অভিরক্ষিত হইয়া নির্ভয়ে বিঘ্নকারি নিকরের অধিপতিদিগের মস্তকোপরি ভ্রমণ করিয়া বেড়ান অর্থাৎ সকল প্রকার বিঘ্ন-জয় করিয়া ফেলেন ॥ ২৩ ॥

ইষ্টলাভহেতু গর্ব্ব যথা ॥

মথুরাস্থ তন্তুবায় কহিল হে বৃন্দাবনেন্দ্র! আপনার পরম অনুগ্রহ প্রাপ্ত হওয়াতে আমি সানন্দচিত্তে অতিশয় উদ্ধত হইয়াছি, মুনিগণের মনোবৃত্তি দ্বারা অন্বেষণীয় বৈকুণ্ঠনাথের করুণার প্রতি অদ্য আমার চিত্ত প্রার্থনা করিতেছে না ॥

অথ শঙ্কা ॥

স্বীয় চৌর্য্যাপবাদ অপরাধ এবং পরের ক্রূরতাদি হইতে

স্বানিষ্টোৎপ্রেক্ষণং যত্তু সা শঙ্কেত্যভিধীয়তে ॥
অত্রাস্যশোষবৈবর্ণ্য দিক্‌প্রেক্ষা লীনতাদয়ঃ ॥ ২৪ ॥
তত্র চৌর্য্যাদযথা ॥
সতর্ণকং ডিম্ভকদম্বকং হরন্
সদম্ভমম্ভোরুহসম্ভব স্তদা।
তিরো ভবিষ্যন্ হরিতশ্চলেক্ষণৈ-
রষ্টাভিরষ্টৌ হরিতঃ সমীক্ষতে ॥
যথা বা ॥
স্যমন্তকং হন্ত বমন্তমর্থং
নিহ্নুত্য দূরে যদহং প্রযাতঃ।

হরিতঃ হরেঃ সকাশাৎ পুনর্হরিতোদিশঃ ॥ ২৫ ॥

যে আপনার অনিষ্ট দর্শন তাহাকে শঙ্কা বলে। এই শঙ্কায় মুখশোষ, বৈবর্ণ্য, দিক্ নিরীক্ষণ এবং লুকায়িত হওন প্রভৃতি হইয়া থাকে ॥ ২৪ ॥

তন্মধ্যে চৌর্য্যহেতু শঙ্কা যথা ॥

পদ্মযোনি ব্রহ্মা দম্ভ পূর্ব্বক বৎস বালক সকল হরণ করিয়া হরির নিকট হইতে তিরোহিত হইতে ইচ্ছা করিলেন এবং শঙ্কাবশতঃ তৎকালীন তাঁহার অষ্টনেত্র অষ্টদিকের প্রতি পতিত হইতে লাগিল ॥

যথাবা ॥

অক্রূর মনে মনে কহিলেন হায়! আমি যখন স্বর্ণ প্রসবকারি স্যমন্তক মণি হরণ করিয়া গোপনভাবে দূরদেশে আগ-

অবদ্যমদ্যাপি তদেব কর্ম্ম
শর্ম্মাণি চিত্তে মম নির্ভিনত্তি ॥
অপরাধাদ্‌যথা ॥
তদবধি মলিনোসি নন্দগোষ্ঠে
যদবধি বৃষ্টিমচীকরঃ শচীশ।
শৃণু হিতমভিতঃ প্রপদ্য কৃষ্ণং
শ্রিয়মবিশঙ্কমলং কুরু ত্বমৈন্দ্রীং ॥ ২৫ ॥
পরক্রৌর্য্যেণ যথা পদ্যাবল্যাং ॥
প্রথয়তি ন তথা মমার্ত্তিমুচ্চৈঃ
সহচরি বল্লবচন্দ্রবিপ্রয়োগঃ।

কটুভিরিতি তদানীমসম্ভবমপি স্নেহমাত্রেণাশঙ্কতে। অনিষ্টাশঙ্কীনি বন্ধুহৃদয়ানীতি ন্যায়েন ॥ ২৬ ॥

মন করিয়াছি, এই কারণে সেই নিন্দিত কর্ম্ম অদ্যাপি আমার চিত্তে সুখ সকল ভেদ করিয়া দিতেছে ॥

অপরাধহেতু শঙ্কা যথা ॥

অহে শচীপতি ইন্দ্র! যে অবধি তুমি নন্দগোষ্ঠে বৃষ্টি করিয়াছ, সেই অবধি তোমার মলিনতা জন্মিয়াছে, অতএব হিত বলি শ্রবণ কর, তুমি সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণচরণারবিন্দে প্রপন্ন হইয়া নির্ব্বিশঙ্কচিত্তে ঐন্দ্রী সম্পৎ সম্ভোগ কর ॥২৫॥

পরক্রৌর্য্য অর্থাৎ পরের নিষ্ঠুরতা হেতু শঙ্কা যথা ॥

পদ্যাবলীতে ॥

হে সহচরি! তীব্র অসুরমণ্ডলে পরিবৃত অসুরপতি কংসের মথুরানগরে শ্রীকৃষ্ণের বাস যেমন আমার ব্যথা

কটুভিরসুরমণ্ডলৈঃ পরীতে
দনুজপতের্নগরে যথাস্য বাসঃ ॥
শঙ্কা তু প্রবরস্ত্রীণাং ভীরুত্বাদ্ভয়কৃদ্ভবেৎ ॥
অথ ত্রাসঃ ॥
ত্রাসঃ ক্ষোভো হৃদি তড়িদ্ঘোরসত্ত্বোগ্রনিস্বনৈঃ।
পার্শ্বস্থালম্বরোমাঞ্চকম্পস্তম্ভভ্রমাদিকৃৎ ॥
অথ তড়িতা যথা ॥
বাঢ়ং নিবিড়য়া সদ্যস্তড়িতা তাড়িতেক্ষণঃ।
রক্ষ কৃষ্ণেতি চুক্রোশ কোঽপি গোপীস্তনন্ধয়ঃ ॥

বিস্তার করিতেছে, তাঁহার বিরহ আমার পীড়া বিস্তার করিতেছে না ॥

উত্তম স্ত্রীদিগের ভীরুস্বভাব প্রযুক্ত শঙ্কা ভয়কারিণী হইয়া থাকে ॥

অথ ত্রাস ॥

বিদ্যুৎ,ভয়ানক প্রাণি, এবং প্রখর শব্দ হইতে হৃদয়ে যে ক্ষোভ জন্মে তাহার নাম ত্রাস ॥

এই ত্রাসে পার্শ্বস্থ বস্তুর আলম্বন, রোমাঞ্চ, কম্প, স্তম্ভ এবং ভ্রমাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে বিদ্যুৎ হইতে ত্রাস যথা ॥

কোন গোপবালক অতিশয় নিবিড় তড়িৎ দ্বারা তাড়িত নেত্র হইয়া "হে কৃষ্ণ রক্ষা কর" এই বলিয়া উচ্চ শব্দ করিয়াছিল ॥

ঘোরসত্ত্বেন যথা ॥

অদূরমাসেদুষি বল্লবাঙ্গনা
স্বং পুঙ্গবীকৃত্য সুরারিপুঙ্গবে।
কৃষ্ণভ্রমেণাশু তরঙ্গদঙ্গিকা
তমালমালিঙ্গ্য বভূব নিশ্চলা ॥ ২৬ ॥

উগ্রনিস্বনেন যথা ॥

আকর্ণ্য কর্ণপদবীবিপদং যশোদা
বিস্ফূর্জ্জিতং দিশি দিশি প্রকটং বৃকাণাং।
যামামিকাম চতুরা চতুরঃ স্বপুত্রং
সা নেত্রচত্বরচরং চিরমাচচার ॥ ২৭ ॥

আকর্ণ্যেতি শ্রীহরিবংশানুসারি বচনং ॥ ২৭ ॥

ভয়ানকজন্তু হইতে ত্রাস যথা ॥

দেবশত্রু বৃষাসুর বৃষজাতির ন্যায় শব্দ করিতে করিতে নিকটে আসিয়া উপস্থিত হইলে কম্পিতাঙ্গী গোপাঙ্গনা সকল, কৃষ্ণ ভ্রমে শীঘ্র তমালতরু আলিঙ্গন করিয়া নিশ্চলা হইয়া ছিলেন ॥ ২৬ ॥

উগ্রশব্দ হইতে ত্রাস যথা ॥

সকল দিকে বৃকগণের অর্থাৎ নেকড়িয়া বাঘ সকলের কর্ণশূল রূপ ভয়ানক গর্জন শ্রবণ করিয়া স্বকার্য্য চতুরা যশোদা সমস্ত দিবস শ্রীকৃষ্ণকে নয়নের অন্তরাল করেন নাই, চোখে চোখে রাখিয়াছিলেন ॥ ২৭ ॥

গাত্রোৎকম্পী মনঃকম্পঃ সহসা ত্রাস উচ্যতে।
পূর্ব্বাপরবিচারোত্থং ভয়ং ত্রাসাৎ পৃথগ্ভবেৎ ॥
অথাবেগঃ ॥
চিত্তস্য সম্ভ্রমো যঃ স্যাদাবেগোঽয়ং সচাষ্টধা।
প্রিয়াপ্রিয়ানলমরুদ্বর্ষোৎপাত গজারিতঃ ॥ ২৮ ॥
প্রিয়োত্থে পুলকঃ সান্ত্বং চাপল্যাভ্যুদ্গমাদয়ঃ।

পূর্ব্বোক্তং ত্রাসং ভয়াৎ পৃথক্ কর্ত্তুমাহ গাত্রেতি। মনঃ কম্পোঽত্র পূর্ব্বোক্তো হৃৎক্ষোভ এবোচ্যতে। সহসেতি পূর্ব্বাপরবিচার বিনাভূতমুচ্যতে অতর্কিতেতু সহসেত্যমরঃ। ততশ্চ স খলু মনঃকম্পঃ সহসা গাত্রোৎকম্পী চেৎ ত্রাস উচ্যতে ভয়ন্তু পূর্ব্বাপরবিচারোত্থং ভবতি। বিচারোত্থ ইতি বা পাঠঃ। মনঃকম্প এব বিচারোত্থশ্চেত্তয়মুচ্যতে অতএব ত্রাসাৎ পৃথগ্ভবেদিত্যর্থঃ ॥ ২৮ ॥

সান্ত্বং প্রিয়ভাষণং অভ্যুদ্গমোঽভ্যুত্থানং জাতসম্ভ্রমা ইতি যুধিষ্ঠিরাদয়ঃ ॥ ২৯ ॥

হঠাৎ মনঃকম্প ও গাত্রকম্পের নাম ত্রাস, ইহা ভয় হইতে পৃথক্, কারণ, ভয়ে পূর্ব্বাপর বিবেচনা থাকে, ত্রাসে তাহা সম্ভব হয় না ॥

অথ আবেগ ॥

যাহা চিত্তের সম্ভ্রম অর্থাৎ ভয়াদি জনিত ত্বরাকারী হয় তাহার নাম আবেগ। এই আবেগ প্রিয়, অপ্রিয়, অগ্নি, বায়ু, বর্ষা, উৎপাত, গজ এবং শত্রু হইতে উৎপন্ন হইয়া আট প্রকার হয় ॥ ২৮ ॥

প্রিয়োত্থ আবেগ হইতে পুলক, প্রিয়ভাষণ, চাপল্য এবং

অপ্রিয়োত্থে তু ভূপাত বিক্রোশভ্রমণাদয়ঃ।
ব্যত্যস্তগতিকম্পাক্ষিমীলনাস্রাদয়োঽগ্নিজে।
বাতজেঽঙ্গাবৃতি ক্ষিপ্রগতি দৃঙ্মার্জ্জনাদয়ঃ।
বৃষ্টিজো ধাবন চ্ছত্র গাত্রসঙ্কোচনাদিকৃৎ।
ঔৎপাতে মুখবৈবর্ণ্য বিস্ময়োৎকম্পিতাদয়ঃ।
গাজে পলায়নোৎকম্প ত্রাস পৃষ্ঠেক্ষণাদয়ঃ।
অরিজো বর্ম্মশস্ত্রাদি গৃহাপসরণাদিকৃৎ॥
তত্র প্রিয়দর্শনজো যথা॥
প্রেক্ষ্য বৃন্দাবনাৎ পুত্রমায়ান্তং প্রস্নুতস্তনী।

অভ্যুত্থানাদি হয়। অপ্রিয়োত্থ আবেগ হইতে ভূমিপতন, চীৎকার শব্দ ও ভ্রমণাদি হয়, অগ্নিজনিত আবেগে ব্যতিব্যস্ত গতি, কম্প, নয়নমুদ্রন ও অশ্রু প্রভৃতি হইয়া থাকে। বায়ুজনিত আবেগে অঙ্গাবরণ, দ্রুতগমন ও চক্ষু মার্জনাদি হয়। বৃষ্টিজনিত আবেগে ধাবন, ছত্রগ্রহণ এবং অঙ্গসঙ্কোচনাদি হয়। উৎপাতজনিত আবেগ হইতে মুখবৈবর্ণ্য, বিস্ময় এবং উৎকম্পনাদি হয়। গজজনিত আবেগ হইতে পলায়ন, উৎকম্প, ত্রাস ও পশ্চাৎ নিরীক্ষণাদি হয়। শত্রুজনিত আবেগ হইতে বর্ম্ম, শস্ত্রাদি গ্রহণ এবং গৃহ হইতে অপসরণ অর্থাৎ স্থানান্তর গমন প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে প্রিয়দর্শন জনিত আবেগ যথা॥

বৃন্দাবন হইতে পুত্র শ্রীকৃষ্ণ আগমন করিলেন দেখিয়া

সঙ্কুলা পুলকৈরাসীদাকুলা গোকুলেশ্বরী ॥
প্রিয়শ্রবণজো যথা শ্রীদশমে ॥
শ্রুত্বাচ্যুতমুপায়ান্তং নিত্যং তদ্দর্শনোৎসুকাঃ।
তৎকথাক্ষিপ্তমনসো বভূবুর্জাতসম্ভ্রমাঃ ॥ ২৯ ॥
অপ্রিয়দর্শনজো যথা ॥
কিমিদং কিমিদং কিমেতদুচ্চৈ-
রিতি ঘোরধ্বনিঘূর্ণিতালপন্তী।
নিশি বক্ষসি বীক্ষ্য পূতনায়া

কিমিদমিত্যাদাবিতি লপন্তীত্যন্বয়ঃ ॥ ৩০ ॥

স্নুতস্তনী গোকুলেশ্বরী যশোদা পুলক সঙ্কুলে আকুল হইয়া ছিলেন ॥

প্রিয়শ্রবণ হইতে আবেগ যথা।

শ্রীদশমে ২৩ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

হে রাজন্! বিপ্রবনিতাদের চিত্ত কৃষ্ণকথাতেই আক্ষিপ্ত ছিল, তাঁহারা নিত্যই শ্রীকৃষ্ণ দর্শনার্থ উৎসুক থাকিতেন, তিনি সমীপে আগমন করিয়াছেন, শুনিবামাত্র অতিশয় ব্যস্ত হইয়াছিলেন ॥ ২৯ ॥

অপ্রিয়দর্শন জনিত আবেগ যথা ॥

রজনীযোগে ঘোরতর উচ্চধ্বনি শ্রবণ করিয়া একি একি বলিতে বলিতে যশোদা পূতনার বক্ষঃস্থলে স্বীয় পুত্র শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন কিন্তু কি করিবেন উপায়ান্তর

স্তনয়ং ভ্রাম্যতি সম্ভ্রমাদ্যশোদা ॥ ৩০ ॥

অপ্রিয়শ্রবণজো যথা ॥

নিশম্য পুত্রং ক্রুটতোস্তটান্তে
মহীজয়োর্মধ্যগমূর্দ্ধনেত্রা।
আভীররাজ্ঞী হৃদি সম্ভ্রমেণ
বিদ্ধা বিধেয়ং ন বিদাঞ্চকার ॥ ৩১ ॥

অগ্নিজো যথা ॥

ধীর্ব্যগ্রাজনি নঃ সমস্ত সুহৃদাং ত্বাং প্রাণরক্ষামণিং
গব্যা গৌরবতঃ সমীক্ষ্য নিবিড়ে তিষ্ঠন্তমন্তর্বনে।

নিশম্য ইত্যস্য নিরঙ্কপদ্যস্য ঘটনা রৌদ্ররসে উত্তিষ্ঠ মূঢ় ইত্যত্র কার্য্যা ॥৩১
গব্যা গোসমূহঃ ॥ ৩২ ॥

না দেখিয়া কেবল ব্যস্ত সমস্ত হইয়া ঘুরিয়া বেড়াইতে লাগিলেন ॥ ৩০ ॥

অপ্রিয়শ্রবণজনিত আবেগ যথা ॥

স্বীয় পুত্র শ্রীকৃষ্ণ ভগ্নযমলার্জ্জুনের মধ্যবর্ত্তী হইয়া রহিয়াছেন এই বাক্য শ্রবণমাত্র গোপরাজ্ঞী যশোদা ঊর্দ্ধ দিকে নেত্রপাত পূর্ব্বক সম্ভ্রমে ব্যগ্রচিত্ত হইয়া কি করিবেন কিছুই স্থির করিতে পারিলেন না ॥ ৩১ ॥

অগ্নিজনিত আবেগ যথা ॥

হে পিঞ্ছচূড়! অবলোকন কর, এই দাবানল অখণ্ড ধ্বনি করত উচ্চ শিখার দ্বারা সুরদীর্ঘিকা মন্দাকিনীর তরঙ্গচয়কে আচমন করিতেছে,অতএব হে কৃষ্ণ! গৌরববশতঃ গোসমূহ,

বর্হিং পশ্য শিখণ্ডশেখর খরং মুঞ্চন্মথণ্ডধ্বনিং
দীর্ঘাভিঃ স্বরদীর্ঘিকাম্বুলহরীমর্চ্চির্ভিরাচামতি ॥ ৩২ ॥
বাতজো যথা ॥
পাংশুপ্রারব্ধকেতৌ বৃহদটবিকুঠোন্মাথিশৌটীর্য্যপুঞ্জে
ভাণ্ডীরোদ্দণ্ডশাখাভুজততিষু গতে তাণ্ডবাচার্য্যচর্য্যাং।
বাতব্রাতে করীষঙ্কষতরশিখরে শার্করে ঝাৎ করীঙ্কৌ
ক্ষৌণ্যামপ্রেক্ষ্য পুত্রং ব্রজপতিগৃহিণী পশ্য সংবংভ্রমীতি ॥
বর্ষজো যথা শ্রীদশমে ॥

পাংশ্বিত্যাদি খেচরাণামুক্তিঃ শার্কর ইতি সিকতা শর্করাভ্যাঞ্চেতি মত্বর্থীয় ণ প্রত্যয়াৎ শর্করাবতীত্যর্থঃ ॥ ৩৩ ॥

প্রাণরক্ষার মণি স্বরূপ তোমাকে অবগত হইয়া নিবিড় বন-মধ্যে অবস্থিতি করিতেছে এবং আমরা যে তোমার সুহৃদ্ আমাদেরও বুদ্ধি অতিশয় চঞ্চল হইয়াছে ॥ ৩২ ॥

বায়ুজনিত আবেগ যথা ॥

আকাশচারী দেবগণ কহিলেন দেখ গগনমণ্ডলে ধূলি-ধ্বজ উড্ডীন হইয়া বলের সহিত বৃহৎ২ বৃক্ষ উৎপাটন পূর্ব্বক ভাণ্ডীরতরুর সুদীর্ঘ শাখা রূপ ভুজ সকলে নৃত্যাচার্য্যচর্য্যা আচরণ করিতে থাকিলে, প্রচণ্ড শব্দকারি চক্রবায়ুরূপ তৃণা-বর্ত্ত আসিয়া শ্রীকৃষ্ণকে হরণ করিয়া লইয়া গেলে, এ দিকে ব্রজপতিগৃহিণী যশোদা ক্ষিতিপৃষ্ঠে স্বীয়পুত্র শ্রীকৃষ্ণকে দেখিতে না পাইয়া সম্ভ্রম বশতঃ ইতস্ততঃ ভ্রমণ করিতে লাগিলেন ॥

বৃষ্টিনিমিত্ত আবেগ যথা ॥

শ্রীদশমে ২৫ অধ্যায়ে ১১ শ্লোকে ॥

অত্যাসারাতিবাতেন পশবো জাতবেপনাঃ।
গোপা গোপ্যশ্চ শীতার্ত্তা গোবিন্দং শরণং যযুঃ ॥ ৩৩ ॥

যথা বা ॥

সমমুরুকরকাভির্হস্তিশুণ্ডা সপিণ্ডাঃ
প্রতিদিশমিহ গোষ্ঠে বৃষ্টিধারাঃ পতন্তি।
অজনিষত যুবানোপ্যাকুলাস্ত্বন্তু বালঃ
স্ফুটমসি তদগারাম্মাস্মভূ নির্যিযাসুঃ ॥ ৩৪ ॥

উৎপাতজো যথা ॥

ক্ষিতিরতি বিপুলা টলত্যকস্মা-

অগারাদিতি তত্রৈব বৃষ্টিপ্রাপ্তৌ গোবর্দ্ধনপর্য্যন্তগগনস্ত পুনর্ভাণ্ডীরমাপিতা ইতিবৎ॥ ৩৪ ॥

অটতি অধুনৈবাটিতবানিত্যর্থঃ। টলটুল বৈক্লব্যে ইতি ধাতুগণঃ উল্কা-

---

অত্যর্থ বারিধারা পতন ও প্রবলতর পবন বহনে সমস্ত পশু কাতর কলেবর এবং গোপ ও গোপীগণ শীতে সাতিশয় আর্ত্ত হইয়া গোবিন্দের শরণাপন্ন হইল ॥ ৩৩ ॥

অথবা ॥

এই গোষ্ঠের চতুর্দ্দিকে বৃহৎশিলা বৃষ্টির সহিত হস্তির শুণ্ড তুল্য জলধারা পতিত হইতেছে, যুবা সকলও আকুল হইয়া যাইতে পারিতেছে না, তুমি ত বালক কিরূপে যাইবা কদাচ গৃহ হইতে গমন করিতে ইচ্ছা করিও না ॥ ৩৪ ॥

উৎপাত জনিত আবেগ যথা ॥

যশোদা সম্ভ্রম প্রকাশ পূর্ব্বক কহিলেন হায়! অকস্মাৎ

দুপরি ঘুরন্তি চ হন্ত ঘোরমুল্কাঃ।
মম শিশুরহিদূষিতার্কপুত্রী
তটমটতীত্যধুনা কিমত্র কুর্য্যাং॥

গাজো যথা॥

অপসরাপসর ত্বরয়া গুরু
মুর্দিরসুন্দর হে পুরতঃ করী।
ত্বদিমবীক্ষণতস্তব নশ্চলং
হৃদয়মাবিজতে পুরযোষিতাং॥ ৩৫॥
গজেন দুষ্টসত্ত্বোন্যো পশ্বাদিরুপলক্ষ্যতে॥ ৩৬॥

ইত্যনেনাকালেঽপি সূর্য্যগ্রহণং ধ্বনিতং যেনান্ধকারে দিনেঽপি তা দৃশ্যন্তে
ঘুরভীমার্থশব্দয়োরিতি ধাতুগণঃ॥ ৩৫॥
সত্ত্বমস্ত্রী তু জন্তুষু ইত্যমরনানার্থাৎ দুষ্টসত্ত্ব ইত্যুক্তঃ॥ ৩৬॥

এই বিশাল পৃথিবী কম্পিতা হইতেছে, গগণমণ্ডলে উল্কা সকল ইতস্ততঃ ঘুরিয়া বেড়াইতেছে, আমার শিশুপুত্র বিষ-দূষিত যমুনাহ্রদে গমন করিয়াছে, আমি এখন কি করি।

গজনিমিত্ত আবেগ যথা॥

মথুরাপুরীস্থ স্ত্রীগণ কহিল হে জলধরসুন্দর! শীঘ্র স্থানান্তরে গমন কর, স্থানান্তরে গমন কর, সম্মুখে গুরুতর গজ অবস্থিত রহিয়াছে, তোমার মৃদু নিরীক্ষণ দ্বারা আমরা যে পুরযোষিৎ আমাদের চঞ্চল হৃদয় উদ্বেজিত হইতেছে॥ ৩৫॥

গজশব্দ প্রয়োগ হেতু অন্য দুষ্টপ্রাণি ঘোটকাদিকেও জানিতে হইবে॥ ৩৬॥

যথা বা ॥

চণ্ডাংশোস্তুরগান্ শটাগ্রনটনৈরাহত্য বিদ্রাবয়ন্

দ্রাগন্ধঙ্করণঃ সুরেন্দ্রসুদৃশাং গোষ্ঠোদ্ধৃতৈঃ পাংশুভিঃ ।

প্রত্যাসীদতু মৎপুরঃ সুররিপুর্গর্ব্বান্ধমর্ব্বাকৃতি-

র্দ্রাঘিষ্ঠে মুহুরত্র জাগ্রতি ভুজে ব্যগ্রাসি মাতঃ কথং ॥

অরিজো যথা ললিতমাধবে ॥

স্থূলস্তালভুজোন্নতি র্গিরিতটীবক্ষাঃ ক যক্ষাধমঃ ॥

চণ্ডাংশোরিত্যাদ্যর্থঃ মাতৃবচনানুবাদঃ । গর্ব্বান্ধমিতি ক্রিয়ায়াঃ বিশেষণং কর্ত্তৃধর্ম্মস্যাপি তস্য তত্রামুপচারাৎ । সচ তৎ প্রত্যাসদনস্য মদেনাতি বৈক্লব্য বিবক্ষয়া । দ্রাঘিষ্ঠে ততোঽপি দীর্ঘতমে মুহুর্জাগ্রতি তদ্বিধাসুরদমনায় সাবধানে সতীত্যর্থঃ । সর্ব্বারিষ্টহরেঽত্রেতি বা পাঠঃ ॥ ৩৭ ॥

যথা বা

শ্রীকৃষ্ণ যশোদাকে কহিলেন, মাতঃ ! শটাগ্র কম্পনদ্বারা সূর্য্যতুরঙ্গগণকে বিদারিত এবং গোষ্ঠোদ্ধূত ধূলি দ্বারা দেবেন্দ্রসুলোচনাদিগকে অন্ধ করিয়া গর্ব্বান্ধ হয়াকৃতি কেশী দানব, আমার সম্মুখে প্রত্যাসন্ন হউক, আমার সুদীর্ঘ বাহু জাগ্রত রহিয়াছে, অতএব আপনি ব্যগ্র হইবেন না ॥

শত্রুজনিত আবেগ যথা ॥

ললিতমাধবে ॥

ব্রজেশ্বরীর সমবয়স্কা কোন গোপী কহিলেন হায় ! যাহার স্থূল তালতরু সদৃশ সুদীর্ঘ বাহু এবং গিরিতট তুল্য বিশাল বক্ষঃ সেই এই যক্ষাধম শঙ্খচূড় কোথায়, আর বাল

ক্বায়ং বালতমাল কন্দলমৃদুঃ কন্দর্পকান্তঃ শিশুঃ।
নাস্ত্যন্যঃ সহকারিতা পটুরিহ প্রাণী ন জানীমহে
হা গোষ্ঠেশ্বরি কীদৃগদ্য তপসাং পাকস্তবোন্মীলতি ॥৩৭॥
যথা বা তত্রৈব ॥
সপ্তিঃ সপ্তী রথ ইহ রথঃ কুঞ্জরঃ কুঞ্জরো মে
তূণস্তূণো ধনুরুত ধনুর্ভোঃ কৃপাণী কৃপাণী।
কা ভীঃ কা ভীরয়মহমহং হা তরধ্বং তরধ্বং
রাজ্ঞঃ পুত্রী বত হৃত হৃতা কামিনা বল্লবেন ॥ ৩৮ ॥
আবেগাভাস এবায়ং পরাশ্রয়তয়াপিচেৎ।

রথ ইহ রথ ইতি ধনুরুত ধনুরিতি চ দ্বিরুক্তিঃ কিন্তুনোান্যস্য বচনং ॥৩৮॥
আবেগেত্যুত্তরত্র বাক্যে নায়কোৎকর্ষবোধায়েতি তথাবিধাঃ কৃত্বা নায়ক

তমালাঙ্কুর তুল্য কোমল কন্দর্পসুন্দর শিশুই বা কোথায়, অপর এই ব্রজে অন্য কোন সুদক্ষ সাহায্যকারী প্রাণীও নাই, অতএব হে গোষ্ঠেশ্বরি! অদ্য তোমার যে কি তপস্যাসকলের ফল উন্মীলিত হইতেছে তাহা জানিতে পারিলাম না। ॥ ৩৭ ॥

যথাবা ললিতমাধবে ॥

স্বয়ম্বরে শ্রীকৃষ্ণ রুক্মিণীকে হরণ করিলে রাজগণ পরস্পর বলিতে লাগিলেন আমার হস্তী, অশ্ব, রথ, তূণ, ধনু, খড়্গ ইত্যাদি সকল রহিয়াছে, ভয় কি, ভয় কি, এই আমি চলিলাম তোমরাও শীঘ্র আইস, হায়! কামুক গোপকর্ত্তৃক রাজপুত্রীর হরণ হইল? ॥ ৩৮ ॥

যদিচ এই আবেগাভাস পরাশ্রয়, তথাপি নায়কের উৎ-

নায়কোৎকর্ষবোধায় তথাপ্যত্র নিদর্শিতঃ ॥

অথোন্মাদঃ ॥

উন্মাদো হৃদ্‌ভ্রমঃ প্রৌঢ়ানন্দাপদ্বিরহাদিজঃ।

অত্রাট্টহাসো নটনং সঙ্গীতং ব্যর্থচেষ্টিতং।

প্রলাপ ধাবন ক্রোশ বিপরীত ক্রিয়াদয়ঃ ॥

তত্র প্রৌঢ়ানন্দাদ্যথা বিল্বমঙ্গলে ॥

রাধা পুনাতু জগদচ্যুতদত্তচিত্তা

মন্থানকং বিদধতী দধিরিক্তপাত্রে।

তস্যাঃ স্তনস্তবক চঞ্চল লোচনালি

পক্ষীয়ৈর্জিতা ইতি শ্রবণাৎ ভক্তানাং হর্ষেণ বতিকন্দীপ্তা স্যাদিত্যেতদর্থ নিত্যর্থঃ ॥ ৩৯ ॥

কর্ষ বোধের নিমিত্ত এস্থলে প্রদর্শিত হইল ॥

অথ উন্মাদ ॥

অতিশয় আনন্দ, আপদ এবং বিরহাদি জনিত হৃদ্ভ্রমকে উন্মাদ বলে। এই উন্মাদে অট্টহাস, নটন, সঙ্গীত, ব্যর্থচেষ্টা, প্রলাপ, ধাবন, চীৎকার, এবং বিপরীত ক্রিয়াদি হইয়া থাকে ॥

তন্মধ্যে অতিশয় আনন্দহেতু উন্মাদ যথা ॥

বিল্বমঙ্গলে ॥

সেই শ্রীরাধা জগৎ পবিত্র করুন, যিনি শ্রীকৃষ্ণের প্রতি চিত্ত সমর্পণ করিয়া দধিশূন্যপাত্রে মন্থান দণ্ড বিধান করিয়াছিলেন, এবং শ্রীকৃষ্ণও শ্রীরাধার স্তনকুসুমে লোচন ভ্রমর

র্দেবোঽপি কৃষ্ণহৃদয়ো ধবলং দুদোহ ॥ ৩৯ ॥

আপদো যথা ॥

পশূনপি কৃতাঞ্জলির্নমতি মান্ত্রিকা ইত্যমী

তরূনপি চিকিৎসকা ইতি বিষৌষধং পৃচ্ছতি।

হ্রদং ভুজগভৈরবং হরিহরি প্রবিষ্টে হরৌ

ব্রজেন্দ্রগৃহিণী মুহুর্ভ্রমময়ীমবস্থাং গতা ॥ ৪০ ॥

বিরহাদ্যথা শ্রীদশমে ॥

গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা

পশূনপি কৃতাঞ্জলিরিত্যত্র পূর্ব্বেষু প্রশ্নস্তব্দপরাভবায়। উত্তরেষু প্রশ্নস্তদ্বিষনাশনায়েতি জ্ঞেয়ঃ ॥ ৪০ ॥

গায়ন্ত্য উচ্চৈরিত্যত্র তু এবমেবোন্মাদো যোজনীয়ঃ পুরুষং স্বনায়কং পপ্রচ্ছুঃ

নিক্ষেপ করিয়া বিস্মৃতি ক্রমে বৃষদোহন করিতে প্রবৃত্ত হয়েন, অতএব তিনিও জগৎ পবিত্র করুন ॥ ৩৯ ॥

আপদ হইতে উন্মাদ যথা

কি খেদের বিষয়? শ্রীকৃষ্ণ কালিয়হ্রদে প্রবিষ্ট হইলে ব্রজেন্দ্রগৃহিণী যশোদা ভ্রমময়ী অবস্থা লাভ করিয়া বৃক্ষ সকলকে মন্ত্রজ্ঞ-বিবেচনায় বারম্বার অঞ্জলি বন্ধন পূর্ব্বক প্রণাম এবং তরুনিকরকে চিকিৎসক জ্ঞানে ঔষধ জিজ্ঞাসা করিয়াছিলেন ॥ ৪০ ॥

বিরহনিমিত্ত উন্মাদ যথা ॥

শ্রীদশমে ৩০ অধ্যায়ে ৪ শ্লোকে ॥

গোপীগণ উচ্চৈঃস্বরে শ্রীকৃষ্ণেরই গান করিতে করিতে

বিচিক্যুরুন্মত্তকবদ্বনাদ্বনং।
প্রস্থূরাকাশবদন্তরং বহি-
র্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্॥ ৪১॥
উন্মাদঃ পৃথগুক্তোঽয়ং ব্যাধিষন্তর্ভবন্নপি।
যত্তত্র বিপ্রলম্ভাদৌ বৈচিত্রীং কুরুতে পরাং।
অধিরূঢ়ে মহাভাবে মোহনত্বমুপাগতে।
অবস্থান্তরমাপ্তোঽসৌ দিব্যোন্মাদ ইতীর্য্যতে॥ ৪২॥
অথাপস্মারঃ॥

তস্থ ভূতেষু স্থাবরজঙ্গমেষু আকাশবদন্তরং বাহশ্চ সন্তং সাক্ষাদিব সত্তয়া স্ফুরন্তং পপ্রচ্ছুঃ তাদৃশ স্ফূর্ত্তিশ্চ তাসাং প্রেমবিলাস বিশেষাদেব। বনলতাস্তরব আত্মান বিষ্ণুং ব্যঞ্জয়ন্ত্য ইতিবৎ তত্র বহিঃ স্ফুরণং দূরতঃ অন্তস্ত নিকটাৎ তত্র সত্ত্বাস্মাৎ বৃক্ষাঽনিন্দ্রিয়েষ্বপি প্রশ্নো যোগ্য ইতি॥ ৪১॥

তত্র তেষু ব্যাধিষু তেষাং মধ্য ইত্যর্থঃ॥ ৪২॥

এক বন হইতে অন্য বনে গমন করত তাঁহারই অন্বেষণ করিতে লাগিলেন, আর যিনি আকাশবৎ সকল ভূতের অন্তরে অবস্থিত এবং বাহিরেও বর্ত্তমান, বৃক্ষগণের সন্নিধানে সেই মহাপুরুষের কথা জিজ্ঞাসা করিতে আরম্ভ করিলেন॥ ৪১॥

ব্যাধি জনিত উন্মাদ পৃথক্ রূপে বর্ণিত হইয়াছে, অপর বিপ্রলম্ভে অর্থাৎ বিয়োগ অবস্থায় যে উন্মাদ, অতিশয় বিচিত্রতা বিধান করে, তাহাই অধিরূঢ় মহাভাবে মোহনত্ব প্রাপ্ত হইয়া অবস্থান্তর লাভ করত দিব্যোন্মাদ বলিয়া কথিত হয়॥ ৪২॥

অথ অপস্মার॥

দুঃখোত্থ ধাতু বৈষম্যাদ্যুদ্ভূতশ্চিত্তবিপ্লবঃ।
অপস্মারোঽত্র পতনং ধাবনাস্ফোটনভ্রমাঃ।
কম্পঃ ফেণস্রুতি র্বাহুক্ষেপবিক্রোশনাদয়ঃ॥ ৪৩॥

যথা॥

ফেণায়তে প্রতিপদং ক্ষিপতে ভুজোর্ম্মি
মাঘূর্ণতে লুঠতি কূজতি লীয়তে চ।
অম্বা তবাদ্য বিরহে চিরমম্বুরাজ
বেলেব বৃষ্ণিতিলক ব্রজরাজরাজ্ঞী॥

আস্ফোটনং সম্যগঙ্গব্যথা॥ ৪৩॥

ফেণায়ত ইতি শ্রীরাধায়াঃ সন্দেশঃ বেলা স্যাত্তীরনীরয়োরিত্যমরঃ। ব্রজে
শুরতে যা রাজ্ঞী সেত্যর্থঃ॥ ৪৪॥

দুঃখোৎপন্ন ধাতুবৈষম্যাদি জনিত চিত্তের যে বিপ্লব (বিনাশ) তাহার নাম অপস্মার॥

এই অপস্মারে ভূমিপতন, ধাবন, আস্ফোটন (অঙ্গ ব্যথা) ভ্রম, কম্প, ফেণস্রাব, বাহুক্ষেপণ এবং উচ্চ শব্দাদি হইয়া থাকে॥ ৪৩॥

যথা॥

মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকটে শ্রীরাধা বলিয়া পাঠাইলেন, যে, হে যদুশ্রেষ্ঠ! তোমার মাতা ব্রজরাজরাজ্ঞী যশোদা তোমার চিরবিরহে কাতর হওয়াতে সমুদ্র তীরের ন্যায় সর্ব্বদা তাঁহার মুখে ফেণস্রাব হইতেছে এবং কখন কখন তিনি বাহুরূপ তরঙ্গ ক্ষেপণ, চক্রবৎ ভ্রমণ, ভূমিলুণ্ঠন ও উচ্চ শব্দ করিতেছেন এবং কখন কখন বা নিস্তব্ধ হইয়া অবস্থিতি করিতেছেন॥

যথা বা ॥

শ্রুত্বা হন্ত হতং ত্বয়া যদুকুলোত্তংসাত্র কংসাসুরং
দৈত্যস্তস্য সুহৃত্তমঃ পরিণতিং ঘোরাং গতঃ কামপি।
লালাফেণ কদম্ব চুম্বিতমুখপ্রান্তস্তরঙ্গদ্ভুজো
ঘূর্ণন্নর্ণব সীম্নি মণ্ডলতয়া ভ্রাম্যন্নবিশ্রাম্যতি।
উন্মাদবদিহ ব্যাধি বিশেষোপ্যেষ বর্ণিতঃ।
পরাং ভয়ানকাভাসে যৎ করোতি চমৎকৃতিং ॥

অথ ব্যাধিঃ ॥

দোষোদ্রেকবিয়োগাদ্যৈ র্ব্যাধয়ো যে জ্বরাদয়ঃ।
ইহ তৎপ্রভবোভাবো ব্যাধিরিত্যভিধীয়তে।

যথাবা ॥

হে যদুকুলভূষণ! তোমা কর্তৃক কংসাসুর হত হইয়াছে শুনিয়া তাহার কোন সুহৃদ্ দৈত্য ভয়ানক বিকারাপন্ন হইয়া সাগরতীরে ভ্রমণপূর্ব্বক মুখে ফেণস্রাব এবং বাহুদ্বয় উৎ-ক্ষেপণ করত ঘূর্ণিত হইতেছে, অদ্যাপি নিবৃত্ত হইল না ॥

এ স্থলে এই ব্যাধি বিশেষকে উন্মাদের ন্যায় বর্ণন করা হইল, যেহেতু ভয়ানক রসে ইহার চমৎকারিত্ব আছে ॥

অথ ব্যাধি ॥

অতিশয় দোষ এবং বিচ্ছেদাদি দ্বারা যে জ্বরাদি উৎপন্ন হয় তাহাকে ব্যাধি বলে কিন্তু এ স্থলে তদুৎপন্ন ভাবকেই ব্যাধি বলাযায় ॥

এই ব্যাধিতে স্তম্ভ, অঙ্গ শিথিলতা, শ্বাস, উত্তাপ এবং

অত্র স্তম্ভঃ শ্লথাঙ্গত্বং শ্বাসোত্তাপক্লমাদয়ঃ ॥ ৪৪ ॥

যথা ॥

তব চিরবিরহেণ প্রাপ্য পীড়ামিদানীং

দধদুরু-জড়িমানি ধাপিতাস্বঙ্গকানি।

শ্বসিতপবনধাটীঘট্টিতঘ্রাণবাটং

লুঠতি ধরণিপৃষ্ঠে গোষ্ঠবাটীকুটুম্বং ॥

অথ মোহঃ ॥

মোহো হৃন্মূঢ়তা হর্ষাদ্বিশ্লেষাদ্ভয়তস্তথা।

বিষাদাদেশ্চ তত্র স্যাদ্দেহস্য পতনং ভুবি।

শূন্যেন্দ্রিয়ত্বং ভ্রমণং তথা নিশ্চেষ্টতাদয়ঃ ॥

বলাদাক্রমণং ধাটীতি ক্ষীরস্বামী। অত্রতু লক্ষণয়াক্রমণমেবোচ্যতে। বাটঃ

গ্লানি প্রভৃতি হইয়া থাকে ॥ ৪৪ ॥

যথা ॥

হে কৃষ্ণ! সম্প্রতি তোমার চিরবিরহে ব্রজবাসীগণ পীড়িত হইয়া শরীরে সন্তাপ এবং জড়তা ধারণ করিয়াছেন, এবং নাসারন্ধ্রে শ্বাসমাত্র বহন করত কেবল ধরণীপৃষ্ঠে লুণ্ঠিত হইতেছেন ॥

অথ মোহ ॥

হর্ষ, বিচ্ছেদ, ভয় এবং বিষাদাদি হইতে মনের যে মূঢ়তা অর্থাৎ বোধ শূন্যতা তাহার নাম মোহ। এই মোহে ভূমি-পতন, অবশেন্দ্রিয়ত্ব, ভ্রমণ এবং নিশ্চেষ্টতা প্রভৃতি হইয়া থাকে ॥

তত্র হর্ষাদযথা শ্রীদশমে ॥
ইতি স্ম পৃষ্টঃ সচ বাদরায়ণি-
স্তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয়ঃ।
কৃচ্ছ্রাৎ পুনর্লব্ধবহির্দৃশিঃ শনৈঃ
প্রত্যাহ তং ভাগবতোত্তমোত্তমং ॥ ৪৫ ॥
যথা বা ॥
নিরুচ্ছ্বসিত রীতয়ো বিঘটিতাক্ষিপক্ষ্মক্রিয়া
নিরীহনিখিলেন্দ্রিয়াঃ প্রতিনিবৃত্তচিদ্বৃত্তয়ঃ ॥

পদ্মাঃ অত্র তু ঘ্রাণবাটেন নাসিকোচ্যতে। গোষ্ঠবাটীতি বাটো বাস্তভূমিঃ। বাটীতি স্বল্পত্ববিবক্ষয়া ॥ ৪৫ ॥

নিরুচ্ছ্বসিতেতি নির্গতাঃ উচ্ছ্বসিতানাং রীতয়ঃ প্রচারা যাভ্যঃ শাপতঞ্চী

তন্মধ্যে হর্ষহেতু মোহ যথা ॥

শ্রীদশমে ১২ অধ্যায়ে ৪১ শ্লোকে ॥

হে ভাগবতোত্তম শৌনক! রাজা পরীক্ষিৎ যে ভগবান্ অনন্তের স্মরণ করাইয়াছিলেন, তাঁহা কর্ত্তৃক যদিও শুকদেবের অখিল ইন্দ্রিয় অপহৃত হইল, তথাচ ঐ প্রকার জিজ্ঞাসিত হওয়াতে কথঞ্চিৎ বহির্দৃষ্টি লাভ করিয়া ধীরে ধীরে তাঁহার প্রতি বলিতে লাগিলেন ॥

যথাবা ॥

কুরুক্ষেত্রে নির্জন প্রদেশে শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শ্বাস, নিমেষ, চেষ্টা ও জ্ঞানরহিত হইয়া ব্রজস্ত্রীসকল স্বর্ণ-

অবেক্ষ্য কুরুমণ্ডলে রহসি পুণ্ডরীকেক্ষণং
ব্রজাম্বুজদৃশো হভজন্ কনকশালভঞ্জীশ্রিয়ং ॥ ৪৬ ॥
বিশ্লেষাদ্যথা হংসদূতে ॥
কদাচিৎ খেদাগ্নিং বিঘটয়িতুমন্তর্গতমসৌ
সহালীভির্লেভে তরলিতমনা যামুনতটীং।
চিরাদস্যাশ্চিত্তং পরিচিতকুটীরাবকলনা-
দবস্থা তস্তার স্ফুটমথ সুষুপ্তেঃ প্রিয়সখী ॥
ভয়াদ্যথা ॥
মুকুন্দমাবিষ্কৃতবিশ্বরূপং
নিরূপয়ন্ বানরবর্য্যকেতুঃ।

প্রতিমা ॥ ৪৬ ॥

অত্র কুটীরো লতাগৃহং তদবকলনাৎ সুষুপ্তে স্তুল্যত্বাৎ প্রিয়সখীব যা

প্রতিমার ন্যায় অবস্থিত রহিলেন ॥ ৪৬ ॥

বিচ্ছেদহেতু মোহ যথা ॥

হংসদূতে ॥

কোন এক দিবস শ্রীরাধা সখীগণ সমভিব্যাহারে অন্তর্গত শ্রীকৃষ্ণবিরহাগ্নিকে উপশম করিবার নিমিত্ত চঞ্চল মনে যমুনাতটে গমন করিয়াছিলেন, কিন্তু তত্রস্থ পরিচিত-ক্রীড়া কুটীর দর্শন করায় গভীর নিদ্রার মোহরূপা প্রিয়সখী স্পষ্ট-রূপে তাঁহার চিত্ত আচ্ছাদন করিয়াছিল ॥

ভয়হেতু মোহ যথা ॥

শ্রীকৃষ্ণ বিশ্বরূপ প্রকটন করিলে তদবলোকনে কপিধ্বজ

করারবিন্দাৎ পুরতঃ স্খলন্তং
ন গাণ্ডিবং খণ্ডিতধীর্ব্বিবেদ ॥
বিষাদাদ্যথা শ্রীদশমে ॥
কৃষ্ণং মহাবকগ্রস্তং দৃষ্ট্বা রামাদয়োঽর্ভকাঃ।
বভূবুরিন্দ্রিয়াণীব বিনা প্রাণং বিচেতসঃ ॥ ৪৭ ॥
অস্যান্যত্রাত্মপর্য্যন্তে
স্যাৎ সর্ব্বত্রৈব মূঢ়তা।
কৃষ্ণস্ফূর্ত্তিবিশেষস্তু

অবস্থা মোহরূপা সা চিত্তং তস্তার আচ্ছাদিতবতী ॥ ৪৭ ॥

অস্য প্রাপ্তমোহস্য ভগবদ্ভক্তস্য কৃষ্ণস্ফূর্ত্তিবিশেষস্ত্বিতি স্বাশ্রয়ং। তং বিনা ভাবনানামনবস্থিতেঃ। তথাচোক্তং। তৎস্মারিতানন্তহৃতাখিলেন্দ্রিয় ইতি। কিন্তু বহির্বৃত্তিলোপপ্রাধান্যেন প্রলয়ো মোহস্ত্বন্তর্বৃত্তিলোপপ্রাধান্যেন জ্ঞেয়ঃ। অতএব মোহো হৃন্মূঢ়তেত্যত্র হৃচ্ছব্দো দত্তঃ। মুহ বৈচিত্তে ইতি ধাতু-

অর্জ্জুন অতিশয় মোহ প্রাপ্ত হয়েন, এমন কি ভয়বশতঃ হস্ত হইতে গাণ্ডীব স্খলিত হইয়াছিল, তাহাও তিনি জানিতে পারেন নাই ॥

বিষাদহেতু মোহ যথা ॥

শ্রীদশমে ১১ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

হে রাজন্! রামাদি বালকগণ শ্রীকৃষ্ণকে মহাবকের মুখগ্রস্ত হইতে দেখিয়া সেই রূপ অচেতন হইলেন যদ্রূপ প্রাণ-ব্যতিরেকে ইন্দ্রিয়গণ বিচেতন হয় ॥ ৪৭ ॥

কৃষ্ণভক্ত মোহ প্রাপ্ত হইলে দেহপর্য্যন্ত বিষয় সমুদায়

ন কদাপ্যত্র লীয়তে ॥

অথ মৃতিঃ ॥

বিষাদব্যাধিসংত্রাসসংপ্রহারক্লমাদিভিঃ।
প্রাণত্যাগো মৃতিস্তস্যামব্যক্তাক্ষরভাষণং।
বিবর্ণগাত্রতাশ্বাসমান্দ্যহিক্কাদয়ঃ ক্রিয়াঃ

যথা ॥

অনুল্লাসশ্বাসা মুহুরসরলোত্তানিতদৃশো-
বিবৃণ্বন্তঃ কায়ে কিমপি নববৈবর্ণ্যমভিতঃ।
হরের্নামাব্যক্তীকৃতগলঘুহিক্কালহরিভিঃ।
প্রজল্পন্তঃ প্রাণান্ জহতি মথুরায়াং সুকৃতিনঃ ॥ ৪৮ ॥

যথাবা ॥

বলাদেব তদর্থতাসিদ্ধেঃ ॥ ৪৮ ॥

বিস্মরণ হইয়া যায় কিন্তু কখন কৃষ্ণস্ফূর্ত্তি লয় হয় না ॥

অথ মৃতি ॥

বিষাদ, ব্যাধি, ত্রাস, প্রহার এবং গ্লানিপ্রভৃতি দ্বারা যে প্রাণত্যাগ, তাহার নাম মৃতি। এই মৃতিতে অস্পষ্ট বাক্য, দেহবৈবর্ণ্য, অল্পশ্বাস এবং হিক্কাদি হইয়া থাকে ॥

যথা ॥

সুকৃতিশালী মথুরাবাসীগণ অল্প শ্বাস, উত্তাননয়ন এবং বিবর্ণগাত্র হইয়া অস্পষ্ট রূপে শ্রীকৃষ্ণের নাম উচ্চারণ পূর্ব্বক প্রাণত্যাগ করিতেছেন ॥ ৪৮ ॥

যথাবা ॥

বিরমদলঘুকণ্ঠোদ্ঘোষঘূৎকারচক্রা
ক্ষণবিঘটিততাম্যদ্দৃষ্টিখদ্যোতদীপ্তিঃ।
হরিমিহিরনিপীতপ্রাণগাঢ়ান্ধকারা
ক্ষয়মগমদকস্মাৎ পূতনা কালরাত্রিঃ॥ ৪৯॥
প্রায়োঽত্র মরণাৎ পূর্ব্বা চিত্তবৃত্তির্মৃতির্মতা।
মৃতিরত্রানুভাবঃ স্যাদিত্যি কেনচিদুচ্যতে।
কিন্তু নায়কবীর্য্যার্থং শত্রৌ মরণমুচ্যতে॥ ৫০॥
অথালস্যং॥

ঘূৎকারো ঘূকশব্দঃ॥ ৪৯॥
প্রায় ইতি প্রথমমর্দ্ধং। মৃতিরত্রেতি দ্বিতীয়ং। কিন্ত্বিতি তৃতীয়মিতি ক্রমঃ। অত্র প্রাণত্যাগস্য ভাবত্বাভাবাদপরিতুষ্যন্নাহ প্রায় ইতি। মৃতিঃ প্রাণত্যাগ-স্বত্রানুভাবঃ স্যাৎ। কেনচিদিতি স্বয়মেবেত্যর্থঃ। তত্রচ পূতনাবর্ণনে বিশেষা-দপরিতুষ্যন্নাহ কিন্ত্বিতি॥ ৫০॥

কালরাত্রি রূপা পূতনার প্রাণ স্বরূপ গাঢ়ান্ধকার কৃষ্ণ-সূর্য্য কর্ত্তৃক নিপীত হইলে, উহার ঘূকপক্ষীর শব্দতুল্য কণ্ঠ-ধ্বনি ও খদ্যোত সদৃশ দীপ্তিশালি দৃষ্টি ক্ষণকাল মধ্যে তিরো-হিত হইয়াছিল॥ ৪৯॥

মরণের পূর্ব্ব চিত্তবৃত্তিকেই প্রায় মৃতি কহা যায়, কোন কোন পণ্ডিত অনুভাবকেই মৃতি কহেন, কিন্তু নায়কের পরাক্রম নিমিত্ত শত্রুতে মরণ উক্ত হইয়াছে॥ ৫০॥

অথ আলস্য॥

সামর্থস্যাপি সদ্ভাবে ক্রিয়ানুন্মুখতা হি যা।
তৃপ্তিশ্রমাদিসম্ভূতা তদালস্যমুদীর্য্যতে।
অত্রাঙ্গভঙ্গো জৃম্ভাচ ক্রিয়াদ্বেষোঽক্ষিমর্দ্দনং।
শয্যাসনৈকপ্রিয়তা তন্দ্রী নিদ্রাদয়োঽপি চ॥
তত্র তৃপ্তের্যথা॥
বিপ্রাণাং নস্তথা তৃপ্তিরাসীদ্গোবর্দ্ধনোৎসবে।
নাশীর্বাদেঽপি গোপেন্দ্র যথা স্যাৎ প্রভবিষ্ণুতা॥ ৫১॥
শ্রমাদ্যথা॥
মুষ্ঠু নিঃসহতনুঃ সুবলোঽভূৎ
প্রীতয়ে মম বিধায় নিযুদ্ধং।

সদ্ভাবে আগ্রহেণ সমুদ্ভাবয়িতুং শক্যত্বে॥ ৫১॥
সুষ্ঠিত্যাদৌ নিঃসহত্বং কিঞ্চিদপি কর্ত্তুমক্ষমত্বং। সহসাত্বয়তামুম্বিত্যেব পাঠঃ। নিযুদ্ধং বাহুযুদ্ধং॥ ৫২॥

তৃপ্তি ও শ্রমাদি নিবন্ধন সামার্থ্য সত্ত্বেও যে কার্য্য না করণ তাহার নাম আলস্য। এই আলস্যে অঙ্গমোটন, জৃম্ভা (হাঁই) কার্য্যের প্রতি দ্বেষ, চক্ষুমর্দ্দন, শয়ন, উপবেশন, তন্দ্রা ও নিদ্রা প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে তৃপ্তিহেতু আলস্য যথা॥

হে গোপেন্দ্র! আমরা ব্রাহ্মণজাতি, আমাদের আশী-র্ব্বাদ করিতে যাদৃশী তৃপ্তি, গোবর্দ্ধনযাত্রায় তদ্রূপ নাই॥৫১

শ্রমহেতু আলস্য যথা॥

* শ্রীকৃষ্ণ সখাগণকে কহিলেন, অহে বয়স্যগণ! আমার প্রীতির নিমিত্ত সুবল আমার সহিত বাহুযুদ্ধ করিয়া বিকশ

মোটয়ন্তমভিতো নিজমঙ্গং
নাহবায় সহসাহ্বয়তামুং ॥ ৫২ ॥

অথ জাড্যং ॥

জাড্যমপ্রতিপত্তিঃ স্যাদিষ্টানিষ্টশ্রুতীক্ষণৈঃ।
বিরহাদ্যৈশ্চ তন্মোহাৎ পূর্ব্বাবস্থাপরাপি চ।
অত্রানিমিষতা তূষ্ণীম্ভাববিস্মরণাদয়ঃ।
অত্রেষ্টশ্রুত্যা যথা শ্রীদশমে ॥

গাবশ্চ কৃষ্ণমুখনির্গতবেণুগীত-
পীযূষমুত্তভিতকর্ণপুটৈঃ পিবন্ত্যঃ।

অপ্রতিপত্তির্বিচারশূন্যতা। তৎ জাড্যং মোহাৎ পূর্ব্বাবস্থাপ্যরাপ্যবস্থা

তনুতে অঙ্গমোটন করিতেছে, অতএব তোমরা উহাকে আর যুদ্ধার্থ আহ্বান করিও না ॥ ৫২ ॥

অথ জাড্য ॥

ইষ্ট ও অনিষ্টের শ্রবণ, দর্শন এবং বিরহাদি জনিত বিচার শূন্যের নাম জাড্য, ইহা মোহের পূর্ব্বাবস্থা ও পরাবস্থা। এই জাড্যে অনিমিষনয়ন, তূষ্ণীম্ভাব ও বিস্মরণ প্রভৃতি হয় ॥

তন্মধ্যে ইষ্টশ্রবণ জনিত জাড্য যথা ॥

শ্রীদশমে ২১ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

গোপীগণ পরস্পর কহিলেন এই সকল গাভী উন্নমিত কর্ণপুট দ্বারা শ্রীকৃষ্ণের বদনারবিন্দ-বিনির্গত বেণুগীতামৃত পান করিতে করিতে এবং এই সমস্ত শাবক স্তনক্ষরিত ক্ষীর গ্রাস মুখে করিতে করিতে বিস্মৃতক্রিয় হইয়া পরিতেছে,

শাবাঃ স্নুতস্তনপয়ঃ কবলাঃ স্ম তস্থু-
র্গোবিন্দমাত্মনি দৃশাশ্রুকলাঃ স্পৃশন্ত্যঃ ॥ ৫৩ ॥
অনিষ্টশ্রুত্যা যথা ॥
আকলয্য পরিবর্ত্তিতগোত্রাং
কেশবস্য গিরমর্পিতশল্যাং।
বিদ্ধধীরধিকনির্নিমিষাক্ষী
লক্ষ্মণা ক্ষণমবর্ত্তত তূষ্ণীং ॥
ইষ্টেক্ষণেন যথা শ্রীদশমে ॥
গোবিন্দং গৃহমানীয় দেবদেবেশমাদৃতঃ।

যথা তাদৃশীত্যর্থঃ। তস্য স্বতন্ত্রত্বাৎ ॥ ৫৩ ॥
গোত্রং নাম ইতি ॥ ৫৪ ॥

ইহার কারণ এই বোধ হয়, ইহারা দৃষ্টি পথদ্বারা মনোমধ্যে যেন শ্রীকৃষ্ণকে আলিঙ্গন করিতেছে, তাহাতেই ইহাদের লোচনে অশ্রুলেশ দৃষ্ট হইতেছে ॥ ৫৩ ॥

অনিষ্টশ্রবণহেতু জাড্য যথা ॥

অন্যনামে আহ্বান করায়, শেলতুল্য ব্যথাপ্রদ শ্রীকৃষ্ণের বাক্য শ্রবণ করিয়া লক্ষ্মণা অস্থির চিত্তে নিমেষ শূন্য হইয়া ক্ষণকাল তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন ॥

ইষ্টদর্শননিমিত্ত জাড্য যথা ॥

শ্রীদশমে ৭১ অধ্যায়ে ৩৫ শ্লোকে ॥

রাজা যুধিষ্ঠির দেবদেব গোবিন্দকে সমাদর পূর্ব্বক গৃহে আনয়ন করতঃ আহ্লাদে হতবুদ্ধি হইয়া তাঁহার পূজা বিষয়ে

পূজায়াং নাবিদৎ কৃত্যং প্রমোদোপহতো নৃপঃ॥
অনিষ্টেক্ষণেন যথা তত্রৈব॥
যাবদালক্ষ্যতে কেতুর্যাবদ্রেণূ রথস্য চ।
অনুপ্রস্থাপিতাত্মানো লেখ্যানীবোপলক্ষিতাঃ॥ ৫৪॥
বিরহেণ যথা॥
মুকুন্দবিরহেণ তে বিধুরিতাঃ সখায়শ্চিরা-
দলঙ্কৃতিভিরুজ্‌ঝিতা ভুবি নিবিশ্য তত্র স্থিতাঃ।
স্খলন্মলিনবাসসঃ শবলরুক্ষগাত্রশ্রিয়ঃ
স্ফুরন্তি খলদেবলদ্বিজগৃহে সুরার্চ্চা ইব॥ ৫৫॥

শবলং মলদূষিতং। দেবাজীবী তু দেবলঃ॥ ৫৫॥

প্রকার বিশেষ বিস্মৃত হইয়া গেলেন॥

অনিষ্টদর্শন জন্য জাড্য যথা॥

শ্রীদশমে ৩৯ অধ্যায়ে ৩৪ শ্লোকে॥

যে পর্য্যন্ত রথের পতাকা ও রেণু লক্ষ্য হইল তাবৎকাল গোপীগণ চিত্রার্পিত পুত্তলিকার ন্যায় নিশ্চল হইয়া দাঁড়াইয়া রহিলেন॥ ৫৪॥

বিরহহেতু জাড্য যথা॥

হে মুকুন্দ! তোমার চিরবিরহে তোমার সখাসকল কাতর হইয়া যেমন দুষ্ট দেবল (দেব-পূজোপজীবী) ব্রাহ্মণ গৃহে দেবপ্রতিমা সকল অনলঙ্কৃত, মলিন বসন এবং ভস্মবর্ণ ও রুক্ষগাত্র শ্রীতে অবস্থান করেন, তদ্রূপ ভূমিতলে পড়িয়া রহিয়াছেন॥ ৫৫॥

অথ ব্রীড়া ॥

নবীনসঙ্গমাকার্য্যস্তবাবজ্ঞাদিনা কৃতা ।
অধৃষ্টতা ভবেদ্ব্রীড়া তত্র মৌনং বিচিন্তনং ।
অবগুণ্ঠনভূলেখৌ তথাধোমুখতাদয়ঃ ॥ ৫৬ ॥

তত্র নবীনসঙ্গমেন যথা পদ্যাবল্যাং ॥

গোবিন্দে স্বয়মকরোঃ সরোজনেত্রে
প্রেমান্ধা বরবপুরর্পণং সখি স্বং ।
কার্পণ্যং ন কুরু দরাবলোকদানে
বিক্রীতে করিণি কিমঙ্কুশে বিবাদঃ ॥ ৫৭ ॥

অধৃষ্টতাত্র ধৃষ্টতাবিরোধী ভাবঃ ॥ ৫৬ ॥

বিক্রীত ইতি যথা তস্মিন্ বিক্রীতেঽপ্যঙ্কুশদানে বিবাদঃ ক্রিয়তে তথাত্র কিং ক্রিয়তে নৈবেত্যর্থঃ ॥ ৫৭ ॥

অথ ব্রীড়া অর্থাৎ লজ্জা ॥

নবসঙ্গম, অকার্য্য (নিন্দিত কর্ম্ম) স্তব ও অবজ্ঞাদি দ্বারা যে অধৃষ্টতা উৎপন্ন হয়, তাহাকে ব্রীড়া বলে। ইহাতে মৌন, চিন্তা, মুখাচ্ছাদন, ভূমিলিখন এবং অধোমুখতা প্রভৃতি হইয়া থাকে ॥ ৫৬ ॥

তন্মধ্যে নবসঙ্গমহেতু ব্রীড়া যথা ॥
পদ্যাবলীতে ॥

হে পঙ্কজনেত্রে ! হে সখি ! তুমি প্রেমে অন্ধ হইয়া স্বীয় উত্তমাঙ্গ স্বয়ং গোবিন্দে সমর্পণ করিয়াছ, অতএব এখন শ্রীকৃষ্ণের প্রতি ঈষৎ অবলোকন দানে কৃপণতা করিও না, হস্তী বিক্রয় করিয়া অঙ্কুশ বিক্রয়ের নিমিত্ত বিবাদ করা কি উচিত ? ॥ ৫ ॥

অকার্য্যেণ যথা॥

ত্বমবাগিহ মা শিরঃ কৃথা
বদনঞ্চ ত্রপয়া শচীপতে।
নয় কল্পতরুং নচেচ্ছচীং
কথমগ্রে মুখমীক্ষয়িষ্যসি॥

স্তবেন যথা॥

ভূরিসাদ্‌গুণ্যভারেণ স্তূয়মানস্য শৌরিণা।
উদ্ধবস্য ব্যরোচিষ্ট নম্রীভূতং তদা শিরঃ॥

অবজ্ঞয়া যথা হরিবংশে সত্যাদেবীবাক্যং॥

ত্বমবাগিতি শ্রীকৃষ্ণস্য বাক্যং শিরোঽবাক্ নম্রীভূতং বদনঞ্চাবাক্ বচনরহিতং॥ ৫৮॥

অকার্য্যনিমিত্ত লজ্জা যথা॥

শ্রীকৃষ্ণ কহিলেন অহে শচীপতে! তুমি লজ্জা প্রযুক্ত এখানে মস্তক অবনত ও বদন বচন শূন্য করিও না, এই পারিজাততরু গ্রহণ কর, নতুবা কি রূপে শচীর নিকট মুখ দেখাইবে॥

স্তবনিমিত্ত লজ্জা যথা॥

শ্রীকৃষ্ণ যখন বহু২ সদ্গুণ উল্লেখ করিয়া উদ্ধবের প্রশংসা করিতে লাগিলেন, তখন ক্রমশঃ উদ্ধবের বদন অবনত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছিল॥

অবজ্ঞাহেতু লজ্জা যথা॥

হরিবংশে সত্যভামার বাক্য॥

বসন্তকুসুমৈশ্চিত্রং সদা রৈবতকং গিরিং।
প্রিয়া ভূত্বাপ্রিয়া ভূতা কথং দ্রক্ষ্যামি তং পুনঃ ॥ ৫৮ ॥
অথাবহিত্থা ॥
অবহিত্থাকারগুপ্তি র্ভবেদ্ভাবেন কেনচিৎ।
অত্রাঙ্গাদেঃ পরাভূ্যহস্থানস্য পরিগূহনং।
অন্যত্রেক্ষা বৃথা চেষ্টা বাগ্ভঙ্গীত্যাদয়ঃ ক্রিয়াঃ ॥ ৫৯ ॥
তথা চোক্তং ॥
অনুভাবপিধানার্থোঽবহিত্থম্ভাব উচ্যতে ॥ ৬০ ॥

কেনচিদ্ভাবেন ভাবপারবশ্যেন হেতুনা আকারস্য গোপ্যভাবানুভাবস্য গুপ্তিঃ কৃত্রিমভাবান্তরব্যঞ্জনয়া করণরূপয়া সম্বরণং যস্মিন্ স তদ্গুপ্তীচ্ছারূপো ভাবোঽবহিত্থা ইত্যর্থঃ ॥ ৫৯ ॥

অনুভাবেতি। অনুভাবপিধানার্থো ভাবোঽবহিত্থমুচ্যতে ॥ ৬০ ॥

রৈবতক পর্ব্বত সর্ব্বদা বসন্ত কুসুমে মনোহর বটে, কিন্তু যখন আমি প্রিয়া হইয়া অপ্রিয়া হইলাম, তখন পুনরায় কি রূপে ঐ পর্ব্বত অবলোকন করিব? ॥ ৫৮ ॥

অথ অবহিত্থা ॥

কোন্ কৃত্রিম ভাব দ্বারা গোপনীয় ভাবের অনুভাব সম্বরণ করাকে অবহিত্থা কহে। ইহাতে ভাব প্রকাশক অঙ্গাদির গোপন, অন্যদিকে দৃষ্টিপাত, বৃথাচেষ্টা এবং বাগ্ভঙ্গী প্রভৃতি হইয়া থাকে ॥ ৫৯ ॥

প্রাচীনদিগের মত এই যে, অনুভাবের সংগোপক ভাবকে অবহিত্থা কহে ॥ ৬০ ॥

তত্র জৈহ্ম্যেন যথা শ্রীদশমে ॥

সভাজয়িত্বা তমনঙ্গদীপনং
সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা।
সংস্পর্শনেনাঙ্ককৃতাঙ্ঘ্রি হস্তয়োঃ
সংস্তুত্য ঈষৎ কুপিতা বভাষিরে ॥

দাক্ষিণ্যেন যথা ॥

সাত্রাজিতীসদনসীমনি পারিজাতে
নীতে প্রণীতমহসা মধুসূদনেন।
দ্রাঘীয়সীমপি বিদর্ভভুবস্তদের্য্যাং

জৈহ্ম্যেন মতিকৌটিল্যেন হেতুনা।

তন্মধ্যে কটিলতা নিমিত্ত অবহিত্থা যথা ॥
শ্রীদশমে ৩২ অধ্যায়ে ১৪ শ্লোকে ॥

হে রাজন্! সেই সকল গোপীর ঈক্ষণ হাস্য লীলায় সুশোভন এবং ভ্রূ বিলাসবিভ্রমে বিভূষিত। তাঁহারা অনঙ্গ-দীপন সেই শ্রীকৃষ্ণের কর ও চরণ স্বীয় ক্রোড় দেশে স্থাপন পূর্ব্বক সম্মর্দ্দন দ্বারা সেবা ও স্তব করিয়া ঈষৎ কোপাবেশে কহিতে লাগিলেন ॥

দাক্ষিণ্যনিমিত্ত অবহিত্থা যথা ॥

কৌতুক কারী শ্রীকৃষ্ণ সত্যভামার গৃহসীমায় পারিজাত তরু রোপণ করিলে বিদর্ভরাজ-দুহিতা রুক্মিণীর যদিচ সুদীর্ঘ ঈর্ষ্যা উৎপন্ন হইয়াছিল, তথাপি তাঁহার সুশীলতা নিবন্ধন

সৌশীল্যতঃ কিল ন কোঽপি বিদাম্বভূব ॥

হ্রিয়া যথা প্রথমে ॥

তমাত্মজৈর্দৃষ্টিভিরন্তরাত্মনা
দুরন্তভাবাঃ পরিরেভিরে পতিং।
নিরুদ্ধমপ্যস্রবদম্বুনেত্রয়ো-
র্বিলজ্জতীনাং ভৃগুবর্য্য বৈক্লবাৎ ॥

জৈহ্ম্যহ্রীভ্যাং যথা ॥

কা বৃষস্যতি তং গোষ্ঠে ভুজঙ্গং কুলপালিকা।
দূতি যত্র স্মৃতে মূর্ত্তি র্ভীত্যা রোমাঞ্চিতা মম ॥ ৬১ ॥

বৃষস্যতি কাময়তে। লক্ষ্মণং সা বৃষস্যন্তীতিবৎ *। কুলস্ত্রী কুলপালিকা ॥ ৬১ ॥

কেহই তাহা জানিতে সমর্থ হয় নাই ॥

লজ্জানিমিত্ত অবহিত্থা যথা ॥

প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ২৮ শ্লোকে ॥

মহিষী সকলের অভিপ্রায় অতিশয় দুর্জ্ঞেয়, তাঁহারা দূর-হইতে আগত পতিকে দর্শনের পূর্ব্বেই মনোদ্বারা আলিঙ্গন দিলেন, পরে দৃষ্টিগোচর হইলে দৃষ্টিদ্বারা আশ্লেষ করিলেন, অনন্তর সমীপবর্ত্তী হইলে পুত্রদ্বারা আলিঙ্গন করিলেন। অপর লজ্জাবশতঃ যদিও তাঁহারা অশ্রুজল নিরোধ করিয়াছিলেন তথাপি বৈবশ্যহেতু তাহা পতিত হইতে লাগিল॥৬০

কৌটিল্য ও লজ্জা নিমিত্ত অবহিত্থা যথা ॥

হে দূতি! সেই গোষ্ঠলম্পটকে কোন্ স্ত্রী কামনা করিয়া থাকে, যাঁহাকে স্মরণ হওয়ায় ভীতিবশতঃ আমার এই তনু লোমাঞ্চিত হইয়া উঠিল ॥ ৬১ ॥

---

*."লক্ষ্মণং সা বৃষস্যন্তী মহোক্ষং গৌরিবাগমৎ" সা-সূর্পনখা। ইতি ভট্টিকাব্যে।

সৌজন্যেন যথা ॥ ৬২ ॥
গূঢ়া গাম্ভীর্য্যসম্পদ্ভির্মনোগহ্বরগর্ভগা।
প্রৌঢ়াপ্যস্যা রতিঃ কৃষ্ণে দুর্ব্বিতর্কা পরৈরভূৎ ॥
গৌরবেণ যথা ॥
গোবিন্দে সুবলমুখৈঃ সমং সুহৃদ্ভিঃ
স্মেরাস্যৈঃ স্ফুটমিহ নর্ম্মনির্ম্মিমাণে।
আনম্রীকৃতবদনঃ প্রমোদমুগ্ধো
যত্নেন স্মিতমথ সম্ববার পত্রী ॥ ৬৩ ॥

সৌজন্যেনেতি। দক্ষিণ্যং মতেঃ কারণং সারল্যং সৌজন্যস্তু ধৈর্য্যলজ্জাদি-যুক্তত্বমিত্যনয়োর্ভেদঃ ॥ ৬২ ॥

মনোগহ্বরগর্ভগা অত্যন্তগুপ্তা যা রতিঃ সা প্রৌঢ়াপি গাম্ভীর্য্যসম্পত্তি-র্গূঢ়া সতী দুর্বিতর্কাভূৎ ॥ ৬৩ ॥

সৌজন্যহেতু যথা ॥ ৬২ ॥

শ্রীরাধার কৃষ্ণ বিষয়ে প্রগাঢ় অনুরাগ থাকিলেও সে অনুরাগ গাম্ভীর্য্য সম্পত্তি দ্বারা মনোরূপ গুহার গর্ত্তগামী হইয়াছিল, এ নিমিত্ত অন্য কেহ তাহা লক্ষ্য করিতে পারে নাই ॥

গৌরবনিমিত্ত অবহিত্থা যথা ॥

হাস্যবদন সুবল প্রভৃতি সুহৃদ্গণের সহিত গোবিন্দ স্পষ্টাক্ষরে পরিহাস আরম্ভ করিলে পত্রী নামা তদীয় ভৃত্য আমোদ মুগ্ধ হইয়া বদন অবনত করত যত্ন সহকারে হাস্য সম্বরণ করিয়াছিলেন ॥ ৬৩ ॥

হেতুঃ কশ্চিদ্ভবেৎ কশ্চিদ্গোপ্যঃ কশ্চন গোপনঃ।
ইতি ভাবত্রয়স্যাত্র বিনিয়োগঃ সমীক্ষ্যতে।

হেতুরিতি। যথা সভাজয়িত্বেত্যাদৌ হেতু র্জৈহ্ম্যং তচ্চ স্বগিরৈবায়ং ব্যক্তং দোষঃ স্যাদিতি মতিকৌটিল্যং। তচ্চ তাদৃশভ্রূবিলাসেনৈবাত্র ব্যক্তং। গোপ্যোঽসূয়ামর্ষঃ সচ ঈষৎ কুপিতা ইত্যনেন ব্যক্তঃ। গোপয়ত্যনেনেতি গোপনঃ স চাত্র সংস্তবসংস্পর্শাভ্যাং প্রত্যায়িতং হর্ষবৈকল্যং। সহাসাদিত্বঞ্চ জৈহ্ম্যময়মপি তদিব প্রত্যায়য়তি সর্ব্বত্র গোপনানুভাবঃ কৃত্রিম এব। গোপন-ভাবস্তু মৃগতৃষ্ণাজলবৎ প্রতীতিমাত্রশরীরঃ তস্মাদস্য গোপনত্বমপি প্রাতীতিক-মেব কিন্ত্বনুভাবস্যৈব বাস্তবত্বমিতি জ্ঞেয়ং। সাত্রাজিতীত্যাদৌ মতিময়ং দাক্ষিণ্যং হেতুঃ। তদত্র তস্যাঃ প্রসিদ্ধমিতি নোক্তং। ঈর্ষা গোপ্যা ইয়ঞ্চ শব্দ-লব্ধা। সৌশীল্যন্তু কৃত্রিমস্তুষ্টু ব্যবহারঃ। তৎপ্রত্যায়িতো হর্ষাভাসো গোপনঃ।

এই স্থলে কোন ভাবহেতু, কোন ভাব গোপ্য এবং কোন ভাব গোপন, এইরূপে ভাবত্রয়ের নিয়োগ দেখা যায়, এস্থলে প্রায় সকল ভাবের এক বা অনেক রূপে হেতুত্ব, গোপনত্ব ও গোপ্যত্ব সম্ভব হয়॥

তাৎপর্য্য। সভাজয়িত্বা তমনঙ্গদীপনং ইত্যাদি দশম-স্কন্ধীয় ৩২ অধ্যায়ের ১৪ শ্লোকে জৈহ্ম্য অর্থাৎ কুটিলতা-হেতু, কেন না ঐ জৈহ্ম্য নিজবাক্য দ্বারা ব্যক্ত করা দোষ এ নিমিত্ত এস্থলে বুদ্ধির কৌটিল্য অর্থাৎ ভ্রূবিলাস দ্বারাই প্রকাশ হইল। এই পদ্যে গোপ্যভাব, অসূয়া ও অমর্ষ, ঈষৎ কুপিতা এই পদদ্বারাই ইহা প্রকাশ পাইল। গোপন অর্থাৎ যদ্দ্বারা ভাব সম্বরণ করাযায়। সংস্তব এবং স্তব ইহা

হেতুস্তং গোপনত্বঞ্চ গোপ্যত্বঞ্চাত্র সম্ভবেৎ ।
প্রায়েণ সর্ব্বভাবানামেকশোঽনেকশোঽপি চ ॥ ৬৪ ॥

তমাত্মজৈরিত্যাদৌ বিলজ্জাহেতুঃ । দুরন্তভাবোঽত্র সম্ভোগাখ্যো রসো গোপ্যো গোপনত্বশ্রুনিরোধেন প্রত্যায়িতো ধৃত্যাভাসঃ তথাপ্যশ্রুত্রবো গোপন আত্মজদ্বারা পরিবক্ষণেন সম্ভোগরসাবরকঃ পত্যুচিতমৈত্রীমাত্রাত্মকঃ । তত্র পাঠব্যুৎক্রমেপ্যর্থক্রমশ্চায়ং । প্রথমং দৃষ্টিভি স্ততোঽস্তরাত্মনা তত আত্মজৈঃ পরিরেভির ইতি । কা বৃষস্যতীত্যাদৌ জৈহ্ম্যমপি তস্যাঃ স্বাভাবিকমিতি হেতুরেব গোপ্যো হর্ষঃ বচনমাত্রাভাষিতা ভীতি র্গোপনী । গূঢ়েত্যাদৌ সৌজন্যং হেতুর্গম্যঃ । গোবিন্দ ইত্যাদৌ গৌরবং হেতুঃ । যত্নমাত্রা ভাষিতা ধৃতি র্গোপনী । চাপলং গোপ্যমিতি ॥ ৬৪ ॥

দ্বারা হর্ষ প্রকাশ । "সহাসলীলেক্ষণবিভ্রমভ্রুবা" ইহার দ্বারা কুটিলতাময় ভাব অভিব্যক্ত হইল । সকল স্থানেই গোপনরূপ ভাব কৃত্রিম । সাত্রাজিতী এই পদ্যে রুক্মিণীর মতিময় দাক্ষিণ্যভাবহেতু, ঈর্ষা, গোপ্যভাব, শৈথিল্য অর্থাৎ কৃত্রিম সদ্ব্যবহার দ্বারা হর্ষাভাব গোপন । প্রথমস্কন্ধীয় তমাত্মজৈরিত্যাদি পদ্যে বিলজ্জা হেতু দুরন্ত ভাবশব্দে সম্ভোগাখ্য রস গোপ্য, অশ্রুনিরোধ দ্বারা ভাব গোপন ॥

"কা বৃষস্যতী" এই পদ্যে তাঁহার স্বাভাবিক কৌটিল্যহেতু, হর্ষ গোপ্য, ভয় গোপন । "গূঢ়গর্ব্ব" ইত্যাদি পদ্যে সৌজন্য হেতু, গোবিন্দ ইত্যাদি পদ্যে গৌরব হেতু, যত্ন, এই স্থলে ধৃত্যাভাস গোপন, চাঞ্চল্য গোপ্য ॥ ৬৪ ॥

অথ স্মৃতিঃ ॥

যা স্যাৎ পূর্ব্বানুভূতার্থপ্রতীতিঃ সদৃশেক্ষয়া।
দৃঢ়াভ্যাসাদিনা বাপি সা স্মৃতিঃ পরিকীর্ত্তিতা।
ভবেদত্র শিরঃকম্পো ভ্রূবিক্ষেপাদয়োঽপি চ ॥

তত্র সদৃশেক্ষয়া যথা ॥

বিলোক্য শ্যামমম্ভোদমম্ভোরুহবিলোচনা।
স্মারং স্মারং মুকুন্দ ত্বাং স্মারং বিক্রমমন্বভূৎ ॥ ৬৫ ॥

দৃঢ়াভ্যাসেন যথা ॥

প্রণিধানবিধিমিদানীমকুর্ব্বতোঽপি প্রমাদতো হৃদি মে।
হরিপদপঙ্কজযুগলং ক্বচিৎ কদাচিৎ পরিস্ফুরতি ॥ ৬৬ ॥

প্রীতিবত্রানুসন্ধানং ॥ ৬৫ ॥

প্রমাদতস্তদ্ধেতোকপত্রবতঃ। উপদ্রবাদিতি বা পাঠঃ ॥ ৬৬ ॥

অথ স্মৃতিঃ ॥

সদৃশ বস্তু দর্শন অথবা দৃঢ় অভ্যাস জনিত পূর্ব্বানুভূত অর্থের যে প্রতীতি অর্থাৎ জ্ঞান, তাহার নাম স্মৃতি। এই স্মৃতিতে শিরঃকম্প এবং ভ্রূবিক্ষেপাদি হইয়া থাকে ॥

তন্মধ্যে সদৃশদর্শননিমিত্ত স্মৃতি যথা ॥

হে মুকুন্দ! পদ্মাক্ষি শ্রীরাধা শ্যামবর্ণ জলধর অবলোকন করিয়া তোমাকে বারম্বার স্মরণ করিয়াছিলেন, তাহাতেই তাঁহার কাম বিকার অনুভব হইয়াছিল ॥ ৬৫ ॥

দৃঢ়াভ্যাসনিমিত্ত স্মৃতি যথা ॥

আমি প্রমাদবশতঃ মনোযোগ না করিলেও কোথাও কোন সময়ে হরিপাদপদ্মযুগল আমার হৃদয়ে স্ফূর্ত্তিশীল হয় ॥ ৬৬ ॥

অথ বিতর্কঃ॥

বিমর্শাৎ সংশয়াদেশ্চ বিতর্কস্তূহ উচ্যতে।
এষ ভ্রূক্ষেপণশিরোঽঙ্গুলিসঞ্চালনাদিকৃৎ॥ ৬৭॥

তত্র বিমর্শাদ্যথা বিদগ্ধমাধবে॥

ন জানীষে মূর্দ্ধ্নশ্চ্যুতমপি শিখণ্ডং যদখিলং

বিমর্শো হেতুপরামর্শঃ যথা পর্ব্বতোঽয়ং বহ্নিমান্ ধূমাদিতি। সংশয়ঃ কোটিদ্বয়ং স্পৃশন্নির্ণেতুমশক্তং জ্ঞানং। যথা স্থাণুর্ব্বা পুরুষো বেতি। আদিগ্রহণাৎ অতস্মিংস্তদ্বুদ্ধিরূপো বিপর্য্যাসঃ। যথা শুক্তৌ রজতমিতি। তস্মাত্তস্মাচ্চেতি তত্তদনন্তরং য উহো বস্তুন স্তত্ত্ব বিনির্ণযায় বিচারঃ স বিতর্ক উচ্যতে ইত্যর্থঃ। তত্র হেতুপরামর্শানন্তরং বিচারো ব্যাপ্তিগ্রহণং। যথা ধূমপরামর্শানন্তরং যত্র যত্র ধূমস্তত্র তত্র বহ্নিরিতি যথা মহানস ইতি। তস্মাদ্বহ্নিমানিত্যোতল্লক্ষণো নির্ণয়োঽত্র জ্ঞেয়ঃ। সংশয়ানন্তরং তু বিচারঃ হেতুপরামর্শঃ। তথা বিপর্য্যাসানন্তরঞ্চ স ক্বচিদ্দৃশ্যতে ইতি॥ ৬৭॥

ন জানীষ ইতি অত্র ব্যাপ্তিগ্রহণং পূর্ব্বপূর্ব্বানুভাবেন জ্ঞেয়ং। উন্নীতমিতি

অথ বিতর্ক॥

বিমর্শ অর্থাৎ হেতু পরামর্শ এবং সংশয়াদি নিমিত্ত যে তর্ক উপস্থিত হয়, তাহাকে উহ কহে। এই উহতে ভ্রূক্ষেপ এবং শিরঃ ও অঙ্গুলিচালনাদি হইয়া থাকে॥ ৬৭॥

তন্মধ্যে বিমর্শহেতু বিতর্ক যথা॥

বিদগ্ধমাধবে॥

মধুমঙ্গল কহিলেন, বন্ধো! তোমার মস্তক হইতে যে ময়ূরপুচ্ছ সকল ভূমিতে পতিত হইয়াছে তাহাও তুমি অব-

ন কণ্ঠে যন্মাল্যং কলয়সি পুরস্তাৎ কৃতমপি।
তদুন্নীতং বৃন্দাবনকুহরলীলাকলভ হে
স্ফুটং রাধানেত্রভ্রমরবরবীর্য্যোন্নতিরিয়ং ॥ ৬৮ ॥
সংশয়াদ্যথা ॥
অসৌ কিং তাপিঞ্ছো নহি যদমলশ্রীরিহ গতিঃ
পয়োদঃ কিম্বায়ং ন যদিহ স্থিরঙ্কো হিমকরঃ।
জগন্মোহারম্ভোদ্ধুরমধুরবংশীধ্বনিরিতো

জ্ঞাততয়া নির্দ্দেশস্তস্যাবহিত্থা খণ্ডনার্থমেব কৃতঃ। নমু বস্তুতঃ। তত্রচ সতি তদিদমসোঢ়ক্তিতান্নির্ণেষ্যত ইতি বিতর্ক এব পর্য্যবস্যতি এবমুত্তরত্রাপি ধ্রুবমিত্যত্র চ সএব। অত্রতু বাধেতি নির্ণয়ঃ প্রকরণবলাৎ ॥ ৬৮ ॥

অসাবিত্যাদি বিচারেণ পূর্ব্বং সংশয় এবাসীদিতি গম্যতে সোঽয়ং তাপিঞ্ছো বা পয়োদো বা মুকুন্দো বেতি লক্ষণো গম্যঃ তাপিঞ্ছস্য বাত্যাদিনা দোলায়মানতারূপা যৎকিঞ্চিদ্গতিঃ প্রতীয়তাং নাম। ইহতু অমলশ্রীঃ স্পষ্টৈব গতিঃ তথা

গত নহ এবং এই মাত্র কণ্ঠে যে মালা অর্পণ করিয়াছিলে তাহাও কি তুমি জানিতেছ না? অতএব হে বৃন্দাবন-গুহা-বিলাসি মাতঙ্গ! আমি নিশ্চয় জানিয়াছি শ্রীরাধার নেত্ররূপ ভ্রমরযুগলই তোমাকে এ রূপ বিহ্বল করিয়াছে ॥ ৬৮ ॥

সংশয়হেতু বিতর্ক যথা ॥

হে সখি! এ কি তামাল বৃক্ষ, না, তাহা হইলে ইহার এ রূপ নির্ম্মল শোভা এবং গমন শক্তি হইবে কেন?। তবে কি মেঘ, না, তাহাও হইতে পারে না, যে হেতু ইহাতে নিষ্কলঙ্ক চন্দ্র দেখিতেছি, অতএব হে বিধুমুখি! নিশ্চয়

ধ্রুবং মূর্দ্ধন্যদ্রে বিধুমুখি মুকুন্দো বিহরতি।
বিনির্ণয়ান্ত এবায়ং তর্ক ইত্যুচিরে পরে ॥ ৬৯ ॥

অথ চিন্তা ॥

ধ্যানং চিন্তা ভবেদিষ্টানাপ্ত্যনিষ্টাপ্তিনির্ম্মিতং।
শ্বাসাধোমুখ্য-ভূলেখ-বৈবর্ণ্যোন্নিদ্রতা ইহ।
বিলাপোত্তাপকৃশতাবাষ্পদৈন্যাদয়োঽপি চ ॥
তত্রেষ্টানাপ্ত্যা যথা শ্রীদশমে ॥

পয়োদে শ্বতন্তদাবৃতত্বাচ্চ কলঙ্কী হিমকরঃ সম্ভবতু ইহ তুভয়থাপি নিষ্কলঙ্কঃ স প্রতীয়ত ইতি ন সচ স্রচেত্যর্থঃ ॥ ৬৯ ॥

ধ্যানমত্র বিচারঃ। তচ্চ নিজেষ্টানাপ্ত্যোত্যাদিলক্ষণং চেচ্চিন্তা কথ্যতে তদেবাহ ধ্যানমিত্যাদিনা ॥ ৭০ ॥

বোধ হইতেছে যাহার মধুরবংশীধ্বনি দ্বারা ত্রিভুবন বিমোহিত হয় সেই মুকুন্দই এই পর্ব্বতাগ্রে বিহার করিতেছেন ॥

কোন কোন পণ্ডিতের মত এই যে, নিশ্চয়করণের পর তর্ক হইয়া থাকে ॥ ৬৯ ॥

অথ চিন্তা ॥

অভিলষিত বিষয়ের অপ্রাপ্তি ও অনভিলষিত বিষয়ের প্রাপ্তি নিবন্ধন যে ভাবনা তাহার নাম চিন্তা। ইহাতে নিশ্বাস, অধোবদন, ভূমিবিদারণ, নিদ্রাশূন্যতা, বিলাপ, উত্তাপ, কৃশতা, বাষ্প এবং দৈন্য প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে অভিলষিতবিষয়ের অপ্রাপ্তি
নিবন্ধন চিন্তা যথা ॥

কৃত্বা মুখান্যবশুচঃ শ্বসনেন শুষ্য-
দ্বিম্বাধরাণি চরণেন ভুবং লিখিন্ত্যঃ।
অস্ত্রৈরুপাত্তমসিভিঃ কুচকুঙ্কুমানি
তস্থুর্মৃজন্ত্য উরুদুঃখভরাঃ স্ম তূষ্ণীং॥ ৭০॥
যথাবা॥
অরতিভিরতিক্রম্য ক্ষামা প্রদোষমদোষধীঃ।
কথমপি চিরাদধ্যাসীনা প্রঘাণমঘান্তক।
বিধুরিতমুখী ঘূর্ণত্যন্তঃ প্রসূস্তব চিন্তয়া

অদোষধীঃ তদ্রূপত্বাৎ সর্ব্বত্রাপি স্নিগ্ধস্বভাবা কিমুত স্বয়ীত্যর্থঃ। প্রঘাণ-

শ্রীদশমে ২৯ অধ্যায়ে ২৬ শ্লোকে॥

শ্রীকৃষ্ণের মুখে অপ্রিয় বাক্য শ্রবণ করিয়া গোপীদিগের গুরুতর দুঃখ জন্মিল, অতএব শোক হইতে উদ্গত নিশ্বাস দ্বারা যাহাতে বিম্বফল তুল্য অধর শুষ্ক হইতেছিল, তাদৃশ বদন অবনত করিয়া তূষ্ণীভূত হইয়া রহিলেন, কেবল চরণ দ্বারা ভূমি বিলিখিত ও অশ্রুজলে কুচকুঙ্কুম প্রক্ষালিত করিতে লাগিলেন, ঐ অশ্রু দ্বারা নয়নের কজ্জল ধৌত হইয়াছিল॥ ৭০॥

যথাবা॥

হে মুরনাশন! স্নিগ্ধস্বভাবা তোমার জননী তোমার চিন্তায় কৃশা ও বিষণ্ণা হইয়া বিরতিসমূহ সহকারে কষ্ট স্বষ্টে কথঞ্চিৎ প্রদোষ কাল অতিক্রম করিয়াছেন এবং বহু-ক্ষণ যাবৎ গৃহদ্বার সংলগ্ন বেদ্দিকার উপর উপবেশন করিয়া অন্তরে ঘূর্ণিতা হইতেছেন। অতএব কি আশ্চর্য্য! হে

কিমহহ গৃহং ক্রীড়ালুব্ধ ত্বয়াদ্য বিসস্মরে॥ ৭১॥

অনিষ্ট্যাপ্ত্যা যথা॥

গৃহিণি গহনয়াস্তশ্চিন্তয়োন্নিদ্রনেত্রা

গ্লপয় ন মুখপদ্মং তপ্তবাষ্পপ্লবেন।

নৃপপুরমনুবিন্দন্ গান্দিনেয়েন সার্দ্ধং

তব সুতমহমেব দ্রাক্ পরাবর্ত্তয়ামি॥

অথ মতিঃ॥

শাস্ত্রাদীনাং বিচারোত্থমর্থনির্দ্ধারণং মতিঃ।

মলিন্দং গৃহদ্বারাগ্রলগ্নবেদিকারূপং। অত্র চ নকারস্য মূর্দ্ধন্যত্বমেব বহূনাং মতং॥ ৭১॥

গ্লপয়েত্যাদৌ গ্লপয়ন্মুখপদ্মং তপ্তবাষ্পপ্লবেনেত্যেব পাঠঃ। দ্রাক্ পরাবর্ত্তয়ামীত্যত্রানিষ্টশঙ্কাতু সর্ব্বথা ন কর্ত্তব্যা গর্গাদিবাক্যাদিতি ভাবঃ। তস্মাদনিষ্টমত্র কংসবধানন্তরং তত্রাবস্থানমেব॥ ৭২॥

ক্রীড়ালুব্ধ! তুমি অদ্য গৃহ বিস্মৃত হইয়া রহিয়াছ॥ ৭১॥

অনিষ্ট প্রাপ্তিনিমিত্ত চিন্তা যথা॥

ব্রজরাজ নন্দ কহিলেন, হে গৃহিণি! তুমি নিবিড় চিন্তায় উন্নিদ্র নেত্র হইয়া তপ্ত বাষ্পসমূহে মুখপদ্মকে গ্লানিযুক্ত করিও না, আমি অক্রূরের সহিত রাজপুরী গমন করিয়া শীঘ্র তোমার পুত্রকে আনয়ন করিতেছি॥

অথ মতি॥

শাস্ত্রাদির বিচারোৎপন্ন অর্থ নির্দ্ধারণকে মতি কহে। ইহাতে সংশয় ও ভ্রমের ছেদন হেতু কর্ত্তব্য করণ, শিষ্য-

অত্র কর্ত্তব্যকরণং সংশয়ভ্রময়োশ্ছিদা ।
উপদেশশ্চ শিষ্যাণামূহাপোহাদয়োঽপি চ ॥ ৭২ ॥
যথা পাদ্মে বৈশাখমাহাত্ম্যে ॥
ব্যামোহায় চরাচরস্য জগতস্তে তে পুরাণাগমা-
স্তাং তামেবহি দেবতাং পরমিকাং জল্পন্তু কল্পাবধি ।
সিদ্ধান্তে পুনরেক এব ভগবান্ বিষ্ণুঃ সমস্তাগম-
ব্যাপারেষু বিবেচনব্যতিকরং নীতেষু নিশ্চীয়তে ॥ ৭৩ ॥

ব্যামোহায়েতি সর্ব্বপুরাণাগমরূপমহাবাক্যস্য সম্যগ্বিচারাযোগ্যপুরুষান্ প্রতি খণ্ডশো বদন্তীত্যর্থঃ। যতঃ সিদ্ধান্ত ইত্যাদি। ব্যাপারা রূঢ়্যাদি বৃত্তয়ঃ। বিবেচনং বিচারঃ। ব্যতিকর আসঙ্গ স্তং নীতেষু তদ্ব্যাপারেষু যঃ সিদ্ধান্ত-স্তস্মিন্নেক এব ভগবান্নিশ্চীয়তে। চরাচরা জঙ্গমাস্তে চাত্র মনুষ্যা এব মনুষ্যা-ধিকা রিত্বাৎ শাস্ত্রস্য ॥ ৭৩ ॥

দিগকে উপদেশ দেওয়া এবং তর্ক বিতর্কপ্রভৃতি হইয়া থাকে ॥ ৭২ ॥

যথা পাদ্মে বৈশাখমাহাত্ম্যে ॥

যে সকল শাস্ত্রে ভগবান্ বিষ্ণুর মাহাত্ম্য বর্ণন নাই, সেই সেই পুরাণ ও তন্ত্রসকল চরাচর জগতের মোহের নিমিত্ত হয় এবং তাহারা কল্পপর্য্যন্ত সেই সেই দেবতাকে শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করে করুক। কিন্তু সমুদায় আগমের রূঢ়িপ্রভৃতি বৃত্তি সকলে বিচার প্রসঙ্গ উপস্থিত হইলে, সেই রূঢ়্যাদি বৃত্তিতে যে সিদ্ধান্ত নিষ্পন্ন হইল তাহাতে এক ভগবান্ বিষ্ণুই আরাধ্যরূপে নিশ্চিত হইলেন ॥ ৭৩ ॥

যথা বা শ্রীদশমে ॥

ত্বং ন্যস্তদণ্ডমুনিভির্গদিতানুভাব-
আত্মাত্মদশ্চ জগতামিতি মে বৃতোঽসি।
হিত্বা ভবদ্ভ্রুব উদীরিতকালবেগ-
ধ্বস্তাশিষোঽব্জভবনাকপতীন্ কুতোঽন্যে ॥ ৭৪ ॥

অথ ধৃতিঃ ॥

ধৃতিঃ স্যাৎ পূর্ণতাজ্ঞানদুঃখাভাবোত্তমাপ্তিভিঃ।

ত্বং ত্বস্তেতি। ক্ষীরোদমথনাচরিত নিজচরিতমনুসন্ধায় শ্রীরুক্মিণ্যাহ পূর্ব্ব-পূর্ব্বমেবেদং ময়া নিশ্চিতমিত্যুপলক্ষয়িতুং তত্র ন্যস্তদণ্ডত্বং সর্ব্বসঙ্গসর্ব্বাভিলাষ রহিতত্বং গময়তি। সঙ্গাৎ সংজায়তে কামঃ কামাৎ ক্রোধোঽভিজায়তে ইত্যাদি ॥ ৭৪ ॥

জ্ঞানেন ভগবদনুভবেন তথা ভগবৎসম্বন্ধেন যো দুঃখাভাবস্তেন তথা

যথাবা শ্রীদশমে ৬০ অধ্যায়ে ৩৮ শ্লোকে ॥

রুক্মিণীদেবী কহিলেন বিষয়বাসনাশূন্য মুনিগণ কর্ত্তৃক তোমার মাহাত্ম্য কথিত হইয়াছে এবং তুমি জগতের আত্মা ও আত্মপর্য্যন্ত দান করিয়া থাক, এ নিমিত্ত তোমার ভ্রূবিক্ষেপে উদিতকালবেগে নষ্ট মঙ্গল, ব্রহ্মা ও স্বর্গপতি ইন্দ্র প্রভৃতিকে পরিত্যাগ করিয়াও আমি তোমাকে বরণ করিয়াছি, অন্যের কথা আর কি বলিব ? ॥ ৭৪ ॥

অথ ধৃতি ॥

জ্ঞান, দুঃখাভাব ও উত্তম বস্তু প্রাপ্তি অর্থাৎ ভগবৎসম্বন্ধীয় প্রেম লাভ দ্বারা মনের যে পূর্ণতা (অচাঞ্চল্য) তাহার

অপ্রাপ্তাতীতনষ্টার্থাদ্যভিসংশোচনাদিকৃৎ ॥ ৭৫ ॥

তত্র জ্ঞানেন যথা ভর্তৃহরেঃ বৈরাগ্যশতকে ৫৬ শ্লোকঃ ॥

অশ্নীমহি বয়ং ভিক্ষামাশাবাসো বসীমহি।

শয়ীমহি মহীপৃষ্ঠে কুর্ব্বীমহি কিমীশ্বরৈঃ ॥ ৭৬ ॥

দুঃখাভাবেন যথা ॥

গোষ্ঠং রমাকেলিগৃহক্ষকান্তি

উত্তমস্য ভগবৎসম্বন্ধিতয়া পরমপুরুষার্থস্য প্রেম্নঃ প্রাপ্ত্যাচ যা পূর্ণতা মনসো হচঞ্চাল্যং সা ধৃতিরিত্যর্থঃ ॥ ৭৫ ॥

অশ্নীমহীত্যত্র ভগবৎসম্বন্ধি জ্ঞানমাহার্য্যং ঈশ্বরৈ রাজাদিভিঃ ॥ ৭৬ ॥

গোষ্ঠমিতি শ্রীগোষ্ঠমহেন্দ্রবাক্যং। পরঃ পরার্দ্ধাঃ পরার্দ্ধতোহপি পরসংখ্যা

নাম ধৃতি। ইহাতে অপ্রাপ্ত ও অতীতনষ্ট অর্থাৎ যাহা পূর্ব্বে নষ্ট হইয়া গিয়াছে সেই বিষয়ের নিমিত্ত দুঃখ হয় না ॥ ৭৫ ॥

তন্মধ্যে জ্ঞান দ্বারা ধৃতি যথা বৈরাগ্যশতকে ৫৬ শ্লোকে।

ভর্ত্তৃহরির বাক্য।

ভগবৎ সম্বন্ধি জ্ঞান লাভ করিতে পারিলে যদি ভিক্ষায় ভোজন করিতে হয় সেহ ভাল, যদি বিবসনে থাকা যায় সেহ উত্তম, এবং যদি ভূমিতলে শয়ন করিয়া থাকিতে হয় তাহাও শ্রেয়স্কর, তথাপি ঐশ্বর্য্যশালি রাজাদিগের সেবায় প্রয়োজন নাই ॥ ৭৬ ॥

দুঃখাভাব নিমিত্ত ধৃতি যথা ॥

গোপরাজ নন্দ কহিলেন আমার গোষ্ঠ লক্ষ্মীদেবীর

গাবশ্চ ধাবন্তি পরঃ পরার্দ্ধাঃ।
পুত্রস্তথা দীব্যতি দিব্যকর্ম্মা
তৃপ্তি র্মমাভূদ্‌গৃহমেধিসৌখ্যে॥
উত্তমাপ্ত্যা যথা॥
হরিলীলাসুধাসিন্ধোস্তটমপ্যধিতিষ্ঠতঃ।
মনো মম চতুর্ব্বর্গং তৃণায়াপি ন মন্যতে॥ ৭৭॥
অথ হর্ষঃ।
অভীষ্টেক্ষণলাভাদি জাতা চেতঃ প্রসন্নতা

ইত্যর্থঃ। কথং তত্তজ্জাতং তত্রাহ পুত্রস্তথেতি। যেন প্রকারেণ তত্তজ্জায়তে তেনৈব প্রকারেণ দিব্যকর্ম্মা পুত্রো দীব্যতীত্যর্থঃ। তৃপ্তি র্মমাভূদিত্যত্রাতৃপ্তিময়-দুঃখধ্বংসো ব্যঞ্জিতঃ॥ ৭৭॥

প্রসন্নতা প্রকাশঃ প্রফুল্লতেতি যাবৎ॥ ৭৮॥

ক্রীড়াগৃহ রূপে বিরাজমান এবং পরার্দ্ধের অধিক সংখ্যা পরিমিত গোসকলও চতুর্দ্দিকে ধাবমান হইতেছে, তথা সুকর্ম্মা পুত্রও গৃহে ক্রীড়া করিতেছে অতএব আমি গার্হস্থ্য সুখে পরিতৃপ্ত হইয়াছি আর তাহাতে প্রয়োজন নাই॥

উত্তমপ্রাপ্তি নিমিত্ত ধৃতি যথা

আমি হরিলীলা রূপ সুধা সমুদ্রের তটে অবস্থিতি করিতেছি, সুতরাং আমার মন ধর্ম্মার্থ কাম মোক্ষরূপ চতুর্ব্বর্গকে তৃণতুল্য জ্ঞান করে না॥ ৭৭॥

অথ হর্ষ॥

অভীষ্টদর্শন ও লাভাদি জনিত চিত্তের প্রসন্নতার নাম হর্ষ।

হর্ষঃ স্যাদিহ রোমাঞ্চঃ স্বেদোঽশ্রুমুখফুল্লতা।
আবেগোন্মাদজড়তাস্তথা মোহাদয়োঽপি চ॥
তত্রাভীষ্টেক্ষণেন যথা শ্রীবিষ্ণুপুরাণে॥
তৌ দৃষ্ট্বা বিকসদ্বক্ত্রসরোজঃ স মহামতিঃ।
পুলকাঞ্চিতসর্ব্বাঙ্গস্তদাক্রূরোঽভবন্মুনে॥
অভীষ্টলাভেন যথা শ্রীদশমে॥
তত্রৈকাংসগতং বাহুং কৃষ্ণস্যোৎপলসৌরভং।
চন্দনালিপ্তমাঘ্রায় হৃষ্টরোমা চুচুম্ব হ॥ ৭৮॥
অথৌৎসুক্যং॥

ইহাতে রোমাঞ্চ, ঘর্ম্ম, অশ্রু, মুখপ্রফুল্ল, ত্বরা উন্মাদ, জড়তা এবং মোহপ্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে অভীষ্টদর্শন জন্য হর্ষ যথা॥

বিষ্ণুপুরাণে॥

হে মুনে! মহামতি অক্রূর রাম কৃষ্ণকে সন্দর্শন করায় তাঁহার বদনপদ্ম প্রফুল্ল ও সর্ব্বাঙ্গ পুলকাঞ্চিত হইয়াছিল॥

অভীষ্টলাভ নিমিত্ত হর্ষ যথা॥

শ্রীদশমে ৩৩ অধ্যায়ে ১২ শ্লোকে॥

সেই রাসমণ্ডলীতে কোন গোপী আপনার স্কন্ধস্থিত শ্রীকৃষ্ণের বাহু (যাহাতে উৎপলের সৌরভ এবং চন্দন লিপ্ত ছিল) আঘ্রাণ করিয়া পুলকাকুল কলেবরে তদীয় গণ্ডমণ্ডলে চুম্বন প্রদান করিলেন॥ ৭৮॥

অথ ঔৎসুক্য॥

কালাক্ষমত্বমৌৎসুক্যমিষ্টেক্ষাপ্তিস্পৃহাদিভিঃ।
মুখশোষ ত্বরা চিন্তা নিশ্বাস স্থিরতাদিকৃৎ॥
তত্রেষ্টেক্ষা স্পৃহয়া যথা শ্রীদশমে॥
প্রাপ্তং নিশম্য নরলোচনপানপাত্র-
মৌৎসুক্যবিশ্লথিতকেশদুকূলবন্ধাঃ।
সদ্যো বিসৃজ্য গৃহকর্ম্ম পতীংশ্চ তল্পে
দ্রষ্টুং যযু র্যুবতয়ঃ স্ম নরেন্দ্রমার্গে॥

কালাক্ষমত্বং কালযাপনায়ামসমর্থত্বং॥ ৭৯॥

অভীষ্ট বস্তুর দর্শনস্পৃহা ও প্রাপ্তিস্পৃহা নিমিত্ত যে কালবিলম্বের অসহিষ্ণুতা, তাহাকে ঔৎসুক্য বলে। ইহাতে মুখশোষ, ত্বরা, চিন্তা, দীর্ঘ-নিশ্বাস এবং স্থিরতাদি হইয়া থাকে॥

তন্মধ্যে ইষ্টদর্শন নিমিত্ত স্পৃহা যথা॥

শ্রীদশমে ৭১ অধ্যায়ে ২৯ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ দ্বারকা হইতে ইন্দ্রপ্রস্থে আগমন করায় তত্রস্থ যুবতিগণ নয়নের পানীয় বিষয় স্বরূপ শ্রীকৃষ্ণের আগমন বার্ত্তা শ্রবণ করায় উৎসুকতা নিবন্ধন তাহাদের কেশ ও পরিধেয় বসনের বন্ধন শ্লথ হইয়া পড়িল, আনন্দে শিথিলী কৃত বস্ত্র ও কেশ বন্ধন করিতে করিতে গৃহকর্ম্ম এবং শয্যায় পতিকে পরিত্যাগ করত দর্শনার্থ রাজমার্গে গমন করিতে লাগিল॥

যথা বা স্তবাবল্যাং ॥
প্রকটিতনিজবাসং স্নিগ্ধবেণুপ্রণাদৈ-
র্দ্রুতগতিহরিমারাৎ প্রাপ্য কুঞ্জে স্মিতাক্ষী।
শ্রবণকুহরকণ্ডুং তন্বতী নম্রবক্ত্রা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু ॥
ইষ্টাপ্তিস্পৃহা যথা ॥
নর্ম্ম-কর্ম্মঠতয়া সখীগণে
দ্রাঘয়ত্যঘহরাগ্রতঃ কথাং।
গুচ্ছক-গ্রহণ-কৈতবাদসৌ

যথাবা ॥

শ্রীকৃষ্ণ বংশীবাদ্যদ্বারা স্বীয় অবস্থিতি প্রকাশ করিলে হাস্য বিকসিতনয়না শ্রীরাধা দ্রুতগতি কুঞ্জগৃহে গিয়া শ্রীকৃষ্ণকে দেখিতে পাইলেন, তাহাতে তাঁহার এ রূপ হর্ষোদয় হইয়াছিল যে তদ্দারা তিনি কর্ণকুহরের কণ্ডূয়ন বিস্তার করিতে লাগিলেন, আহা! সেই শ্রীরাধা কবে আমাকে স্বীয় দাস্যে নিযুক্ত করিবেন ॥

ইষ্টপ্রাপ্তিনিমিত্ত স্পৃহা যথা স্তবালীয়তে ॥

পরিহাস কুশল সখীগণ শ্রীকৃষ্ণের অগ্রে কথা বিস্তার করিলে শ্রীকৃষ্ণ পুষ্পস্তবক গ্রহণচ্ছলে দ্রুতগতি গুহাপ্রদেশে গমন করিলেন ॥

অথ উগ্রতা ॥

অপরাধ ও দুরুক্ত্যাদিজনিত ক্রোধকে উগ্রতা কহে,

গন্ধর্ববং দ্রুতপদক্রমং যযৌ ॥

অথৌগ্র্যং ॥

অপরাধদুরুক্ত্যাদিজাতং চণ্ডত্বমুগ্রতা।
বধবন্ধশিরঃকম্প ভৎ'সনোত্তাড়নাদিকৃৎ ॥

তত্রাপরাধাদ্‌যথা ॥

স্ফুরতি ময়ি ভুজঙ্গীগর্ভবিশ্রংসিকীর্ত্তৌ
বিরচয়তি মদীশে কিল্বিষং কালিয়োঽপি।
হুতভুজি বত কুর্য্যাং জাঠরে বৌষড়েনং
সপদি দনুজহন্তুঃ কিন্তু রোষাদ্বিভেমি ॥

দুরুক্তিতো যথা ॥

প্রভবতি বিবুধানামগ্রিমস্যাগ্রপূজাং

ইহাতে বধ, বন্ধ, শিরঃকম্প, ভৎ'সন ও তাড়নাদি হইয়া থাকে॥

তন্মধ্যে অপরাধহেতু উগ্রতা যথা ॥

কালিয শ্রীকৃষ্ণকে দংশন করিলে গরুড় ক্রোধভরে অধীর হইয়া কহিলেন, কি আশ্চর্য্য! যাহার প্রতাপে ভুজঙ্গী-গণের গর্ভপাত হয় সেই আমি উপস্থিত থাকিতে কালিয় আমার প্রভুর প্রতি অনিষ্টাচরণ করিল, অতএব ইচ্ছা হয় ক্ষণকাল মধ্যে ইহাকে জঠরানলে আহুতি প্রদান করি, কিন্তু দৈত্যারি যদি রুষ্ট হয়েন এই ভয়ে সমর্থ হইতেছি না ॥

দুরুক্তিনিমিত্ত উগ্রতা যথা ॥

যে ব্যক্তি, অতিশয় কীর্ত্তিশালী দেবাগ্রগণ্য দৈত্যারির অগ্রপূজা সহ্য করিতে সমর্থ না হয়, আমি তাহার বিস্তৃত মস্ত-

নহি দনুজরিপোর্যঃ প্রৌঢ়কীর্ত্তের্বিসোঢ়ুং।
কটুতরযমদণ্ডোদ্দণ্ডরোচি র্ময়াসৌ
শিরসি পৃথুনি তস্য ন্যস্যতে সব্যপাদঃ॥ ৭৯॥
যথাবা॥
রতাঃ কিল নৃপাসনে ক্ষিতিপলক্ষভুক্তোজ্ঝিতে
খলাঃ কুরুকুলাধমাঃ প্রভুমজাণ্ডকোটিশ্বমী।
হহা বত বিড়ম্বনা শিবশিবাদ্য নঃ শৃণ্বতাং
হঠাদিহ কটাক্ষয়ন্ত্যখিলবন্দ্যমপ্যচ্যুতং॥
অথামর্ষঃ॥
অধিক্ষেপাপমানাদেঃ স্যাদমর্ষোঽসহিষ্ণুতা।

রতা ইতি কটাক্ষয়ন্তি কুটিলদৃষ্টিবিষয়ীকুর্ব্বন্তি অবজানন্তীত্যর্থঃ॥ ৮০॥

কের উপর প্রচণ্ড যমদণ্ড অপেক্ষাও উগ্রতর এই বামপাদ নিক্ষেপ করি॥ ৭৯॥

যথাবা॥

শিব শিব! লক্ষ লক্ষ ক্ষিতিপালগণ যে রাজাসন উপভোগ করিয়া পরিত্যাগ করিয়াছেন, এই সকল কুরুকুলাধম দুর্জনেরা সেই রাজাসনে উপবেশন পূর্ব্বক আজি আমাদিগকে শুনাইয়া শুনাইয়া কোটিব্রহ্মাণ্ডের প্রভু ও সকল জনের বন্দনীয় শ্রীকৃষ্ণের প্রতি ছল ক্রমে হঠাৎ কটাক্ষপাত করিতেছে, হায়! ইহার তুল্য আর বিড়ম্বনা কি?॥

অথ অমর্ষ।

তিরস্কার এবং অপমানাদি জন্য অসহিষ্ণুতার নাম অমর্ষ,

তত্র স্বেদঃ শিরঃকম্পো বিবর্ণত্বং বিচিন্তনং।
উপায়ান্বেষণাক্রোশবৈমুখ্যোত্তাড়নাদয়ঃ ॥
তত্রাধিক্ষেপাদ্যথা বিদগ্ধমাধবে ॥
নির্ধৌতানামখিলধরণীমাধুরীণাং ধুরীণা
কল্যাণী মে নিবসতি বধূঃ পশ্য পার্শ্বে নবোঢ়া।
অন্তর্গোষ্ঠে চটুলনটয়ন্নত্র নেত্রত্রিভাগং
নিঃশঙ্কস্ত্বং ভ্রমসি ভবিতা নাকুলত্বং কুতো মে ॥ ৮০ ॥
অপমানাদ্যথা ॥
কদম্ব-বন-তস্কর! দ্রুতমপৈহি কিং চাটুভি—

তারাখ্যয়েতি শ্রীরাধাং সূচয়তি ॥ ৮১ ॥

ইহাতে ঘর্ম্ম, শিরঃকম্পন, বিবর্ণতা, চিন্তা, উপায়ান্বেষণ, আক্রোশ, বিমুখতা ও তাড়না প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে অধিক্ষেপ নিমিত্ত অমর্ষ যথা—

বিদগ্ধমাধবে ॥

জটিলা কহিল কৃষ্ণ! নিরীক্ষণ কর, যাহার রূপমাধুর্য্যে নিখিল জগতের মধুরতা তিরস্কৃত হইতেছে, সেই নবোঢ়া বধূ আমার পার্শ্বে অবস্থিত রহিয়াছে এবং তুমিও এই গোকুল মধ্যে মনোহর নেত্রপ্রান্ত নৃত্য করাইয়া নির্ভয়ে ভ্রমণ করিতেছ, সুতরাং ইহাতে আমার ব্যাকুলতা না হইবে কেন? ॥ ৮০ ॥

অপমান নিমিত্ত অমর্ষ যথা ॥

অহে কদম্ববনতস্কর! তুমি শীঘ্র এস্থান হইতে প্রস্থান

র্জনে ভবতি মদ্বিধে পরিভবোহি নাতঃ পরঃ।
ত্বয়া ব্রজমৃগীদৃশাং সদসি হন্ত চন্দ্রাবলী
বরাপি যদযোগ্যয়া স্ফুটমদূষি তারাখ্যয়া॥
আদিশব্দাদ্বঞ্চনাদপি যথা শ্রীদশমে॥
পতিসুতান্বয়াভ্রাতৃবান্ধবা—
নতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতাঃ।
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ
কিতব যোষিতঃ কস্ত্যজেন্নিশি॥

কর, আর চাটুবাক্যে প্রয়োজন নাই, মাদৃশ জনে ইহার তুল্য পরাভব আর কি আছে? হায়! চন্দ্রাবলী প্রধানা হইলেও তুমি কি প্রকারে ব্রজহরিণলোচনাদিগের সভায় স্পষ্টরূপে অযোগ্য রাধা নাম দ্বারা তাহাকে দূষিত করিয়াছ॥

আদিশব্দপ্রযুক্ত বঞ্চনানিমিত্ত অমর্ষ যথা॥

শ্রীদশমে ৩১ অধ্যায়ে ১৬ শ্লোকে॥

কৃষ্ণ! তোমার অদর্শনে অতুল দুঃখ এবং দর্শনে পরম সুখ প্রত্যক্ষে নিরীক্ষণ করিয়া পতি, পুত্র, জ্ঞাতি, ভ্রাতৃ, বান্ধব সমুদায় পরিত্যাগ করিয়া আমারা তোমার সমীপে আসিয়াছি। হে অচ্যুত! তুমি আমাদের আগমন কারণ জান, তোমারই উচ্চ গীতে আমরা মোহিত হইয়াছি। হে কিতব! রাত্রিকালে স্বয়ং আগতা এবম্বিধ যোষিৎদিগকে তোমা ব্যতিরেকে কোন্ পুরুষ পরিত্যাগ করে? অর্থাৎ কেহই করে না॥

অথাসূয়া ॥

দ্বেষঃ পরোদয়েঽসূয়া স্যাৎ সৌভাগ্যগুণাদিভিঃ।
তত্রের্ষ্যানাদরাক্ষেপা দোষারোপো গুণেষ্বপি ॥
অপবৃত্তিস্তিরো বীক্ষা ভ্রুবোর্ভঙ্গুরতাদয়ঃ ॥

তত্রান্যসৌভাগ্যেন যথা পদ্যাবল্যাং ॥

মা গর্ব্বমুদ্বহ কপোলতলে চকাস্তি
কৃষ্ণ স্বহস্তলিখিতা নবমঞ্জরীতি।
অন্যাপি কিং ন সখি ভাজনমীদৃশীনাং
বৈরী ন চেদ্ভবতি বেপথুরন্তরায়ঃ ॥

অথ অসূয়া ॥

সৌভাগ্য এবং গুণাদি দ্বারা পরের উন্নতি বিষয়ক দ্বেষ করার নাম অসূয়া, ইহাতে ঈর্ষা, অনাদর, আক্ষেপ, গুণ-সকলে দোষারোপ, অপবাদ, বক্রদৃষ্টি ও ভ্রূকুটিল প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে অন্যের সৌভাগ্যনিমিত্ত
অসূয়া যথা পদ্যাবলীতে ॥

সখি! শ্রীকৃষ্ণ স্বহস্তে তোমার কপোলদেশে তিলক লিখিয়াছেন বলিয়া তুমি গর্ব্বিতা হইও না, ইহাদের মধ্যে অন্যের কি আর এরূপ সৌভাগ্য হয় না? তিলক লিখিতে লিখিতে তদীয় সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া শ্রীকৃষ্ণের হস্তকম্পন রূপ বিঘ্ন যদি শত্রু না হয়, তাহা হইলে অন্যেও সৌভাগ্যবতী হইতে পারে অর্থাৎ শ্রীকৃষ্ণ তোমা অপেক্ষা অন্যের সৌন্দর্য্য দর্শনে মুগ্ধ হইয়া পড়েন, সুতরাং এরূপ লিখিতে সমর্থ হয়েন না ॥

যথাবা শ্রীদশমে ॥

তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যুচ্চৈঃ পদানি যৎ।
যৈকাপহৃত্য গোপীনাং ধনং ভুঙ্‌ক্তেঽচ্যুতাধরং ॥

গুণেন যথা ॥

স্বয়ং পরাজয়ং প্রাপ্তান্ কৃষ্ণপক্ষান্ বিজিত্য নঃ।
বলিষ্ঠা বলপক্ষাশ্চেদ্দুর্ব্বলাঃ কে ততঃ ক্ষিতৌ ॥

অথ চাপলং ॥

রাগদ্বেষাদিভিশ্চিত্তলাঘবং চাপলং ভবেৎ।
তত্রাবিচারপারুষ্যস্বচ্ছন্দাচরণাদয়ঃ ॥

যথাবা শ্রীদশমে ৩০ অধ্যায়ে ২৬ শ্লোকে ॥

অন্য গোপীগণ কহিতে লাগিলেন, হে সখীবৃন্দ! সেই রমণীর এই সকল পদচিহ্ন আমাদের অতিশয় দুঃখ জন্মাইতেছে, কারণ সে একা গোপীদিগের সর্ব্বস্ব হরণ করিয়া নির্জনে শ্রীকৃষ্ণের অধর সুধা পান করিতেছে ॥

গুণহেতু অসূয়া যথা ॥

আমরা কৃষ্ণপক্ষ, স্বয়ং পরাজয় প্রাপ্ত হইয়া রহিয়াছি, আমাদিগকে জয় করিয়া যদি বলদেবের পক্ষ বলিষ্ঠ হয়, তাহা হইলে এ ভূমণ্ডলে দুর্ব্বল আর কে হইবে ॥

অথ চাপল ॥

রাগ ও দ্বেষাদি নিমিত্ত চিত্তের যে লঘুতা তাহার নাম চপলতা। ইহাতে অবিচার, নিষ্ঠুর বাক্য ও স্বচ্ছন্দচারিতা প্রভৃতি হইয়া থাকে ॥

তত্র রাগেণ যথা শ্রীদশমে ॥

শ্বোভাবিনি ত্বমজিতোদ্বহনে বিদর্ভান্
গুপ্তঃ সমেত্য পৃতনাপতিভিঃ পরীতঃ।
নির্ম্মথ্য চৈদ্যমগধেশ—বলং প্রসহ্য
মাং রাক্ষসেন বিধিনোদ্বহ বীর্য্যশুল্কাং ॥

দ্বেষেণ যথা ॥

বংশীপূরেণ কালিন্দ্যাঃ সিন্ধুং বিন্দতু বাহিতা।
গুরোরপি পুরো নীবীং যা ভ্রংশয়তি সুভ্রুবাং ॥ ৮১ ॥

অথ নিদ্রা ॥

তন্মধ্যে রাগনিমিত্ত চপলতা যথা ॥
শ্রীদশমে ৫২ অধ্যায়ে ৩৩ শ্লোকে ॥

হে অজিত! কল্য বিবাহের দিন, অতএব তুমি প্রথমে গোপনে বিদর্ভে আগমন পূর্ব্বক পরে সেনাপতিতে পরিবৃত হইয়া চৈদ্যাধিপতি ও মগধরাজের বল সমুদায় নির্ম্মন্থন করত হঠাৎ বীর্য্য স্বরূপ শুল্ক দ্বারা রাক্ষস বিধান অনুসারে আমাকে বিবাহ কর ॥

দ্বেষ নিমিত্ত চপলতা যথা

বংশী কালিন্দীর প্রবাহ দ্বারা সমুদ্রে গিয়া প্রবেশ করুকন যে হেতু ঐ বংশী গুরুজনের সমক্ষে সুন্দরীগণের নীবীবন্ধ, মোচনকরিয়া দেয় ॥ ৮১ ॥

অথ নিদ্রা ॥

চিন্তালস্য-নিসর্গ-ক্লমাদিভিশ্চিত্তমীলনং নিদ্রা।
তত্রাঙ্গভঙ্গ-জৃম্ভা-জাড্য-শ্বাসাক্ষিমীলনানি স্যুঃ॥
তত্র চিন্তয়া যথা॥
লোহিতায়তি মার্ত্তণ্ডে বেণুধ্বনিমশৃণ্বতী।
চিন্তয়াক্রান্তহৃদয়া নিদদ্রৌ নন্দগেহিনী॥
আলস্যেন যথা॥
দামোদরস্য বন্ধন কর্ম্মভি—
রতিনিঃসহাঙ্গ লতিকেয়ং।
দরবিঘূর্ণিতোত্তমাঙ্গা

চিত্তস্য মীলনং বহির্বৃত্ত্যাভাবঃ॥ ৮২॥

চিন্তা, আলস্য স্বভাব ও শ্রমাদি দ্বারা চিত্তের যে মীলন অর্থাৎ বাহ্যবৃত্তির অভাব তাহার নাম নিদ্রা, ইহাতে অঙ্গ-ভঙ্গ, জৃম্ভা, জড়তা, নিশ্বাস ও নেত্রনিমীমন প্রভৃতি হইয়া থাকে॥

তন্মধ্যে চিন্তা নিমিত্ত নিদ্রা যথা॥

সূর্য্যদের লোহিতবর্ণ হইলে বেণুধ্বনি শ্রবণ করিতে না পাইয়া নন্দপত্নী যশোদা চিন্তাকুল চিত্তে নিদ্রায় অভিভূত হইলেন॥

আলস্যনিমিত্ত নিদ্রা যথা॥

যাহার অঙ্গলতিকায় কিছুমাত্র সহ্য হয় না, সেই ব্রজে-শ্বরী যশোদা শ্রীকৃষ্ণকে বন্ধন করাতে, তাঁহার মস্তক ঘূর্ণিত

কৃতাঙ্গভঙ্গা ব্রজেশ্বরী স্ফুরতি ॥

নিসর্গেণ যথা ॥

অঘহর তব বীর্য্যপ্রোষিতাশেষচিন্তাঃ
পরিহৃত গৃহবাস্ত দ্বারবন্ধানুবন্ধাঃ।
নিজনিজমিহ রাত্রৌ প্রাঙ্গনং শোভয়ন্তঃ
সুখমবিচলদঙ্গাঃ শেরতে পশ্য গোপাঃ ॥

ক্রমেন যথা ॥

সংক্রান্তধাতুচিত্রা সুরতান্তে সা নিতান্ততান্তাদ্য।
বক্ষসি নিক্ষিপ্তাঙ্গী হরে বিশাখা যযৌ নিদ্রাং ॥ ৮২ ॥

যুক্তাস্যস্ফূর্ত্তিমাত্রেণ নির্ব্বিশেষেণ কেনচিৎ।

ননু পূর্ব্বং চিত্তমীলনং নিদ্রেত্যুক্তং সাচ তমোগুণেন চিত্তবৃত্তি রূপৈব

ও অঙ্গসকল বিবশ হইয়াছিল ॥

স্বভাব নিমিত্ত নিদ্রা যথা ॥

হে অঘনাশন! তোমার পরাক্রমে অশেষ চিন্তা দূরীভূত হওয়ায় গোপগণ গৃহদ্বার বন্ধনের অনুরোধ পরিত্যাগ করিয়াছে এবং রজনীযোগে স্বীয় স্বীয় প্রাঙ্গন সুশোভিত করত নিশ্চলাঙ্গে সুখে শয়ন করিয়া রহিয়াছে, অবলোকন কর।

শ্রমহেতু নিদ্রা যথা।

বিশাখা অদ্য সম্ভোগান্তে কৃষ্ণাঙ্গ ধৃত গৈরিকাদি ধাতু দ্বারা চিত্রিতা হইয়া তদীয় বক্ষঃস্থলে অঙ্গনিক্ষেপ পূর্ব্বক সুখে নিদ্রা যাইতেছে ॥ ৮২ ॥

দিগের হৃদয়ে যে কোনরূপে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি হইলে

হৃন্মীলনাৎ পুরো ২বস্থা নিদ্রা ভক্তেষু কথ্যতে ॥ ৮৩ ॥
অথ সুপ্তিঃ ॥

প্রসিদ্ধা সাচ পরমভক্তানাং ন সম্ভবতি গুণাতীতচিত্তত্বাৎ। তর্হি কেন তদা-বৃত্তিরিয়ং নিদ্রা তত্রাহ যুক্তেতি। অস্য শ্রীকৃষ্ণস্য উত্তমভক্তানাং ভগবৎসমাধি-রূপৈব নিদ্রা নতু প্রাকৃতী যুজ্যত ইতি ভাবঃ গুণাতীতভাবত্বাৎ। যথোক্তং গারুড়ে। জাগ্রৎস্বপ্নসুষুপ্তেষু যোগস্থস্য চ যোগিনঃ। যা কাচিন্মনসো বৃত্তিঃ সা ভবেদচ্যুতাশ্রয়া। অতএব শ্রীকৃষ্ণস্য স্ফূর্ত্তিময়ত্বাদ্ধৃন্মীলনাৎ পুরোঽবস্থৈব নিদ্রোচ্যতে নতু হৃন্মীলনমাত্রং। যত্তু পূর্ব্বং চিত্তমীলনং নিদ্রেত্যুক্তং তৎ খল্বাপাতত এব নিবোধায়েতি ভাবঃ ॥ ৮৩ ॥

নিদ্রায়া এবাবস্থাবিশেষে সংজ্ঞান্তরমাহ সুপ্তিরিতি। বিবিধো ভাবো ভাবনা

হৃন্মীলনের অর্থাৎ চিত্তবৃত্তি শূন্যের পূর্ব্বাবস্থাকে নিদ্রা বলে।

তাৎপর্য্য। নিদ্রা তমোগুণ দ্বারা চিত্তের চেষ্টা শূন্য রূপে প্রসিদ্ধ আছে কিন্তু ইহা একান্ত ভক্তে সম্ভব হয় না, কারণ ভক্ত সকলের চিত্ত গুণাতীত, যদি বল তবে নিদ্রা হয় কেন, তাহার উত্তর এই, শ্রীকৃষ্ণের উত্তম ভক্ত সকলের ভগবৎ সমাধি স্বরূপকেই নিদ্রা বলা যায়, নতুবা প্রাকৃতী নিদ্রা ভক্তে সম্ভব হয় না। এই বিষয়ে গরুড় পুরাণের বচন এই যে জাগ্রৎ, স্বপ্ন ও সুষুপ্তি দশায় যোগযুক্ত যোগির যে কোন মনের বৃত্তি, তাহা অচ্যুতাশ্রয় হইয়া থাকে, এই কারণে ভগবদ্ভক্তের প্রাকৃতী নিদ্রা নাই, তবে যে দেখা যায় তাহা কেবল ভগবৎসমাধি মাত্র ॥ ৮৩ ॥

অথ সুপ্তি ॥

সুপ্তি র্নিদ্রা বিভাবা স্যান্নানার্থানুভবাত্মিকা।
ইন্দ্রিয়োপরতি-শ্বাস-নেত্র-সংমীলনাদিকৃৎ॥ ৮৪॥

যথা॥

কামং তামরসাক্ষকেলিরভিতঃ প্রাদুষ্কৃতা শৈশবী
দর্পঃ সর্পপতেস্তদস্য তরসা নির্দ্ধূয়তামুদ্ধুরঃ॥
ইত্যুৎস্বপ্নগিরা চিরাদ্যদুসভাং বিস্মায়য়ন্ স্মায়য়-
ন্নিঃশ্বাসেন দরোত্তরঙ্গদুদরং নিদ্রাং গতো লাঙ্গলী॥ ৮৫॥

যস্যাঃ সা বিভাবা ন কেবলং তাদৃশী অপিতু নানার্থেত্যাদি বিশিষ্টা চ অতস্তদ্বিধৈব নিদ্রা সুপ্তিঃ স্বপ্ন উচ্যতে ইত্যর্থঃ॥ ৮৪॥

কেলিবিততিঃ ক্রীড়াবিস্তারঃ। কেলিরহিত ইতি পাঠশ্চ সঙ্গতঃ। কেলিশব্দস্য স্ত্রীত্বমপি দৃশ্যত ইতি। তথাহ্ মাপতিধরঃ। রত্নচ্ছায়াচ্ছুরিতজলধাবিত্যাদৌ রাধাকেলীপরিমলভরধ্যানমূর্চ্ছা মুরারেরিতি। যদুসভাং তদন্তঃসভাগামিনং কিয়ন্তমপি যদুগণং বিস্মায়য়ন্ স্মায়য়ংশ্চ॥ ৮৫॥

নানা প্রকার চিন্তা ও নানা বিষয় অনুভব স্বরূপ নিদ্রার নাম সুপ্তি অর্থাৎ স্বপ্ন। ইহাতে ইন্দ্রিয়ের অবসন্নতা, নিশ্বাস ও চক্ষু নিমীলনাদি হইয়া থাকে॥ ৮৪॥

যথা॥

হে পদ্মলোচন! তুমি বাসুকির দর্প খর্ব্ব করিয়া সম্পূর্ণ রূপে বাল্য ক্রীড়া বিস্তার করিয়াছ, এই রূপ স্বপ্ন বাক্য দ্বারা বলদেব যদুসভাকে বিস্মিত ও হাস্যযুক্ত করিয়া নিশ্বাস বেগ দ্বারা ঈষৎ উদরের তরঙ্গ বিস্তার করত সুখে নিদ্রা যাইতেলাগিলেন॥ ৮৫॥

অথ বোধঃ ॥

অবিদ্যামোহনিদ্রাদের্ধ্বংসোদ্বোধঃ প্রবুদ্ধতা ॥ ৮৬ ॥

তত্রাবিদ্যাধ্বংসতঃ ॥

অবিদ্যাধ্বংসতো বোধো বিদ্যোদয়পুরঃসরঃ।
অশেষক্লেশবিশ্রান্তিস্বরূপাবগমাদিকৃৎ ॥

যথা ॥

প্রবুদ্ধতা জ্ঞানাবির্ভাবঃ ॥ ৮৬ ॥

অবিদ্যাধ্বংসত ইত্যত্র বোধত্বম্পদার্থলক্ষিতস্য তৎপদার্থলক্ষিতস্য চ জ্ঞানং স্বরূপবিগমস্তয়োরভেদজ্ঞানং বিদ্যা তেষু নিদিধ্যাসনরূপং সাধনং প্রথমং নিদিধ্যাসনং তস্মাদবিদ্যাধ্বংসস্ততঃ ক্রমাৎ পদার্থদ্বয়জ্ঞানং ততস্তয়োরভেদ-জ্ঞানমিতি ক্রমো জ্ঞেয়ঃ অবিদ্যাধ্বংসতো যো বোধঃ স বিদ্যোদয়পুরঃসরো ভবতি সচাশেষক্লেশবিশ্রান্তি র্যত্র তাদৃশস্বরূপাবগমাদিকৃত্তবতীত্যন্বয়ঃ। আদি-গ্রহণাত্তক্ত্যববোধকৃত্তবতীতি জ্ঞেয়ং। এবম্ভূতো বোধঃ খলু কেষাঞ্চিত্তক্তিসহায়ো ভবতীতি সঞ্চারীত্যর্থঃ। ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মেতি শ্রীগীতাভ্যঃ ॥ ৮৭ ॥

অথ বোধ ॥

অবিদ্যা (অজ্ঞান) মোহ ও নিদ্রাদির ধ্বংস জন্য যে প্রবুদ্ধতা অর্থাৎ জ্ঞানাবির্ভাব তাহার নাম বোধ ॥ ৮৬ ॥

অবিদ্যাধ্বংসনিমিত্ত বোধ যথা ॥

অবিদ্যা ধ্বংস হইলেই বিদ্যা শক্তিকে অগ্রে করিয়া বোধের উদয় হয়, এই বোধ অশেষ ক্লেশের নিবারণ এবং জীব ও পরমেশ্বর তত্ত্ব বোধ করায় ॥

যথা ॥

বিন্দন্ বিদ্যাদীপিকাং স্বস্বরূপং
বুদ্ধা সদ্যঃ সত্যবিজ্ঞানরূপং।
নিষ্প্রত্যূহস্তৎ পরং ব্রহ্ম মূর্ত্তং
সান্দ্রানন্দাকারমন্বেষয়ামি॥

মোহধ্বংসতঃ॥

বোধো মোহক্ষয়াচ্ছব্দগন্ধস্পর্শরসৈর্হরেঃ।
দৃগুন্মীলনরোমাঞ্চধরোত্থানাদিকৃদ্ভবেৎ॥ ৮৭॥

তত্র শব্দেন যথা॥

প্রথমদর্শনরূঢ়সুখাবলী-
কবলিতেন্দ্রিয়বৃত্তিরভূদিয়ং।

ইয়ং শ্রীরাধা। অঘভিদ ইতি পূর্ব্বত্র পরত্র চান্বিতং॥ ৮৮॥

আমি বিদ্যাদীপকে লাভ করত সত্য বিজ্ঞান রূপ স্বীয় স্বরূপকে অবগত হইয়া নির্ব্বিঘ্নে সেই মূর্ত্তিমান্ পরব্রহ্মকে অন্বেষণ করি॥

মোহ ধ্বংসহেতু বোধ যথা॥

মোহ বিনষ্ট হইলে শব্দ, গন্ধ, স্পর্শ ও রস দ্বারা ভগবদ্বিষয়ক জ্ঞান হয়। ইহাতে রোমাঞ্চ, চক্ষু উন্মীলন ও পৃথিবী হইতে উত্থানাদি হইয়া থাকে॥

তন্মধ্যে শব্দনিমিত্ত বোধ যথা॥

শ্রীরাধা প্রথম শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া যে সুখসমূহ অনুভব করিয়াছিলেন, তাহাতেই তাঁহার ইন্দ্রিয়ের বৃত্তি সকল বিলুপ্ত হইয়াছিল, পরে ললিতা যখন ত্বদীয় কর্ণে কৃষ্ণনাম

অঘভিদঃ কিল নাম্নি যদিতে শ্রুতৌ
ললিতয়োর্দনিমীলদিহাক্ষিণী ॥ ৮৮ ॥
গন্ধেন যথা ॥
অচিরমঘহরেণ ত্যাগতঃ শ্রস্তগাত্রী
বনভুবি শবলাঙ্গী শান্তনিশ্বাসবৃত্তিঃ।
প্রসরতি বনমালাসৌরভে পশ্য রাধা
পুলকিততনুরেষা পাংশুপুঞ্জাদুদস্থাৎ ॥ ৮৯ ॥
স্পর্শেন যথা ॥
অসৌ পাণিস্পর্শো মধুরমসৃণঃ কস্য বিজয়ী

অচিরমিতি। কদাচিৎ পরিহাসপূর্ব্বক-শ্রীকৃষ্ণান্তর্দ্ধানে চরিতং ॥ ৮৯ ॥

কীর্ত্তন করিলেন তখনই তিনি (ললিতা) লোচনদ্বয় উন্মীলন করিয়াছিলেন ॥ ৮৮ ॥

গন্ধনিমিত্ত বোধ যথা ॥

সখি! একদা শ্রীকৃষ্ণ পরিহাস ছলে শ্রীরাধাকে কহিলেন প্রিয়ে! আমি তোমাকে পরিত্যাগ করিলাম এই বলিয়া অন্তর্দ্ধান হইলে শ্রীরাধা তৎক্ষণাৎ কৃষ্ণত্যাগ নিমিত্ত বিবর্ণা হইয়া বনভূমিতে পতিত হইয়াছিলেন এবং তৎকালীন তাঁহার নিশ্বাসবৃত্তি একরূপ শান্ত হইয়াছিল, অনন্তর বনমালার প্রসরণশীল সৌরভে পুলকিতাঙ্গী হইয়া ঐ দেখ পাংশুপুঞ্জ হইতে গাত্রোত্থান করিলেন ॥ ৮৯ ॥

স্পর্শনিমিত্ত বোধ যথা ॥

সখি! এ কোন্ ব্যক্তির হস্তস্পর্শ, ইহা যে অতিশয় মধুর

বিশীর্য্যন্ত্যাঃ সৌরীপুলিনবনমালোক্য মম যঃ।
দুরন্তামুদ্ধূয় প্রসভমভিতো বৈশসময়ীং
ক্রুতং মূর্চ্ছামন্তঃ সখি সুখময়ীং পল্লবয়তি॥ ৯০॥

রসেন যথা॥

অন্তর্হিতে ত্বয়ি বলানুজ! রাসকেলৌ
স্রস্তাঙ্গ-যষ্টিরজনিষ্ট সখী বিসংজ্ঞা।
তাম্বূলচর্ব্বিতমবাপ্য তবাম্বুজাক্ষী
ন্যস্তং ময়া মুখপুটে পুলকোজ্জ্বলাসীৎ॥

মধুরঃ স্বভাবাদেবানন্দদায়কঃ মসৃণত্বচো গুণতঃ কোমলঃ। পল্লবয়তীতি বর্ত্তমানসামীপ্যে বর্ত্তমানবত্বং॥ ৯০॥

তাম্বূলেষু যচ্চর্বিতং তদবাপ্য। সম্বন্ধবিবক্ষয়া ষষ্ঠী। ত্বচ্চর্ব্বিতং মুখমধু প্রতিপদ্য গৌরী, তাম্বূলমর্পিতমুদস্রতয়া চিচেত। ইতি পাঠান্তরং॥ ৯১॥

এবং সর্ব্বজয়ী, আমি যমুনাপুলিনস্থ বন অবলোকন করিয়া বিশীর্ণ হইতে ছিলাম এমত সময়ে ঐ স্পর্শ বলপূর্ব্বক পীড়াময়ী দুরন্ত মূর্চ্ছাকে বিনষ্ট করিয়া সুখময়ী মূর্চ্ছাকে অঙ্কুরিত করিয়াদিল॥ ৯০॥

রসনিমিত্ত বোধ যথা॥

হে বলানুজ! তুমি রাসক্রীড়ায় অন্তর্দ্ধান হইলে প্রিয়সখী ভূতলে পতিত হইয়া জ্ঞানশূন্য হইয়াছিলেন, পরে আমি তোমার চর্ব্বিত তাম্বূল প্রাপ্ত হইয়া তদীয় মুখপুটে অর্পণ করিলে তাঁহাতেই পদ্মনয়না পুলকাকুল কলেবর হইয়াছিলেন॥

নিদ্রাধ্বংসতঃ ॥
বোধো নিদ্রাক্ষয়াৎ স্বপ্ন-নিদ্রাপূর্ত্তিস্বনাদিভিঃ
অত্রাক্ষি-মর্দ্দনং শয্যামোক্ষোঽঙ্গবলনাদয়ঃ ॥
তত্র স্বপ্নেন যথা ॥
ইয়ং তে হাসশ্রী র্বিরমতু বিমুঞ্চাঞ্চলমিদং
ন যাবদ্বৃদ্ধায়ৈ স্ফুটমভিদধে ত্বচ্চটুলতাং।
ইতি স্বপ্নে জল্পন্ত্যচিরমববুদ্ধা গুরুমসৌ
পুরো দৃষ্ট্বা গৌরী নমিতমুখবিম্বা মুহুরভূৎ ॥
নিদ্রাপূর্ত্ত্যা যথা ॥

নিদ্রাধ্বংসনিমিত্ত বোধ যথা ॥

স্বপ্ন, নিদ্রার পূর্ণতা ও শব্দাদি দ্বারা নিদ্রা ক্ষয় হইলে, বোধ হয়, ইহাতে চক্ষুমর্দ্দন, শয্যাত্যাগ এবং অঙ্গবলন অর্থাৎ গাত্রমোড়া প্রভৃতি হইয়া থাকে ॥

তন্মধ্যে স্বপ্নহেতু বোধ যথা ॥

অহে কৃষ্ণ! তুমি আর পরিহাস করিও না ক্ষান্ত হও, বস্ত্রাঞ্চল ত্যাগ কর, নতুবা আমি নিশ্চয় বলিতেছি বৃদ্ধার নিকট তোমার এই চপলতা প্রকাশ করিব, স্বপ্নে এই কথা বলিতে বলিতে শ্রীরাধা অকস্মাৎ জাগরিত হইয়া সম্মুখে গুরুজন অবলোকন করত লজ্জায় বদন অবনত করিয়া রহিলেন ॥

নিদ্রাপূর্ণহেতুবোধ যথা ॥

দূতী চাগাত্তদাগারং জজাগার চ রাধিকা।
তূর্ণং পুণ্যবতীনাং হি তনোতি ফলমুদ্যমঃ॥
স্বনেন যথা॥
দূরাদ্বিদ্রাবয়ন্নিদ্রামরালী র্গোপসুভ্রুবাং।
সারঙ্গরঙ্গদং রেজে বেণুবারিদগর্জ্জিতং।
ইতি ভাবাস্ত্রয়স্ত্রিংশৎ কথিতা ব্যভিচারিণঃ।
শ্রেষ্ঠমধ্যকনিষ্ঠেষু বর্ণনীয়া যথোচিতং।
মাৎসর্য্যোদ্বেগদম্ভের্ষ্যা বিবেকো নির্ণযস্তথা।
ক্লৈব্যং ক্ষমা চ কুতুকমুৎকণ্ঠা বিনযোঽপি চ।
সংশয়ো ধার্ষ্ট্যমিত্যাদ্যা ভাবা যে স্যুঃ পবোঽপি চ।

যখন গৃহে দূতী আসিযা উপস্থিত হইলেন শ্রীরাধাও তখনি জাগরিত হইয়াছিলেন, যাহা হউক পুণ্যবতীদিগের উদ্যম শীঘ্রই ফল সাধন করে॥

শব্দহেতু বোধ যথা॥

কুরঙ্গরঙ্গপ্রদ মুরলীরূপ বারিদ গর্জন, গোপসুন্দরীদিগের নিদ্রারূপা হংসীকে দূরীকৃত করিয়া বিরাজিত হইয়াছিল॥

এই ত্রয়স্ত্রিংশৎ ব্যভিচারি ভাব কথিত হইল, উত্তম, মধ্যম ও কনিষ্ঠ ভেদে উক্ত ভাব সকলকে যথাযোগ্য বর্ণন করা কর্ত্তব্য॥

মাৎসর্য্য, উদ্বেগ, দম্ভ, ঈর্ষা, বিবেক, নির্ণয়, বিক্লবতা, ক্ষমা, কৌতুক, উৎকণ্ঠা, বিনয, সংশয় ও ধৃষ্টতা প্রভৃতি যে সকল অতিরিক্ত ভাব আছে, তৎসমুদায়কেও পূর্ব্বোক্ত

উক্তেষন্তর্ভবন্তীতি ন পৃথক্ত্বেন দর্শিতাঃ ॥ ৯১ ॥
তথাহি ॥
অসূয়ায়াং তু মাৎসর্য্যং ত্রাসেঽপ্যুদ্বেগ এব তু।
দম্ভস্তথাবহিত্থায়ামীর্ষ্যামর্ষে মতাবুভৌ।
বিবেকো নির্ণয়শ্চেমৌ দৈন্যে ক্লৈব্যং ক্ষমাধৃতৌ।
ঔৎসুক্যে কুতুকোৎকণ্ঠে লজ্জায়াং বিনয়স্তথা।
সংশয়োঽন্তর্ভবেত্তর্কে তথা ধার্ষ্ট্যঞ্চ চাপলে।

অসূয়ায়ামিত্যাদিষু পরোদয়ে দ্বেষো মাৎসর্য্যং স এব গুণেষ্বপি দোষারোপণায়ামব্যভিচারিত্বাদসূয়েতি। তড়িদাদিভিঃ সহসা ভয়ং ত্রাসঃ তত্রাসহিষ্ণুত্বমুদ্বেগ ইতি। আকারগুপ্তিরবহিত্থা। দম্ভস্বতঃ স্বীয়োত্তমত্বস্য ব্যঞ্জনং তস্মাদুভয়মপি কপটময়মিতি। পরাপরাধাসহনমমর্ষঃ পরোৎকর্ষাসহন-

---

ভাব সকলের অন্তর্বর্ত্তি জানিতে হইবে, এ কারণ আর পৃথক উদাহরণ করা হইল না ॥ ৯১ ॥

উক্তার্থের প্রমাণ।

অসূয়াতে মাৎসর্য্য অন্তর্ভূর্ত আছে, কারণ, পরশ্রীতে দ্বেষ করার নাম মাৎসর্য্য, আর পর গুণে দোষারোপণের নাম অসূয়া, সুতরাং মাৎসর্য্য ও অসূয়া এই দুইয়ে পরস্পর ভেদ নাই। অপর বিদ্যুতাদি নিমিত্ত সহসা যে ভয় হয় তাহার নাম ত্রাস এবং ঐ ত্রাসে অসহিষ্ণুতার নাম উদ্বেগ অতএব ত্রাসের মধ্যেই উদ্বেগ অন্তর্ভূর্ত হইয়াছে। আকার গোপনের নাম অবহিত্থা এবং স্বীয় উত্তমতা প্রকাশের নাম দম্ভ, এই উভয়ই কপটময়, সুতরাং অবহিত্থাতে দম্ভ অন্তর্ভূর্ত হইয়া রহিয়াছে।

এষাং সঞ্চারিভাবানাং মধ্যে কশ্চন কস্যচিৎ।
বিভাবশ্চানুভাবশ্চ ভবেদত্র পরস্পরং।
নির্ব্বেদে তু যথের্ষ্যায়া ভবেদত্র বিভাবতা।
অসূয়ায়াং পুনস্তস্যা ব্যক্তযুক্তানুভাবতা।
ঔৎসুক্যং প্রতিচিন্তায়াঃ কথিতাত্রানুভাবতা।
নিদ্রাং প্রতি বিভাবত্বমেবং জ্ঞেয়াঃ পরেঽপ্যমী।
এষাঞ্চ সাত্ত্বিকানাঞ্চ তথা নানাক্রিয়াততেঃ।

মীর্ষ্যা তদেতদুভয়মপ্যসহনাত্মকমিতি। অর্থনির্দ্ধারণং মতিস্তদেব নির্ণয়ঃ। তস্য কারণং বিচারস্তু বিবেকঃ। সোঽয়ং কারণত্বান্মতাবন্তর্ভূত ইতি। আত্মন্যতি নিকৃষ্টতা মননং দৈন্যমনুৎসাহঃ ক্লৈব্যং। তত্তু তদঙ্গমেবেতি। মনসোঽচাঞ্চল্যং ধৃতিঃ। ক্ষমাতু সহিষ্ণুত্বং তদঙ্গমেবেতি। কালযাপনাযা

পরের অপরাধ অসহনের নাম অমর্ষ, পরের উৎকর্ষ অসহনের নাম ঈর্ষ্যা এই উভয়ই অসহ্য স্বরূপ, সুতরাং অমর্ষে ঈর্ষ্যা অন্তর্ভূত হইয়াছে। অর্থ নির্দ্ধারণের নাম মতি ও মতির নামই নির্ণয, নির্ণয়ের কারণ বিচার এবং বিচারের নামঘ বিবেক, সুতরাং নির্ণয়েতে বিবেক অন্তর্ভূত হইয়া রহিয়াছে। অপর আপনাতে নিকৃষ্ট জ্ঞানের নাম দৈন্য এবং অনুৎসাহের নাম ক্লৈব্য, সুতরাং দৈন্যে ক্লৈব্য অন্তর্ভূত আছে। মনের অচাঞ্চ-ল্যের নাম ধৃতি এবং সহিষ্ণুতার নাম ক্ষমা, সুতরাং ধৃতির অন্তর্ভূত ক্ষমা রহিয়াছে। কালযাপনে অসমর্থতার নাম ঔৎসুক্য এবং আশ্চর্য্য দর্শনের নাম কুতুক, কোন সময়ে কুতুকও ঔৎসুক্যের কারণ হয়, এ নিমিত্ত ঔৎসুক্যে কুতুক

কার্য্যকারণভাবস্তু জ্ঞেয়ঃ প্রায়েণ লোকতঃ।
নিন্দায়াস্তু বিভাবত্বং বৈবর্ণ্যামর্ষয়োর্মতং।
অসূয়ায়াং পুনস্তস্যাঃ কথিতৈবানুভাবতা।

সমসমর্থত্বমৌৎসুক্যং আশ্চর্য্যদর্শনেচ্ছা কুতুকং তচ্চ কচিত্তৎ কারণাত্তত্রানু-শ্যূতং স্যাদুৎকণ্ঠাচ তস্যৈব সূক্ষ্মাবস্থেতি। লজ্জায়ামপি বিনয়আবশ্যক-

---

অন্তর্ভূত আছে। ঔৎসুক্যের সূক্ষ্মাবস্থার নাম উৎকণ্ঠা, সুতরাং ঔৎসুক্যে উৎকণ্ঠাও অন্তর্ভূত আছে। লজ্জাতে বিনয়ের আবশ্যকতা, এ কারণ লজ্জাতে বিনয় অন্তর্ভূত আছে। সংশয় তর্কের অন্তর্ভূত, ধৃষ্টতার পরেই চপলতা হইয়া থাকে, সুতরাং চপলতায় ধৃষ্টতা অন্তর্ভূত আছে॥

উক্ত সঞ্চারি ভাব সকলের মধ্যে যে সমুদায় ভাব অন্তর্ভূত আছে তাহাদের মধ্যে কেহ কাহারও সম্বন্ধে পরস্পর ভাব ও অনুভাব হইয়া থাকে॥

নির্ব্বেদে অসূয়ার যে রূপ বিভাবতা হয়, পুনরায় অসূয়াতেও নির্ব্বেদের অনুভাবতা যুক্ত হইয়া থাকে। অপর ঔৎসুক্যের প্রতি চিন্তার অনুভাবতা এবং নিদ্রার প্রতিও ঐ রূপ চিন্তার বিভাবত্ব হয়, এই রূপে অন্যান্য ভাবেরও জানিতে হইবে॥

এই সকল সাত্ত্বিক, তথা নানাবিধ ক্রিয়ার পরস্পর কার্য্য কারণ ভাব প্রায় লোকব্যবহারানুসারে জ্ঞেয় হয়॥

নিন্দায় বৈবর্ণ্য ও অমর্ষ এই দুইয়ের বিভাবত্ব, আবার অসূয়াতে ঐ নিন্দার বিভাবতা কথিত হয়। সংমোহ ও

প্রহারস্য বিভাবত্বং সংমোহপ্রলয়ৌ প্রতি।
ঔগ্র্যং প্রত্যনুভাবত্বমেবং জ্ঞেয়াঃ পরেঽপি চ॥ ৯২॥
ত্রাস-নিদ্রা-শ্রমালস্য-মদভিদ্বোধবর্জ্জিনাং।
সঞ্চারিণামিহ ক্বাপি ভবেদ্রত্যনুভাবতা॥ ৯৩॥
সাক্ষাদ্রতে র্ন সম্বন্ধঃ ষড় ভিস্ত্রাসাদিভিঃ সহ।

ইতি। বিমর্শস্তর্কঃ সংশয়ানন্তরভাবীতি চাপলঞ্চ ধার্ষ্ট্যানন্তরং। ভাবীতি। প্রথমে পর পরেষাং প্রবেশো ভাব্যতে॥ ৯২॥

মদভিৎ মধুপানজো মদভেদঃ রত্যনুভাবতা রতিকার্য্যত্বং॥ ৯৩॥

তত্র তে ত্রাসাদয়ো ন কদাচিদ্রতিমত্তাং শ্রীকৃষ্ণাজ্জায়ন্তে। তস্য তচ্ছমক স্বভাবত্বেনৈবানুভূয়মানত্বাৎ। কিন্তু বিরোধ্যাদিভ্যএব তে জায়ন্তে। তেভ্য এব তেষামনুভূয়মানত্বাৎ। ততশ্চ সাক্ষাদিতি যথা হর্ষাদয়ো ভাবাঃ কেবলং শ্রীকৃষ্ণং বিভাবীকৃত্য জায়ন্তে তথা ত্রাসাদয়ো ন। কিন্তু বিরোধ্যাদিসম্বলিত মিতি কেবলায়া রতে র্ন সম্বন্ধঃ। কিন্তু বিরোধ্যাদিগত তত্তদ্ভাবস্য প্রীতি-পরম্পরয়া তত্তৎসম্বলনয়া রতেঃ সম্বন্ধঃ স্যাদিত্যর্থঃ। কিন্তু ত্রাসাদয়ো

প্রলয়ের প্রতি প্রহারের বিভাবত্ব এবং উগ্রের প্রতি ঐ প্রহারেরই অনুভাবতা। এই রূপ অন্যান্য ভাবকেও জানিতে হইবে॥ ৯২॥

ত্রাস, নিদ্রা, শ্রম, আলস্য, মধুপানজন্য মত্ততা ও অজ্ঞানতা প্রভৃতি সঞ্চারি ভাবের কোন স্থানে রতি অনুভাবতা অর্থাৎ রতির কার্য্য হইবে। ৯৩॥

ঐ ত্রাসাদি ছয়টীর সহিত রতির সাক্ষাৎ সম্বন্ধ নাই

স্যাৎ পরম্পরয়া কিন্তু লীলানুগুণতাকৃতে ॥ ৯৪ ॥
বিতর্কমতিনির্ব্বেদধৃতীনাং স্মৃতিহর্ষয়োঃ।
বোধভিদ্দৈন্যসুপ্তীনাং কচিদ্রতিবিভাবতা ॥ ৯৫ ॥
পরতন্ত্রাঃ স্বতন্ত্রাশ্চেত্যুক্তাঃ সঞ্চারিণো দ্বিধা ॥
তত্র পরতন্ত্রাঃ ॥
বরাবরতয়া প্রোক্তাঃ পরতন্ত্রা অপি দ্বিধা ॥ ৯৬ ॥
তত্র বরঃ ॥
সাক্ষাদ্ব্যবহিতশ্চেতি বরোপ্যেষ দ্বিধোদিতঃ ॥

ভয়াদীনামপ্যুপলক্ষণানি। স্বাপবাধাদি সম্বলনময়া তৈঽপি স্যুরিতি ॥ ৯৪ ॥

বোধভিৎ অবিদ্যাক্ষয়জো বোধঃ। বিতর্কাদীনাং রতের্বিভাবতেতি পরম্পরয়া জ্ঞেয়ং। শ্রীকৃষ্ণানুভবস্যৈব সাক্ষাত্তত্তৎ কারণত্বাৎ ॥ ৯৫ ॥

পরতন্ত্রা মুখ্যগৌণরতিবশাঃ স্বতন্ত্রা তদ্বিপরীতা ইতি জ্ঞেয়ং ॥ ৯৬ ॥

অত্র বর ইতি জাত্যৈকত্বং। তস্য চ লক্ষণং রসদ্বয়স্য যোঽঙ্গত্বং প্রাপ্নোতি

কিন্তু পরম্পরায় লীলার অনুগামী হইবে ॥ ৯৪ ॥

বিতর্ক, মতি, নির্ব্বেদ, ধৃতি, স্মৃতি, হর্ষ, অজ্ঞানতা, দীনত্ব ও সুষুপ্তি ইত্যাদি ভাব সকলের কোন স্থানে রতি বিভাবত্ব হইয়া থাকে ॥ ৯৫ ॥

সঞ্চারি-ভাব দুই প্রকার হয়, পরতন্ত্র এবং স্বতন্ত্র ॥

তন্মধ্যে পরতন্ত্র যথা ॥

বর ও অবর ভেদে অর্থাৎ শ্রেষ্ঠ কনিষ্ঠ ভেদে পরতন্ত্র ভাবও দুই প্রকার হয় ॥ ৯৫ ॥

তন্মধ্যে বর পরতন্ত্র যথা ॥

সাক্ষাৎ এবং ব্যবধান ভেদে বরপরতন্ত্রও দুইরূপে কথিত হয় ॥

তত্র সাক্ষাৎ ॥

মুখ্যামেব রতিং পুষ্ণন্ সাক্ষাদিত্যভিধীয়তে ॥ ৯৭ ॥

যথা ॥

তনূরুহালী চ তনুশ্চ নৃত্যং
তনোতি মে নাম নিশম্য যস্য।
অপশ্যতো মাথুরমণ্ডলং ত—
দ্ব্যর্থেন কিং হন্ত দৃশো র্দ্বয়েন ॥

সাক্ষাদেষ নির্ব্বেদঃ।

স রবোমত ইতি জ্ঞেয়ং। বক্ষ্যমাণাহববলক্ষণানুসারেণ ॥ ৯৭ ॥

তনুরুহালীচেতি। মাথুরমণ্ডলদিদৃক্ষা চেয়ং শ্রীভগবদ্রতিময্যেব। তস্মাৎ সাক্ষাদ্রতিমেব পুষ্ণাতীতি ভাবঃ ॥ ৯৮ ॥

তন্মধ্যে সাক্ষাৎ যথা ॥

যে ভাব মুখ্যরতিকে পুষ্ট করে তাহাকে সাক্ষাৎ বলা যায় ॥ ৯৭ ॥

যথা ॥

হায়! যাহার নাম শ্রবণ মাত্রেই আমার লোমাবলী ও তনু নৃত্য বিস্তার করিতেছে সেই মথুরা মণ্ডলকে যে চক্ষু অবলোকন করিল না, তাহাতে প্রয়োজন কি? ॥

উক্ত পদ্যে মথুরামণ্ডল দর্শনেচ্ছা ভগবৎ রতি স্বরূপা এ কারণ সাক্ষাৎ রতিকে পুষ্ট করিল ॥

এ স্থলে নির্ব্বেদ সাক্ষাৎ ভাব ॥

অথ ব্যবহিতঃ ॥

পুষ্ণাতি যো রতিং গৌণীং সতু ব্যবহিতো মতঃ ॥

যথা ॥

ধিগস্তু মে ভুজদ্বন্দ্বং ভীমস্য পরিঘোপমং।

মাধবাক্ষেপিণং দুষ্টং যৎ পিনষ্টি ন চেদিপং ॥ ৯৮ ॥

নির্ব্বেদঃ ক্রোধবশ্যত্বাদয়ং ব্যবহিতো রতেঃ।

অথাবরঃ।

নির্ব্বেদ ইতি ক্রোধোহত্র ক্রোধরতিঃ সচ রৌদ্ররসস্য গৌণস্য স্থায়ি ইতি গৌণী পোষণং। জিষ্ণুরত্রার্জ্জুনঃ ॥ ৯৯ ॥

অথ ব্যবহিত অর্থাৎ ব্যবধান ॥

যে ভাব গৌণী রতিকে পুষ্ট করে তাহাকে ব্যবহিত বলিয়া জানিতে হইবেক ॥

যথা ॥

আমি ভীম, আমার বাহুদ্বয় পরিঘ সদৃশ, ইহারা যখন কৃষ্ণদ্বেষাকারি দুষ্ট শিশুপালকে পেষণ করিতে সমর্থ হইল না তখন এ ভুজদ্বয়কে ধিক্ ॥ ৯৮ ॥

এ স্থলে ক্রোধের বশীভূত প্রযুক্ত এই নির্ব্বেদকে রতির ব্যবহিত জানিতে হইবে। উক্ত পদ্যে ক্রোধকেই ক্রোধ রতি বলা যায়, ক্রোধরতি গৌণ রৌদ্র রসের স্থায়িভাব, ইহা গৌণী রতিকে পোষণ করিল ॥

অথ অবর ॥

রসদ্বয়স্যাপ্যঙ্গত্বমগচ্ছন্নবরো মতঃ ॥

যথা ॥

লেলিহ্যমানং বদনৈর্জ্জলদ্ভি—

র্জগন্তি দংষ্ট্রা স্ফুটদুত্তমাঙ্গৈঃ।

অবেক্ষ্য কৃষ্ণং ধৃতবিশ্বরূপং

ন স্বং বিশুষ্যন্ স্মরতি স্ম জিষ্ণুঃ ॥ ৯৯ ॥

ঘোরক্রিয়াদ্যনুভাবাদাচ্ছাদ্য সহজাং রতিং।

ঘোরেতি। ততঃ স্বাপরিচিততদীয়ঘোরবরূপাৎ সর্ব্বভক্ষণাশঙ্কাময়ং ভয়মেব কেবলং নতু ভয়রতিঃ। রূপং মহত্তে বহু বক্ত্রনেত্রমিত্যাবত্য দৃষ্ট্বা লোকাঃ প্রব্যথিতাস্তথাহমিতি তদ্বাক্যাদ্রতেরত্যন্তাস্ফূর্ত্তেঃ। স্থানে হৃষীকেশ তব প্রকীর্ত্ত্যা জগৎ প্রহৃষ্যত্যনুরজ্যতে চেত্যাদিকং ত্ববস্থাভেদাঃ।

যে ভাব দুইটী রসের অঙ্গত্ব প্রাপ্ত হয় না, তাহাকে অবর বলা যায় ॥

যথা ॥

যাহাতে সুস্পষ্ট রূপে দন্ত সকল গর্জন করিতেছে এমত বদন সমুহ দ্বারা জগদাস্বাদনকারি জাজ্বল্যমান ধৃত বিশ্বরূপ কৃষ্ণকে সন্দর্শন করিয়া অর্জ্জুনের বদন শুষ্ক হইয়া গেল এবং তৎ কালীন তিনি আপনাকেও জানিতে পারেন নাই অর্থাৎ ভয়ে আত্ম বিস্মৃত হইয়াছিলেন ॥ ৯৯ ॥

ভয়ানককার্য্যাদির অনুভব হেতু সহজ রতিকে আবৃত করিয়া যে দুর্ব্বার ভীতির আবির্ভাব হয়, তাহার নাম ভয়া-

দুর্ব্বারাবিরভূন্তীতি মোহোঽয়ং ভীবশস্ততঃ ॥ ১০০ ॥

অথ স্বতন্ত্রাঃ ॥

সদৈব পারতন্ত্র্যেঽপি কচিদেষাং স্বতন্ত্রতা।

ভূপাল-সেবকস্যেব প্রবৃত্তস্য করগ্রহে।

ভাবজ্ঞৈরতিশূন্যশ্চ রত্যনুস্পর্শনস্তথা।

রতিগন্ধিশ্চ তে ত্রেধা স্বতন্ত্রাঃ পরিকীর্ত্তিতাঃ ॥

অতো গৌণরতেরপি নাঙ্গত্বং ॥ ১০০ ॥

অথ স্বতন্ত্রা ইতি এষু স্বতন্ত্রেষু প্রথমস্য রতিশূন্যস্য স্বাতন্ত্র্যং ব্যক্তমেব অন্যদ্বয়স্যাপি তদ্যোতয়তি সদৈবেতি। এষাং মধ্যে কচিৎ কয়োশ্চিদিতি রত্যনুস্পর্শনরতিগন্ধ্যোঃ সদৈব পারতন্ত্র্যেঽপীত্যর্থঃ। করগ্রহে রাজ্ঞোঽংশ-গ্রহণে বিবাহে বা। অন্যয়া ত্রিকতাং প্রাপ্তাদ্রাজ্ঞোঽপি তস্মিন্ জামাতরি আধিক্যং দৃশ্যত ইতি ॥ ১০১ ॥

ধীন মোহ ॥ ১০০ ॥

অথ স্বতন্ত্র ॥

পূর্ব্বোক্তভাব সকলের সর্ব্বদা পরাধীনত্ব অর্থাৎ অন্য ভাবের অপেক্ষিত হইলেও কোন কোন সময়ে ইহাদের স্বত-ন্ত্রতা হইয়া থাকে, যেমন রাজকর্ম্মচারিগণ তত পরাধীন হইলেও কখন কখন রাজস্ব গ্রহণ বা বিবাহাদি কালে স্বাধীন হয় তদ্রূপ ॥

ভাবজ্ঞ সকল রতিশূন্য, রত্যনুস্পর্শ, এবং রতিগন্ধি এই ভেদে স্বতন্ত্রকে ত্রিবিধ রূপে কীর্ত্তন করেন ॥

তত্র রতিশূন্যঃ ॥

জনেষু রতিশূন্যেষু রতিশূন্যো ভবেদসৌ ॥

তথা শ্রীদশমে ॥

ধিগ্‌জন্মনস্ত্রিবৃদযত্তদ্ধিগ্‌ব্রতং ধিগ্‌বহুজ্ঞতাং।

ধিক্‌ কুলং ধিক্‌ ক্রিয়াদাক্ষ্যং বিমুখা যে ত্বধোক্ষজে ॥১০১॥

অত্র স্বতন্ত্রো নির্ব্বেদঃ।

রত্যনুস্পর্শনঃ ॥

যঃ স্বতো রতিগন্ধেন বিহীনোপি প্রসঙ্গতঃ।

সদৈব পাবতন্ত্রোঽপীতি পূর্ব্বমুক্তং উত্তরন্তু যঃ স্বতো রতিগন্ধেনেতি।

তন্মধ্যে রতিশূন্য যথা ॥

রতিশূন্যজনসকলে রতিশূন্যভাব হইয়া থাকে ॥

যথা শ্রীদশমে ২৩ অধ্যায়ে ৩২ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণেরা কহিলেন শুক্র, সাবিত্রী এবং দীক্ষা এই তিন প্রকার আমাদের যে জন্ম হইয়াছে, সেই ত্রিবিধ জন্মকে ধিক্‌, আমাদের ব্রহ্মচর্য্যকেও ধিক্‌, বহুজ্ঞতাকেও ধিক্‌, কুলকেও ধিক্‌, কর্ম্মদক্ষতাকেও ধিক্‌, কারণ আমরা অধোক্ষজ ভগবানে বিমুখ। এক্ষণে নিশ্চয় বোধ হইতেছে ভগবতী মায়া যোগিদিগেরও মোহজনিকা, যে হেতু আমরা ব্রাহ্মণ, সকল বর্ণের গুরু, আমরাও আপন বিষয়ে মুগ্ধ হইলাম ॥ ১০১ ॥

এস্থলে নির্ব্বেদকে স্বতন্ত্র বলিতে হইবে ॥

রত্যনুস্পর্শন যথা ॥

যে স্বয়ং রতিগন্ধশূন্য হইয়া প্রসঙ্গাধীন পশ্চাৎ রতিকে

পশ্চাদ্রতিং স্পৃশেদেষ রত্যনুস্পর্শনো মতঃ ॥

যথা ॥

গরিষ্ঠারিষ্টটঙ্কারৈর্বিধুরা বধিরায়িতা ।

হা কৃষ্ণ পাহি পাহীতি চুক্রোশাভীরবালিকা ॥ ১০২ ॥

অত্র ত্রাসঃ ॥

রতিগন্ধিঃ ॥

যঃ স্বাতন্ত্র্যেঽপি তদ্গন্ধং রতিগন্ধি র্ব্যনক্তি সঃ ॥

তদেবং পরস্পরবিরোধপরিহারমুদাহরণেন দর্শয়তি গরিষ্ঠেতি। তত্র আভীর-বালিকাত্বাত্তস্যাঃ সর্ব্বদৈব তদ্রতিপরতন্ত্রভাবত্বং বর্ত্তত এব। সংপ্রত্যকস্মা-দ্ভয়ানকদর্শনেন স্বতন্ত্র এব ত্রাসো জাত ইতি ভাবঃ। যাজ্ঞিকেষু রতিচ্ছায়ৈব নতু রতিরিতি রতিশূন্যত্বং জ্ঞেয়ং ॥ ১০২ ॥

যঃ স্বাতন্ত্র্যেঽপি রতিগন্ধং তল্লেশং ব্যনক্তি স রতিগন্ধি রিত্যন্বয়ঃ। উদা-

---

স্পর্শ করে তাহাকে রত্যনুস্পর্শ বলা যায় ॥

যথা ॥

ভয়ানক বৃষাসুরের গর্জনে বিকল এবং বধির হইয়া হা কৃষ্ণ রক্ষা কর, রক্ষা কর এই বলিয়া গোপবালিকা চিৎকার করিতে লাগিলেন ॥ ১০২ ॥

এস্থলে ত্রাস প্রকাশ পাইল, এই ত্রাস পশ্চাৎ কৃষ্ণ-রতিকে স্পর্শ করিয়াছে ॥

অথ রতিগন্ধি ॥

যে স্বতন্ত্র হইয়াও রতিগন্ধকে প্রকাশ করে তাহার নাম রতিগন্ধি ॥

যথা ॥

পীতাংশুকং পরিচিনোমি ধৃতং ত্বয়াঙ্গে
সঙ্গোপনায় নহি নপ্ত্রি বিধেহি যত্নং।
ইত্যার্য্যয়া নিগদিতা নমিতোত্তমাঙ্গা
রাধাবগুণ্ঠিতমুখী তরসা তদাসীৎ ॥ ১০৩ ॥

তত্র লজ্জা ॥

আভাসঃ পুনরেতেষামস্থানে বৃত্তিতো ভবেৎ।
প্রাতিকূল্যমনৌচিত্যমস্থানত্বং দ্বিধোদিতং ॥ ১০৪ ॥

হরণে চার্য্যায়া স্তস্যা মহারাগেণৈব শ্রীকৃষ্ণবিষয়কনপ্ত্রীসমর্পণলালসায়াস্তাদৃশ-ত্বেন নপ্ত্র্যাপি তর্কিতায়াঃ স্বরহস্যে জ্ঞাতেঽপি লজ্জাচ্ছন্নতয়া নপ্ত্র্যা রতে র্গন্ধ-ব্যঞ্জনেতি জ্ঞেয়ং। যথা ধর্ম্মাদে র্লঙ্ঘনে তস্যা মহারাগ এব কারণং তথা আর্য্যায়া অপীতি ॥ ১০৩ ॥

আভাস ইতি তদেবমুক্তস্য তেষামাভাসস্য দ্বিধাত্বং দর্শয়িতুং অস্থানস্য দ্বিধাত্বং য়র্শয়তি প্রতীত্যর্দ্ধেন ॥ ১০৪ ॥

যথা ॥

নপ্ত্রি। তুমি যে পীতবসন পরিধান করিয়াছ ইহা আমি চিনিতে পারিয়াছি অতএব আর গোপন বিষয়ে যত্ন করিও না, আর্য্যা এই কথা বলিলে শ্রীরাধা মস্তক অবনত করিয়া সহসা বস্ত্রাঞ্চল দ্বারা বদন আচ্ছাদন করিলেন ॥ ১০৩ ॥

এ স্থলে লজ্জা পশ্চাৎ কৃষ্ণরতিকে স্পর্শ করিল ॥

উক্ত ভাব সকলের অস্থানে প্রয়োগ হইলে তাহার নাম আভাস। ঐ অস্থান প্রাতিকূল্য ও অনৌচিত্য রূপে দুই প্রকার হয় ॥ ১০৪ ॥

তত্র প্রাতিকূল্যং ॥

প্রাপ্তঃ শ্রীগোবর্দ্ধনঃ অতএব নায়কস্যাস্য শ্রীকৃষ্ণত্বং ব্যক্তং ধূর্ত্তপদমত্র নর্ম্মণা প্রযুক্তমিতি রসাবহং। যথা কিতব গোষিতঃ কস্যাঞ্জেন্নিশীত্যত্র কিতবপদং প্রণয়কোপোক্তমিতি॥ ১১॥

বল্লীশব্দস্য হ্রস্বান্তত্বং নব নাগবল্লিদল পূগরস ইতি মাঘকাব্যদৃষ্ট্যা বল্লীবল্লি চঞ্চৎ পরাগ ইতি গীতগোবিন্দাদি দৃষ্টিপরম্পরয়া চ। ভ্রূযুগেতি বা পঠনীয়ং নবীননিকষেতি পীতাম্বরত্বেন নিকষোপলবেশতুল্য বেশ ইত্যত্র মধ্যপদ লোপিত্বাদ্বেশ শব্দো হত্র স্বর্ণরেখাস্থানীয় পরিধানার্থঃ। অবশী করোতীতি ন বিদ্যতে কিঞ্চিদপি বশং যস্যা স্তাদৃশী করোতি যদ্বা অবশা স্বতন্ত্রা তাদৃশী করোতি লঙ্ঘিতমর্য্যাদী করোতীত্যর্থঃ। অদ্ভুত তদ্ভাবে চি,

---

অথ স্থায়ী॥

পূর্ব্বোক্ত মধুরা রতি অর্থাৎ সম্ভোগের আদিকারণই এ স্থলে স্থায়ীভাব॥ ১১॥

যথা পদ্যাবলীতে॥

হে সখি! যাঁহার ভ্রূলতার নৃত্য দ্বারা মুখশ্রী অতিশয় মধুর, যাঁহার কর্ণাগ্র অশোককলিকায় সুশোভিত এবং যিনি পীতবসন পরিধান করিয়াছেন, এ কে? ইনি যে আমাকে

বংশীরবেণ সখি মামবশীকরোতি ॥ ১২ ॥

রাধামাধবয়োরেব ক্বাপি ভাবৈঃ কদাপ্যসৌ।
সজাতীয় বিজাতীয়ৈর্নৈব বিচ্ছিদ্যতে রতিঃ ॥ ১৩ ॥

যথা ॥

ইতো দূরে রাজ্ঞী স্ফুরতি পরিতো মিত্রপটলী
দৃশোরগ্রে চন্দ্রাবলিরুপরি শৈলস্য দনুজঃ ॥
অসব্যে রাধায়াং কুসুমিতলতাসংবৃততনৌ
দৃগন্তশ্রীর্লোলা তড়িদিব মুকুন্দস্য বলতে ॥ ১৪ ॥

প্রত্যয়ঃ কঙ্কেল্লিরশোকঃ ॥ ১২ ॥

রাধামাধবয়োরেব নতু প্রেয়স্তত্ত্বব মাননসো বতিঃ। সব্যাজ ব্যতিদর্শনাদিময়ী নৈব বিচ্ছিদ্যতে নাবৃতা স্যাৎ। কৈঃ সজাতীয়ৈ সুহৃৎ প্রেয়স্যাস্তব ব্যক্তিভৈ র্বিজাতীয়ৈ সুহৃৎসলাদি ব্যক্তিভৈর্ভাবৈ স্তদ্বিবোধি সমীহাময়ৈঃ ॥ ১৩ ॥

রাজ্ঞী ব্রজরাজ্ঞী। দনুজো হবিষ্টঃ। শৈলস্য শিলাসমূহস্য। ব্রজদ্বার্স্থানিরূপ তস্যাচিতস্য ॥ ১৪ ॥

বংশীরবে অবশ করিলেন ॥ ১২ ॥

শ্রীরাধামাধবের কখন কোন স্থানে স্বজাতীয় বা বিজাতীয় ভাব দ্বারা রতির বিচ্ছেদ হয় না ॥ ১৩ ॥

কিঞ্চিদ্দূরে যশোদা, চতুর্দ্দিকে সখাগণ, নেত্রদ্বয়ের অগ্রভাগে চন্দ্রাবলী এবং ব্রজদ্বারস্থ শিলাবদ্ধভূমির উপর বৃষাসুর বিদ্যমান থাকিলেও দক্ষিণদিকে কুসুমিত লতাজালে আবৃতাঙ্গী শ্রীরাধার প্রতি মুকুন্দের চঞ্চল অপাঙ্গশ্রী বিদ্যুতের ন্যায় পতিত হইতেছে ॥ ১৪ ॥

ঘোরাণ খণ্ডিত শঙ্খচূড়মজিরং রুন্ধে শিবা তামসী
ব্রহ্মিষ্ঠশ্বসনঃ শমস্তুতিকথা প্রালেয়মাসিঞ্চতি।
অগ্রে রাম সুধারুচি র্বিজয়তে কৃষ্ণপ্রমোদোচিতং
রাধায়া স্তদপি প্রফুল্লমভজন্ ম্লানিং ন ভাবাম্বুজং॥ ১৫॥
স বিপ্রলম্ভসম্ভোগভেদেন দ্বিবিধো মতঃ॥

ভাবপক্ষে খণ্ডিতঃ শঙ্খচূড়স্তদাখ্যো যক্ষো যত্র তাদৃশমজিরং ক্রীড়াঙ্গনং। তামসী তমোগুণময়ী শিবা শৃগালজাতিঃ। রুন্ধে আবৃণোতি অম্বুজপক্ষে তৎপ্রতি অশিবা অমঙ্গলা তামসী রাত্রিঃ। একত্রৈবাত্র ব্রহ্মিষ্ঠো ব্রহ্মনিষ্ঠে বর্গঃ সএব শ্বসনঃ ইত্যাদি যোজ্যং। ক্রমেণ তদ্ভাববিরোধিনো ভয়ানক শান্ত বৎসলা দর্শিতাঃ। অম্বুজবিরোধিনশ্চ রাত্রি প্রালেয়সুধারুচয়ঃ। তস্মাদন্যথাম্বুজমম্বুজং তত্তৎ সম্বন্ধেন ম্লানিং প্রাপ্নোতি। তথা তু ভাবাম্বুজং ন প্রাপ্নোতি বিশেষোক্তিরলঙ্কারঃ॥ ১৫॥

স প্রথমমুক্তো মধুরাখ্যো ভক্তিরসঃ॥ ১৬॥

এক দিকে প্রাঙ্গণস্থ শঙ্খচূড় যক্ষের খণ্ডিতদেহ তমোগুণময়ী শিবা সকল বেষ্টন করিয়া রহিয়াছে, অন্য দিকে পবন তুল্য ব্রহ্মিষ্ঠগণ শমতা সম্পন্ন স্তুতিকথারূপ হিম সেচন করিতেছেন, সম্মুখে অমৃতকান্তি বলদেব বিদ্যমান রহিয়াছেন তথাপি শ্রীকৃষ্ণের প্রমদোচিত শ্রীরাধার ভাবপদ্ম মলিন না হইয়া প্রফুল্লই ছিল॥ ১৫॥

বিপ্রলম্ভ ও সম্ভোগভেদে পূর্ব্বোক্ত মধুরাখ্য ভক্তিরস দুই প্রকার হয়॥

তত্র বিপ্রলম্ভঃ ॥

সপূর্ব্বরাগো মানশ্চ প্রবাসাদিময়স্তথা।
বিপ্রলম্ভো বহুবিধো বিদ্বদ্ভিরিহ কথ্যতে ॥ ১৬ ॥

তত্র পূর্ব্বরাগঃ ॥

প্রাগসঙ্গতয়োর্ভাবঃ পূর্ব্বরাগো ভবেদ্দ্বয়োঃ ॥

যথা পদ্যাবল্যাং ॥

অকস্মাদেকস্মিন্ পথি সখি ময়া যামুনতটং
ব্রজন্ত্যা দৃষ্টো যো নবজলধর-শ্যামলতনুঃ।
সদৃগ্‌ভঙ্গ্যা কিম্বা কুরুত নহি জানে তত ইদং

প্রাগিত্যত্র দ্বয়োরিতি কান্তায়াঃ পূর্ব্বরাগো ভক্তিরসত্বেনোচ্যতে কান্তস্য তু

তন্মধ্যে বিপ্রলম্ভ যথা ॥

পণ্ডিতগণ পূর্ব্বরাগ, মান ও প্রবাসাদি ভেদে বিপ্রলম্ভকে বহুবিধরূপে কীর্ত্তন করেন ॥ ১৬ ॥

তন্মধ্যে পূর্ব্বরাগ যথা ॥

কান্তা ও কান্ত এতদুভয়ের পূর্ব্বে অমিলন প্রযুক্ত যে ভাব তাহাকে পূর্ব্বরাগ বলে ॥

যথা পদ্যাবলিতে ॥

হে সখি! আমি যমুনাতটে গমন করিতেছিলাম, অকস্মাৎ সেই পথে কোন এক নবজলধর শ্যামবর্ণ পুরুষ আমার নেত্রগোচর হইয়াছিলেন, তিনি নয়ন ভঙ্গীদ্বারা কি যে করিলেন তাহা জানিতে পারি নাই কিন্তু সেই অবধি আমার এই মন

মনো মে ব্যালোলং ক্ব ন গৃহকৃত্যে ন লগতে ॥১৭॥

যথাবা শ্রীদশমে ॥

তথাহমপি তচ্চিত্তো নিদ্রাঞ্চ ন লভে নিশি।

বেদাহং রুক্মিণা দ্বেষান্মমোদ্বাহো নিবারিতঃ ॥

অথ মানঃ ॥

মানঃ প্রসিদ্ধ এবাত্র ॥ ১৮

যথা শ্রীগীতগোবিন্দে ॥

বিহরতি বনে রাধা সাধারণপ্রণয়ে হরৌ

তদুদ্দীপনত্বেন গম্যতে। এবমুত্তরত্রাপি ॥ ১৭ ॥

ব্রজদেবীষু শ্রীকৃষ্ণস্য পূর্ব্বরাগস্য জয়তি তে ঽধিকং জন্মনেত্যাধ্যায়ে তাসাং মুখেনৈব শ্রীমন্মুনিনা বহুশোঽপি শরদুদাশয় ইত্যাদিভির্বর্ণিত এব ইত্যভি-প্রেত্য সকৃদুক্তং শ্রীরুক্মিণ্যামেব তং দর্শয়তি যথাবেতি ॥ ১৮ ॥

বিহরতীত্যর্দ্ধমেব নোদাহরণং দ্রষ্টব্যং ॥ ১৯ ॥

চঞ্চল হইয়া কোন গৃহ কৃত্যে লিপ্ত হইতেছে না ॥ ১৭ ॥

যথাবা শ্রীদশমে ৫৩ অধ্যায়ে ২ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন ব্রহ্মন্! তদ্রূপ আমারও চিত্ত রুক্মিণীর প্রতি অর্পিত হওয়াতে রাত্রিতে নিদ্রা লব্ধ হয় না। আমার প্রতি রুক্মির দ্বেষ বশতঃ আমার বিবাহ যে নিবারিতহই-য়াছে, তাহা আমিও অবগত আছি ॥

অথ মান ॥

এস্থলে মান প্রসিদ্ধই আছে ॥ ১৮ ॥

যথা শ্রীগীতগোবিন্দে ॥

বন মধ্যে শ্রীকৃষ্ণ সাধারণ প্রণয়ের সহিত বিহার করিতে-

বিগলিতনিজোৎকর্ষাদীর্ষাবশেন গতান্যুত।
ক্বচিদপি লতাকুঞ্জে গুঞ্জন্মধুব্রতমণ্ডলী
মুখর শিখরে লীনা দীনাপ্যুবাচ রহঃ সখীং ॥

প্রবাসঃ ॥

প্রবাসঃ সঙ্গবিচ্যুতিঃ ॥

যথা পদ্যাবল্যাং ॥

হস্তোদরে বিনিহিতৈককপোলপালে
রশ্রান্তলোচনজলস্নপিতাননায়াঃ।
প্রস্থানমঙ্গলদিনাবধি মাধবস্য
নিদ্রালবোঽপি কুত এব সরোরুহাক্ষ্যাঃ ॥

ছেন দেখিয়া শ্রীরাধা স্বীয় উৎকর্ষার লাঘব হেতু ঈর্ষাভরে ক্রীড়া পরিত্যাগ পূর্ব্বক অন্যত্র গমন করিলেন কিন্তু যাহার উপরিভাগে ভ্রমর নিকর গুঞ্জনরব করিতেছে, এমত লতা-কুঞ্জে গিয়া লুক্কায়িত ভাবে অবস্থিতি করত দুঃখিত চিত্তে নির্জ্জনে সখীর প্রতি বলিতে লাগিলেন ॥

প্রবাস ॥

সঙ্গ রহিতের নাম প্রবাস ॥

যথা পদ্যাবলিতে ॥

যে দিবসাবধি শ্রীকৃষ্ণ মধুপুরী গমন করিয়াছেন, সেই প্রস্থান মঙ্গল দিন হইতে পদ্মাক্ষী শ্রীরাধা হস্ত মধ্যে এক কপোল বিন্যস্ত করত অবিশ্রান্ত নেত্রজলে বদনমণ্ডল আর্দ্র করিতেছেন, সুতরাং কোথা হইতে তাঁহার নিদ্রালব উপস্থিত হইবে ॥

যথা প্রহ্লাদসংহিতায়াং উদ্ধববাক্যং ॥

ভগবানপি গোবিন্দঃ কন্দর্পশরপীড়িতঃ।

ন ভুঙ্‌ক্তে ন স্বপিতি চ চিন্তয়ন্ বো হ্যহর্নিশং ॥

অথ সম্ভোগঃ ॥

দ্বয়োর্মিলিতয়োর্ভোগঃ সম্ভোগ ইতি কীর্ত্ত্যতে ॥ ১৯ ॥

যথা পদ্যাবল্যাং ॥

পরমানুরাগ পরয়াথ রাধয়া

পরিরম্ভ-কৌশল-বিকাশি-ভাবয়া।

স তয়া সহ স্মরসভাজনোৎসবং

নিরবাহয়চ্ছিখিশিখণ্ডশেখরঃ ॥ ২০ ॥

পরমানুরাগ ইত্যন্তান্তে নিত্যস্থিতিস্তু ব্রজদেবীনাং পুরদেবীনাঞ্চ যুগপদ্দর্শিতা। জয়তি জননিবাস ইত্যাদিনা ॥ ২০ ॥

যথা প্রহ্লাদসংহিতায় উদ্ধব বাক্য ॥

ভগবান্ গোবিন্দও কন্দর্পশরে পীড়িত হইয়া দিবারাত্র তোমাদিগকে চিন্তা করিতে করিতে না ভোজন করিতেছেন না শয়ন করিতেছেন ॥

অথ সম্ভোগ ॥

কান্তা এবং কান্ত উভয়ে মিলিত হইয়া যে ভোগ করেন তাহাকে সম্ভোগ বলিয়া কীর্ত্তন করা যায় ॥ ১৯।

যথা পদ্যাবলিতে ॥

যিনি পরমানুরাগময়ী, আলিঙ্গন কৌশল দ্বারা যাঁহার ভাব বিশেষ প্রকাশ হইয়াছে, সেই শ্রীরাধার সহিত শিখণ্ডচূড় কন্দর্প পূজোৎসব নির্ব্বাহ করিয়াছিলেন ॥ ২০ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মধুরাখ্যভক্তিরস লহরী পঞ্চমী ॥ * ॥ ৫ * ॥

শ্রীমদ্ভাগবতাদ্যর্হশাস্ত্রদর্শিতয়া দৃশা।
ইয়মাবিষ্কৃতা মুখ্যপঞ্চভক্তিরসৌ ময়া ॥
গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা পশ্চিমবিভাগে রসাম্বুনিধেঃ ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ মুখ্যভক্তিরসনিরূপণং নাম পশ্চিমবিভাগস্তৃতীয়ঃ ॥ * ॥ ৩ * ॥

॥ * ॥ ইতি দুর্গমসঙ্গমনী নাম্নাং শ্রীরসামৃতসিন্ধুটীকায়াং পঞ্চম লহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে মধুরাখ্যভক্তিরসলহরী পঞ্চমী ॥ * ॥ ৫ ॥ * ॥

শ্রীমদিতি। শ্রীমদ্ভাগবতাদি লক্ষণ যোগ্য শাস্ত্র প্রকাশিতেন জ্ঞানেনেত্যর্থঃ ॥

॥ * ॥ ইতি শ্রীদুর্গমসঙ্গমনীনাম্ন্যাং ভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং পশ্চিমবিভাগস্তৃতীয়ঃ ॥ * । ৩ ॥ * ।

শ্রীমদ্ভাগবতাদি শাস্ত্র দর্শিত চক্ষু দ্বারা আমি এই মুখ্য ভক্তিরসময়ী পঞ্চম লহরী প্রকাশ করিলাম ॥

যিনি গোপাল রূপ শোভাকে ধারণ করিয়াও রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন সেই সনাতন বিগ্রহ প্রভু ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে সন্তুষ্ট হউন ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে মধুরাখ্য ভক্তিরস লহরী পঞ্চমী ॥ * ॥ ৫ ॥ * ॥

॥ * ॥ ইতি পশ্চিম বিভাগ সমাপ্ত ॥ * ॥

ভক্তিভরেণ প্রীতিং কলয়ন্ স্বরীকৃত ব্রজাসঙ্গঃ।
তম্বুতাং সনাতনাত্মা ভগবান্ময়ি সর্ব্বদা তুষ্টিং॥
রসামৃতাব্ধে র্ভাগেত্র তুরীয়েহুত্তরাভিধে।
রসঃ সপ্তবিধো গৌণো মৈত্রী বৈরস্থিতি র্মিথঃ॥
রসাভাসশ্চ তেনাত্র লহর্য্যো নব কীর্ত্তিতাঃ॥
প্রাগত্রানিয়তাধারাঃ কদাচিৎ ক্বাপ্যমী স্থিরাঃ॥
গৌণা ভক্তিরসাঃ সপ্ত লেখ্যা হাস্যাদয়ঃ ক্রমাৎ॥ ১॥
ভক্তানাং পঞ্চধোক্তানামেষাং মধ্যত এবহি।

নহু শান্তাদিবৎকাস্যাদ্ভুতাদয়োঽপি পৃথক্ স্যু র্বিদূষক সেনান্যাদিষু হাস্যাদীনাং স্থিরতা দর্শনাত্তত্রাহ ভক্তানামিতি। ভক্তানাং পঞ্চধা রতিপঞ্চকা.

যিনি ভক্ত্যতিশয় প্রযুক্ত প্রীতিবিধান পূর্ব্বক গোষ্ঠসংসর্গ অঙ্গীকার করিয়াছেন, সেই সনাতন স্বরূপ ভগবান্ সর্ব্বদা আমর প্রতি তুষ্টি বিধান করুন॥

রসামৃতসিন্ধুর এই উত্তর নামক চতুর্থবিভাগে সাত প্রকার গৌণ ভক্তিরস অর্থাৎ হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস, তথা পরস্পর মৈত্রবৈর স্থিতি অর্থাৎ কোন্ ভাবের সহিত কোন্ ভাবের মিত্রতা ও কোন্ ভাবের সহিত কোন্ ভাবের শত্রুতা এবং রসাভাস বর্ণিত হইবে॥

পূর্ব্বে এই গ্রন্থে লেখ্য হাস্যাদি গৌণ ভক্তিরস ধারাবাহিক রূপে বর্ণিত হয় নাই; কোনটী অগ্রে এবং কোনটী বা পরে লিখিত হইয়াছে॥ ১॥

গৌণ হাস্যাদি ভক্তিরস সকলে মুখ্য শান্তাদি রসনিষ্ঠ

কাপ্যেকঃ কাপ্যনেকশ্চ গৌণেম্বালম্বনো মতঃ ॥

তত্র হাস্যভক্তিরসঃ ॥

বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ পুষ্টিং হাসরতির্গতা।
হাস্যভক্তিরসো নাম বুধৈরেষ নিগদ্যতে ॥ ২ ॥
অস্মিন্নালম্বনঃ কৃষ্ণস্তথান্যোঽপি তদন্বয়ী।

শ্রয়ত্বেনোক্তানাং মধ্যত এব নতু তেভ্যোঽন্য ইত্যর্থঃ। অয়ং ভাবঃ। তত্তদ্রতি বিষয়ত্বেনোক্তস্য শ্রীকৃষ্ণস্য তত্তদাশ্রয়ত্বেনোক্তস্য তত্তদ্ভক্তস্য চ সর্ব্বত্রোৎসর্গ সিদ্ধত্বয়াস্ত্যেব আলম্বনত্বং। কিন্তু, তত্তদ্রতি সম্বন্ধাদ্রতিত্বেনোপচর্য্যমাণ হাসাদীনাং প্রাকৃত রসশাস্ত্রানুসারেণৈব স্থায়িত্বমুপচর্য্যতে। তদনুসারেণৈব চ ভয়ানক রসাদৌ দারুণাদীনামালম্বনত্ব মভ্যুপগংস্যতে। স্বমতে তু বিভাব্যতেহি রত্যাদি যত্র যেন বিভাব্যতে। বিভাবো নাম স দ্বেধালম্বনোদ্দীপনাত্মক ইত্যাৰ্ষ প্রমাণানুসারেণ সখ্যমার্থ এব সর্ব্বত্রালম্বনঃ। সচানুগতায়া রতেঃ সম্বন্ধেন বিষয়াশ্রয় রূপ এবেতি ॥ ১। ২ ॥

পবার্থায়া রতে বিষয়ত্বেন তদ্ব্যক্তীকৃত হাসস্য হেতুত্বেন চ কৃষ্ণোঽস্মিন্না-

---

পঞ্চবিধ ভক্তের মধ্যেই কোন স্থানে এক ও কোন স্থানে বহু আলম্বন হইবে ॥

হাস্য ভক্তিরস যথা

বক্ষ্যমাণ বিভাবাদি দ্বারা হাস রতি পুষ্ট হইয়া হাস্য ভক্তিরস নামে কথিত হয় ॥ ২ ॥

এই হাস্য ভক্তিরসে কৃষ্ণ এবং তদন্বয়ী অর্থাৎ কৃষ্ণের অনুগত চেষ্টাশালী ব্যক্তি আলম্বন হয়েন। পণ্ডিতগণ বলিয়াছেন বৃদ্ধ এবং শিশুগণ প্রায় হাস্য রতির আশ্রয়,কখন

বৃদ্ধাঃ শিশুমুখাঃ প্রায়ঃ প্রোক্তা ধীরৈ স্তদাশ্রয়াঃ।
বিভাবনাদি বৈশিষ্ট্যাৎ প্রবরাশ্চ ক্বচিন্মতাঃ॥

তত্র কৃষ্ণো যথা॥

যাস্যাম্যস্য ন ভীষণস্য সবিধং জীর্ণস্য শীর্ণাকৃতে-
র্মাতর্নেষ্যতি মাং পিধায় কপটাদাধারিকায়ামসৌ।
ইত্যুক্ত্বা চকিতাক্ষমদ্ভুতশিশাববীক্ষ্যমাণে হরৌ
হাস্যং তস্য নিরুন্ধতোঽপ্যতিতরাং ব্যক্তং তদাসীন্মুনেঃ॥

অথ তদন্বয়ী॥

লম্বনঃ। তদন্বয়ী তস্য কৃষ্ণস্যানুগত চেষ্টশ্চ তত্রৈতেরাশ্রয়ত্বেন তাদৃশ হাস হেতুত্বেন চালম্বনঃ। তস্য হাসস্যাশ্রয়া স্তদাশ্রয়াঃ। হাসস্য চেতো বিকাশ মাত্র রূপত্বাদ্বিষয়স্তু নবিদ্যতে নহি কমলাদি বিকাশঃ ক্বচিদ্বিষয়ং করোতি যমুদ্দিশ্য প্রবর্ত্ততে স এবহি বিষয়ঃ। পরিহাসোপহাসবাচীতু যদা স্যাত্তদ

কখন বিভাবনাদির বৈশিষ্ট্য প্রযুক্ত শ্রেষ্ঠ ব্যক্তিরাও এই রতির আশ্রয় হইয়া থাকেন॥

তন্মধ্যে কৃষ্ণ আলম্বন যথা॥

কৃষ্ণ কহিলেন মা! আমি এই জীর্ণ শীর্ণাকৃতির নিকট যাইব না। উহার নিকট গেলে, ও আমাকে ভিক্ষা পাত্রের মধ্যে আচ্ছাদন করিয়া অর্থাৎ ঝোলার মধ্যে পুরিয়া রাখিবে এই বলিয়া অদ্ভুত শিশুরূপী হরি চকিত লোচনে নিরীক্ষণ করিতে লাগিলে, যদিচ মুনি হাস্য সম্বরণ করিয়াছিলেন তথাপি তাহা শীঘ্র প্রকাশ পাইল॥

তদন্বয়ী আলম্বন যথা॥

যচ্চেষ্টা কৃষ্ণবিষয়া প্রোক্তঃ সোঽত্র তদন্বয়ী ॥৩॥

যথা ॥

দদামি দধিফাণিতং বিবৃণু বক্তুমিত্যগ্রতো
নিশম্য জরতীগিরং বিবৃতকোমলোষ্ঠে স্থিতে।
তয়া কুসুমমর্পিতং নবসবেত্য ক্ষুণ্ণাননে
হরৌ জহসুরুচ্চকৈরং কিমপি সুষ্ঠু গোষ্ঠার্ভকাঃ ॥

যথাবা ॥

অস্য প্রেক্ষ্য করং শিশোর্মুনিপতে শ্যামস্য মে কথ্যতাং
তথ্যং হন্ত চিরায়ুরেষ ভবিতা কিং ধেনুকোটীশ্বরঃ।

কিঞ্চিদ্বিষয়মপি কুর্য্যান্নাম স তু নাত্রোপাদীয়ত ইতি ভাবঃ ॥ ৩ ॥
ফাণিতং খণ্ডবিকৃতিঃ। দধিমিশ্রিতং ফাণিতং দধিফাণিতং কোমলেতি

যাহার কৃষ্ণবিষয়ক চেষ্টা তাহাকে তদন্বয়ী বলে ॥

যথা ॥

কৃষ্ণ! তোমাকে দধি মিশ্রিত ফাণিত অর্থাৎ বাতাসা দিব, মুখ ব্যাদান কর, সম্মুখে জরতীর এই কথা শুনিয়া কৃষ্ণ কোমলোষ্ঠ বিস্তার করিলে জরতী তাহাতে একটী অভিনব কুসুম নিক্ষেপ করিলেন কিন্তু তাহাতে ঐ কৃষ্ণ মুখ কুটিল করায় তদ্দর্শনে ব্রজবালক সকল উচ্চ রূপে হাস্য করিতে লাগিল ॥

যথাবা ॥

নন্দ কহিলেন হে মুনিপতে! আপনি আমার এই শ্যাম শিশুর হস্ত নিরীক্ষণ করিয়া যথার্থ বলুন, এ দীর্ঘায়ু হইয়া

ইত্যুক্তে ভগবন্ ময়াদ্য পরিত শ্চীরেণ কিং চারুণা
দ্রাগাবির্ত্তবহুচ্ছুরস্মিতমিদং বক্তুং ত্বয়া রুধ্যতে ॥ ৪ ॥
উদ্দীপনা হরেস্তাদৃগ্বাগ্বেশচরিতাদয়ঃ।
অনুভাবাস্তু নাসৌষ্ঠ গণ্ডনিস্পন্দনাদয়ঃ।
হর্ষালস্যাবহিত্থাদ্যা বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
সা হাস রতিরেবাত্র স্থায়িভাবতয়োদিতা।
ষোঢ়া হাসরতিঃ স্যাৎস্মিতহসিতে বিহসিতাবহসিতেচ।
অপহসিতাতিহসিতকে জ্যেষ্ঠাদীনাং ক্রমাদ্দ্বে দ্বে।

বালাং ব্যঞ্জিতং ॥ ৪ ॥

উদ্দীপন ইত্যত্র হরিরিত্যুপলক্ষণং তদবয়িনোঽপি জ্ঞেয়াঃ ॥ ৫ ॥

কোটি ধেনুর অধীশ্বর হইবে কি না, হে ঋষে! আমি এই কথা বলিলে আপনি কেন উদগত ঈষৎ হাস্যান্বিত বদন চীর-বসন দ্বারা আচ্ছাদন করিলেন ॥ ৪ ॥

এই হাস্য রসে কৃষ্ণ এবং কৃষ্ণ সম্বন্ধীয় ব্যক্তির ঐ প্রকার বাক্য বেশ এবং আচরণ প্রভৃতি উদ্দীপন। নাসা, ওষ্ঠ ও গণ্ড স্পন্দনাদি সকল অনুভাব, তথা হর্ষ, আলস্য এবং আকার গোপন প্রভৃতি ব্যভিচারী হইয়া থাকে ॥

হাস্যরসে হাস রতিকে স্থায়ীভাব বলিয়া কীর্ত্তন করা যায় ॥

হাস রতি ছয় প্রকার হয়। যথা স্মিত, হসিত, বিহসিত, অবহসিত, অপহসিত ও অতিহসিত। জ্যেষ্ঠ, মধ্য ও কনিষ্ঠ ভেদে দুইটী দুইটী করিয়া প্রকাশ পায়, অর্থাৎ জ্যেষ্ঠে স্মিত

বিভাবনাদি বৈচিত্র্যাদুত্তমস্যাপি কুত্রচিৎ।
ভবেদ্বিহসিতাদ্যঞ্চ ভাবজ্ঞৈরিতি ভণ্যতে ॥
তত্র স্মিতং ॥
স্মিতং ত্বলক্ষ্যদশনং নেত্রগণ্ডবিকাশকৃৎ ॥ ৫ ॥
যথা ॥
ক যামি জরতী খলা দধিহরং দিধীর্ষন্ত্যসৌ
প্রধাবতি জবেন মাং সুবল মংক্ষু রক্ষাং কুরু।
ইতি স্খলদুদীরিতে দ্রবতি কান্দিশীকে হরৌ

সুবল হে সুষ্ঠু বল ইতি কিঞ্চিদ্বলিষ্ঠং জ্যেষ্ঠং ভ্রাতরং প্রতি সম্বোধনং নতু সুবলসংজ্ঞং তৎ সমবয়স্কং প্রতি। কান্দিশীকে ভয়দ্রুতে দ্রবতীতি দ্রবস্যা-

---

হসিত, মধ্যমে বিহসিত, অবহসিত এবং কনিষ্ঠে অপহসিত ও অতিহসিত প্রকাশ পাইয়া থাকে ॥

ভাবজ্ঞগণ বলেন বিভাবনাদির বৈচিত্র্য হেতু কোন কোন স্থানে উত্তম ব্যক্তিতেও বিহসিত প্রভৃতি প্রকাশ পায় ॥

তন্মধ্যে স্মিত যথা ॥

যে হাস্যে দন্ত লক্ষিত হয় না কিন্তু নেত্র ও গণ্ডের প্রফুল্লতা দৃষ্ট হয়, তাহাকে স্মিত বলে ॥ ৫ ॥

যথা ॥

যে জ্যেষ্ঠ ভ্রাতঃ! দধি চুরিকরিয়াছি, বলিয়া খল জরতী আমাকে ধরিবার জন্য দৌড়িয়া আসিতেছে, এখন কোথা যাইব, শীঘ্র আমাকে রক্ষা কর, এই বলিয়া ভয়ে পলায়ন পরায়ণ শ্রীকৃষ্ণকে দেখিয়া স্বর্গে মুণিগণের বদন ঈষৎ হস্যে

বিকস্বর-মুখাম্বুজং কুলমভূন্মৃগীনাং দিবি ॥

হসিতং ॥

তদেব দর সংলক্ষ্য দন্তাগ্রং হসিতং ভবেৎ ॥ ৬ ॥

যথা ॥

মদ্বেশেন পুরঃস্থিতো হরিরসৌ পুত্রোঽহমেবাস্মি তে

পশ্যেত্যচ্যুত জল্প বিশ্বসিতয়া সংরম্ভরজ্যদ্দৃশা।

দুর্গম বোধনায় ॥ ৬ ॥

মদ্বেশেনেতি দূরমায়ান্ত মদৃষ্ট স্ববেশি শ্রীকৃষ্ণং শ্রীরাধিকায়াঃ পতিম্মন্যং জটিলায়াঃ পুত্রমভিমন্যুং দৃষ্ট্বা তদ্বেশেন তদ্গৃহং গতস্য শ্রীকৃষ্ণস্য তাং প্রতি

বিকসিত হইল ॥

অথ হসিত ॥

যে হাস্যে দন্ত ঈষৎ দৃষ্ট হয় তাহাকে হসিত বলে ॥ ৬ ॥

যথা ॥

শ্রীরাধিকার পতিম্মন্য জটিলাপুত্র অভিমন্যু নিজগৃহে আগমন করিতেছিল কিন্তু সে শ্রীকৃষ্ণকে দেখিতে পায় নাই, শ্রীকৃষ্ণ আগমনশীল অভিমন্যুকে দূরে অবলোকন করিয়া নিজে অভিমন্যুর বেশ ধারণ পূর্ব্বক জটিলার নিকট গিয়া বলিলেন মা! আমি তোমার পুত্র অভিমন্যু, আমার বেশ ধারণ করিয়া কৃষ্ণ অগ্রে অবস্থিত রহিয়াছে দেখুন, কৃষ্ণ এই কথা বলিলে জটিলা তাহাতে বিশ্বাস করিয়া সক্রোধ-নেত্রে চীৎকার করত মা মা এই অর্দ্ধ উচ্চারণকারি স্বীয় পুত্র অভিমন্যুকে প্রাঙ্গণ হইতে তাড়াইয়া দিলে তদ্দর্শনে সখী সকলের

মামেতি স্খলদক্ষরে জটিলয়া ব্যাক্রুশ্য নিষ্কাসিতে
পুত্রে প্রাঙ্গণতঃ সখীকুলমভূদ্দন্তাংশুধৌতাধরং ॥

বিহসিতং ॥

সস্বনং দৃষ্টদশনং ভবেদ্বিহসিতং তু তৎ ॥ ৭ ॥

যথা ॥

মুষাণ দধি মেদুরং বিকলমন্তরা শঙ্কসে
সনিশ্বসিত ডম্বরং জটিলয়াত্র নিদ্রায়তে।
ইতি ব্রুবতি কেশবে প্রকট শীর্ণ দন্তস্থলং
কৃতং হসিতমুৎস্বনং কপট সুপ্তয়া বৃদ্ধযা ॥

বচনং। নিষ্কাসিতে দূরত এব বিদ্রাবিতে। তস্যা বাতুলতাশঙ্কয়া স্ববন্ধুনা মানরমার্থং তস্য বিক্রতত্বাৎ ॥ ৭ ॥

কপট সুপ্তয়েত্যনেন তয়েতি পূর্ব্বোক্ত স্মারস্যালম্ভ্যতে। সুপ্তয়াপ্যোতয়েতি

অধর ঈষৎ দন্তকিরণে অলঙ্কৃত হইয়াছিল অর্থাৎ তাঁহারা সকলে হাসিতে লাগিলেন ॥

বিহসিত ॥

যে হাস্যে শব্দের সহিত দন্ত দৃষ্ট হয়, তাহাকে বিহসিত বলে ॥ ৭ ॥

অহে সখা সকল! উৎকৃষ্ট দধি চুড়ি কর, গৃহ মধ্যে কোন ভয় করিও না, জটিলা প্রবল নিশ্বাস পরিত্যাগ করিতে করিতে নিদ্রা যাইতেছে, শ্রীকৃষ্ণ এই কথা বলিলে কপট সুপ্তা বৃদ্ধা শীর্ণদন্ত উদঘাটন পূর্ব্বক সশব্দে হাসিয়া উঠিল ॥

অবহসিতং ॥

তচ্চাবহসিতং ফুল্লনাসং কুঞ্চিতলোচনং ॥ ৮ ॥

যথা ॥

লগ্নস্তে নিতরাং দৃশোরপি যুগে কিং ধাতুরাগো ঘনঃ
প্রাতঃ পুত্রবলস্য বা কিমসিতং বাসস্ত্বয়াঙ্গে ধৃতং।
ইত্যাকর্ণ্য পুরো ব্রজেশগৃহিণী বাচং স্ফুরন্নাসিকা
দূত্য সঙ্কুচদীক্ষণাবহসিতং জাতা ন রোদ্ধুং ক্ষমা ॥

অপহসিতং ॥

যা পাঠঃ ॥ ৮ ॥

লগ্নস্ত ইত্যাদৌ পুত্রেত্যত্র মিত্রেতি ব্রজেশগৃহিণী বাচমিত্যত্র চ ধৃতার্জব

অবহসিত ॥

যে হাস্যে নাসা প্রফুল্ল ও লোচন কুঞ্চিত হয়, তাহাকে অবহসিত বলে ॥ ৮ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ প্রাতঃকালে গৃহে উপস্থিত হইলে যশোদা অবলোকন করিয়া কহিলেন পুত্র! তোমার লোচনযুগলে ঘন ধাতুরাগ কি সংলগ্ন হইয়াছে? তুমি কি বলদেবের নীলাম্বর পরিধান করিয়াছ? ব্রজেশ্বরগৃহিণী যশোদার এই বাক্য শ্রবণ করিয়া অগ্রবর্ত্তিনী দূতী প্রফুল্ল নাসিকা ও সঙ্কুচিত নেত্রে উৎপন্ন অবহসিত আর সংগোপন করিতে পারিলেন না ॥

অপহসিত ॥

তচ্চাপহসিতং সাশ্রুলোচনং কম্পিতাংসকং ॥
যথা ॥
উদস্রং দেবর্ষি র্দিবি দরতরঙ্গদ্ভুজশিরা
যদভ্রাণ্যুদ্দণ্ডো দশনরুচিভিঃ পাণ্ডুরয়তি।
স্ফুটং ব্রহ্মাদীনাং নটয়িতরি দিব্যে ব্রজশিশৌ
জরত্যাঃ প্রস্তোভান্নটতি তদনৈষীদ্দৃশমসৌ ॥
অতিহসিতং ॥
সহস্ততালং ক্ষিপ্তাঙ্গং তচ্চাতিহসিতং বিদুঃ ॥ ৯ ॥
যথা ॥

স্বহস্তবাচমিতি চ পাঠান্তরং জ্ঞেয়ং ॥ ৯ ॥

যে হাস্যে অশ্রুযুক্ত লোচন ও স্কন্ধ কম্পিত হয় তাহার নাম অপহসিত ॥

যথা ॥

যিনি স্পষ্টরূপে ব্রহ্মাদি দেবগণকে নাচাইতেছেন,সেই ব্রজশিশু শ্রীকৃষ্ণ জরতীর স্তোভে নৃত্য করিতেছেন দেখিয়া স্বর্গে দেবর্ষি নারদ স্কন্ধকম্পিত করত যে সজল নেত্রে হাস্য নিবন্ধন দন্তজ্যোতি দ্বারা মেঘ সকলকে শুভ্রবর্ণ করিয়াছিলেন সেই নয়ন শ্রীকৃষ্ণের প্রতি নিক্ষেপ করিলেন ॥

অতিহসিত ॥

হস্ততাল ও অঙ্গক্ষেপের সহিত হাস্যকে অতিহসিত বলে ॥ ৯ ॥

যথা ॥

বৃদ্ধে ত্বং বলিতাননাসি বলিভিঃ প্রেক্ষ্য স্বযোগ্যামত-
স্ত্বামুদ্বোঢুমসৌ বলীমুখবরো মাং সাধয়ত্যুৎসুকঃ।
আভির্বিপ্লুত ধীর্বৃণে নহি পরং ত্বত্তো বলিধ্বংসনা-
দিত্যুচ্চৈর্মুখরাগিরা বিজহসুঃ সোত্তালিকা বালিকাঃ।
যস্ত হাসঃ সচেৎ ক্বাপি সাক্ষান্নৈব নিবধ্যতে।
তথাপ্যেষ বিভাবাদিসামর্থ্যাদুপলভ্যতে॥ ১০॥

বলিঃ কুঞ্চিতচর্ম্ম। বলীমুখো বানরঃ। সাধয়তি সাধনায় প্রেরয়তীতি ণিচ্ প্রত্যযাং। বলিন তৃণাবর্ত্ত পূতনাদয়স্তেষাং ধ্বংসকর্ত্তুঃ আভির্বলি-ভির্বিপ্লুতা উপপ্লুতা ধীর্যস্যাঃ॥ ১০॥

. শ্রীকৃষ্ণ জরতীকে কহিলেন বৃদ্ধে! তোমার মুখের চর্ম্ম সকল লোলিত হওয়ায় তুমি বলিতাননা অর্থাৎ বানরমুখী হইয়াছ, এই কারণে এই বলীমুখবর অর্থাৎ বানররাজ তোমাকে যোগ্যপাত্রী দেখিয়া বিবাহ নিমিত্ত উৎসুক হওত আমাকে উপাসনা করিতেছে, এই কথা শুনিয়া বৃদ্ধা কহিল আমি এই সকল বলিদ্বারা অধীর বুদ্ধি হইয়া বলিধ্বংসি অর্থাৎ তৃণাবর্ত্ত পূতনা প্রভৃতিকে বিধ্বংসন করিয়াছ যে তুমি তোমা ভিন্ন অন্য কাহাকেও বরণ করিব না, মুখরার এই সকল কথা শুনিয়া বালিকা সকল করতালিকা প্রদান পূর্ব্বক উচ্চরূপে হাস্য করিতে লাগিল॥

যৎ কর্ত্তৃক হাস, সে যদি সাক্ষাৎ কোন স্থানে নিশ্চয় না হয়, তথাপি বিভাবাদির সামর্থ্য প্রযুক্ত তাহার উপলব্ধি হইয়া থাকে॥ ১০॥

যথা ॥

শিম্বীলম্বি কুচাগি দর্দুরবধূবিস্পর্দ্ধি নাসাকৃতি-
স্থং জীর্যদ্দুলিদৃষ্টিরোষ্ঠতুলিতাঙ্গারা মৃদঙ্গোদরী।
কা ত্বত্তঃ কুটিলে পরাস্তি জটিলাপুত্রি ক্ষিতৌ সুন্দরী
পুণ্যেন ব্রজসুভ্রুবাং তব ধৃতিং হর্ত্তুং ন বংশী ক্ষমা ॥১১

এষ হাস্যরসস্তত্র কৈশিকীবৃত্তিবিস্তৃতৌ।
শৃঙ্গারাদি রসোদ্ভেদো বহুধৈব প্রপঞ্চিতঃ ॥ ১২ ॥

দুলিঃ কমঠী ॥ ১১ ॥

তত্র ভরতাদিনিবন্ধে স্বকৃতনাটকলক্ষণে চ ॥ ১২ ॥

যথা ॥

হে জটিলাপুত্রি কুটিলে! তোমার স্তনদ্বয় শিম্বীর ন্যায় শুষ্ক ও লম্বমান, নাসিকার শোভা ভেকবধূকেও তিরস্কার করিতেছে, দৃষ্টি জীর্ণকচ্ছপীর ন্যায় মনোহর, ওষ্ঠ অঙ্গারের সহিত তুলনা ধারণ করিয়াছে এবং উদরও মৃদঙ্গের ন্যায় শোভমান দৃষ্ট হইতেছে অতএব হে সুন্দরি! ব্রজসুন্দরী-দিগের মধ্যে তোমার ন্যায় আর কাহাকেও সুন্দরী দেখা যায় না, অধিক কি বলিব পুণ্য বলে বংশীও তোমার ধৈর্য্য হরণ করিতে পারিতেছে না ॥ ১১ ॥

ভরতাদি প্রণীত নিবন্ধে এবং স্বকৃত নাটকে শৃঙ্গারাদি রসের উদ্ভেদ স্বরূপ এই হাস্যরস বহু প্রকারে বিস্তৃত হইয়াছে ॥ ১২ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণভক্তিরসনিরূপণে হাস্যভক্তিরসলহরী ॥ * ॥ ১ ॥ * ॥

অথাদ্ভুতভক্তিরসঃ ॥

আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ স্বাদ্যত্বং ভক্তচেতসি।
সা বিস্ময় রতির্নীতাদ্ভুতভক্তিরসো ভবেৎ ॥ ১ ॥
ভক্তাঃ সর্ব্ববিধোপ্যত্র ঘটতে বিস্ময়াশ্রয়ঃ।
লোকোত্তরক্রিয়াহেতু বিষয়স্তত্র কেশবঃ।
তস্য চেষ্টা বিশেষাদ্যা স্তস্মিন্নুদ্দীপনা মতাঃ।

॥*॥ ইত্যুত্তর বিভাগে নবলহর্য্যাত্মকে হাস্যভক্তিরসলহরী প্রথমা ॥*॥১॥*॥
ভক্ত ইতি সার্দ্ধত্রয়েণাদ্ভুতস্য পরিকরানাহ। বিস্ময়াশ্রয়ো বিস্ময়রতে রাশ্রয় ইত্যর্থঃ। বিষয়স্তস্যা এব বিষয় ইত্যর্থঃ। বিস্ময়শ্চেদং কথং জাতমিতি

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে হাস্যভক্তিরস প্রথম লহরী ॥ * ॥ ১ ॥ * ॥

অথ অদ্ভুত ভক্তিরস ॥

আত্মোচিত বিভাবাদিদ্বারা বিস্ময়রতি যদি ভক্তগণের চিত্তে আস্বাদনীয় রূপে নীত হয়, তবে তাহাকে অদ্ভুত ভক্তি রস বলে ॥ ১ ॥

সর্ব্ব প্রকার ভক্তই বিস্ময় রতির আশ্রয় অর্থাৎ আলম্বন, লোকাতীত কর্ম্ম প্রযুক্ত শ্রীকৃষ্ণই ইহার বিষয় অর্থাৎ বিভাব এবং শ্রীকৃষ্ণের চেষ্টা বিশেষ সকলই ইহার উদ্দীপন, তথা

ক্রিয়াস্তু নেত্র বিস্তার স্তম্ভাশ্রু পুলকাদয়ঃ ॥ ২ ॥
আবেগ হর্ষ জাড্যাদ্যা স্তত্রস্যু র্ব্যভিচারিণঃ।
স্থায়ী স্যাদ্বিস্ময়রতিঃ সা লোকোত্তরকর্ম্মতঃ।
সাক্ষাদনুমিতশ্চেতি তচ্চ দ্বিবিধমুচ্যতে ॥
তত্র সাক্ষাৎ ॥
সাক্ষাদৈন্দ্রিয়কং দৃষ্টশ্রুতসংকীর্ত্তিতাদিকং ॥ ৩ ॥
তত্র দৃষ্টং যথা ॥

হেত্বসম্ভাবনাময়ী বুদ্ধিঃ। এতাভ্যাং দ্বযোরপ্যালম্বনবিভাবত্বং দর্শিতং। বিষয় ইত্যত্র বিভাব ইতি পাঠো লিখনভ্রমাৎ ॥ ২ ॥

লোকোত্তর কর্ম্মত ইত্যুপলক্ষণং তাদৃশ রূপ গুণাভ্যাঞ্চ। কিন্তু লোকোত্তর তৎপ্রেম হেতু র্ভক্তশ্চেত্তদা সোঽপি তদ্বজ্‌জ্ঞেয়ঃ। তথা নেমং বিরিঞ্চো ন ভব ইত্যাদৌ ইত্থং সতাং ব্রহ্মসুখেত্যাদৌ নায়ং শ্রিয়োঽঙ্গ ইত্যাদৌ চ ॥ ৩ ॥

নেত্র বিস্তার, স্তম্ভ, অশ্রু ও পুলকাদি সকল ইহার ক্রিয়া ॥২

অপর আবেগ (ত্বরা) হর্ষ ও জাড্য প্রভৃতি অদ্ভুত রসে ব্যভিচারী।

লোকাতীত কর্ম্ম প্রযুক্ত বিস্ময় রতি স্থায়ী হয়, ইহা সাক্ষাৎ ও অনুমান ভেদে দুই প্রকার হইয়া থাকে ॥

তন্মধ্যে সাক্ষাৎ বিস্ময় রতি যথা ॥

চক্ষুর্দ্বারা দর্শন, কর্ণ দ্বারা শ্রবণ ও মুখ দ্বারা কীর্ত্তন ইত্যাদি ইন্দ্রিয় বিষয়কে সাক্ষাৎ বিস্ময়রতি বলা যায় ॥ ৩ ॥

তন্মধ্যে দৃষ্ট যথা ॥

একমেব বিবিধোদ্যমভাজং
মন্দিরেষু যুগপন্নিখিলেষু॥
দ্বারকামভিসমীক্ষ্য মুকুন্দং
স্পন্দনোজ্ঝিততনুর্মুনিরাসীৎ॥ ৪ ॥

যথাবা॥

ক স্তন্যগন্ধিবদনেন্দুরসৌ শিশুস্তে
গোবর্দ্ধনঃ শিখররুদ্ধঘনঃ কচায়ং।
ভোঃ পশ্য সব্যকর কন্দুকিতাচলেন্দ্রঃ

একমিতি এক বপুষমেব সন্তমিত্যর্থঃ। যথোক্তং শ্রীদশমে শ্রীনারদেন। চিত্রং বতৈতদেকেন বপুষা যুগপৎ পৃথক্। গৃহেষু দ্ব্যষ্টসাহস্রং স্ত্রিয় এক উদাবহদিতি। তস্মাম্ নিরস্ত শ্রীনারদঃ। অতএব কায়ব্যূহ সমর্থানামপি তদ্বিধানাং বিস্ময়ঃ॥ ৪ ॥

স্তন্যগন্ধীতি অল্পাখ্যায়াং সমাসান্ত ইৎপ্রত্যয়ঃ। অচলেন্দ্রঃ। পূর্ব্বোক্ত

দ্বারকায় প্রতি মহিষীর মন্দিরে শ্রীকৃষ্ণকে এক বপুতেই বিবিধ উদ্যমে ব্যাপৃত দেখিয়া মুনিবর নারদ স্পন্দন রহিত জড়িমা দশা লাভ করিলেন॥ ৪॥

যথাবা॥

যশোদে! দৃষ্টিপাত কর, কোথায় তোমার এই দুগ্ধমুখ বালক, কোথায় বা এই গোবর্দ্ধন পর্ব্বত, যাহার শৃঙ্গদ্বারা মেঘ সকল রোধ হইয়াছে, কি আশ্চর্য্য! এই গিরিরাজ ইহাঁর বামহস্তে ক্রীড়াকন্দুকের ন্যায় প্রকাশ পাইতে লাগিল।

খেলন্নিব স্ফুরতি হন্ত কিমিন্দ্রজালং ॥ ৫ ॥

শ্রুতং যথা ॥

যান্যক্ষিপন্ প্রহরণানি ভটাঃ স দেবঃ
প্রত্যেকমচ্ছিনদমূনি শরত্রয়েণ।
ইত্যাকলয্য যুধি কংসরিপোঃ প্রভাবং
স্ফারেক্ষণঃ ক্ষিতিপতিঃ পুলকী তদাসীৎ ॥ ৬ ॥

সংকীর্ত্তিতং যথা ॥

ডিম্ভাঃ স্বর্ণনিভাম্বরা ঘনরুচো জাতাশ্চতুর্বাহবো
বৎসাশ্চেতি বদন্ কৃতোস্মি বিবশঃ স্তম্ভশ্রিয়া পশ্যত।

এব গোবর্দ্ধনঃ। প্রাকৃতত্বাৎ। কন্দুকিতং তমদ্রিং কুর্ব্বন্মুদং বহতীতি বা পাঠঃ ॥ ৫ ॥

ভটা নবকনাম্নোঽসুরস্যৈকাদশ অক্ষৌহিণী সংখ্যাঃ ক্ষিতিপতিঃ শ্রীপরীক্ষিৎ॥৬

ডিম্ভা ইতি সত্যলোকসভায়াং শ্রীব্রহ্মবাক্যং। স্তম্ভশ্রিয়া পশ্যতেত্যেব পাঠ

হায়! এ কি কোন ইন্দ্রজাল বটে ॥ ৫ ॥

শ্রুত যথা ॥

নরকাসুরের একাদশ অক্ষৌহিণী সৈন্যগণ যত অস্ত্র নিক্ষেপ করিয়াছিল দেবোত্তম শ্রীকৃষ্ণ তিন শরে তৎসমুদায় ছেদন করিয়া ফেলিলেন, রাজা পরীক্ষিৎ কংসরিপুর এই প্রভাব শ্রবণমাত্রেই নয়নদ্বয় বিস্ফার পূর্ব্বক পুলকাকুল হইয়াছিলেন ॥ ৬ ॥

সংকীর্ত্তিত যথা ॥

সত্যলোকে ব্রহ্মা কহিলেন, বালক সকল পীতবসন পরিধান, ঘনশ্যাম ও চতুর্ব্বাহু মূর্ত্তি ধারণ করিয়াছে এবং বৎস

আশ্চর্য্যং কথয়ামি বঃ শৃণুত ভোঃ প্রত্যেকমেকৈকশঃ
স্তূয়ন্তে জগদণ্ডবদ্ভিরভিত স্তে হন্ত পদ্মাসনৈঃ ॥
অনুমিতং যথা ॥
উন্মীল্য ব্রজশিশবো দৃশং পুরস্তা-
দ্ভাণ্ডীরং পুনরতুলং বিলোকয়ন্তঃ।
সাত্মানং পশুপটলীঞ্চ তত্র দাবা-
দুন্মুক্তাং মনসি চমৎক্রিয়ামবাপুঃ ॥ ৭ ॥
অপ্রিয়াদেঃ ক্রিয়া কুর্য্যান্নালৌকিক্যপি বিস্ময়ং।

স্তেষামিষ্টঃ স্তূয়ন্ত ইতি বর্ত্তমান সামীপ্যে বর্ত্তমানবদ্বেতি ন্যায়েনাবিলম্বদৃষ্টত্বং সূচয়তি ॥ ৮ ॥

শ্রীকৃষ্ণে এবাদ্ভুতো রসঃ সমুদ্ভূতঃ স্যাদিতি কথয়ন্ সর্ব্বমপি রসং বিস্ময়-

সকলও আবার তদ্রূপ অবস্থা লাভ করিল দেখ, এই কথা বলিতে বলিতে আমি স্তম্ভ সম্পত্তি দ্বারা বিবশ হইয়া পড়িলাম। অপর আশ্চর্য্য শুন, ঐ সকল বালক ও বৎস প্রত্যেককে জগদণ্ডনাথ পদ্মাসন বিধাতৃগণ চতুর্দ্দিকে স্তব করিতে লাগিলেন ॥

অথ অনুমিত ॥

ব্রজশিশু সকল চক্ষু উন্মীলন পূর্ব্বক পুনরায় অগ্রে ভাণ্ডীর-বন অবলোকন করিয়া তাহাতে আপনাদের সহিত গবাদি পশু সমুদায়কে দাবাগ্নি হইতে পরিমুক্ত হইয়াছে দেখিয়া মনোমধ্যে অতিশয় চমৎকৃতি লাভ করিলেন ॥ ৭ ॥

অপ্রিয়াদির কার্য্য অলৌকিক হইলেও তাহা বিস্ময়জনক

অসাধারণ্যপি মনাক্ করোত্যেব প্রিয়স্য সা।
প্রিয়াৎ প্রিয়স্য কিমুত সর্ব্বলোকোত্তরোত্তরা।
ইত্যত্র বিস্ময়ে প্রোক্তা রত্যনুগ্রহমাধুরী॥ ৮॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণ-ভক্তিরস নিরূপণেঽদ্ভুতভক্তিরসলহরী দ্বিতীয়া॥ * ॥ ২ ॥ * ॥

অথ বীরভক্তিরসঃ॥

সৈবোৎসাহ রতিঃ স্থায়ী বিভাবাদ্যৈ র্নিজোচিতৈঃ।

ং।বের প্রতিষ্ঠাপয়তি অপ্রিয়াদে রিতি দ্বয়েন। তদুক্তং রসে সারশ্চমৎকারঃ সর্ব্বত্রাপীষ্যতে বুধৈঃ। তস্মাদদ্ভুতমেবাহ কৃতী নারায়ণোরসমিতি মনাগপ্যসাধারণীতি যোজ্যং॥ ৮॥

॥ * ॥ ইতি ভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগেঽদ্ভুত ভক্তিরসলহরী দ্বিতীয়া॥ * ॥ ২

হয় না, প্রিয়ব্যক্তির অসাধারণ ক্রিয়াও ঈষৎ বিস্ময় উৎ-পাদন করিয়া থাকে এবং প্রিয় হইতে অপ্রিয় ব্যক্তির সর্ব্ব-লোকোত্তরা ক্রিয়া যে বিস্ময়জনিকা হইবেনা, তাহা আর কি বলিব, অতএব এই বিস্ময়ে রতির অনুগ্রহ মাধুরী কথিত হইল॥ ৮॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর উত্তর বিভাগে অদ্ভুত ভক্তিরস লহরী তৃতীয়া॥ * ॥ ২ ॥ * ॥

অথ বীরভক্তিরস॥

স্বযোগ্যোচিত বিভাবাদি দ্বারা উৎসাহ রতি স্থায়ীভাব রূপে

আনীয়মানা স্বাদ্যত্বং বীরভক্তিরসো ভবেৎ।
যুদ্ধ দান দয়া ধর্ম্মৈশ্চতুর্দ্ধা বীর উচ্যতে।
আলম্বন ইহ প্রোক্ত এষ এব চতুর্ব্বিধঃ॥ ১॥
উৎসাহস্ত্বেষ ভক্তানাং সর্ব্বেষামেব সম্ভবেৎ॥
তত্র যুদ্ধবীরঃ॥
পরিতোষায় কৃষ্ণস্য দধদুৎসাহমাহবে।
সখা বন্ধু বিশেষো বা যুদ্ধবীর ইহোচ্যতে।
প্রতিযোদ্ধা মুকুন্দো বা তস্মিন্ বা প্রেক্ষকে স্থিতে।
তদীয়েচ্ছাবশেনাত্র ভবেদন্যঃ সুহৃদ্বরঃ॥ ২॥
তত্র কৃষ্ণো যথা॥

উৎসাহ রতিঃ সর্ব্বেষামিতি কস্যচিদুৎসাহ ভেদঃ স্যাদিত্যভিপ্রায়েণ॥ ১২॥

আস্বাদনীয়ত্ব প্রাপ্ত হইলে বীরভক্তিরস বলিয়া কথিত হয়। যুদ্ধ, দান, দয়া ও ধর্ম্ম এই চারিকেই বীর বলা যায় অর্থাৎ যুদ্ধবীর, দানবীর, দয়াবীর ও ধর্ম্মবীর, এই চারিটীই এ স্থলে আলম্বন স্বরূপ হয়॥ ১॥

এই উৎসাহ সমুদায় ভক্তেই সম্ভব হইয়া থাকে॥

তন্মধ্যে যুদ্ধবীর যথা॥

শ্রীকৃষ্ণের পরিতোষ নিমিত্ত উৎসাহধারী সখা বা বন্ধু বিশেষকে এ স্থলে যুদ্ধবীর বলা যায়। মুকুন্দ প্রতিযোদ্ধা অথবা তিনি দর্শকরূপে অবস্থিত থাকিলে তাঁহার ইচ্ছানুসারে অন্য একজন সুহৃত্তম প্রতিযোদ্ধা হয়েন॥

তন্মধ্যে কৃষ্ণ প্রতিযোদ্ধা যথা॥

অপরাজিতমানিনং হঠাচ্চটুলং ত্বামভিভূয় মাধব।
ধিনুয়ামধুনা সুহৃদ্গণং যদি ন ত্বং সমরাৎ পরাঞ্চসি ॥ ৩॥

যথাবা ॥

সংরম্ভ প্রকটীকৃত প্রতিভটারম্ভ শ্রিয়োঃ সাদ্ভুতং
কালিন্দীপুলিনে বয়স্য নিকরৈরালোক্যমানস্তদা।

যদি নত্বমিতি যদি সমরং ত্যক্তুং ছলেন সমরাৎ পরাঙ্মুখো ন ভবসীত্যর্থঃ স যদি ত্বং সমরং সমঞ্চসীতি বা পাঠঃ ॥ ৩ ॥

সংরম্ভেণ কোপেনৈব প্রকটীকৃতা প্রতিভটস্য প্রতিযোদ্ধুরারম্ভ শ্রীর্যাভ্যাং বস্তুতস্তুব্যুত্থাপিত সখ্যয়ো রবিরোধিত মৈত্রয়োরপি। শ্রীদামশ্চ বকীদ্বিষশ্চেতি বকীদ্বিষো র্দ্বয়োরিত্যর্থঃ। এতদর্থবশাদেব বিশেষণানাং দ্বিত্বং। এতদুক্তং ভবতি। চার্থঃ খলু চতুর্বিধঃ। সমুচ্চয়ান্বাচয়েতরেতরযোগসমাহারভেদেন। তত্র সমুচ্চয়ার্থ শ্চশব্দস্তত্তদর্থানাং পৃথক্ পৃথক্তা ব্যঞ্জকঃ। যথা শ্রীদামাচ বকীবিট্ চাগত ইত্যত্র আগতস্য পৃথক্ পৃথক্ সম্বন্ধঃ। অন্বাচয়ার্থশ্চ তথা। যথা বকীদ্বিষ মানয় যদি পশ্যসি শ্রীদামানঞ্চ। কিন্তুত্তব নির্দ্দিষ্টেনাত্যাগ্রহং ব্যঞ্জয়তি। যথা শ্রীকৃষ্ণশ্চ লোকশ্চ দৃশ্যতামিতি। তস্মাৎ সমর্থশব্দোক্তপরস্পরসম্বন্ধার্থত্বাভাবাদনয়ো র্ন দ্বন্দ্বসমাসঃ ক্রিয়তে। কিন্তু তদ্ভাবাদুত্তরযোরেব। তত্র সমাহারে

হে মাধব! তুমি অতি চঞ্চল আপনাকে অপরাজিত করিয়া মানিয়া থাক, যদি সমর হইতে পলায়ন না কর তাহা হইলে তোমাকে পরাজিত করিয়া সুহৃদ্গণকে পরিতুষ্ট করিব ॥ ৩ ॥

যথাবা ॥

শ্রীদাম ও পূতনাশত্রু শ্রীকৃষ্ণ ইহাঁদের পরস্পর অবিরোধি মৈত্রতা থাকিলেও ইহাঁরা কোপাবেশ-বশতঃ প্রতিযোদ্ধার

অব্যুত্থাপিত সখ্যয়োরপি বরাহঙ্কার বিস্ফূর্জিতঃ
শ্রীদাম্নশ্চ বকীদ্বিষশ্চ সমরাটোপঃ পটীয়ানভূৎ ॥ ৪ ॥

সুহৃদ্বরো যথা ॥

সখি প্রকর মার্গণানগণিতান্ ক্ষিপন্ সর্ব্বত-
স্তথাদ্য লগুড়ং ক্রমাদ্ভ্রময়তিস্ম দামাকৃতী।

সমর্থত্বে সত্যপি মলিনমাত্র বাচিত্বেন তদ্বতামবাচিত্বাৎ প্রতি বিশেষণা-ন্বয়িত্বং স্যাদেব। যথা। পদকক্রমকব্যবহিতমিত্যাদি। তদ্বতি বৃত্তিস্তত্রোপ-চারাদেব। অথেতরেতর যোগার্থশ্চশব্দ স্তত্তৎপ্রত্যেকসংখ্যাসমুদয়েন যাবতী তেষাং সংখ্যা স্যাত্তাবৎ সংখ্যান্বিততা যুক্ততা ব্যঞ্জকঃ। তত্রচ দ্বন্দ্বে শ্রীদামবকীদ্বিষাবাগতাবিত্যত্র শ্রীদামাচ বকীদ্বিট্ চেতি দ্বাবাগতাবিত্যর্থঃ। সমুচ্চয়াদস্যায়মেব ভেদঃ। যদিচ সমাসে তথার্থঃ স্যাত্তদা তদ্বিগ্রহেঽপি স্যাৎ। যমাবলম্ব্যৈব সমাসানামর্থঃ প্রবর্ত্ততে। দ্বন্দ্বসমাসস্য চ বৈকল্পিকত্বাৎ। কেবল বিগ্রহোঽপি প্রযুজ্যতে। ততশ্চ শ্রীদামাচ বকীদ্বিট্ চাগতাবিত্যপি স্যাৎ। যথা সচ ত্বঞ্চাহঞ্চ পচাম ইত্যত্র বিপ্রতিষেধে পরং কার্য্যমিতি পাণিনৈ র্যুগ-পদ্বচনে পরঃ পুরুষাণামিতি সর্ব্ববর্ম্মণশ্চ স্যায়েনোত্তমপুরুষেঽপি প্রাপ্তে বহুবচনং পূর্ব্ববদেব স্যাদিতি সাধু ব্যাখ্যাতং। শ্রীদামবকীদ্বিষোর্দ্বয়ো রিত্যাদি ॥ ৪ ॥

মার্গণা অত্র তূলপূর্ণচর্ম্মফলকবাণাঃ ॥ ৫ ॥

যুদ্ধারম্ভ শ্রী প্রকটন করিয়াছিলেন, সখাগণ কালিন্দীকূলে অদ্ভুতরূপে দর্শন করিতে লাগিলে ইহাঁদের অহঙ্কারান্বিত সমরাটোপ অতিশয় পটু হইয়াছিল ॥ ৪ ॥

সুহৃদ্বর যথা ॥

সখা সকল চতুর্দ্দিক্ হইতে তূলপূরিত চর্ম্মফলক বিশিষ্ট বাণ সকল নিক্ষেপ করায় কর্ম্মকুশল শ্রীদাম সেই প্রকার আজ

অসংস্তু রচিত স্তুতির্ব্রজপতেস্তনুজোপ্যমুং
সমৃদ্ধ পুলকো যথা লগুরপঞ্জরান্তঃস্থিতং ॥
প্রায়ঃ প্রকৃতিশূরাণাং স্বপক্ষৈরপি কর্হিচিৎ।
যুদ্ধকেলিসমুৎসাহো জায়তে পরমাদ্ভুতঃ ॥
যথাচ হরিবংশে ॥
তথা গাণ্ডীবধন্বানং বিক্রীড়ন্মধুসূদনঃ।
জিগায় ভরতশ্রেষ্ঠং কুন্ত্যাঃ প্রমুখতো বিভুঃ। ইতি ॥
কথিতাস্ফোটবিস্পর্দ্ধাবিক্রমাস্ত্রগ্রহাদয়ঃ।
প্রতিযোধস্থিতাঃ সন্তো ভবন্ত্যুদ্দীপনা ইহ ॥ ৫ ॥

লগুড়ি ভ্রমণ দ্বারা তৎসমুদায়কে দূরীভূত করিতে লাগিলেন, যদ্দর্শনে ব্রজপতিনন্দন শ্রীকৃষ্ণ পুলকাকুল কলেবরে প্রশংসা করত ঐ শ্রীদামকে লগুড় পঞ্জরের অন্তর্গত করিয়া মানিয়াছিলেন ॥

প্রায় স্বভাবসিদ্ধ শূরব্যক্তিদিগের কোন স্থানে স্বপক্ষের সহিতও পরমাদ্ভুত যুদ্ধক্রীড়া বিষয়ক উৎসাহ উৎপন্ন হইয়া থাকে ॥

যথা হরিবংশে ॥

মধুসূদন ক্রীড়া করিতে করিতে কুন্তীর সমক্ষে গাণ্ডীবধন্বা অর্জ্জুনকে পরাজয় করিয়াছিলেন ॥

এই বীররসে আত্মশ্লাঘা, আস্ফালন, স্পর্দ্ধা, বিক্রম, অস্ত্র গ্রহণ এবং প্রতিযোদ্ধারূপে অবস্থিতি ইত্যাদি সকলকে উদ্দীপন বলে ॥ ৫ ॥

তত্র কত্থিতং যথা ॥

পিণ্ডীশূরস্ত্বমিহ সুবলং কৈতবেনাবলাঙ্গং
জিত্বা দামোদর যুধি বৃথা মাকৃথাঃ কত্থিতানি।
মাদ্যন্নেষ ত্বদলঘু ভুজা সর্প দর্পাপহারী
মন্দ্রধ্বানো নটতি নিকটে স্তোককৃষ্ণঃ কলাপী ॥ ৬ ॥
কত্থিতাদ্যাঃ স্বসংস্থাশ্চেদনুভাবাঃ প্রকীর্ত্তিতাঃ।
তথৈবাহোপুরুষিকা ক্ষ্বেড়িতা ক্রোশবল্গনং।
অসহায়েঽপি যুদ্ধেচ্ছা সমরাদপলায়নং।

পিণ্ডীশূরো ভোজনমাত্র পটুঃ। অবলাঙ্গমপি কৈতবেন জিত্বেত্যর্থঃ। কলাপী তূণবান্ সভূষণো বা পক্ষে ময়ূরঃ ॥ ৬ ॥

আহোপুরুষিকা দর্পাদ্যা স্যাৎ সম্ভাবনাত্মনি। ক্ষ্বেড়িতং সিংহনাদঃ। আক্রোশঃ সাটোপবচনং বল্গনং যুদ্ধার্থো গতিবিশেষঃ। যুদ্ধেচ্ছা যুদ্ধোদ্যমঃ।

তন্মধ্যে কত্থিত যথা ॥

হে দামোদর! তুমি কেবল ভোজন মাত্র পটু, ছল পূর্ব্বক দুর্ব্বল সুবলকে যুদ্ধে পরাজয় করিয়া আর আত্মশ্লাঘা করিও না, তোমার অলঘু হস্তরূপ সর্প দর্পহারী গম্ভীররাবী স্তোককৃষ্ণময়ূর মত্ত হইয়া নিকটে নৃত্য করিতেছে ॥ ৬ ॥

আত্মশ্লাঘা প্রভৃতি যদি স্বনিষ্ঠহয়, তাহা হইলে পণ্ডিতগণ তাহাকে অনুভাব বলেন। তথা আহোপুরুষিকা অর্থাৎ দর্পহেতুক আপনাতে যে সম্ভাবনা, সিংহনাদ, আক্রোশ, যুদ্ধার্থ গতি বিশেষ, সহায় ব্যতিরেকে যুদ্ধোদ্যম, যুদ্ধ হইতে অপলায়ন ও ভীত ব্যক্তিকে অভয় প্রদান ইত্যাদি সকলকেও

ভীতাভয়প্রদানাদ্যা বিজ্ঞেয়াশ্চাপরা বুধৈঃ ॥

তত্র কত্থিতং যথা ॥

প্রোৎসাহয়স্যতি তরাং কিমিবাগ্রহেণ
মাং কেশিসূদন বিদন্নপি ভদ্রসেনং।
যোদ্ধুং বলেন সমমত্র সুদুর্ব্বলেন
দিব্যার্গলা প্রতিভটস্ত্রপতে ভুজো মে ॥

আহোপুরুষিকা যথা ॥

ধৃতাটোপে গোপেশ্বর জলধিচন্দ্রে পরিকরং
নিবধ্নত্যুল্লাসাদ্ভুজ সমরচর্য্যা সমুচিতং।
সরোমাঞ্চং ক্ষ্বেড়া নিবিড় মুখবিম্বস্য নটতঃ
সুদাম্নঃ সোৎকণ্ঠং জয়তি মুহুরাহোপুরুষিকা।

সরোমাঞ্চং সোৎকণ্ঠঞ্চ যথা স্যাত্তথা নটত ইতি যোজ্যং ॥ ৭ ॥

অনুভাব বলিয়া জানিতে হইবে ॥

তন্মধ্যে কত্থিত যথা ॥

হে মধুসূদন! আমাকে জানিয়াও কেন অতি শীঘ্র সুদুর্ব্বল বলদেবের সহিত যুদ্ধ করিতে ভদ্রসেনকে উৎসাহিত করিতেছ, ইহাতে আমার যে উৎকৃষ্ট অর্গল সদৃশ প্রতিযোদ্ধা রূপ ভুজ লজ্জিত হইতেছে ॥

আহোপুরুষিকা অর্থাৎ দর্পহেতু আত্মসম্ভাবনা যথা ॥

হে গোপেশ্বর! উল্লাস বশতঃ জলধিচন্দ্র সগর্ব্বে বাহুযুদ্ধে সমুচিত কটিবন্ধন করিলে রোমাঞ্চ ও উৎকণ্ঠার সহিত নৃত্যকারি ঘন ঘন সিংহনাদান্বিত মুখবিম্ব শ্রীদামের আহু-

চতুষ্টয়েঽপি বীরাণাং নিখিলা এব সাত্ত্বিকাঃ।
গর্ব্বাবেগ ধৃতি ব্রীড়া মতিহর্ষাবহিত্থকাঃ।
অমর্ষোৎসুকতাসূয়া স্মৃত্যাদ্যা ব্যভিচারিণঃ।
যুদ্ধোৎসাহরতিস্তস্মিন্ স্থায়িভাবতয়োদিতা।
যা স্বশক্তি সহায়াদ্যৈরাহার্য্যা সহজাপি বা॥ ৭॥
জিগীষা স্থেয়সী যুদ্ধে সা যুদ্ধোৎসাহ ঈর্য্যতে॥
তত্র স্বশক্ত্যা আহার্য্যোৎসাহরতির্যথা॥ ৮॥
স্বতাতশিষ্ট্যা স্ফুটমপ্যনিচ্ছ-

যদত্র জিগীষেত্যাদিভি র্যুদ্ধোৎসাহাদযো লক্ষ্যন্তে তচ্চ সম্ভবা মানসাশক্তি-কৃৎসাহ ইতি পূর্ব্বোক্তসামান্যলক্ষণান্তর্গতমেব। তত্রাপি গাঢ়েচ্ছামাত্রস্য বিবক্ষিতত্বাৎ॥ ৮॥

স্বস্য তাতস্য শিষ্ট্যা হন্ত সর্ব্ব জীবনেন যুধ্যসে ধিকত্বামিতি শাসনেন

পুরুষিকা অর্থাৎ অহঙ্কার জয়যুক্ত হউক॥

যুদ্ধ, দান, দয়া ও ধর্ম্ম এই চারি প্রকার বীরে সমুদায় সাত্ত্বিক। তথা গর্ব্ব, আবেগ, ধৃতি, লজ্জা, মতি, হর্ষ, অবহিত্থা, অমর্ষ, উৎসুকতা, অসূয়া এবং স্মৃতিপ্রভৃতি ব্যভিচারী সকল প্রকাশ পায়॥

এই বীররসে যুদ্ধোৎসাহ রতিই স্থায়ীভাব, যাহা স্বশক্তি ও সহায়াদি দ্বারা আহার্য্যা এবং সহজা হইয়া থাকে॥ ৭॥

যুদ্ধবিষয়ে স্থিরতর যে জিগীষা তাহাকে যুদ্ধোৎসাহ বলে॥ ৮॥

তন্মধ্যে স্বশক্তিদ্বারা আহার্য্য উৎসাহ রতি যথা॥

মাহূয়মানঃ পুরুষোত্তমেন।
স স্তোককৃষ্ণো ধৃতযুদ্ধতৃষ্ণঃ
প্রোদ্যম্য দণ্ডং ভ্রময়াঞ্চকার ॥ ৯ ॥
স্বশক্ত্যা সহজোৎসাহরতির্যথা।
শুণ্ডাকারং প্রেক্ষ্য মে বাহুদণ্ডং
মা ত্বং ভৈষীঃ ক্ষুদ্র রে ভদ্রসেন।
হেলারম্ভেণাদ্য নির্জিত্য রামং
শ্রীদামাহং কৃষ্ণমেবাহ্বয়েয় ॥ ১০ ॥
যথাবা ॥

স্ফুটমনিচ্ছন্নিত্যর্থঃ পাঠান্তরং ত্যক্তং ॥ ৯ ॥
আহ্বয়েয়েতি স্পর্দ্ধায়ামাত্মনে পদং ॥ ১০ ॥

সর্ব্ব জীবন শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিতেছিস্ ধিক্ তোকে এই বলিয়া পিতা শাসন করিলে স্তোককৃষ্ণ যুদ্ধে পরাঙ্মুখ হইয়াছিলেন কিন্তু শ্রীকৃষ্ণ কর্ত্তৃক আহূত হইয়া ঐ স্তোক-কৃষ্ণ পুনর্বার যুদ্ধোৎসাহ ধারণ করত দণ্ড উত্তোলন পূর্ব্বক ঘুরাইতে লাগিলেন ॥ ৯ ॥

স্বশক্তিদ্বারা সহজোৎসাহ রতিযথা ॥

হে ক্ষুদ্র ভদ্রসেন! আমি শ্রীদাম, আমার ভুজদণ্ড দেখিয়া তুমি ভীত হইও না, আজ হেলায় বলরামকে জয় করিয়া পরে শ্রীকৃষ্ণকে আহ্বান করিব ॥ ১০ ॥

যথাবা ॥

বলস্য বলিনো বলাৎ সুহৃদনীকমালোড়য়ন্
পয়োধিমিব মন্দরঃ কৃতমুকুন্দপক্ষগ্রহঃ।
জনং বিকটগর্জ্জিতৈ র্বধিরয়ন্ স ধীরস্বরো
হরেঃ প্রমদমেককঃ সমিতি-ভদ্রসেনো ব্যধাৎ ॥
সহায়েনাহার্য্যোৎসাহরতির্যথা ॥
ময়ি বল্গতি ভীমবিক্রমে ভজ ভঙ্গং নহি সঙ্গরাদিতঃ।
ইতি মিত্রগিরা বরূথপঃ স বিরূপং রুবন্ হরিং যযৌ ॥১১
সহায়েন সহজোৎসাহ রতির্যথা ॥

একক একাকী। একাদাকিন্ চাসহায়ে ইতি পাণিনিসূত্রাৎ। একাকীত্বেক একক ইত্যমরঃ একশ ইতি লেখক প্রমাদাৎ ॥ ১১ ॥

বলবান্ বলদেবের বল হইতে ধীরস্বর ভদ্রসেন কৃষ্ণপক্ষ অবলম্বন পূর্ব্বক মন্দরপর্ব্বত যেমন সমুদ্রকে বিলোড়ন করিয়াছিল, তাহার ন্যায় সুহৃদ্গণকে বিলোড়ন করত বিকট গর্জ্জন দ্বারা জন সকলকে বধির করিয়া একাকী যুদ্ধে শ্রীকৃষ্ণের প্রমোদ বিধান করিয়াছিলেন ॥

সহায় দ্বারা আহার্য্য উৎসাহ রতি যথা।

অহে আমি ভয়ানক পরাক্রমে যুদ্ধক্ষেত্রে লম্ফ প্রদান করিতেছি, তুমি যুদ্ধ হইতে ভঙ্গ দিও না, এইরূপ মিত্রবাক্য শ্রবণ করিয়া বরূথপ বিরূপ শব্দ করিতে করিতে হরির নিকট গমন করিলেন ॥ ১১ ॥

সহায় দ্বারা সহজোৎসাহ রতি যথা ॥

সংগ্রামকার্মুকভুজঃ স্বয়মেব কামং
দামোদরস্য বিজয়ায় কৃতী সুদামা।
সাহায্যমত্র সুবলঃ কুরুতে বলী চে
জ্জাতোমণিঃ সুজটিতো বরহাটকেন।
সুহৃদেব প্রতিভটো বীরে কৃষ্ণস্য ন ত্বরিঃ।
স ভক্তক্ষোভকারিত্বাদ্রৌদ্রেত্বালম্বনো রসে।
রাগাভাবো দৃগাদীনাং রৌদ্রাদস্য বিভেদকঃ॥
অথ দানবীরঃ॥
দ্বিবিধো দানবীরঃ স্যাদেকস্তত্র বহুপ্রদঃ।

সুজটিত ইতি জট ঝট সংঘাত ইত্যস্ম ক্তান্ত প্রত্যয় রূপং। জটিলিত ইতি পাঠস্ত নেষ্টঃ। জটিলোহি পিচ্ছাদিত্বাদিলশ্চ জটাবানেবাভিধীয়তে॥ ১২॥

দামোদরের বিজয় নিমিত্ত সংগ্রাম কার্মুক ভুজশালী সুদক্ষ সুদাম স্বয়ংই চেষ্টা করিতেছেন, ইহাতে যদি আবার বলবান্ সুবল সাহায্য করেন তাহা হইলে যেমন উৎকৃষ্ট স্বর্ণদ্বারা মণিমণ্ডিত হয়, তাহার ন্যায় শোভা পায়॥

বীররসে শ্রীকৃষ্ণের সুহৃদই প্রতিযোদ্ধা হইয়া থাকে, শত্রু কখন প্রতিযোদ্ধা হইতে পারে না, যে হেতু ভক্তক্ষোভ-কারিত্ব প্রযুক্ত শত্রুর বীররসেই আলম্বনত্ব হয়॥

রৌদ্ররস এবং বীররস এতদুভয়ে এই মাত্র প্রভেদ যে রৌদ্ররসে চক্ষু রক্তবর্ণ হয়, বীররসে তদ্রূপ হয় না॥

অথ দানবীর॥

দানবীর দুই প্রকার হয়, তন্মধ্যে এক বহুপ্রদ, দ্বিতীয়

উপস্থিত দুরাপার্থ ত্যাগী চাপর উচ্যতে॥

তত্র বহুপ্রদঃ॥

সহসা দীয়তে যেন স্বয়ং সর্ব্বস্বমপ্যুত।

দামোদরস্য সৌখ্যায প্রোচ্যতে স বহুপ্রদঃ॥

সংপ্রদানস্য বীক্ষাদ্যা অস্মিন্নুদ্দীপনা মতাঃ।

বাঞ্ছিতাধিকদাতৃত্বং স্মিতপূর্ব্বাভিভাষণং।

স্থৈর্য্য দাক্ষিণ্য ধৈর্য্যাদ্যা অনুভবা ইহোদিতাঃ।

বিতর্কৌৎসুক্যহর্ষাদ্যা বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।

দানোৎসাহ রতি স্তত্র স্থায়িভাবতয়োদিতাঃ।

প্রগাঢ়া স্থেয়সী দিৎসা দানোৎসাহ ইতীর্য্যতে।

দ্বিধা বহুপ্রদোপ্যেষ বিদ্বদ্ভিরিহ কথ্যতে।

উপস্থিত দুর্ল্লভ অর্থ পরিত্যাগী॥

তন্মধ্যে বহুপ্রদ যথা॥

যে ব্যক্তি কৃষ্ণসন্তোষার্থ হঠাৎ সর্ব্বস্ব পর্য্যন্তও দান করিতে পারেন, তাঁহাকে বহুপ্রদ বলে॥

ইহাতে সম্প্রদানের প্রতি নিরীক্ষণাদি উদ্দীপন। আর বাঞ্ছিত হইতে অধিক দাতৃত্ব, হাস্য পুর্ব্বক সম্ভাষণ, স্থৈর্য্য, দাক্ষিণ্য ও ধৈর্য্য প্রভৃতি অনুভাব, তথা বিতর্ক, ঔৎসুক্য এবং হর্ষাদি সকল ব্যভিচারী হয়। অপর এস্থলে দানোৎসাহ রতিই স্থায়ীভাব বলিয়া কথিত। আর প্রগাঢ় রূপে স্থিরতর যে দানেচ্ছা তাহাকে দানোৎসাহ বলে॥

পণ্ডিতগণ বলিয়াছেন বহুপ্রদও দুই প্রকার হয়, তন্মধ্যে

স্যাদাভ্যুদয়িকস্ত্বেকঃ পরস্তৎ সংপ্রদানকঃ ॥

তত্রাভ্যুদয়িকঃ ॥

কৃষ্ণস্যাভ্যুদয়ার্থং তু যেন সর্ব্বস্বমর্প্যতে।

অর্থিভ্যো ব্রাহ্মণাদিভ্যঃ স আভ্যুদয়িকো ভবেৎ ॥ ১২ ॥

যথা ॥

ব্রজপতিরিহসূনোর্জাতকার্থং তথাসৌ

ব্যতরদমলচেতাঃ সঞ্চয়ং নৈচিকীনাং।

পৃথুরপি নৃগকীর্ত্তিঃ সাম্প্রতং সংবৃতাসী-

দিতি নিজগতুরুচ্চৈ র্ভূসুরা যেন তৃপ্তাঃ ॥

নৃগকীর্ত্তেঃ সংবৃতত্বে হেতুঃ অমলচেতাঃ পুত্ররূপ শ্রীকৃষ্ণস্যোদয়মাত্র তৎ পরতয়া ন তদ্বল্লোকদ্বয়গতলাভ প্রতিষ্ঠা কামনা দোষযুক্ত ইত্যর্থঃ ॥ ১৩ ॥

এক আভ্যুদয়িক, দ্বিতীয় সম্প্রদানক ॥

তন্মধ্যে আভ্যুদয়িক যথা ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের কল্যাণার্থ ভিক্ষুক ব্রাহ্মণাদিকে সর্ব্বস্ব পর্য্যন্তও দান করেন তাঁহাকে আভ্যুদয়িক বলা যায় ॥ ১২ ॥

যথা ॥

ব্রজরাজ নন্দ শ্রীকৃষ্ণ জন্ম গ্রহণ করিলে পর, বিশুদ্ধ চিত্ত হইয়া অর্থাৎ কেবল তদীয় কল্যাণ মাত্র কামনা করিয়া জাত-কার্থ উত্তম উত্তম ধেনু সকল দান করিয়াছিলেন, সেই দান এমন কি যদ্দ্বারা ব্রাহ্মণগণ পরিতৃপ্ত হইয়া বলিয়াছিলেন সম্প্রতি নন্দরাজের এই দানদ্বারা নৃগরাজের বিস্তৃত কীর্ত্তি বিলুপ্ত হইল ॥

অথ তৎসংপ্রদানকঃ ॥

জ্ঞাতায় হরয়ে স্বীয়মহন্তা৽মমতাস্পদং।
সর্ব্বস্বং দীয়তে যেন স স্যাত্তৎসংপ্রদানকঃ।
তদ্দানং প্রীতিপূজাভ্যাং ভবেদিত্যুদিতং দ্বিধা ॥

তত্র প্রীতিদানং ॥

প্রীতিদানং তু তস্মৈ যদ্দদ্যাদ্বন্ধাদিরূপিণে ॥ ১৩ ॥

যথা ॥

চার্চ্চিক্যং বৈজয়ন্তীং পটমুরু পুরটোদ্ভাম্বরং ভূষণানাং
শ্রেণিং মাণিক্যভাজং গজরথতুরগান্ কর্ব্বুরান্ কর্ব্বুরেণ।

অথ তৎসম্প্রদানক ॥

যে ব্যক্তি হরিমাহাত্ম্য অবগত হইয়া হরিকে অহন্তা মমতাস্পদ অর্থাৎ আমি আমার ইত্যাদির আধার স্বরূপ সর্ব্বস্ব প্রদান করেন, তাঁহাকেই তাহার সম্প্রদানক বলাযায় ॥ সেই দান প্রীতি ও পূজা ভেদে দুই প্রকার হয়। বন্ধুরূপি হরিকে যাহা দান করা যায় তাহার নাম প্রীতিদান ॥ ১৩ ॥

যথা ॥

মহারাজ যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞসভায় শ্রীকৃষ্ণকে চন্দন বিলেপন, বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্পনির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিত মালা, স্বর্ণখচিত উৎকৃষ্ট বস্ত্র, মাণিক্যশালী ভূষণ-শ্রেণী, তথা কনকালঙ্কৃত গজ, রথ, তুরগ ইত্যাদি সকল প্রদান করিয়া রাজ্য, কুটুম্ব ও আত্ম পর্য্যন্ত দান করিতে ইচ্ছা করিয়া যখন তদ্ভিন্ন অন্য কিছু আর দেয়বস্তু কোথাও

দত্ত্বা রাজ্যং কুটুম্বং স্বমপি ভগবতে দিৎসুরপ্যন্যদুচ্চৈ-
র্দেয়ং কুত্রাপ্য দৃষ্ট্বা মখসদসি তদা ব্যাকুলঃ পাণ্ডবোঽভূৎ॥

পূজাদানং তু তস্মৈ যদ্বিপ্ররূপায় দীয়তে ॥

যথাষ্টমে ॥

যজন্তি যজ্ঞং ক্রতুভির্যমাদৃতা
ভবন্ত আম্নায়বিধানকোবিদাঃ।
স এষ বিষ্ণুর্বরদোঽস্তু বা পরো
দাস্যাম্যমুষ্মৈ ক্ষিতিমীপ্সিতাং মুনে ॥ ১৪ ॥

কর্ব্বুরেণ সুবর্ণেন মিশ্রান্ মখসদসি তদেত্যগ্র্য পূজাবসর ইতি ন ব্যাখ্যেয়ং। কিন্তু সর্ব্ব বিধি পূর্ত্তানন্তর ইত্যেব পূর্ব্বস্য পূজান্তর্গতত্বাৎ। উত্তরত্র বিপ্ররূপায়েত্যুপলক্ষণং বিপ্রদেব ভগবদ্রূপায়েত্যস্য বিবক্ষিতত্বাৎ ॥ ১৪ ॥

দেখিতে পাইলেন না, তখন ঐ রাজা অতিশয় ব্যাকুল হইয়া পড়িলেন ॥

পূজাদান ॥

বিপ্ররূপি ভগবান্‌কে যাহা কিছু দেওয়া যায়, তাহাকে পূজাদান বলে ॥

অষ্টমস্কন্ধে ২০ অধ্যয়ে ১০ শ্লোকে ॥

বলিরাজ শুক্রাচার্য্যকে কহিলেন হে মুনে! আপনারা বেদ বিদ্যায় দক্ষ, আপনারা আদর পূর্ব্বক যাগ যজ্ঞদ্বারা যাঁহার অর্চ্চনা করিয়া থাকেন, এই বটু সেই বরদ বিষ্ণুই হউন অথবা আমার শত্রুই হউন, ইহাঁর প্রার্থিত ভূমি দান করিব ॥ ১৪ ॥

যথাবা দশরূপকে ॥

লক্ষ্মীপয়োধরোৎসঙ্গ কুঙ্কুমারুণিতো হরেঃ।

বলিনৈব স যেনাস্য ভিক্ষাপাত্রী কৃতঃ করঃ॥ ১৫ ॥

অথোপস্থিত দুরাপার্থত্যাগী ॥

উপস্থিত দুরাপার্থত্যাগ্যসৌ যেন নেষ্যতে।

হরিণা দীয়মানোঽপি সার্ষ্ট্যাদি স্তথ্যতা বরঃ॥ ১৬ ॥

পূর্ব্বতোঽত্র বিপর্য্যস্তকারকত্বং দ্বয়ো র্ভবেৎ।

যেন বলিনেত্যস্য পূর্বকস্যচ্ছন্দস্য তৎপ্রকরণ এব লভ্যঃ॥ ১৫ ॥

উপস্থিতেতি যদ্যপি সিদ্ধসাধকভেদেন দ্বিবিধোঽয়ং সম্ভবতি তথাপি যৎ কিঞ্চিজ্জাত রুচি দৃঢাগ্রহঃ সাধক এবাত্র লক্ষ্যতে নতু সম্যগ্ ভগবন্মাধুর্য্যানুভবসিদ্ধঃ। নহ্যমৃতাস্বাদে লব্ধে গুড়াদিত্যাগী তথা প্রশস্যতে। তস্য তথাপি ভক্ত্যোবাগ্রহ দৃষ্ট্বা তুষ্টঃ শ্রীহরিঃ তদাগ্রহব্যক্ত্যর্থং কদাচিত্তং দাতুমিব প্রোৎসাহয়তীতি। বর ইত্যন্যৈ ব্রিয়মাণোঽপীত্যর্থঃ॥ ১৬ ॥

বিপর্য্যস্তকারকত্বং হরেরপাদানত্বং ভক্তস্যতু সংপ্রদানত্বমিত্যেবং ভূম্না অতি-

---

যথাবা দশরূপকে ॥

ভগবান্ হরির যে হস্ত লক্ষ্মীর পয়োধর লিপ্ত কুঙ্কুম দ্বারা অরুণবর্ণ, বলিরাজ সেই হস্তকে ভিক্ষাপাত্র করিয়াছিলেন ॥ ১৫ ॥

অথ উপস্থিত দুরাপার্থত্যাগী ॥

ভগবান্ হরি সার্ষ্টি প্রভৃতি মুক্তি অথবা অন্য কোন বর দিতে ইচ্ছাকরিলেও যিনি তাহা গ্রহণ না করেন, তাঁহাকে উপস্থিত দুরাপার্থত্যাগী বলে ॥ ১৬ ॥

পূর্ব্ব অপেক্ষা এস্থলে কারকের বিপর্য্যয় অর্থাৎ পূর্ব্বে

অস্মিন্নুদ্দীপনাঃ কৃষ্ণ রূপালাপস্মিতাদয়ঃ।
অনুভাবা স্তদুৎকর্ষ বর্ণন ত্রুটিমাদয়েঃ।
অত্র সঞ্চারিতা ভূম্না ধৃতেরেব সমীক্ষ্যতে॥ ১৭॥
ত্যাগোৎসাহ রতির্ধীরৈঃ স্থায়ীভাব ইহোদিতঃ।
ত্যাগেচ্ছা তাদৃশী প্রৌঢ়া ত্যাগোৎসাহ ইতীর্য্যতে॥ ১৮॥
যথা হরিভক্তিসুধোদয়ে॥
স্থানাভিকামস্তপসি স্থিতোঽহং
ত্বাং দৃষ্টবান্ সাধুমুনীন্দ্রগুহ্যং।

ভূম্না বাহুল্যেন সমীক্ষ্যতে। ১৭
তাদৃশী সার্ষ্ট্যাদ্যনিচ্ছাময়ী। ১৮।
স্থানেতি শ্রীধ্রুববাক্যং তাদৃশমপি ন সম্যক্ মাধুর্য্যানুভবময়ং। শ্রীভাগ

যে হরি সম্প্রদান ছিলেন, তিনি এখানে অপাদান এবং যে ভক্ত অপাদান ছিলেন তিনি এখানে সম্প্রদান হইলেন॥

এ স্থলে কৃষ্ণের রূপ, আলাপ ও হাস্য প্রভৃতি উদ্দীপন এবং কৃষ্ণের দৃঢ়রূপে উৎকর্ষ বর্ণনই অনুভাব। আর অতিশয় ধৃতিকেই সঞ্চারিত ভাব বলে॥ ১৭॥

অপর পণ্ডিতগণ বলিয়াছেন দানবিষয়ে উৎসাহ রতিই স্থায়ী ভাব, আর দানবিষয়ক ইচ্ছা বৃদ্ধিশীল হইলে তাহাকে দানোৎসাহ বলে॥ ১৮॥

যথা হরিভক্তিসুধোদয়ে॥

ধ্রুব বলিলেন হে দেব! আমি স্থান কামনা করিয়া তপস্যায় প্রবৃত্ত হইলে যেমন কাচ অন্বেষণ করিতে করিতে

কাচং বিচিন্বন্নিব দিব্যরত্নং
স্বামিন্ কৃতার্থোঽস্মি বরং ন যাচে ॥ ১৯ ॥
যথা তৃতীয়ে ॥
নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং
কিম্বন্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়ৈস্তে।
যেঽঙ্গ ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ

বত্তেহি পাঞ্চজন্যস্য স্পর্শাদেব তেন তত্তত্তং কিন্তু ক্রমাদেবানুভূতমিতি
ব্যক্তং ১৯ ॥

নাত্যন্তিকমিত্যাদিনাপি তাদৃশ সাধকা এব বিবক্ষিতাঃ। কুশলা
ইত্যনেনোক্তানাং ভক্তিরসশাস্ত্রানুসারেণ বিবেকিনামেবাত্যোদাহ্রিয়মাণত্বং নতু
কৈমুত্যেনোত্তরপ্রোক্তানাং রসজ্ঞানামিতি। তে তব ভ্রুব উন্নয়ৈ বিক্ষেপ

রত্ন পায় তদ্রূপ আপনাকে প্রাপ্ত হইলাম, অতএব হে
স্বামিন্! আর বর প্রার্থনা করি না ॥ ১৯ ॥

যথাবা তৃতীয়ে ১৫ অধ্যায়ে ৪৮ শ্লোকে ॥

সনকাদি মুনিগণ কহিলেন, হে ভগবন্! তোমার যশ
পরম রমণীয় ও অতিশয় পবিত্র সুতরাং কীর্ত্তনার্হ ও তীর্থ
স্বরূপ, যে সকল কুশল ব্যক্তি তোমার কথার রসজ্ঞ, তাঁহারা
তোমার আত্যন্তিক প্রসাদরূপ যে মোক্ষপদ, তাহাকেও
গণ্য করেন না, অন্য ইন্দ্রাদি পদের কথা কি? ফলতঃ
ইন্দ্রাদিপদেও তোমার ভ্রূভঙ্গ মাত্রে ভয় অর্পিত হয়, তোমার
কথারসজ্ঞ জনেরা সতত নিরতিশয় সুখ সম্ভোগ করেন,

কীর্ত্তন্ত্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥ ২০ ॥

অয়মেব ভবন্নুচ্চৈঃ প্রৌঢ়ভাববিশেষভাক্।
ধৈর্য্যাদীনাং তৃতীয়স্য বীরস্য পদবীং ব্রজেৎ ॥

অথ দয়াবীরঃ ॥

কৃপার্দ্র হৃদয়ত্বেন খণ্ডশো দেহমর্পয়ন্।
কৃষ্ণায়াচ্ছন্নরূপায় দয়াবীর ইহোচ্যতে।
উদ্দীপনা ইহ প্রোক্তা স্তদার্ত্তিব্যঞ্জনাদয়ঃ।
নিজপ্রাণব্যয়েনাপি বিপন্নত্রাণশীলতা।
আশ্বাসনোক্তয়ঃ স্থৈর্য্যমিত্যাদ্যা স্তত্র বিক্রিয়াঃ।

রূপৈঃ কালৈঃ ॥ ২০ ॥

প্রৌঢ়ভাববিশেষভাক্ কশ্চিদেবেত্যর্থঃ। বিশেষ শব্দোহত্র তাদৃশ দাস্য-পর্য্যবসানার্থঃ। অন্যাভিলাষিতাশূন্যমিত্যাদিভিরসকৃদেব সর্ব্বত্রাপি ভক্তস্য

তাহাতে ঐ পদে তাঁহাদের কেন প্রবৃত্তি হইবে ॥ ২০ ॥

এই উপস্থিত দুল্লর্ভ অর্থপরিত্যাগী অতিশয়রূপে ধৈর্য্যাদির প্রৌঢ়ভাব বিশেষ লাভ করিলে তৃতীয় দয়াবীরের স্থান প্রাপ্ত হয়েন ॥

অথ দয়াবীর ॥

যিনি দয়ায় আর্দ্রচিত্ত হইয়া আচ্ছন্নরূপি হরিকে খণ্ড খণ্ড দেহ অর্পণ করেন তাঁহাকে দয়াবীর বলে ॥

পণ্ডিতগণ এই দয়াবীরে শ্রীকৃষ্ণের পীড়া প্রকাশক সকলকে উদ্দীপন। স্বীয় প্রাণ দিয়া বিপন্ন ব্যক্তির ত্রাণকারিতা, আশ্বাস বাক্য ও স্থৈর্য্য ইত্যাদি সকলকে বিকার, তথা

ঔৎসুক্যমতিহর্ষাদ্যাঃ জ্ঞেয়াঃ সঞ্চারিণো বুধৈঃ।
দয়োৎসাহরতিস্তত্র স্থায়িভাব উদীর্য্যতে।
দয়োদ্রেকভৃদুৎসাহো দয়োৎসাহ ইহোদিতঃ॥ ২১॥
যথা॥
বন্দে কুট্মলিতাঞ্জলি র্মুহুরহং বীরং ময়ূরধ্বজং
যেনার্দ্ধং কপটদ্বিজায় বপুষঃ কংসদ্বিষে দিৎসতা।
কষ্টং গদ্গদিকাকুলোঽস্মি কথনারম্ভাদহো ধীমতা
সোল্লাসং ক্রকচেন দারিতমভূৎ পত্নীসুতাভ্যাং শিরঃ॥২২

তাদৃশতয়া প্রাপ্তত্বাৎ॥ ২১॥
বন্দ ইত্যাদৌ কষ্টমিত্যাদি গর্ভিতদোষোঽপি চমৎকারপোষকত্বাদ্গুণঃ। যথা সাহিত্যদর্পণাদৌ দিগ্মাতঙ্গ ঘটেত্যাদি পদ্যানি দর্শিতানি। গর্ভিতত্বঞ্চ যদ্বাক্যান্তরমধ্যং বাক্যান্তরং প্রবিশতীতি। এবমন্যত্রাপি সমাধেয়ং॥ ২২॥

ঔৎসুক্য, মতি ও হর্ষাদিকে সঞ্চারি স্থায়ী ভাব। আর উৎসাহ যদি দয়ার উদ্রেক ধারণ করে, তাহা হইলে তাহাকে দয়োৎসাহ বলেন॥ ২১॥

যথা॥

হায়! যাঁহার কথা আরম্ভ করিতে আমার অতিকষ্টেও বাক্য নিঃসৃত হইতেছে না সেই ময়ূরধ্বজকে কৃতাঞ্জলিপুটে বারম্বার বন্দনা করি। এই বুদ্ধিমান্ ব্রাহ্মণ রূপধারি কংসারিকে অর্দ্ধ শরীর দান করিতে ইচ্ছা করিয়া উল্লাস সহকারে পত্নী পুত্র কর্ত্তৃক করাত দ্বারা আপনার মস্তক বিদীর্ণ করিয়াছিলেন॥

হরেশ্চেত্তত্ত্ববিজ্ঞানং নৈবাস্য ঘটতে দয়া।
তদভাবেত্বসৌ দানবীরেঽন্তর্ভবতি স্ফুটং ॥ ২৩॥
বৈষ্ণবত্বাদ্রতিঃ কৃষ্ণে ক্রিয়তেনেন সর্ব্বদা।
কৃতাত্র দ্বিজরূপে চ ভক্তিস্তেনাস্য ভক্ততা।
অন্তর্ভাবং বদন্তোঽস্য দানবীরে দয়াত্মনঃ।
বোপদেবাদয়ো ধীরা বীরমাচক্ষতে ত্রিধা ॥
ধর্ম্মবীরঃ ॥
কৃষ্ণৈকতোষণে ধর্ম্মে যঃ সদা পরিনিষ্ঠিতঃ।
প্রায়েণ ধীরশান্তস্তু ধর্ম্মবীরঃ স উচ্যতে ॥

হরেরিতি তত্তশ্চ তদভাবে তস্যা দযাযা অভাব ইত্যর্থঃ ॥ ২৩ ॥
বৈষ্ণবত্বাদিতি বিষ্ণুর্ভক্তি র্ভজনীয়োঽস্যেতি বৈষ্ণবঃ। স চ ভক্তিরিত্যনেন

ইহাঁর যদি ভগবান্ হরির তত্ত্ব জ্ঞান না থাকে তাহা হইলে দয়া ঘটে না, দয়ার অভাব হইলে ইনি স্পষ্ট রূপে দানবীরের অন্তর্ভূত হইবেন ॥ ২৩ ॥

বৈষ্ণবতা প্রযুক্ত এই ময়ূরধ্বজ সর্ব্বদা কৃষ্ণে ভক্তি করিতেন, এ স্থলে ব্রাহ্মণ মূর্ত্তিতে ভক্তি করাতে ইহাঁর ভক্তত্ব সিদ্ধি হইল। এই দয়ার্দ্রচিত্তকে দানবীরের অন্তর্ভাব বলিয়া বোপদেব প্রভৃতি ধীর ব্যক্তি সকল তিন প্রকার বীর বর্ণন করিয়াছেন ॥

অথ ধর্ম্মবীর ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের পরিতোষণ রূপ ধর্ম্ম বিষয়ে সর্ব্বদা তৎপর, তাঁহাকে ধর্ম্মবীর বলিয়া বর্ণন করা যায়। কিন্তু প্রায় ধীরশান্ত পুরুষই ধর্ম্মবীর হইয়া থাকেন ॥

উদ্দীপনা ইহ প্রোক্তাঃ সচ্ছাস্ত্র শ্রবণাদয়ঃ।
অনুভাবা নয়াস্তিক্য সহিষ্ণুত্ব যমাদয়ঃ।
মতি স্মৃতি প্রভৃতয়ো বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
ধর্ম্মোৎসাহরতি ধীরৈঃ স্থায়ী ভাব ইহোচ্যতে।
ধর্ম্মৈকাভিনিবেশস্তু ধর্ম্মোৎসাহো মতঃ সতাং॥ ২৪॥

যথা॥

ভবদভিরতিহেতুন্ কুর্ব্বতা সপ্ততন্তূন্
পুরমভিপুরুহূতে নিত্যমেবোপহূতে।
দনুজদমন তস্যাঃ পাণ্ডুপুত্রেণ গণ্ডঃ

সংজ্ঞালৌকিকাভিধানাং ততশ্চ বৈষ্ণবত্বা'দ্বষং ভক্তিযুক্তত্বাদিত্যর্থঃ॥ ২৪॥
সপ্ততন্তু র্যজ্ঞঃ॥ ২৫॥

এই ধর্ম্মবীরে সৎশাস্ত্র শ্রবণ প্রভৃতি উদ্দীপন। নীতি, আস্তিক্য, সহিষ্ণুত্ব এবং ইন্দ্রিয়নিগ্রহ প্রভৃতি অনুভাব। আর মতি স্মৃতি প্রভৃতি ব্যভিচারী হইয়া থাকে॥

ধীরগণ এ স্থলে ধর্ম্মোৎসাহ রতিকেই স্থায়ীভাব, আর কেবল ধর্ম্মবিষয়ে অভিনিবেশকেই ধর্ম্মোৎসাহ বলেন॥ ২৪॥

যথা॥

